ANNUAL REPORT
2011

DCCI

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি

Dhaka Chamber of Commerce & Industry

The Best of Bangladesh is Business®

Dhaka Chamber of Commerce & Industry
XvKv †P¤vi Ae Kgvm A¨vÛ BÛvw÷
65-66 Motijheel Commercial Area, Dhaka-1000, Bangladesh
PABX: 955 2562, 955 4383 (Hunting), Fax : 880-2-956 0830, 955 0103
E-mail: info@dhakachamber.com, secretary@dhakachamber.com
Website: www.dhakachamber.com

ASIF IBRAHIM
PRESIDENT

DHAKA CHAMBER OF COMMERCE & INDUSTRY

সূচীপত্র

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর ৫০তম বার্ষিক সাধারণ সভার নোটিশ	০৫
ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র পরিচালনা পর্ষদ ২০১১	০৬
ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র প্রাক্তন সভাপতিবৃন্দ	১৩
ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র পরিচালকমণ্ডলীর প্রতিবেদন-২০১১	১৬
ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র ৪৯তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী	৫৮
ঢাকা চেম্বারের স্মরণীয় ও বরণীয়দের সংক্ষিপ্ত জীবনী	৬৪
ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র উল্লেখযোগ্য ঘটনাপঞ্জী ২০১০-১১	৬৮
ডিসিসিআই'র বর্ষব্যাপী কিছু উল্লেখযোগ্য মুহূর্ত	৯৭
ডিসিসিআই'র স্ট্যান্ডিং কমিটি-২০১১ এর গ্রুপ ছবি	১১৬
বিভিন্ন কমিটি/সংস্থাসমূহে ঢাকা চেম্বারের প্রতিনিধিত্ব	১২৪
ডিসিসিআই স্ট্যান্ডিং কমিটিসমূহের কার্যাবলীর সংক্ষিপ্তসার	১৩৮
ঢাকা চেম্বার কর্তৃক প্রচারিত গুরুত্বপূর্ণ সংবাদ বিজ্ঞপ্তির সংক্ষিপ্তসার	১৭২
সংবাদপত্রে ডিসিসিআই	২১১
ডিসিসিআই বিজনেস ইনস্টিটিউট (ডিবিআই)	২১৫
দেশের অর্থনৈতিক নীতিমালা প্রণয়নে ঢাকা চেম্বার কর্তৃক সরকারের নিকট পেশকৃত সুপারিশসমূহ	২১৮
ডিসিসিআই আয়োজিত সেমিনার/কনফারেন্স/ওয়ার্কশপসমূহের সুপারিশমালা	২৩২
অডিটকৃত হিসাব বিবরণী ২০১০-২০১১	২৬১
ডিসিসিআই সচিবালয়	২৭৬

XvKv †P¤vi Ae Kgvm A¨vÛ BÛvw÷
DHAKA CHAMBER OF COMMERCE & INDUSTRY
65-66 Motijheel Commercial Area, Dhaka-1000, Bangladesh, PABX: 955 2562, 9554383 (Hunting)
Fax : 880-2-956 0830, 9550103, E-mail: info@dhakachamber.com, secretary@dhakachamber.com
Website: www.dhakachamber.com

ডিসিসিআই/প্রশাঃ/এজিএম/২০১১/১৫৯৯

ডিসেম্বর ০৪, ২০১১

ডাক প্রত্যায়িত

নোটিশ

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর
৫০তম বার্ষিক সাধারণ সভা

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র আর্টিকেলস অব এসোসিয়েশনের ৩০, ৩১ এবং ৩৯ ধারা মোতাবেক এবং কোম্পানী আইন ও টিও রুলস এর আলোকে চেম্বারের সম্মানিত সদস্যগণের সদয় অবগতির জন্য বিজ্ঞপ্তি দেয়া যাচ্ছে যে, নিম্নলিখিত আলোচ্যসূচি সম্পন্ন করার নিমিত্তে অত্র চেম্বারের ৫০তম বার্ষিক সাধারণ সভা আগামী ২০ ডিসেম্বর, ২০১১ (৬ পৌষ, ১৪১৮ বাংলা) মঙ্গলবার, অপরাহ্ন ৩-০০ ঘটিকায় ডিসিসিআই অডিটোরিয়াম, "ঢাকা চেম্বার ভবন" (৬ষ্ঠ তলা), ৬৫-৬৬ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকায় অনুষ্ঠিত হবে।

আলোচ্যসূচিঃ

১। গত ২৩ ডিসেম্বর ২০১০ তারিখে অনুষ্ঠিত ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর ৪৯তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;

২। ২০১১ সালের বার্ষিক প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন;

৩। ২০১০-২০১১ অর্থ বছরের নিরীক্ষা প্রতিবেদন (Audit Report) অনুমোদন;

৪। ২০১২, ২০১৩ ও ২০১৪ সালের পরিচালক এবং ২০১২ সালের জন্য সভাপতি, ঊর্ধ্বতন সহ-সভাপতি ও সহ-সভাপতি পদের নির্বাচনের ফলাফল ঘোষণা;

৫। ২০১১-২০১২ অর্থ বছরের জন্য নিরীক্ষক (Auditor) নিয়োগ ও পারিশ্রমিক নির্ধারণ;

চেম্বারের সম্মানিত সদস্যগণকে এ বার্ষিক সাধারণ সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

মোস্তফা মহিউদ্দীন
সচিব

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র পরিচালনা পর্ষদ ২০১১

সামনের সারিতে (বাঁ থেকে) : সর্বজনাব এম আবু হোরায়রা, হোসেন এ সিকদার, আলহাজ্ব মোঃ নাসির উদ্দিন খাঁন, মোঃ সিরাজুল ইসলাম (বুলবুল), ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, সভাপতি জনাব আসিফ ইব্রাহীম, সহ-সভাপতি সর্বজনাব নাসির হোসেন, এম আনওয়ারুল হক, ওয়ালিউর রহমান ও কে জি করিম।

পেছনের সারিতে (বাঁ থেকে) : সর্বজনাব আবসার করিম চৌধুরী, মাহাবুব আনাম, কে এম এন মনজুরুল হক, এম বশির উল্লাহ ভূঁইয়া, খায়রুল মজিদ মাহমুদ, ওসমান গনি, এ এস এম মহিউদ্দিন মোনেম ও ওয়াকার আহমেদ চৌধুরী।

ছবিতে অনুপস্থিত : ইঞ্জিঃ সৈয়দ মোশাররফ হোসেন ও জনাব নিয়াজ রহিম।

মাননীয় প্রধানমন্ত্রীর সাথে ডিসিসিআই-এর পরিচালনা পর্ষদের সাক্ষাৎ

২৬ জুন ২০১১ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে ডিসিসিআই'র সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের নেতৃত্বে ডিসিসিআই পরিচালনা পর্ষদ সাক্ষাৎ করেন। মাননীয় বাণিজ্যমন্ত্রী জনাব মুহাম্মদ ফারুক খান, এম.পি., ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক সর্বজনাব ওয়ালিউর রহমান, এম আনওয়ারুল হক, আলহাজ্ব মোঃ নাসির উদ্দিন খাঁন, ইঞ্জিঃ সৈয়দ মোশাররফ হোসেন, নিয়াজ রহিম, মোঃ সিরাজুল ইসলাম (বুলবুল), হোসেন এ সিকদার, এম বশির উল্লাহ ভূঁইয়া, মাহাবুব আনাম, ওয়াকার আহমেদ চৌধুরী, এ এস এম মহিউদ্দিন মোনেম, ওসমান গনি, খায়রুল মজিদ মাহমুদ, কে এম এন মনজুরুল হক, কে জি করিম, আবসার করিম চৌধুরী এবং এম আবু হোরায়রাকে ছবিতে দেখা যাচ্ছে।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র পরিচালকমণ্ডলীর সদস্যবৃন্দ ২০১১

আসিফ ইব্রাহীম
সভাপতি

টি আই এম নুরুল কবীর
ঊর্ধ্বতন সহ-সভাপতি

নাসির হোসেন
সহ-সভাপতি

ওয়ালিউর রহমান
পরিচালক

এম আনওয়ারুল হক
পরিচালক

আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন
পরিচালক

ইঞ্জিনিয়ার সৈয়দ মোশাররফ হোসেন
পরিচালক

নিয়াজ রহিম
পরিচালক

মোঃ সিরাজুল ইসলাম (বুলবুল)
পরিচালক

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র পরিচালকমণ্ডলীর সদস্যবৃন্দ ২০১১

হোসেন এ সিকদার
পরিচালক

এম বশির উল্লাহ ভূঁইয়া
পরিচালক

মাহাবুব আনাম
পরিচালক

ওয়াকার আহমেদ চৌধুরী
পরিচালক

এ এস এম মহিউদ্দিন মোনেম
পরিচালক

ওসমান গনি
পরিচালক

খায়রুল মজিদ মাহমুদ
পরিচালক

কে এম এন মনজুরুল হক
পরিচালক

কে জি করিম
পরিচালক

আবসার করিম চৌধুরী
পরিচালক

এম আবু হোরায়রা
পরিচালক

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর ৪৯তম বার্ষিক সাধারণ সভা ২০১০-এর গুরুত্বপূর্ণ কিছু মুহূর্ত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর ৪৯তম বার্ষিক সাধারণ সভা ২০১০-এর গুরুত্বপূর্ণ কিছু মুহূর্ত

ঢাকা চেম্বারের ২০১২ সালের নির্বাচন পরিচালনার জন্য গঠিত নির্বাচন বোর্ড এবং নির্বাচন আপীল বোর্ডের সদস্যবৃন্দ

নির্বাচন বোর্ডের সদস্যবৃন্দ

এম শাহজাহান খান
চেয়ারম্যান

কামরুল ইসলাম, এফসিএ
সদস্য

এম সালেম সোলায়মান
সদস্য

নির্বাচন আপীল বোর্ডের সদস্যবৃন্দ

ড. তুহিন মালিক
চেয়ারম্যান

আহমেদ হোসেন মজুমদার
সদস্য

এম এ বাতেন
সদস্য

খসড়া বার্ষিক প্রতিবেদন ২০১১ পরীক্ষা-নিরীক্ষার জন্য গঠিত ওয়ার্কিং কমিটির সদস্যবৃন্দ

১।	জনাব আসিফ ইব্রাহীম সভাপতি, ডিসিসিআই	-	আহবায়ক
২।	জনাব টি আই এম নূরুল কবীর ঊর্ধ্বতন সহ-সভাপতি, ডিসিসিআই	-	সদস্য
৩।	জনাব নাসির হোসেন সহ-সভাপতি, ডিসিসিআই	-	সদস্য
৪।	জনাব এ এস এম মহিউদ্দিন মোনেম পরিচালক, ডিসিসিআই	-	সদস্য
৫।	জনাব ওয়াকার আহমেদ চৌধুরী পরিচালক, ডিসিসিআই	-	সদস্য
৬।	জনাব ওসমান গনি পরিচালক, ডিসিসিআই	-	সদস্য
৭।	জনাব খায়রুল মজিদ মাহমুদ পরিচালক, ডিসিসিআই	-	সদস্য
৮।	জনাব আবসার করিম চৌধুরী পরিচালক, ডিসিসিআই	-	সদস্য
৯।	জনাব এম আবু হোরায়রা পরিচালক, ডিসিসিআই	-	সদস্য

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র
প্রাক্তন সভাপতিবৃন্দ

জনাব সাখাওয়াৎ হোসেন (মরহুম)	১৯৫৯-৬০
জনাব আবু নাসির আহমেদ (মরহুম)	১৯৬০-৬১
জনাব ওয়াই এ বাওয়ানী (মরহুম)	১৯৬১-৬২
জনাব নূরুল হুদা (মরহুম)	১৯৬২
জনাব মোহাম্মদ আইয়ুব (মরহুম)	১৯৬২-৬৩
জনাব সাখাওয়াৎ হোসেন (মরহুম)	১৯৬৩-৬৪
জনাব আহাম্মদ হোসেন (মরহুম)	১৯৬৭
জনাব কিউ জে আহম্মদ (প্রশাসক)	১৯৬৭-৬৮
জনাব এ কাশেম (মরহুম)	১৯৬৮
জনাব আখলাক আহাম্মদ (মরহুম)	১৯৬৮-৬৯
জনাব মতিউর রহমান (মরহুম)	১৯৬৯-৭২
জনাব কে এ সাত্তার (মরহুম)	১৯৭২-৭৬
মির্জা গোলাম হাফিজ (মরহুম)	১৯৭৬
চৌধুরী তানভীর আহম্মদ সিদ্দিকী	১৯৭৬-৭৯
জনাব নুরউদ্দিন আহমেদ (মরহুম)	১৯৭৯-৮২
জনাব এম এ সাত্তার	১৯৮২-৮৪
জনাব এম ইউনুস, এফসিএ (মরহুম)	১৯৮৪-৮৫
জনাব মাহবুবুর রহমান	১৯৮৫-৮৬
জনাব আবু সায়ীদ মাহমুদ (মরহুম)	১৯৮৬-৯০
জনাব মাহবুবুর রহমান	১৯৯১-৯২
জনাব এম ইউনুস, এফসিএ (মরহুম)	১৯৯২-৯৩
জনাব এ টি এম ওয়াজিউল্লাহ	১৯৯৩-৯৪
জনাব এ রব চৌধুরী	১৯৯৪-৯৫
জনাব আর মাকসুদ খান	১৯৯৫
জনাব আলী হোসেন	১৯৯৬
জনাব এ এস এম কাসেম	১৯৯৭
জনাব আর মাকসুদ খান	১৯৯৮
জনাব এম এইচ রহমান	১৯৯৯
জনাব আফতাব উল ইসলাম	২০০০
জনাব বেনজির আহমেদ	২০০১
জনাব মতিউর রহমান	২০০২-০৩
জনাব ফজলে আর এম হাসান, এফসিএ	২০০৪
জনাব সাইফুল ইসলাম	২০০৫
জনাব এম এ মোমেন	২০০৬
জনাব হোসেন খালেদ	২০০৭-০৮
জনাব জাফর ওসমান	২০০৯
জনাব আবুল কাসেম খান	২০১০

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র
প্রাক্তন উর্ধ্বতন সহ-সভাপতিবৃন্দ

জনাব এ সাত্তার কারাওয়াদিয়া	১৯৭০-৭২
জনাব খোরশেদ আলম	১৯৭৩
জনাব এ এম এম শামছুল আলম	১৯৭৫
জনাব এম এ হক (মরহুম)	১৯৭৬
জনাব এম এ হক (মরহুম)	১৯৭৭-৭৮
জনাব এম এ খালেক (মরহুম)	১৯৭৮-৭৯
জনাব এম রেজা (মরহুম)	১৯৭৯-৮২
জনাব শামছুজ্জোহা খান (মরহুম)	১৯৮২-৮৪
আলহাজ্ব আব্দুস সালাম	১৯৮৪-৮৫
জনাব মোঃ আলী হোসেন	১৯৮৫-৮৬
জনাব এ এম মুবাশ-শার	১৯৮৬-৮৮
জনাব এ এম মুবাশ-শার	১৯৮৯-৯০
জনাব মাসুদুর রহমান	১৯৯১-৯২
জনাব মাসুদুর রহমান	১৯৯২-৯৩
সৈয়দ জামালুদ্দিন হায়দার	১৯৯৩-৯৪
জনাব সাজ্জাতুজ জুম্মা	১৯৯৪-৯৫
জনাব হোসেন আখতার	১৯৯৫
জনাব ফজলে আর এম হাসান, এফসিএ	১৯৯৬
জনাব আশরাফ ইবনে নূর	১৯৯৭
জনাব মাসুদুর রহমান	১৯৯৮
জনাব সাজ্জাতুজ জুম্মা	১৯৯৯
জনাব এ এম মুবাশ-শার	২০০০
জনাব মাহবুব-উজ-জামান	২০০১
জনাব সাব্বির আহমেদ খান	২০০২
জনাব জাফর ওসমান	২০০৩
জনাব এ এম মুবাশ-শার	২০০৪
জনাব মঞ্জুর উর-রহমান (রাসকিন)	২০০৫
জনাব হোসেন খালেদ	২০০৬
জনাব এম. শাহজাহান খান	২০০৭
জনাব সালাহ্উদ্দিন আব্দুল্লাহ	২০০৮
জনাব এম এস সেকিল চৌধুরী	২০০৯
জনাব এম. শাহজাহান খান	২০১০

প্রাক্তন সহ-সভাপতিবৃন্দ

জনাব মুখলেছুর রহমান (মরহুম)	১৯৭০-৭২
জনাব মুখলেছুর রহমান (মরহুম)	১৯৭৩
জনাব এম এ হক (মরহুম)	১৯৭৫
জনাব এ বি সিদ্দিকী	১৯৭৬
জনাব মোশাররফ হোসেন	১৯৭৭-৭৮
জনাব এম এ রাজ্জাক মিয়া	১৯৭৮-৭৯
জনাব মজিবুর রহমান	১৯৭৯-৮২
জনাব এ এ মনিরুজ্জামান	১৯৮২-৮৪
জনাব রমিজ উদ্দিন ফকির	১৯৮৪-৮৫
জনাব সায়েদুর রহমান (মরহুম)	১৯৮৫-৮৬
জনাব মাসুদুর রহমান	১৯৮৬-৮৮
জনাব এম এ খালেক (মরহুম)	১৯৮৯-৯০
জনাব মোঃ ইসমাইল হোসেন মিয়া	১৯৯১-৯২
জনাব মোঃ ইসমাইল হোসেন মিয়া	১৯৯২-৯৩
জনাব খোরশেদ আলী মোল্লা	১৯৯৩-৯৪
জনাব মোঃ সিরাজউদ্দিন মালিক	১৯৯৪-৯৫
সৈয়দ তৌফিক আলী	১৯৯৫
জনাব আবসার করিম চৌধুরী	১৯৯৬
জনাব মঞ্জুর হোসেন	১৯৯৭
জনাব জাফর ওসমান	১৯৯৮
জনাব নাসির হোসেন	১৯৯৯
জনাব মোহাম্মদ গোলাম মোস্তফা	২০০০
জনাব আবসার করিম চৌধুরী	২০০১
জনাব হোসেন খালেদ	২০০২-২০০৩
জনাব এম আবু হোরায়রা	২০০৪
জনাব হোসেন এ সিকদার	২০০৬
আলহাজ্ব মোঃ আলাউদ্দিন মালিক	২০০৭
খন্দকার শহীদুল ইসলাম	২০০৮
জনাব মোঃ সিরাজউদ্দিন মালিক	২০০৯-২০১০



ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম (বাম থেকে চতুর্থ) ০৬-০৮ এপ্রিল, ২০১১ তারিখে মালয়েশিয়ার কুয়ালালামপুরে অনুষ্ঠিত "এমএলএস-এসসিএম(পি) গ্লোবাল নেটওয়ার্ক রাউন্ডটেবিল, মালয়েশিয়া, ২০১১" শীর্ষক অনুষ্ঠানে "এমএলএস-এসসিএম(পি) বেস্ট নেটওয়ার্ক পার্টনার ইন্সটিটিউশন অ্যাওয়ার্ড ২০১০" এর সনদ গ্রহণ করছেন।

ডিসিসিআই, এমসিসিআই এবং এসএমই ফাউন্ডেশন যৌথভাবে গৃহীত বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড)'র লোগো উন্মোচন করেছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত, এম.পি. (বাম থেকে তৃতীয়)। ১৭ অক্টোবর ২০১১ তারিখ আয়োজিত অনুষ্ঠানের ছবিতে মাননীয় শিল্প মন্ত্রী জনাব দিলীপ বড়ুয়া (বাম থেকে চতুর্থ), বাণিজ্য মন্ত্রী জনাব মুহাম্মদ ফারুক খান, এম.পি. (ডান থেকে তৃতীয়), ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম (বাম থেকে দ্বিতীয়), বাংলাদেশ ব্যাংকের গভর্ণর ড. আতিউর রহমান (ডান থেকে চতুর্থ), এনবিআর'র চেয়ারম্যান ড. নাসির উদ্দিন আহমেদ (ডান থেকে দ্বিতীয়), ডিসিসিআই প্রাক্তন সভাপতি জনাব হোসেন খালেদ (বামে) এবং এফবিসিসিআই'র ভারপ্রাপ্ত সভাপতি জনাব মোঃ জসিম উদ্দিন (ডানে) এবং এমসিসিআই'র ভারপ্রাপ্ত সভাপতি ব্যারিস্টার নিহাদ কবীর (বাম থেকে পঞ্চম) কে দেখা যাচ্ছে।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র পরিচালকমণ্ডলীর প্রতিবেদন-২০১১

বিসমিল্লাহির রহমানির রাহিম
ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি এর সম্মানিত সদস্যবৃন্দ
সম্মানিত প্রাক্তন সভাপতিবৃন্দ ও ব্যবসায়ী নেতৃবৃন্দ
২০১১ সালের পরিচালনা পর্ষদের সম্মানিত সহকর্মীবৃন্দ
ভদ্র মহিলা ও ভদ্র মহোদয়গণ

আসসালামু আলাইকুম ও শুভ অপরাহ্ন,

২০১১ সালের পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দের পক্ষ থেকে আমি আপনাদের সকলকে আমাদের প্রিয় সংগঠন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এর ৫০তম বার্ষিক সাধারণ সভায় স্বাগত জানাচ্ছি। বিগত ৫৩টি বছরের মত আজও আমরা সমবেত হয়েছি ২০১১ সালের চেম্বারের কর্মকান্ড পর্যালোচনা এবং তার উপর ভিত্তি করে ব্যবসায়ী সম্প্রদায়ের প্রতি সেবার মান উন্নয়নের জন্য চেম্বারের ভবিষৎ কর্মপরিকল্পনা রচনা ও কর্মকৌশল নির্ধারণ ও সেই সাথে দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখার বিষয়ে চেম্বার কি করে আরও বেশী অবদান রাখতে পারে সে ব্যাপারে আলোচনার জন্য।

আজকের এ শুভ মুহূর্তে আমি ঢাকা চেম্বারের প্রতি আপনাদের সর্বাত্মক সমর্থন ও অকৃত্রিম সহযোগিতার জন্য ধন্যবাদ জানাই। আপনাদের এ সহযোগিতার মাধ্যমেই ডিসিসিআই দীর্ঘ পাঁচ দশকেরও বেশী সময়ের এ যাত্রা পূর্ণ আস্থা সহকারে অতিক্রম করতে পেরেছে। আপনাদের গতিময় কর্মকান্ড এবং অধ্যবসায় আজ আমাদের একত্রিত করেছে যাতে করে আমরা চেম্বারকে এমন এক স্থানে নিয়ে যেতে পারি যেখানে ডিসিসিআইর সুখ্যাতি দেশে ও বিদেশে গর্বের সাথে উচ্চারিত হবে। আপনাদের ঐকান্তিক সহযোগিতা, প্রাজ্ঞ দিক্ নির্দেশনা ও দৃঢ়তায় আজ ডিসিসিআই আন্তর্জাতিক স্বীকৃতি সম্পন্ন বাংলাদেশের বেসরকারী খাতের অন্যতম প্রতিনিধিত্বকারী প্রতিষ্ঠানে পরিণত হয়েছে।

ডিসিসিআই ২০১১ সালে ইন্টারন্যাশনাল ট্রেড সেন্টার (আইটিসি)-আংটাড (UNCTAD)/ডব্লিউটিও, জেনেভার পক্ষ থেকে এমএলএস-এসসিএম[পি] বেস্ট নেটওয়ার্ক পার্টনার ইন্সটিটিউট পুরস্কার ২০১০ অর্জন করেছে এবং ২০১১ ওয়ার্ল্ড চেম্বার অব কমার্স প্রতিযোগিতায় বেস্ট আনকনভেনশনাল প্রজেক্ট ক্যাটাগরিতে ফাইনালিস্ট হিসেবে বাছাইকৃত হয়েছে বিশেষ করে ঢাকা কাস্টমস হাউস অটোমেশন প্রজেক্ট বাস্তবায়নে সফলতার জন্য। এসব কিছু অর্জন সম্ভব হয়েছে শুধুমাত্র আপনাদের অকুণ্ঠ সমর্থন ও সহযোগিতায়।

২০১১ সালের এ ৫০তম বার্ষিক সাধারণ সভার মাধ্যমে এ বৎসরের চেম্বারের সভাপতি হিসেবে আমার মেয়াদকাল আজ শেষ হবে। সুতরাং আজ আমি আপনাদের সামনে বিগত এক বছরের চেম্বারের কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরবো যা আমার পর্ষদের সহকর্মীবৃন্দ, সম্মানিত সদস্যবৃন্দ ও চেম্বার সচিবালয়ের সহযোগিতায় সম্পন্ন করতে সক্ষম হয়েছি।

সম্মানিত সহকর্মী ও সদস্যবৃন্দ,

এ বছরটি দেশ ও ডিসিসিআই এর জন্য বিশেষভাবে চ্যালেঞ্জিং ছিল কারণ এ বছর আমাদের অনেক উত্থান-পতনের সম্মুখিন হতে হয়েছে পাশাপাশি জাতীয় ও সামাজিক ক্ষেত্রে বেশকিছু মাইলফলকও অর্জিত হয়েছে।

বাংলাদেশ বর্তমানে বিশ্বের ৪৩তম বৃহৎ অর্থনীতির দেশ (GDP at PPP; source: CIA & IMF, 2010) এবং ধীরে ধীরে আরও সম্মুখের দিকে অগ্রসর হচ্ছি। ডিসিসিআই কর্তৃক একটি কৌশল পত্র ২০১০ সালে প্রণয়ন করা হয় যাতে দেখানো হয়েছে যে বর্তমান সরকারের রূপকল্প ২০২১ এর মৌলিক দিকগুলোকে কাজে লাগিয়ে বাংলাদেশ আগামী ২০৩০ সালের মধ্যে বিশ্বের ৩০ তম বৃহৎ অর্থনীতির একটি দেশে পরিণত হতে পারে যদি সঠিক নীতিমালা, পদক্ষেপ এবং কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করা যায়। উক্ত কৌশলপত্র অবলম্বনে আমার পূর্ববর্তী প্রাক্তন সভাপতি মহোদয়ের অবদানের মাধ্যমে আমরা আমাদের প্রয়াসকে লক্ষ অর্জনের নিমিত্তে অব্যাহত রেখেছি এবং এজন্য বিভিন্ন প্রকল্প ও কর্মকান্ড গ্রহণ করছি। লক্ষ অর্জন না হওয়া পর্যন্ত আমাদের এ প্রয়াস অব্যাহত থাকবে। এ যাত্রা এত সহজ নয়, কিন্তু আমি বিশ্বাস করি যদি সকলে একত্রে কাজ করি তাহলে আমরা আমাদের ইপ্সিত লক্ষে অবশ্যই পৌছাতে পারবো।

Dhaka Chamber of Commerce & Industry
Annual Report of the Board of Directors for the Year 2011

Bismillahir Rahmanir Rahim

Distinguished Members of Dhaka Chamber of Commerce & Industry (DCCI)
Respected Past Presidents and Business leaders
My dear colleagues in the Board of Directors of 2011
Respected Members
Ladies & Gentlemen

Assalamu Alaikum

On behalf of the Members of the Board of Directors of 2011 and on my own behalf I would like to take the privilege of welcoming you all to the 50th Annual General Meeting (AGM) of our favorite organization DCCI. Today as had been done in the last 53 years, we have all assembled here to review our activities of the year 2011 so that based on our self analysis we may plan future strategies for delivering better services to the esteemed members as well as business community and at the same time contributing for the economic development of the country.

At this important occasion, I would like to thank you all for your kind cooperation, without your support DCCI could not have come across such a long journey of more than five decades with full confidence of the private sector. Your spirit of work and perseverance have teamed up together to help the Chamber to reach an ultimate position of fame where DCCI has been named autonomously with pride at home and abroad. Your sincere support and guidance, and grit have led DCCI to achieve a position of a dynamic as well as a prominent Chamber in the country with recognition from the international community.

DCCI in 2011 has won the "MLS-SCM (P) Best Network Partner Institution Award 2010" of International Trade Centre (ITC) - UNCTAD/WTO, Geneva and selected as the finalist at the 2011 World Chambers Competition in the Best Unconventional Project Category for its Dhaka Customs House Automation Project. All these have been possible to be achieved because of all of your whole- hearted support and cooperation.

With this 50th AGM my tenure as the President of this prominent Chamber for the year 2011 will come to an end today. So I would like to present before you a summary of activities we have accomplished during the last one year with the assistance of my respected colleagues in the board, distinguished members of the Chamber and support of the strong Secretariat of DCCI.

My Distinguished Colleagues and Members of the DCCI

The year 2011 was very challenging for both DCCI and for the country as we had to face a lot of ups and downs while at the same time there were a lot of milestones in different aspects of our national economy and social issues.

Bangladesh is now ranked as the world's 43th largest economic power(GDP at PPP; source: CIA and IMF, 2010) and rising fast to overtake others. DCCI presented a Country Strategy Paper namely Bangladesh 2030: Strategy for Growth in 2010 which envisaged that by exploiting the fundamentals of the Vision 2021 announced by the present Government, Bangladesh can attain the status of one of the thirtieth largest economies of the word by the year 2030 if necessary policies, steps and actions are implemented successfully. Taking cue from the strategy and contribution of the former President we have continued our works towards achieving the targets and initiated several programmes and projects In the year 2011. We would like to continue these efforts till we achieve our desired goal. The journey is not so smooth but I believe if we all work together, we can reach the destination of our pilgrimage.

বাংলাদেশের অর্থনীতি এখন একটি সংকটকাল অতিক্রম করছে। গুরুত্বপূর্ণ কিছু খাতে রাষ্ট্রীয় ব্যয় বৃদ্ধির কারণে কিছু কিছু অর্থনৈতিক নির্দেশক ও ব্যালেন্স অব পেমেন্ট এর অবস্থা কিছুটা অস্থিতিশীল। বিশ্ব ব্যাংকের কস্ট অব ডুইং বিজনেস রিপোর্ট ২০১২ তে ব্যবসাবান্ধব পরিবেশ অর্জনের ক্ষেত্রে বাংলাদেশের সার্বিক অবস্থান ১১৮তম থেকে ১২২তম অবস্থানে পৌঁছেছে। শুধুমাত্র অসামর্থতা সমাধান (Resolving Insolvency) করা ছাড়া দশটি ব্যবসা সহায়ক নির্দেশকের মধ্যে বাংলাদেশের অবস্থান বিগত বছরের তুলনায় অবনমন হয়েছে। বিদ্যুৎ প্রাপ্যতার ক্ষেত্রেও বাংলাদেশের অবস্থান গত বছরের তুলনায় চৌদ্দ পয়েন্ট অবনমন হয়েছে। রিপোর্টে আরও বলা হয়েছে যে, তীব্র বিদুৎ ঘাটতি দেশের বিনিয়োগ ও ব্যবসার পরিবেশের উপর বিরুপ প্রভাব ফেলছে। এতে আরও বলা হয়েছে যে, বাংলাদেশের প্রায় সবগুলো নির্দেশিকার ক্ষেত্রে নেতিবাচক ধারা লক্ষ করা যায়। বেসরকারী খাতের অন্যতম থিংক ট্যাংক হিসেবে ডিসিসিআই এ সকল বিষয়গুলোকে অত্যন্ত গুরুত্ব সহকারে গ্রহণ করেছে এবং ভবিষ্যতে এ অবস্থার উত্তরণের জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণে সরকারকে সব ধরণের সহযোগিতা প্রদানে আগ্রহী।

এ বছরটি অন্যান্য আরও কিছু ক্ষেত্রেও বাংলাদেশের জন্য চ্যালেঞ্জিং। বাংলাদেশ বর্তমানে দুই অংকের মুদ্রাস্ফীত চলছে এবং খাদ্য-মূল্যস্ফীতি যে কোন সময়ের চেয়ে বেশি। শেয়ার বাজারের অচলাবস্থা, ট্রেড একাউন্ট এর অসামঞ্জস্যতা, সরকারী ঋণ গ্রহণ বৃদ্ধিতে ক্রমবর্ধমান ঘাটতি, বিদেশী বিনিয়োগের ক্ষেত্রে নানা জটিলতা সে সাথে টাকার অবমূল্যায়ন সামগ্রিক অবস্থাকে আরও জটিল করে তুলেছে।

ষষ্ঠ পঞ্চ বার্ষিকি পরিকল্পনা, রূপকল্প ২০২১ এবং বাড়তি জিডিপি প্রবৃদ্ধি ও স্থিতিশীল সামষ্ঠিক অর্থনীতির উপর ভর করে আগামী ২০৩০ সালের মধ্যে বিশ্বের ৩০তম বৃহৎ অর্থনীতির একটি দেশে পরিণত হওয়ার ডিসিসিআই'র এ আত্মবিশ্বাস অর্জিত হবেনা যদি অর্থনীতিকে সঠিক পথে পরিচালিত করতে প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা না হয়। আর এ জন্য সহায়ক পরিবেশ সৃষ্টি, প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন, বিনিয়োগ আকৃষ্টকরণ এবং কর্মসংস্থান বৃদ্ধির জন্য নতুন নতুন ব্যবসায় প্রসারের ক্ষেত্রে বেসরকারী খাতকে আরও সুযোগ প্রদান জরুরী।

সরকার ও বেসরকারী খাত উভয় পক্ষই কঠোর পরিশ্রম করে যাচ্ছে এবং সমস্যা থেকে উত্তরণের জন্য বিভিন্ন নীতিমালা সংস্কারের উদ্যোগ নিয়েছে। কিন্তু এটা এখনও অস্থিতিশীল বিশেষ করে বিগত ২০০৮ সালের চাইতেও অধিকতর গভীর রিসেসনের আশংকা, ইউতে শুরু হওয়া সাম্প্রতিক অর্থনৈতিক সমস্যা আমাদের অর্থনীতিকে মারাত্মকভাবে আঘাত করতে পারে। বিপুল জনসংখ্যার ভার এবং সীমিত সম্পদের উপর নির্ভর করে বাংলাদেশের জন্য আগামী ২০১২-১৩ অর্থবছরে ৭% জিডিপি প্রবৃদ্ধি ধরে রাখা খুবই কষ্টসাধ্য হবে যদি না রপ্তানি প্রবৃদ্ধি স্থিতিশীল, রপ্তানি বহুমুখীকরণ ও বেসরকারী খাতের গতিশীলতা ধরে রাখা না যায়। জাতীয় গ্রীডে আরও বিদুৎ যোগ করার নিমিত্তে সরকারের কঠোর পরিশ্রমের ফলে আশা করা যায় বিদুৎ ব্যবস্থার আশু উন্নয়ন ঘটবে। তাছাড়াও পিপিপিকে উৎসাহ প্রদানের মাধ্যমে শেয়ার বাজারে স্থিতিশীলতা ফিরে আসবে বলেও আশা করা যায়। সম্প্রতি ঢাকায় অনুষ্ঠিত সাউথ এশিয়ান ইকোনমিক সামিট এ জলবিদ্যুতের মাধ্যমে বিদুৎ সমস্যা সমাধানে দক্ষিণ এশিয়ার সম্ভাবনার ক্ষেত্রে সকলে একমত পোষণ করেন। পাশাপাশি বিশেষজ্ঞগণ বাংলাদেশে কয়লা-ভিত্তিক বিদ্যুৎ উৎপাদনের সুপারিশ করেন। এ সমস্ত বিষয়গুলো নিয়ে গভীর ভাবে চিন্তা ভাবনা করে follow-up কার্যক্রম গ্রহণ বিশেষভাবে জরুরী।

উপরোল্লেখিত আলোচনার আলোকে, আমরা মনে করি সরকারকে নীতিমালা প্রণয়নে সহায়তা করায় ডিসিসিআই'র প্রয়াসকে আরও সবল করতে হবে যাতে করে সরকার নতুন নতুন ব্যবসার দার উন্মোচন এবং অধিক হারে দেশী ও বিদেশী বিনিয়োগ আকৃষ্ট করতে সমর্থ হয়।

ভদ্র মহিলা ও মহোদয়বৃন্দ,

পূর্ণাঙ্গ প্রতিবেদন পেশের পূর্বে আমি সেই সমস্ত আত্মার মাগফেরাত কামনা করতে চাই যাদের আমারা বিগত বছর হারিয়েছি।

প্রথমেই আমি স্মরণ করতে চাই জাপানে ঘটে যাওয়া স্মরনকালের ভয়াবহ ভূমিকম্পে নিহত ব্যক্তিদের। এ ভূমিকম্প শুধু প্রাণঘাতিই ছিলনা, এতে জাপানের অর্থনীতিও মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে। ডিসিসিআই এ ঘটনায় একটি শোকবার্তা বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূতকে প্রেরণ করেছে। জাপানে ঘটে যাওয়া ৯ মাত্রার ভয়াবহ এ সুনামি আমাদের জন্য একটি সতর্কবার্তা যা ১১ মার্চ, ২০১১ তারিখে জাপানের দূরবর্তী সমুদ্রের তলদেশে উৎপত্তি হয়। এটা স্মরণকালের সবচেয়ে শক্তিশালী ও পৃথিবীর ৫ম সর্বোচ্চ ভূমিকম্প। বিশ্ব ব্যাংক বলেছে যে, জাপানের এ অবস্থা থেকে উত্তোরণের জন্য প্রায় ৫ বছর সময় লাগতে পারে ও প্রায় ৭৫ বিলিয়ন ইউরো থেকে ১৪৫ বিলিয়ন ইউরো প্রয়োজন যা কিনা জাপানের জিডিপির প্রায় ৪%। এ প্রাকৃতিক দুর্যোগে উত্তর-পূর্ব জাপানে প্রায় ৪৪ লক্ষ গৃহস্থালি বিদুৎ শূন্য এবং ১৫ লক্ষ ঘরবাড়ি খাবার পানি শূন্য হয়।

Bangladesh economy is now passing through a critical juncture. Some of the economic indicators and balance of payment situation are at a stake because of increase of state expenditure in some important sectors. As per World Bank Cost of Doing Business report 2012 Bangladesh's overall ranking shifted to 122nd from 118th in respect of ease of doing business. In all ten doing business indicators Bangladesh position dropped from the previous year 2010 except one in resolving insolvency. In terms of getting electricity, Bangladesh's ranking dropped 14 point from the previous year. The report said that acute power crisis has weighed heavily on the country's overall investment and business climate. It also stated that Bangladesh showed negative trend in almost all the areas, excepting enforcing contacts. As one of the private sector think tank DCCI has also taken up these issues seriously and would like to take steps so that situation improves in future.

The year 2011 was challenging for Bangladesh in some other aspects also. The country presently having bites of about double digit inflation and in case of food-inflation it is almost all-time high, inertia in the stock market, trade account imbalances, growing deficit because of public borrowing and difficulties in foreign financing along with taka depreciation and difficulties in foreign financing have made the situation a bit critical.

The targets of six five year plan, vision 2021 objectives and DCCI's belief of being the 30th largest economy by 2030 based on the strong economic fundamentals of the macro economic stabilities and high GDP growth could not be achieved unless required precautionary measures are taken to redirect the economy towards the right path by creating an enabling environment and policies for attracting FDI, encouraging investment and allow private sector to generate more and more new businesses for employment.

Both government and the private sector are working hard and have been undergoing several policy reforms for unearthing the problems but it is still unstable specially if the ensuing deeper depression originated in EU hits back our economy. As a very small economy with tremendous population burden it would be very difficult for Bangladesh to sustain 7% GDP growth in the fiscal 2012-13 if export growth can not be sustained and diversified and fresh momentum in the private sector is not visible. It is hoped that the energy situation would be changing as the government is trying hard to add more power to the grid and announcing encouraging PPP policies for investors while re-energizing the stock markets. In a recent South Asian Economic Summit held in Dhaka there was a common understanding to exploit South Asian potentials in the hydro-electricity for resolving energy problems in South Asia while experts suggested for use of coal as a substitute of energy resources in Bangladesh to produce electricity. We should sincerely follow up these issues to address energy problems.

In view of all the above, we think DCCI should invigorate its efforts to add more strength to support the government in providing policy inputs and contribute more to attract new investment and businesses.

Ladies and Gentlemen,

Before I go into the details of the Report let me pay my homage to the departed souls who have left us during the last one year.

We mourn loss of lives due to the devastation of earthquake in Japan which caused a serious loss to their economy while hundreds died and several others were critically injured. DCCI sent condolence message to the Ambassador of Embassy of Japan to Bangladesh. Tsunami in Japan was a learning for all of us, it was a magnitude of 9.0 (Mw) under sea-a mega thrust earthquake off the coast of Japan that occurred on Friday, 11 March 2011. It was the most powerful known earthquake ever to have hit Japan, and one of the five most powerful earthquakes in the world. World Bank said it could take Japan five years, and cost between £75bn and £145bn – equivalent to 4% of Japan's GDP to overcome the catastrophe. Around 4.4 million households in northeastern Japan were left without electricity and 1.5 million without water.

ডিসিসিআই, আইটিসি'র নির্বাহী পরিচালক ড. পেট্রিসিয়া ফ্রান্সিস এর স্বামীর মৃত্যুতে গভীরভাবে শোকাহত এবং এজন্য একটি শোকবার্তাও প্রেরণ করা হয়েছে। আরও শোকবার্তা প্রেরণ করা হয় জনাব এম এস রেজা ও ডিসিসিআই'র ব্র্যান্ডিং, পিআর অ্যান্ড পাবলিকেশন স্ট্যান্ডিং কমিটির সহ-আহবায়ক জনাব খালেকুজ্জামান-জামান এর মৃত্যুতে। এসকল মূল্যবান ও পরিশ্রমী প্রাণের অকাল প্রয়াণে ডিসিসিআই প্রেরিত শোকবার্তার মাধ্যমে তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে ও শোকসন্তপ্ত পরিবারের পাশে দাঁড়ানোর চেষ্টা করেছে।

আমরা আরও গভীরভাবে শোকাহত ডিসিসিআই'র সচিবালয়ে কর্মরত উচ্চমান সহকারী জনাব সফিকুল ইসলামের অকাল মৃত্যুতে। ঢাকা চেম্বারের পক্ষ থেকে তাঁর পরিবারের সাহায্যার্থে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

সম্প্রতি জুলাই মাসের শেষ থেকে প্রায় দুই মাস ব্যাপি থাইল্যান্ডে ঘটে যায় এক ভয়াবহ বন্যা। এ বন্যায় ১৮ অক্টোবর, ২০১১ পর্যন্ত প্রায় ৩০৭ জন নিহত, ২৩ লক্ষ লোক আক্রান্ত, ১৫৬.৭ বিলিয়ন বাথ (৫.১ বিলিয়ন আমেরিকান ডলার) এর সমপরিমান ক্ষয়ক্ষতি সাধিত হয়। এ বন্যা ৫৮টি প্রদেশে প্রায় ৬ লক্ষ হেক্টর জমি প্লাবিত করেছে যার মধ্যে প্রায় ৩ লক্ষ জমি ফসলি জমি। প্রাকৃতিক এ বিপর্যয়ে জর্জরিত সকলের জন্য আমরা মহান আল্লাহ্‌র কাছে দোয়া প্রার্থনা করি যাতে তাঁরা দ্রুত এ সমস্যা থেকে পরিত্রাণ পায়।

গত ২৩ সেপ্টেম্বর, ২০১১ তারিখে ঘটে যাওয়া বিগত ১ দশকের মধ্যে ৭.২ মাত্রার সর্বোচ্চ শক্তিশালী ভুমিকম্পে তুরস্ক এখন এক কঠিন সময় অতিক্রম করছে। এ ভূমিকম্পে প্রায় ২৬৪ জন নিহত হন, ৫৮২ জনেরও অধিক আহত হন। তুরস্কের লেক ভেন অঞ্চলে প্রায় ২২০০ ঘর-বাড়ি একেবারে ভেঙ্গে পড়ে। আমরা সকলের সাথে এ ঘটনায় গভীর সমবেদনা জানাচ্ছি।

সম্মানিত সদস্যবৃন্দ,

যদিও আমাদের দেশ ও বিশ্বকে এ বছর অনেক পরিবর্তনের মোকাবিলা করতে হয়েছে, ডিসিসিআই তার একাগ্র এবং পরিকল্পিত প্রচেষ্টার মাধ্যমে বেসরকারী খাতের উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে সমর্থ হয়েছে। এমতাবস্থায়, বিস্তারিত বিবরণে যাওয়ার পূর্বে আমি ঢাকা চেম্বারের কিছু উল্লেখযোগ্য অর্জনের দিকে আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি।

২০১১ সালে ডিসিসিআই'র অর্জন ঃ

আগেই বলেছি ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) "এমএলএস-এসসিএম(পি) বেষ্ট নেটওয়ার্ক পার্টনার ইন্সটিটিউশন অ্যাওয়ার্ড ২০১০" অর্জন করেছে। আমরা মনে করি এটি ডিসিসিআই'র জন্য গুরুত্বপূর্ণ অর্জন। ডিসিসিআই বিজনেস ইনস্টিটিউট (ডিবিআই) এ বছর ০৬-০৮ এপ্রিল, ২০১১ তারিখে ১২০ টি প্রতিষ্ঠানের মধ্য থেকে এ পদক অর্জন করে। এ পদকটি "এমএলএস-এসসিএম(পি) বেষ্ট নেটওয়ার্ক পার্টনার ইন্সটিটিউশন অ্যাওয়ার্ড ২০১০" নামে পরিচিত। ইন্টারন্যাশনাল ট্রেড সেন্টার (আইটিসি)-আংটার্ড/ডব্লিটিও, জেনেভা মালয়েশিয়ার কুয়ালালামপুরে অনুষ্ঠিত এমএলএস-এসসিএম(পি) গ্লোবাল নেটওয়ার্ক রাউন্ডটেবিলের পাশাপাশি এ প্রতিযোগিতার আয়োজন করে।

"এমএলএস-এসসিএম(পি) বেষ্ট নেটওয়ার্ক পার্টনার ইন্সটিটিউশন অ্যাওয়ার্ড ২০১০" এর সনদ গ্রহণ করছেন ডিসিসিআই'র সভাপতি জনাব আসিফ ইব্রাহীম

বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান যাতে প্রতিযোগিতায় সার্বিক সাফল্য অর্জন করতে পারে, সেজন্য আইটিসি প্রখ্যাত কনসালটেন্টের সাহায্যে এমএলএস-এসসিএম(পি) এর ১৮টি মডিউল প্রণয়ন করেছে। এখানে সূচক(পি) এই প্রোগ্রামের মূল চালিকা-শক্তি 'ক্রয়' কে নির্দেশ করে। ব্যয় সংকোচন, লিড টাইম হ্রাসকরণ ও ইনভেন্টরি ম্যানেজমেন্টের মাধ্যমে বিশ্ববাজারে প্রতিযোগিতা-সক্ষমতা বাড়ানোর জন্য সাপ্লাই চেইন ম্যানেজমেন্টের এই কোর্সটি একটি পরীক্ষিত ও কার্যকরী কোর্স। এই প্রোগ্রামটি পরিচালনার জন্য ডিসিসিআই প্রয়োজনীয় অবকাঠামোর বিশেষ উন্নতি সাধন করেছে এবং 'ToT' কর্মশালা পরিচালনার মাধ্যমে একদল বিশেষ অভিজ্ঞ প্রশিক্ষক তৈরি করেছে। এর মধ্যে এ কোর্সটি বাংলাদেশে ব্যাপক জনপ্রিয়তা পেয়েছে এবং বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান, সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান থেকে বিপুল সাড়া পাওয়া গেছে। ২০১০ সালে এ কোর্সে ৮৪ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে।

DCCI also condoled the death of husband of Dr Patricia Francis, Executive Director, ITC and sent condolence messages. Also similar messages were sent to Mrs. Reza condoling the death of Mr. M S Reza, and to the family members of Mr Khalequzzaman, Co-Convenor of DCCI S/C on Branding, PR and Publication etc. These valuable lives were taken away and some energetic life who were beloved among their family were lost, DCCI through this condolences expressed its solidarity with them and tried to stand beside them.

We were shocked and grieved at the sad demises of a secretariat staff Mr. Shafiqul Islam for his untimely death and from Chamber we have taken all necessary measures for helping his family.

Recently Thailand's Flood is another natural calamities which began in late July and continued for over two months. The floods have caused 307 reported deaths, affected over 2.3 million people, and caused damages that went up to 156.7 billion baht (5.1 billion USD) as of 18 October, 2011. The flooding has inundated about six million hectares of land, over 300,000 hectares of which is farmland, in 58 provinces. We have all our feelings for those who are in suffering and pray to God so that they may soon overcome this disaster.

Turkey is now passing a very hard time because of its most-powerful earthquake in more than a decade that occurred on 23rd September, 2011 which the U.S. Geological Survey said had a magnitude of 7.2. About 264 people were killed and more than 582 were injured in the quake. 2200 buildings were collapsed in the earth quake of Lake Van of Turkey. We shared this shocking news with the concerned affected people.

Distinguished Members,

Even though the world and the country witnessed a lot of changes in 2011, DCCI through its sincere and concerted efforts have been able to add a lot towards ensuring private sector development. Now before going to the details of our activities we would like to share some of the achievements of the Chamber in 2011.

Achievements of the DCCI during 2011

As has been mentioned earlier DCCI wins the "MLS-SCM(P) Best Network Partner Institution Award 2010" of International Trade Centre (ITC) - UNCTAD/WTO, Geneva We consider it as one of the important achievements of DCCI. DCCI Business Institute (DBI) win the Best (MLS-SCM(p) Institute Award, 2010 among one hundred twenty (120) Institutes all over the world, during April 2011. The title of the award is MLS-SCM(P) Best Network Partner Institution Award 2010.The competition was organized by International Trade Centre (ITC) – UNCTAD/ WTO, Geneva at the Global Roundtable on Modular Learning System in Supply Chain Management (MLS-SCM(p), held in Malaysia.

In the picture DCCI President is seen with Award along with other distinguished persons present in the programme.

ITC has developed 18 modules of MLS-SCM (P) to help companies achieve excellence in the supply chain. The symbol (P) signifies the power of purchasing which is the key element of the programme. DCCI has developed an excellent infrastructure and a pool of experienced trainers through ToT (Training for the Trainers) Workshops for conducting Certificate/Diploma course in Supply Chain Management. This is a unique, proven and powerful management system to cut cost, reduce lead time and become competitive in the Global Market.

The MLS-SCM (P) of DBI has become popular in Bangladesh and participants from Business, Govt. and Non-Govt. organizations are coming up in a large numbers. In 2010, eighty four(84) participants have been admitted for the course.

প্রাইভেট সেক্টর ডেভেলপমেন্ট (পিএসডি) পলিসি কো-অর্ডিনেশন কমিটি টু সার্পোট বিজনেস কমিউনিটি

২০১১ সালের জুন মাসে মাননীয় প্রধানমন্ত্রীর সাথে ডিসিসিআই'র পরিচালনা পর্ষদের সাথে সাক্ষাৎকার অনুষ্ঠানে ডিসিসিআই বাংলাদেশে স্বাধীন ও নির্বিঘ্নে ব্যবসা-বাণিজ্য পরিচালনার লক্ষ্যে প্রাইভেট সেক্টর ডেভেলপমেন্ট (পিএসডি) পলিসি কো-অর্ডিনেশন কমিটি গঠনের প্রস্তাব পেশ করে। ১২ সেপ্টেম্বর ২০১১ তারিখে সরকার এক প্রজ্ঞাপনের মাধ্যমে ১৩-সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে সাক্ষাৎকার অনুষ্ঠানের ছবিতে ডিসিসিআই'র সভাপতি ও পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দকে দেখা যাচ্ছে

এ কমিটি যে সব কাজ করবে সেগুলো হলো ঃ

- দেশের প্রাইভেট সেক্টরের উন্নয়নের জন্য কার্যক্রম গ্রহণ এবং এগুলোর বাস্তবায়নের জন্য সকল পক্ষের মধ্যে সমন্বয় সাধন।
- দেশের প্রাইভেট সেক্টরের উন্নয়নের জন্য ব্যাণিজ্য সহায়ক পরিবেশ তৈরি এবং তা বাস্তবায়নের জন্য সুপারিশ প্রণয়ন।
- প্রাইভেট সেক্টরের উন্নয়নের ক্ষেত্রে বিদ্যমান প্রতিবন্ধকতাগুলো চিহ্নিত করা এবং এ সব সমস্যা সমাধানে কার্যকর সুপারিশ প্রণয়ন।
- পাবলিক-প্রাইভেট সহায়ক পরিবেশ তৈরি এবং তা উন্নয়নে সুপারিশমালা প্রণয়ন।

এ কমিটি প্রতি ৩ মাসে একটি সভা আহবান করবে। কমিটি ইচ্ছা করলে এক বা তার অধিক সদস্য কো-অপট করতে পারবে। কমিটিকে সাচিবিক সহায়তা প্রদানের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে পলিসি কো-অর্ডিনেশন ইউনিটি স্থাপন করা হবে।

এ গুরুত্বপূর্ণ কমিটিতে ডিসিসিআই সদস্য হিসেবে অন্তর্ভূক্ত রয়েছে। চেম্বার বিশ্বাস করে এ কমিটি পাবলিক-প্রাইভেট ফোরাম হিসাবে কাজ করবে এবং বিনিয়োগ ও বাণিজ্য উন্নয়ন বিষয়ক গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ আলোচনার মাধ্যমে সমাধান করতে পারবে।

ঢাকা কাস্টমস হাউস আটোমেন প্রকল্পের বাণিজ্যিক কার্যক্রমের উদ্বোধন

এ বছর ডিসিসিআই'র আরো একটি উল্লেখযোগ্য সাফল্য হলো ঢাকা কাস্টমস হাউস আটোমেশন প্রকল্পের বাণিজ্যিক কার্যক্রমের উদ্বোধন সম্পন্ন করা। জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর), আইএফসি-বিআইসিএফ এবং ডিসিসিআই যৌথভাবে ডাটা সফট এর সহযোগিতায় ঢাকা কাস্টমস হাউস আটোমেশন প্রকল্পের কাজ বাস্তবায়ন করেছে।

অটোমেশন প্রযুক্তির আওতায় SITA, Airline Agent Feeder, Airline Operator, Airline Express, C&F Agents, Airport Custom (Import/Export Section, AIR Section, Speed Treasury, Airport), Custom Intelligence, Bond Commission, Bangladesh Biman, Dhaka ICD, PSI, DEPZ, NBR, Sonali Bank, Freight Forwarders এবং এর সাথে সকল পক্ষই স্বতশ্চলন (Automation) সেবা প্রদান করবে।

ঢাকা অভ্যন্তরীণ কন্টেইনার ডিপোও এ অটোমেশন এর আওতায় চলে আসবে। এ নতুন ব্যবস্থা কাস্টম পদ্ধতিতে বর্তমানে বিদ্যমান ৩১ ধাপ কে কমিয়ে ৬ ধাপে নিয়ে আসবে। গবেষণায় দেখা গেছে, এ প্রকল্পের বাস্তবায়নের ফলে ব্যবসায়ী সমাজ সময় এবং অর্থ দুটোরই সাশ্রয় করতে পারবে।

২০০৯ সালে এ প্রকল্পটির বাণিজ্যিক কার্যক্রম গ্রহণ করা হলেও নানাবিধ সমস্যার কারণে তা বাস্তবায়িত করা যায়নি। কিন্তু সংশ্লিষ্ট সকল পক্ষের আন্তরিক প্রচেষ্টার মাধ্যমে বিদ্যমান সমস্যাসমূহ সমাধান করা সম্ভব হয়েছে এবং প্রকল্পটি বর্তমানে সম্পূর্ণরূপে কার্যক্রম শুরু করেছে।

নেপালের বাণিজ্য প্রতিনিধি দল বাংলাদেশের এ প্রকল্পটি দেখে নেপাল কাস্টমস্ হাউসে অনুরূপ একটি প্রকল্প চালু করতে আগ্রহ প্রকাশ করেছে। দক্ষিণ এশিয়ার অন্যান্য দেশগুলোতে এধরণের প্রকল্পের বাস্তবায়নের বিষয়ে আমরা আশাবাদী।

Private Sector Development (PSD) Policy Co-ordination Committee to Support Business Community

During a meeting of DCCI with the Hon'ble Prime Minister in June 2011, DCCI requested to establish a private sector development policy co-ordination committee to support business community for flourishing their businesses freely and smoothly and to allow a forum for private-public dialogue. The 13-Member committee was formed and gazetted by the PMO on 12th September 2011. The Committee will work for the following:

DCCI Board Members along with the President DCCI is seen in the picture at a meeting with the Hon'ble Prime Minister.

* Analyze activities taken up for the private sector development and recommend for coordination of all these activities for smooth implementation.
* Discuss and suggest for enabling business and investment environment of the private sector and recommend for improvement.
* Identify barriers for development of private sector and recommend measures to address these problems.
* Propose measures for developing a public-private friendly environment and recommend necessary prescriptions for improvment.

The committee will arrange a meeting once in an every 3 months. In case if needed, the committee can co-opt one or more member. A Policy Co-ordination Unit(PCU) will be established at PM office to provide secretarial services to the PSD Coordination Committee.

DCCI as a member of the high-powerd commitee believes that this Committee will act as a Public Private Discussion Forum and help institutionalizing a mechanism for resolving some important business related issues across the table.

Launching of Commercial Operation of Dhaka Customs House Automation (DCHA) Project

Another remarkable achievements of DCCI is Launching of Commercial Operation of Dhaka Customs House Automation (DCHA)- the latest success in Public Private Project(PPP) initiative. The Dhaka Customs House Automation (DCHA) Project was taken up by National Board of Revenue(NBR), IFC-BICF of World Bank and DCCI in cooperation with DataSoft. Under the automation system, SITA, Airline Agent Feeder, Airline Operator, Airline Express, C&F Agents, Airport Custom (Import/Export Section, AIR Section, Speed Treasury, Airport), Custom Intelligence, Bond Commission, Bangladesh Biman, Dhaka ICD, PSI, DEPZ, NBR, Sonali Bank, Freight Forwarders and all other related stakeholders will provide fully automated services. Dhaka Inland Container Depot will also be covered with the automaton programme. The new system will help cut down the customs procedures to six steps, in place of the existing 31. The businesses can save both time and money by around 80 per cent after the DCH is fully automated, according to a study.

The project even though initiated in 2009 could not be completed because of several mis- understanding and related problem but eventually because of concerted efforts of all parties all these have been resolved and the project started in its full swing now.

Nepali Business Delegates have shown their interest to take such a type of project at Nepal Customs House following the model of Bangladesh. We would be happy to see such a services replication in the South Asian region.

বিল্ড - বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট - একটি সরকারী বেসরকারী পার্টনারশিপ প্রকল্প

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এমসিসিআই) এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ) যৌথভাবে ২০১১-২০১৩ সময়ে বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (BUILD) নামক একটি প্রকল্প বাস্তবায়ন করতে যাচ্ছে। বিল্ড হলো পাবলিক-প্রাইভেট ডায়লগের একটি প্রক্রিয়া যা গত ১৭ অক্টোবর ২০১১ তারিখে মাননীয় অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত "অর্থনৈতিক প্রবৃদ্ধি তরান্বিত করণে সরকারী-বেসরকারী উদ্যোগের প্রয়োজনীয়তা" শীর্ষক এক জাতীয় কনফারেন্সে উদ্বোধন করেন। দুদিনের এ জাতীয় কনফারেন্সে একটি ওয়ার্কিং সেশনের আয়োজন করা হয় যেখানে উপস্থিত সরকারী ও বেসরকারী পর্যায়ে প্রতিনিধিবৃন্দ এ বিষয়ে নিজেদের মতামত উপস্থাপন করেন। বিল্ড এর লোগো উদ্বোধন উপলক্ষ্যে বিভিন্ন মন্ত্রী মহোদয়ের বাণী সম্বলিত ক্রোড়পত্র দেশের দুটি বাংলা দৈনিক এবং একটি ইংরেজি দৈনিকে প্রকাশ করা হয়। অনুষ্ঠান উপলক্ষ্যে প্রণীত একটি Theme song উপস্থিত সকলের জন্য অনুপ্রেরণার উৎস হিসেবে কাজ করে এবং প্রকল্পটির পরিচিতি তুলে ধরতে সহায়ক হয়।

বর্তমান সরকার ঘোষিত ভিশন ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে প্রাইভেট সেক্টরের অধিকতর উন্নয়নের জন্য একটি শক্তিশালী ফ্রেমওয়ার্ক তৈরিতে এ প্রকল্পটি কাজ করবে।

বিল্ডের মূল উদ্দেশ্য হলো বস্তুনিষ্ঠ গবেষণায় প্রাপ্ত তথ্যের ভিত্তিতে কার্যকর ও ফলপ্রসূ সরকারী-বেসরকারী পর্যায়ে আলোচনা, সুনির্দিষ্ট বাণিজ্যিক নীতিমালা সংস্কারে এবং বিনিয়োগ সহায়ক পরিবেশ তৈরির মাধ্যমে দীর্ঘমেয়াদী ভিশন বাস্তবায়ন করা। এটি গবেষণা ও এ্যাডভোকেসির ভিত্তিতে পাবলিক-প্রাইভেট ডায়লগের মাধ্যমে এ সমস্ত রিফমর্স এর সুপারিশ করবে যার মাধ্যমে ব্যবসায় ব্যয় হ্রাস এবং বেসরকারী খাত কে আরো শক্তিশালী করবে যা কর্মসংস্থান বৃদ্ধিতে ভূমিকা রাখবে। বিল্ড সংশ্লিষ্ট সরকারী-বেসরকারী সংগঠনগুলোর মধ্যে মতামত বিনিময়ের একটি প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে যার মাধ্যমে অর্থনীতিকে শক্তিশালী করার জন্য ঐক্যমত্য পৌঁছানো সম্ভব হবে। তাছাড়া এটি একটি গতিশীল বেসরকারী খাতের জন্য বিনিয়োগ পরিবেশ পুনঃগঠনে সহায়ক শক্তি হিসেবে কাজ করবে। এ প্রকল্পে বাণিজ্য ও বিনিয়োগ, আর্থিক কর্মকান্ড, এসএমই উন্নয়ন এবং ট্যাক্স ও অন্যান্য বিষয়ক চারটি ওয়ার্কিং গ্রুপ থাকবে। প্রতিটি ওয়ার্কি গ্রুপে পাবলিক ও প্রাইভেট সেক্টরের অভিজ্ঞ একজন করে ব্যক্তি কো-চেয়ারের দায়িত্ব পালন করবেন।

বিল্ডের এ ওয়ার্কিং কমিটির মাধ্যমে ব্যবসা এবং বিনিয়োগ সহায়ক প্রতিষ্ঠানগুলোর একটি শক্তিশালী নেটওয়ার্ক, অফিস এবং বিজনেস এসোসিয়েশনের মধ্যে গভীর সহযোগিতার পরিবেশ তৈরি করা সম্ভব হবে যার মাধ্যমে বেসরকারী খাতের জন্য আরও ব্যবসা-বান্ধব পরিবেশ সৃষ্টি করা যাবে।

বিল্ড একটি স্বাধীন ফোরাম এবং কার্যকর পদ্ধতি হিসাবে কাজ করবে যার মাধ্যমে সরকারের সাথে কার্যকর যোগাযোগ নিশ্চিত করা যাবে এবং দেশী ও বিদেশী বিনিয়োগ বৃদ্ধি ও সংশ্লিষ্ট আইনগুলোর সংস্কার করা সম্ভব হবে। বিল্ড Constituency Gap কমাতে সাহায্য করবে যার ফলে সংশ্লিষ্ট সকল পক্ষের অংশগ্রহণের ভিত্তিতে রিফর্ম প্রস্তাব তৈরি করা যাবে।

DCCI's Netherlands Trust Fund II (NTF II) প্রকল্প

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), বাংলাদেশ এসোসিয়েশন অফ সফটওয়ার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস), ইন্টারন্যাশনাল ট্রেড সেন্টার (আইটিসি) এবং সেন্টার ফর দি প্রমোশন অফ ইমপোর্ট ফ্রম ডেভেলপিং কান্ট্রিজ (সিবিআই) The Netherlands Trust Fund II (NTF II) নামক একটি প্রকল্পে স্বাক্ষর করেছে। ডিসিসিআই, বেসিস, আইটিসি এবং সিবিআই গত ৩০ জুন ২০১১ ইং তারিখে সুইজারল্যান্ডের জেনেভায় অনুষ্ঠিত জাতিসংঘের বার্ষিক জয়েন্ট এ্যাডভাইজরি গ্রুপ মিটিং-এ NTF II প্রকল্প বিষয়ক দলিলে স্বাক্ষর করে।

ডিসিসিআই'র সভাপতি জনাব আসিফ ইব্রাহীম (বাম থেকে দ্বিতীয়) The Netherlands Trust Fund II (NTF II) প্রকল্প দলিলে স্বাক্ষর করছেন।

BUILD- Business Initiative Leading Development-a Public Private Partnership Project

Dhaka Chamber of Commerce and Industry (DCCI) in cooperation with IFC-BICF and in partnership with Metropolitan Chamber of Commerce & Industry (MCCI) and SME Foundation is going to implement Business Initiative Leading Development(BUILD) project during 2011-2013. BUILD- a mechanism for Public-Private Dialogue(PPD) was launched by Mr. M A Muhit, M.P, Hon'ble Finance Minister on October 17, 2011 at a National Conference on **Public Private Partnership for Rapid Economic Growth** at the Hotel Rupashi Bangladesh. The 2-Day Conference had one working session to get views from different government and private representatives in shaping up the operational mechanism of BUILD. A supplement commemorating the launching of BUILD was published in two leading dailies one in bangla and another in english highlighting on BUILD including messages from different relevant Ministers extending their supports for this noble initiative. A Theme Song was also prepared to give enough publicity of the programme and express determination to move forward jointly.

The project will be able to help us to suggest a framework for further development of private sector for achieving targets of Vision 2021 announced by the present Government.

The main objective of the project is to conduct effective dialogue, research and policy advocacy to promote an improved and enabling business environment in Bangladesh, which will sustain for a long time vision. It will also help suggesting business reforms through public private dialogue (PPD) backed by research and advocacy which we believe will eventually help reducing cost of doing business and make private sector more competitive. BUILD will act as a platform to work in partnership with concerned public and private business facilitating organizations so as to reach a common goal of economic prosperity. The project which will act as a strong facilitator for investment climate reforms as a dynamic Private Sector Wing for which Four Working Groups on Trade and Investment, Financial Matters, SME Development and Tax and Related Issues will work initially. Each Working Group will be Co-Chaired by a professionals each one from Public and Private sector.

Through the concerned Committee/Working Group Members BUILD will be able to form a Strong Network of institutions, offices and business associations to provide a platform to actively engage in the development of the private sector enabling environment as a whole.

BUILD will also act as an Independent Forum(IF) and will work as an effective mechanism for lobbying with the government for reforms and ensure enabling environment for both local and foreign investors. BUILD will initiate PPDs which will facilitate, accelerate and help cementing on-going initiatives, ones which without the boost of stakeholder pressure would falter or fail. It will try to bridge the Constituency Gap so that reform proposals can be prepared with sufficient inputs from all related stakeholders and Opinion Leaders of all Representative Bodies. While BUILD will follow replicable strategies for ensuring success it will primarily consider the likely needed reforms exceptionally suitable for the country.

The Netherlands Trust Fund II Project

Dhaka Chamber of Commerce and Industry (DCCI), along with Bangladesh Association of Software and Information Services (BASIS), and International Trade Center (ITC) and Centre for the Promotion of Imports from Developing Countries (CBI) Netherlands has signed "Netherlands Trust Fund II (NTF II)" project. DCCI, BASIS, ITC and CBI Netherlands joined in the signing of the NTF II project during the UN body Annual Joint Advisory Group(JAG) meeting held in Geneva, Switzerland on June 30th, 2011.

DCCI President Mr. Asif Ibrahim is seen along with others signing the Project.

নেদারল্যান্ডস ট্রাস্ট ফান্ড টু (NTF II) কর্তৃক অর্থায়িত এ প্রকল্প বাংলাদেশের আইটি এবং আইটি এনেবেল সার্ভিসেস সেক্টরের দক্ষতা বৃদ্ধির ক্ষেত্রে কাজ করবে। এ প্রকল্প বাংলাদেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্পের রপ্তানী সম্ভাবনা বৃদ্ধিতে সহায়ক হবে। যা IT ও ITES খাতের উন্নতি এবং একটি cross-cutting সেক্টর হিসেবে কাজ করে আগামীতে বাংলাদেশের জন্য প্রাক্কলিত বার্ষিক ১০% হারে প্রবৃদ্ধি অর্জনেও বিশেষ ভূমিকা রাখবে।

যৌথ উদ্যোগ বাস্তবায়নের জন্য স্বাক্ষরিত -এ প্রকল্পের মূল লক্ষ্য হলো বাংলাদেশকে IT এবং ITES আউটসোর্সিং এর জন্য বিশেষ উপযুক্ত স্থান হিসেবে বহির্বিশ্বে পরিচিতির মাধ্যমে বাংলাদশের ইমেজ বৃদ্ধি করা এবং এ খাতের সাথে সংশ্লিষ্ট বাণিজ্য সহায়তাকারী প্রতিষ্ঠান অর্থ্যাৎ Trade Supporting Organization গুলোর দক্ষতা বৃদ্ধি করা। এর ফলে এ খাতে কার্যকরী সেবা প্রদানের মাধ্যমে রপ্তানী বৃদ্ধি পাবে।

ডিসিসিআই বিজনেস ইনস্টিটিউটে কর্তৃক বিবিএ কোর্স চালু

দেশের ব্যবসায়ী সম্প্রদায় বিশেষ করে ক্ষুদ্র ও মাঝারি উদোক্তাদের সুবিধার্থে ডিসিসিআই নিজস্ব ভবনে ডিসিসিআই বিজনেস ইনস্টিটিউট (ডিবিআই) চালু করে। এ বৎসর ডিসিসিআই বিজনেস ইন্সটিটিউটের অন্যতম প্রধান লক্ষ্য হলো ডিবিআই কলেজের মাধ্যমে বিবিএ কোর্সে শিক্ষার্থী ভর্তির কার্যক্রম শুরু করা। এ কলেজ থেকে প্রদেয় সার্টিফিকেট জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত ও অনুমোদনকৃত হবে। বর্তমানে ডিবিআই অত্যন্ত দক্ষতার সাথে তাদের কার্যক্রম পরিচালনা করছে। যদিও দক্ষতা বৃদ্ধি এবং শিক্ষিত মানবসম্পদ তৈরির লক্ষ্যে ডিবিআই কে আরো বেশি মনোযোগী হতে হবে যা কিনা আমাদের দেশের জন্য অত্যন্ত প্রয়োজন। গত জানুয়ারি থেকে ৪-বছর মেয়াদী বিবিএ কোর্স চালু করার বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে অনুমোদন পাওয়া যায় কিন্তু প্রয়োজনীয় অবকাঠামোর অভাবে তা চালু করা যায়নি। তবে আমরা আশাবাদী যে এ বছর থেকে সেটা শুরু করা যাবে।

এত সংক্ষিপ্ত সময়ে ডিসিসিআই'র সকল অর্জন বিস্তারিত ভাবে উপস্থাপন করা সম্ভব নয়, তারপর ও আপনাদের সদয় অবগতির জন্য আমি কিছু অর্জনের সংক্ষিপ্ত সার উপস্থাপন করলাম।

সম্মানিত বন্ধুগণ,

আপনারা অবগত আছেন যে, চেম্বারের এ সীমিত সম্পদের মাধ্যমে প্রয়োজনীয় বিশেষ বিশেষ সকল সেবা প্রদান করা সম্ভব নয়। কিছু কিছু ক্ষেত্রে ডিসিসিআই দাতা সংস্থাগুলো সহায়তায় সম্মানিত সদস্যবৃন্দদের জন্য গুরুত্বপূর্ণ সেবা প্রদান করে থাকে। এ ধরনের প্রকল্পগুলোর মাধ্যমে চেম্বার অত্যন্ত ভালো মানের বিশেষায়িত সেবা প্রদান করছে। নীচে কিছু প্রকল্পের সংক্ষিপ্তসার উপস্থাপন করা হলো যার কিছুটা ডিসিসিআই'র এ বৎসরের অর্জনের মধ্যে ইতোমধ্যে বর্ণিত হয়েছে।

ডিসিসিআইতে চলমান প্রকল্পসমূহ ঃ

1. The Netherlands Trust Fund II (NTF II)

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), বাংলাদেশ এসোসিয়েশন অফ সফটওয়ার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস), ইন্টারন্যাশনাল ট্রেড সেন্টার (আইটিসি) এবং সেন্টার ফর দি প্রমোশন অফ ইমপোর্ট ফ্রম ডেভেলপিং কান্ট্রিজ (সিবিআই), নেদারল্যান্ডস এর সহায়তায় আগামী তিন বছরের (২০১০-২০১৩) মধ্যে এ প্রকল্প বাস্তবায়ন করবে। ইতোমধ্যেই প্রকল্পের কাজ শুরু হয়েছে এবং প্রকল্পটির Country Project Coordinator (CPC) এর কার্যালয় এ চেম্বারে স্থাপন করা হয়েছে।

নেদারল্যান্ডস ট্রাস্ট ফান্ড টু (NTF II) কর্তৃক অর্থায়িত এ প্রকল্পটির কাজ হলো বাংলাদেশের আইটি এবং আইটি এনেবেল সার্ভিসেস সেক্টরের দক্ষতা বৃদ্ধি করা। প্রকল্পের উদ্দেশ্যগুলো হলোঃ

- বাংলাদেশের সাপ্লাইয়ার এবং ইউরোপীয় ইউনিয়নের ক্রেতাদের মধ্যে কার্যকর যোগাযোগ তৈরি;
- চাহিদার সাথে সঙ্গতি রেখে TSI এর দক্ষতা বৃদ্ধি এবং আইটি এবং আইটিইএস খাতের ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের জন্য বিজনেস টু বিজনেস (B 2 B) লিংকেজ স্থাপন;
- সুনির্দিষ্ট বাজারগুলোর জন্য বাংলাদেশের জন্য একটি ভালো ব্রান্ডিং তৈরি করা।

The project, financed by the Netherlands Trust Fund II (NTFII), will work towards creating export competitiveness in the IT and IT-enabled services (ITES) sector in Bangladesh.

The project would be conducive to increase the export potential of SMEs (Small and Medium Enterprise) in Bangladesh and would help increasing competitiveness of other sector contributing as cross-cutting sector which would help in achieving the estimated 10 per cent annual growth rate as has been targeted in Vision 2021.

The joint project aims at improving the image of Bangladesh as a destination for IT and ITES outsourcing and build the capacity of Trade Support Institutions(TSIs) to provide customized and effective services, to increase exports from this promising sector.

DBI Started BBA Course

In order to meet the growing demand of the business community with a special emphasis on Small and Medium Enterprises (SMEs), the Dhaka Chamber of Commerce & Industry (DCCI) established the DCCI Business Institute (DBI) at its own premise.

ঢাকা চেম্বারের ভারপ্রাপ্ত সচিব মিসেস ফেরদৌস আরা বেগম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে এবং সভাপতি, ঊর্ধ্বতন সহ-সভাপতি, সহ-সভাপতি ও পরিচালকমণ্ডলীর সদস্যগণকে আসন গ্রহণের জন্য সবিনয় অনুরোধ জানান। সকলের আসন গ্রহণের পর পবিত্র কালাম-ই-পাক থেকে তেলওয়াত করেন ডিসিসিআই এর ইমাম জনাব মোঃ সাবের আহমেদ।

অতঃপর ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি জনাব আবুল কাসেম খান এর সভাপতিত্বে ৪৯তম বার্ষিক সাধারণ সভার কার্যক্রম শুরু হয়। সভার শুরুতে চেম্বারের ভারপ্রাপ্ত সচিব বার্ষিক সাধারণ সভার নোটিশ পাঠ করে শোনান। এ পর্যায়ে তিনি গত এক বছরে বিভিন্ন বরেণ্য ব্যক্তিবর্গ যারা ইন্তেকাল করেছেন তাঁদের মধ্যে ঢাকা চেম্বারের প্রাক্তন সহ সভাপতি জনাব মোখলেছুর রহমান; ঢাকা চেম্বারের প্রাক্তন পরিচালক জনাব ওমর ফারুক; গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক মন্ত্রী জনাব মীর শওকত আলী, বীর উত্তম; বাণিজ্য মন্ত্রণালয় বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি জনাব লুৎফুল হাই সাচ্চু এবং প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি জনাব দেওয়ান ফরিদ গাজী; ঢাকা চেম্বারের পরিচালক জনাব টি আই এম নুরুল কবীর এর বড় ভাই জনাব টি আই এম নুরুল আবছার; ঢাকা চেম্বারের প্রাক্তন উর্ধ্বতন সহ-সভাপতি এবং শাহজালাল ইসলামী ব্যাংকের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান জনাব সাজ্জাতুজ জুম্মার ছেলে জনাব তানজিম ফাহিম জুম্মা; ঢাকা চেম্বারের প্রাক্তন পরিচালক জনাব নেসার মাকসুদ খান এর ছোট চাচা জনাব রাশেদ মাশরুর খান; এবং ঢাকা চেম্বারের কর্মচারী জনাব সফিকুর রহমান প্রমূখ এর নাম উল্লেখ করেন, সেই সাথে ঢাকার নিমতলীতে ভয়াবহ অগ্নিকাণ্ডে যাঁরা নিহত হয়েছেন তাঁদেরসহ সকল মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়। দোয়ায় নিমতলীতে আহত ব্যক্তিবর্গের প্রতিও সহানুভূতি প্রকাশ করা হয়।

আলোচ্যসূচি-১ঃ গত ১৫ ডিসেম্বর, ২০০৯ তারিখে অনুষ্ঠিত ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর ৪৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;

ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান ডিসিসিআই এর ৪৮তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের লক্ষ্যে সভায় উপস্থাপন করেন। কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা শেষে এ কার্যবিবরণী পঠিত বলে গণ্য করা হয় এবং সর্বসম্মতিক্রমে উক্ত কার্যবিবরণী নিশ্চিতকরণ করা হয়।

আলোচ্যসূচি-২ঃ ২০১০ সালের বার্ষিক প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন;

ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান ২০১০ সালের বার্ষিক প্রতিবেদন সভায় উপস্থাপন করেন এবং বার্ষিক প্রতিবেদনে উল্লেখিত পরিচালকমণ্ডলীর প্রতিবেদন পাঠ করে শোনান। শুরুতে তাঁর বক্তব্যে ঢাকা চেম্বারের প্রাক্তন পরিচালক ও শিল্পপতিসহ দেশের বরেণ্য ব্যক্তিবর্গের মৃত্যুতে গভীর শোক জ্ঞাপন করা হয়। প্রতিবেদনের বিস্তারিত বিবরণে যাওয়ার পূর্বে তিনি চেম্বার কর্মকাণ্ডের সাথে জড়িত ব্যবসায়ী এবং ব্যক্তি বর্গের মধ্যে যাঁরা ইন্তেকাল করেছেন তাঁদেরকে গভীরভাবে স্মরণ করেন।

অতঃপর সভাপতি জনাব আবুল কাসেম খান দেশের অন্যতম ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের প্রধান প্রতিনিধিত্বকারী সংগঠন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর ৪৯তম বার্ষিক সাধারণ সভায় পরিচালনা পর্ষদের পক্ষ থেকে উপস্থিত সকলকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানান।

বার্ষিক প্রতিবেদনে তিনি ২০১০ সালে সম্পাদিত উল্লেখযোগ্য কতিপয় কর্মকাণ্ড এবং অর্জনের সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরেন। এর মধ্যে বাংলাদেশে প্রথম চেম্বার হিসেবে ডিসিসিআই এর ISO 9001:2008 সনদ লাভ, প্রধান অতিথি হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে "Bangladesh 2030: Strategy for Growth" শীর্ষক কনফারেন্স আয়োজন, Confederation of Asia-Pacific Chambers of Commerce & Industry (CACCI) কর্তৃক শ্রেষ্ঠ লোকাল চেম্বার হিসেবে স্বীকৃতি অর্জন, ২০১০ সালে ডিসিসিআই বিজনেস ইনস্টিটিউটকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের তালিকাভুক্ত বিজনেস কলেজ হিসেবে স্বীকৃতি পাওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন, আইসিসি-বাংলাদেশ, ডিসিসিআই এবং এমসিসিআই কর্তৃক যৌথভাবে বাংলাদেশ ইন্টারন্যাশনাল আরবিট্রেশন সেন্টার স্থাপন, ব্যবসায় ব্যয় কমানো এবং বাংলাদেশের অভ্যন্তরে ব্যবসায় হয়রানি রোধের লক্ষ্যে পাবলিক-প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি) এর আওতায় ঢাকা কাস্টমস হাউস অটোমেশন প্রকল্পের বিশেষ অগ্রগতি বিশেষভাবে উল্লেখযোগ্য বলে তুলে ধরেন।

ডিসিসিআই সভাপতি বলেন যে, ISO সনদ লাভের ফলে দেশে ও বিদেশে চেম্বারের ভাবমূর্তি বৃদ্ধি পেয়েছে। তিনি আরও উল্লেখ করেন, ISO সনদ প্রাপ্তির ফলে প্রতিবছরই এ চেম্বার কর্তৃক প্রদেয় সেবার মান মূল্যায়নের জন্য নিরীক্ষা করা হবে। ফলে চেম্বারের সেবার মান উত্তরোত্তর বৃদ্ধি পাবে।

অতঃপর তিনি ঢাকা চেম্বার কর্তৃক আয়োজিত "বাংলাদেশ ২০৩০: স্ট্রাটেজী ফর গ্রোথ" শীর্ষক কনফারেন্স এর সফলতা এবং এর পটভূমি সম্পর্কে আলোকপাত করেন। তিনি বলেন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনকৃত এ কনফারেন্সে ঢাকা চেম্বার কর্তৃক একটি গবেষণা ভিত্তিক স্ট্রাটেজী পেপার উপস্থাপন করা হয়। এ গবেষণা পত্রে দেখা যায় বাংলাদেশের ব্যাষ্টিক অর্থনীতির ম্যাক্রো অর্থনৈতিক ইতিবাচক সূচকসমূহ এবং ভিশন ২০২১ এর বাস্তবায়নের পথ ধরে আগামী ২০৩০ সালে বাংলাদেশকে বিশ্বের ৩০তম দেশের অন্যতম একটি বৃহৎ অর্থনীতির দেশে পরিণত করা সম্ভব। এবং এতে আরো আশা করা হয় যে, ২০৩০ সালের মধ্য বাংলাদেশের জিডিপির পরিমাণ প্রায় এক ট্রিলিয়ন ডলার এবং মাথাপিছু আয় প্রায় ৬০০০ ডলারে উন্নীত করা সম্ভব, তবে এ পর্যায়ে যেতে হলে নতুন নতুন গ্রোথ ড্রাইভারস অন্বেষণ, অবকাঠামো উন্নয়ন, খাদ্য নিরাপত্তা ও কৃষির বাণিজ্যিকিকরণ এবং মানব সম্পদ খাতে বিনিয়োগ বিশেষভাবে প্রয়োজন।

তিনি আরও বলেন, Strategy 2030 প্রণয়ন পর্যায়ে বাংলাদেশের সকল বিশ্ববিদ্যালয়ের অংশ গ্রহণে DCCI Young Visionaries Award 2010 আয়োজন করা হয়। এ Award প্রবর্তন সকল মহলে বিশেষভাবে প্রশংসিত হয়।

প্রসংগত তিনি উল্লেখ করেন, ঢাকা চেম্বারের এ প্রচেষ্টা একটি চলমান প্রক্রিয়া, ভবিষ্যতে যেসমস্ত সভাপতিবৃন্দ চেম্বারের দায়িত্ব গ্রহণ করবেন তারা ক্রমান্বয়ে এ প্রক্রিয়াকে এগিয়ে নিয়ে যাবেন মূল লক্ষ্য অর্জনের দিকে।

এছাড়াও সভাপতি মহোদয় আরও উল্লেখ করেন যে, ঢাকা চেম্বার কর্তৃক ২০১০-২০১১ অর্থবছরের বিভিন্ন গুরুত্বপূর্ণ নীতিমালার উপর সুপারিশ প্রণয়ন করা হয়, এর মধ্য বাজেটে অন্তর্ভুক্তির জন্য সুপারিশমালা, অবকাঠামো উন্নয়ন, পোর্ট শিপিং, অল্টারনেটিভ ডিসপিউট রেজুলেশনসহ বিভিন্ন নীতিমালা সংক্রান্ত সুপারিশমালা সরকারের নিকট প্রেরণ করা হয়েছে। ডিসিসিআই কর্তৃক প্রণীত প্রস্তাবের মধ্যে বিশেষ করে করদাতাদের কর প্রদানে উৎসাহিতকরণের জন্য ট্যাক্স কার্ড প্রদানের বিষয়টি সরকার কর্তৃক গৃহীত হয়েছে বলে তিনি উল্লেখ করেন। তিনি বলেন, চেম্বার কর্তৃক প্রণীত ট্যাক্স কার্ড বিষয়ক কনসেপ্ট পেপারে উল্লেখ করা হয় যে, ট্যাক্স কার্ড করদাতাগণকে নানামূখী সুবিধা প্রদান করবে এবং এর ফলে করপ্রদানে করদাতাদের আগ্রহ বাড়বে ও আয়কর প্রক্রিয়ায় একটি বৈপ্লবিক পরিবর্তন আসবে। তিনি আরও বলেন, এ সুপারিশমালা প্রণয়নের অন্যতম উদ্দেশ্য ছিল সমাজে যারা কর প্রদান করেন তাদের প্রতি সম্মান বৃদ্ধি, করদাতা এবং অকরদাতাদের মধ্যে পার্থক্য তৈরি এবং করদাতাকে সামাজিকভাবে সম্মানিত ব্যক্তি হিসেবে চিহ্নিত করা এবং Tax Card ধারী ব্যক্তিকে সমাজে বিভিন্ন ধরণের সেবা প্রাপ্তিতে সুবিধা প্রদানের সুপারিশ করা। সরকার কর্তৃক ট্যাক্স কার্ডের বিষয়টি অনুমোদন করে স্বল্পপরিসরে তা চালুকরণের জন্য সরকারকে তিনি ধন্যবাদ জানান।

বার্ষিক প্রতিবেদনে সভাপতি মহোদয় উল্লেখ করেন যে, এবছর ডিসিসিআই পরিচালনা পর্ষদ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী, অর্থমন্ত্রী, শিল্পমন্ত্রী, শিক্ষামন্ত্রী, বাণিজ্যমন্ত্রী, জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান এবং বাংলাদেশ ব্যাংকের গভর্ণর এর সাথে সাক্ষাৎ করেছেন এবং দেশে বিরাজমান ব্যবসায় পরিবেশ ও সমস্যা চিহ্নিতকরণ ও তা সমাধানের লক্ষ্যে বিস্তারিত আলোচনা করেছেন। এছাড়াও চেম্বারের বিভিন্ন গুরুত্বপূর্ণ সেমিনারে সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়বৃন্দ আমন্ত্রিত হয়ে চেম্বারে আসেন এবং মূল্যবান বক্তব্য রাখেন।

সভাপতি মহোদয় এ পর্যায়ে ঢাকা চেম্বারের সভাপতি হিসেবে এ গুরুদায়িত্ব পালনে চেম্বার নেতৃবৃন্দের সঠিক দিক্ নির্দেশনা এবং পরামর্শের কথা শ্রদ্ধাভরে স্মরণ করেন এবং এ জন্য আন্তরিকভাবে কৃতজ্ঞতা প্রকাশ করেন। এছাড়া পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দের এবং চেম্বার সচিবালয়ের সর্বাত্নক সহযোগিতার জন্য ধন্যবাদ জানান। তিনি আগামীতে চেম্বারের কার্যক্রমে আরও সম্পৃক্ত থেকে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। তিনি আশা প্রকাশ করেন নব নির্বাচিত পরিচালনা পর্ষদ তাঁদের দক্ষতা ও প্রজ্ঞা দ্বারা চেম্বারকে আরও সামনের দিকে এগিয়ে নিয়ে যাবেন।

বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করার পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব আবুল হোসেন, মেসার্স ফজিলা কর্পোরেশন চেম্বারের ২০১০ সালের বার্ষিক প্রতিবেদন অনুমোদনের প্রস্তাব করেন এবং জনাব আনোয়ার হোসেন মন্ডল, মেসার্স কোয়ালিটি কর্পোরেশন এ প্রস্তাব সমর্থন করেন।

অতঃপর সভায় সর্ব সম্মতিক্রমে ২০১০ সালের বার্ষিক প্রতিবেদন গৃহীত ও অনুমোদিত হয়।

আলোচ্যসূচি-৩ঃ ২০০৯-২০১০ অর্থ বছরের নিরীক্ষা প্রতিবেদন (Audit Report) অনুমোদন;

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ভারপ্রাপ্ত সচিব ২০০৯-২০১০ অর্থ বছরের নিরীক্ষা প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। এ নিরীক্ষা প্রতিবেদনের উপর বিস্তারিত আলোচনার পর চেম্বারের সদস্য জনাব খায়ের এম খান, মেসার্স খায়ের এন্টারপ্রাইজেস ২০০৯-১০ অর্থ বছরের নিরীক্ষা প্রতিবেদনটি অনুমোদনের প্রস্তাব করেন। চেম্বারের সদস্য মিসেস সামসুন নাহার, মেসার্স আব্দুর রহমান এ প্রস্তাব সমর্থন করেন।

অতঃপর সর্ব সম্মতিক্রমে ২০০৯-১০ অর্থবছরের নিরীক্ষা প্রতিবেদন বার্ষিক সাধারণ সভায় অনুমোদন করা হয়।

আলোচ্যসূচি-৪ঃ ২০১১, ২০১২ ও ২০১৩ সালের পরিচালক এবং ২০১১ সালের জন্য সভাপতি, উর্ধ্বতন সহ সভাপতি ও সহ সভাপতি পদে নির্বাচনের ফলাফল ঘোষণা;

সভাপতি মহোদয়ের অনুরোধে নির্বাচন বোর্ডের চেয়ারম্যান জনাব সালাহ্উদ্দিন আব্দুল্লাহ্ ২০১১, ২০১২, ২০১৩ সালের জন্য নির্বাচিত পরিচালকবৃন্দের নাম ঘোষণা করেন। তিনি উল্লেখ করেন, জেনারেল শ্রেণী থেকে ১। জনাব এ এস এম মহিউদ্দিন মোনেম; ২। জনাব ওসমান গণি; ৩। জনাব খায়রুল মজিদ মাহমুদ; ৪। জনাব কে এম এন মন্জুরুল হক এবং এসোসিয়েট শ্রেণী থেকে ১। জনাব আবসার করিম চৌধুরী ও ২। জনাব এম আবু হোরায়রা নির্বাচিত হয়েছেন। নির্বাচন বোর্ডের চেয়ারম্যান আরো জানান যে, টাউন এসোসিয়েশন ও ট্রেড গ্রুপের কোন প্রার্থী না থাকায় পদ দু'টিতে এ বছর নির্বাচন হয়নি।

এ পর্যায়ে নির্বাচন বোর্ডের চেয়ারম্যান ২০১১ সালের জন্য নির্বাচিত সভাপতি, উর্ধ্বতন সহ-সভাপতি ও সহ-সভাপতির নাম ঘোষণা করেন। তিনি উল্লেখ করেন যে, ২০১১ সালের জন্য সভাপতি পদে জনাব আসিফ ইব্রাহীম, উর্ধ্বতন সহ-সভাপতি পদে জনাব টি আই এম নূরুল কবীর এবং সহ-সভাপতি পদে জনাব নাসির হোসেন নির্বাচিত হয়েছেন। উপস্থিত সম্মানিত সদস্যগণ করতালির মাধ্যমে নবনির্বাচিত পর্ষদ সদস্যবৃন্দ এবং সভাপতি, উর্ধ্বতন সহ-সভাপতি ও সহ-সভাপতিকে অভিনন্দন জানান।

নির্বাচন বোর্ডের চেয়ারম্যান বলেন, নির্বাচন বিধিমালা ও নির্বাচন তফসিল অনুযায়ী নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করতে পেরে নিজেকে ধন্য মনে করছি। সুষ্ঠুভাবে এবং হৃদ্যতাপূর্ণ পরিবেশে নির্বাচন কর্মকাণ্ড পরিচালনায় আন্তরিক সহযোগিতার জন্য নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ডের সম্মানিত সদস্যবৃন্দ, পর্ষদের সদস্যবৃন্দ এবং চেম্বারের কর্মকর্তা/কর্মচারীদের একনিষ্ঠ ও নিরলস দায়িত্ব পালনের জন্য তিনি ধন্যবাদ জানান এবং সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। সভাপতি মহোদয় নির্বাচন বোর্ড এবং নির্বাচন আপীল বোর্ডের চেয়ারম্যান এবং সদস্যগণকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে পুষ্পস্তবক দিয়ে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর বিধি মোতাবেক নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ডের বিলুপ্তি ঘোষণা করা হয়।

আলোচ্যসূচি-৫ঃ ২০১০ - ২০১১ অর্থ বছরের জন্য নিরীক্ষক (Auditor) নিয়োগ ও পারিশ্রমিক নির্ধারণ;

এ আলোচ্যসূচীতে ভারপ্রাপ্ত সচিব কর্তৃক ২০১০-২০১১ অর্থ বছরের জন্য নিরীক্ষক নিয়োগ বিষয়ে ২টি আবেদনপত্র পেয়েছেন বলে উল্লেখ করেন। তারা হচ্ছেন যথাক্রমে মেসার্স এ কাসেম এন্ড কোম্পানী এবং মেসার্স এম এম রহমান এন্ড কোম্পানী। ভারপ্রাপ্ত সচিব উল্লেখ করেন মেসার্স এ কাসেম এন্ড কোম্পানী বিগত ২০০৮-২০১০ সময়কালীন ঢাকা চেম্বারের নিরীক্ষক হিসেবে সন্তোষজনকভাবে কাজ করে আসছে। বিগত বছর এ কাসেম এন্ড কোম্পানীর পারিশ্রমিক ছিল ৪০,০০০/- টাকা এবং ১৫% ভ্যাটসহ ৪১,৮০০/- টাকা। বিস্তারিত আলোচনান্তে মেসার্স এ কাসেম এন্ড কোম্পানীকে ৫০,০০০/- টাকা পারিশ্রমিক ধার্য্য করে ২০১০-২০১১ সালের নিরীক্ষক নিয়োগের জন্য প্রস্তাব করেন অ্যাডভোকেট আবদুল আজিজ সরকার, সভায় সর্বসম্মতিক্রমে এ প্রস্তাব গৃহীত হয়।

অতঃপর নির্ধারিত আলোচ্যসূচি আলোচনা শেষে সদ্য প্রাক্তন সভাপতির অনুরোধে নব নির্বাচিত সভাপতি জনাব আসিফ ইব্রাহীম সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। তিনি বিগত ২০১০ সালের চেম্বারের কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন। তিনি বলেন সভাপতি জনাব আবুল কাসেম খানের নেতৃত্বে ২০১০ সালে ঢাকা চেম্বার অনেকগুলো মাইলফলক অর্জন করেছে; তার মধ্যে ২০১০ সালে এশিয়া প্যাসিফিক অঞ্চলে বেস্ট লোকাল চেম্বারের পুরষ্কার পেয়ে একটি প্রগতিশীল চেম্বার হিসেবে পরিচিতি লাভ অন্যতম। তিনি সন্তোষ প্রকাশ করে বলেন, আমরা বাংলাদেশে প্রথম আইএসও সার্টিফাইড চেম্বার হিসেবে স্বীকৃতি লাভ করেছি এবং সরকার আমাদের প্রস্তাবিত ট্যাক্স কার্ড বাস্তবায়িত করেছে। তিনি আরও বলেন আমরা সবাই আমাদের এই চেম্বারের সাফল্যের অংশীদার। আমাদের এবং আমাদের পূর্বসরীগণের ঐকান্তিক প্রচেষ্টা ও সকলের সমন্বিত মেধায় ঢাকা চেম্বার বাংলাদেশের সর্ববৃহৎ চেম্বারে পরিণত হয়েছে। চেম্বারের ৫০ বছর পূর্তি সময়কালে আমাদের ভাবমূর্তি আরো উজ্জ্বল হয়েছে এবং আমরা একটি আন্তর্জাতিক চেম্বার হিসেবে পরিচিতি লাভ করতে সক্ষম হয়েছি বলে তিনি মত প্রকাশ করেন।

তিনি বক্তব্য প্রদানকালে বলেন, আপনারা জেনে খুশি হবেন যে, আজকে এই চেম্বারের মতামতকে সরকারের সর্বোচ্চ পর্যায়ে গুরুত্বসহকারে বিবেচনা করা হয়। নব নির্বাচিত সভাপতি বলেন ডিসিসিআই এর বিভিন্ন পাবলিকেশনস, পলিসি পেপার, কনফারেন্স ও আউটকাম ডকুমেন্টস ইত্যাদি থেকে তথ্য ও মতামত মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তর রেফারেন্স হিসেবে নিচ্ছেন এবং বিভিন্ন ফোরামে বিশেষ করে আন্তর্জাতিক ফোরামগুলোতে ডেভেলপমেন্ট পার্টনারদের সাথে বিভিন্ন মিটিং-এ ডিসিসিআই এর রেফারেন্সগুলো ব্যবহার করা হচ্ছে। ক্রমবর্ধমান এ সাফল্যকে ধরে রাখা এবং ডিসিসিআই এর কার্যক্রম আরো গতিশীল করে সরকারের বিভিন্ন নীতিমালা প্রণয়নে এ চেম্বার যাতে আরও নিরবচ্ছিন্নভাবে সরকারের অঙ্গ হিসেবে কাজ করতে পারে সে ব্যাপারে তিনি গুরুত্বারোপ করেন।

তিনি বলেন, ডিসিসিআই ইতোমধ্যে জাতির কাছে ২০৩০ সালের মধ্য অর্জনযোগ্য কিছু কিছু অর্থনৈতিক নির্দেশিকা প্রদান করেছে। এ লক্ষ্যকে সামনে রেখে বিশদাকারে প্রতিটি সেক্টরের বাৎসরিক টার্গেট ও লক্ষ্য নির্ধারণ করে প্রত্যেক বছরের শেষে দেশের অর্থনৈতিক অগ্রগতি পর্যবেক্ষণের উপর ডিসিসিআই মতামত তুলে ধরার বিষয়ে কাজ করবে বলে তিনি আশা করেন। এ লক্ষ্যে খাত-ভিত্তিক গবেষণা করে সরকারকে সহযোগিতা করার দৃঢ় প্রত্যয়ও তিনি ব্যক্ত করেন। চেম্বারের নিজস্ব মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে সদস্যদের আরো উন্নতমানের সেবা প্রদানে সক্ষম হবেন বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন, অনেক উদ্যোক্তা আছেন যারা তাঁদের তৈরিকৃত পণ্য বাজারজাত করতে কোন সহায়তা পাচ্ছেন না। এমনকি একটি ব্যাংকে একাউন্ট খুলতেও তাদের সহযোগিতার প্রয়োজন হয়। বাংলাদেশের সর্ববৃহৎ চেম্বার হিসেবে ডিসিসিআই যাতে উদ্যোক্তাদের সব ধরনের সহায়ক সেবা প্রদান করতে পারে সে দিকে দৃষ্টি রাখবেন বলে নবনির্বাচিত সভাপতি আশ্বাস প্রদান করেন।

নব নির্বাচিত সভাপতি ঢাকা চেম্বারের নিজস্ব ভবনটিকে একটি বহুতল বিশিষ্ট আধুনিক পরিবেশ-বান্ধব ভবন হিসেবে তৈরি করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। এ লক্ষ্যে একটি প্রকল্প গড়ে তোলার আহবান জানান। তিনি বলেন ব্যবসায়ী হিসেবে আমাদের কিছু সামাজিক দায়বদ্ধতা আছে। ঢাকা চেম্বারের আওতায় ডিসিসিআই ফাউন্ডেশন নামে একটি সংগঠন করা হয়েছে। এ ফাউন্ডেশন থেকে সদস্যদের সেবা প্রদানের আওতা বৃদ্ধির পরিকল্পনা হাতে নেয়া হয়েছে। ডিসিসিআই ফাউন্ডেশন অনেক ভাল কাজ করছে। এর মধ্যে স্কিল ডেভেলপমেন্টের আওতায় একটি নার্সিং স্কুল প্রতিষ্ঠার পরিকল্পনা রয়েছে। তিনি ডিসিসিআই ফাউন্ডেশনের প্রোগ্রামগুলোকে সম্পূর্ণভাবে সহায়তা দেয়ার আশ্বাস প্রদান করেন। ব্যবসা-বাণিজ্য সংক্রান্ত যেকোন সমস্যা সমাধানের লক্ষ্যে সভাপতি হিসেবে তাঁর সাথে আলোচনা এবং ডিসিসিআই এর পরিচালনা পর্ষদের মাধ্যমে যোগাযোগের জন্য তিনি অনুরোধ করেন।

পরিশেষে চেম্বারের সার্বিক উন্নতি কামনা করে ইংরেজী নববর্ষের শুভেচ্ছা জানিয়ে সকলকে আপ্যায়নে আমন্ত্রণের মাধ্যমে বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করেন।

ফেরদৌস আরা বেগম
ভারপ্রাপ্ত সচিব

আবুল কাসেম খান
সভাপতি, ডিসিসিআই

ঢাকা চেম্বারের সেবা প্রদানের অগ্রদূত হিসেবে স্মরণীয় ও বরণীয় ব্যক্তিদের সংক্ষিপ্ত জীবনী

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র পর্ষদ-এর সিদ্ধান্ত অনুযায়ী ৪৯তম বার্ষিক সাধারণ সভার বার্ষিক প্রতিবেদনে ঢাকা চেম্বারের সেবা প্রদানের অগ্রদূত হিসেবে যাদের নাম স্মরণীয় এবং বরণীয় তাদের সম্মানার্থে সংক্ষিপ্ত জীবনী উপস্থাপন করা হলো। এতে যদি কোনো তথ্য বা উপাত্ত বাদ পড়ে থাকে তা আগামী বার্ষিক প্রতিবেদনে সংশোধিত আকারে ধারবাহিকভাবে প্রকাশ করা হবে।

মরহুম আলহাজ্ব হাফেজ মনির হোসেন

আলহাজ্ব হাফেজ মনির হোসেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র একজন প্রতিষ্ঠাতা সদস্য। তিনি চেম্বারের প্রতিষ্ঠালগ্ন থেকে মৃত্যুর মুহূর্ত পর্যন্ত চেম্বারের নানাবিধ কর্মকাণ্ডের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত থেকে দেশের শিল্পবাণিজ্য ও অর্থনৈতিক উন্নয়নে সক্রিয় ভূমিকা পালন করছেন। তিনি ছিলেন ধর্মপরায়ণ, দেশদরদী, সমাজসেবক ও গরীবের বন্ধু। তিনি বিভিন্ন সময়ে চেম্বারের পরিচালক পদে অধিষ্ঠিত থেকে দেশের ব্যবসা-বাণিজ্য শিল্পের উন্নয়নে আজীবন কাজ করেছেন। তিনি বাংলাদেশের প্রথম উদ্যোক্তা, যিনি চীনের সঙ্গে যৌথ উদ্যোগে শিল্প স্থাপন করেন। ১৩ এপ্রিল, ১৯৯১ সালে ৭৮ বৎসর বয়সে বার্ধক্যজনিত কারণে তিনি ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে... রাজিউন)।

মরহুম আলহাজ্ব নাজির হোসেন

আলহাজ্ব নাজির হোসেন পুরাতন ঢাকার লালবাগে ১৯৩০ সালে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি বিভিন্ন সমাজসেবামূলক কাজে ওতপ্রোতভাবে সম্পৃক্ত ছিলেন। লালবাগ বস্ত্রবিতান, লালবাগ ক্ষুদ্র ও কুটির শিল্প ইত্যাদি ব্যবসা প্রতিষ্ঠানের প্রতিনিধি হিসেবে তিনি ১৯৭৩ সাল থেকে ঢাকা চেম্বারের বিভিন্ন কর্মকাণ্ডে জড়িত থেকে দেশের শিল্প-বাণিজ্য ও অর্থনৈতিক উন্নয়নে বিশেষ ভূমিকা রেখেছেন। তিনি ১৯৯১-৯২ এবং ১৯৯৬ সালে ঢাকা চেম্বারের পরিচালক ছিলেন। মূলতঃ জনাব নাজির হোসেন ছিলেন একজন নিবেদিতপ্রাণ সমাজসেবক। তিনি আজাদ মুসলিম ওয়েলফেয়ার কমপ্লেক্স-এর প্রতিষ্ঠাতা সভাপতি, বাংলাদেশ রেডক্রস-এর আজীবন সদস্য, ফিরোজা বারী পঙ্গু শিশু হাসপাতালের চেয়ারম্যানসহ বাংলাদেশ শিশু ওয়েলফেয়ার পরিষদ, সরকারী শিশু সদন ইত্যাদি সমাজকল্যাণ প্রতিষ্ঠানে একনিষ্ঠভাবে নিবেদিত প্রাণ হিসেবে কাজ করেছেন। তিনি শুধু সমাজ সেবাই নয়, একজন সু-সাহিত্যিক হিসেবেও সুপরিচিত ছিলেন। তাঁর বইগুলোর মধ্যে কিংবদন্তির ঢাকা, দেশ দেশান্তর, সমবায় সংগ্রাম সাধনা ইত্যাদি উল্লেখযোগ্য।

মরহুম ফজলুল করিম চৌধুরী



জনাব ফজলুল করিম চৌধুরী ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য। তিনি পুরাতন ঢাকার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি ছিলেন একজন বিশিষ্ট ব্যবসায়ী ও শিল্পপতি। বিভিন্ন সময় তিনি ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। মরহুম এফ কে চৌধুরী দেশের ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ ও শিল্পোন্নয়নের বিশেষ অবদান রেখেছেন। ঢাকা চেম্বারের অগ্রযাত্রায় এবং সার্বিক কর্মকাণ্ডে মরহুমের বলিষ্ঠ নেতৃত্ব ও কর্ম প্রচেষ্টা ব্যবসায়ী ও শিল্পপতিবৃন্দ শ্রদ্ধাভরে স্বরণ করবে। জনাব ফজলুল করিম চৌধুরী ২১ মে, ১৯৯৮ তারিখে হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে... রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৮ বৎসর।

মরহুম নুরউদ্দিন আহমেদ

জনাব নুরউদ্দিন আহমেদ ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি এবং ঢাকা ক্লাবের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন। দেশের শীর্ষ স্থানীয় বেসরকারী সংগঠনসমূহের প্রধান হিসেবে দায়িত্ব পালনকালে তিনি দেশের ব্যবসা-বাণিজ্য ও শিল্পের উন্নয়নে এক অবিস্মরণীয় অবদান রেখেছেন। তিনি আন্তর্জাতিক পরিমণ্ডলে দেশের ভাবমূর্তি উজ্জল ও ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণসহ দ্বি-পাক্ষিক বাণিজ্য সম্প্রসারণে এক বিশাল অবদান রেখে গেছেন। মরহুম নুরউদ্দিন আহমেদ ছিলেন একাধারে একজন বিশিষ্ট সংবাদিক, চিন্তাবিদ, ব্যবসায়ী ও সমাজসেবক। ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি তিনি সামাজিক, সাংস্কৃতিক কর্মকাণ্ড, শিক্ষাবিস্তারে অবদানসহ দুস্থ মানবতার সেবায় নিয়োজিত ছিলেন। ঢাকা চেম্বারের ব্যাপ্তি, বহুমুখী কার্যক্রম, ব্যবসায়ী সম্প্রদায়ের মধ্যে সেবা প্রদানের নতুন নতুন দিগন্ত উন্মোচন এবং সর্বোপরি চেম্বারের ভাবমূর্তি

বৃদ্ধি ও সংরক্ষণে মৃত্যুর পূর্ব মুহূর্ত পর্যন্ত নুরউদ্দিন আহমেদ অক্লান্ত পরিশ্রম করে গেছেন। বর্তমান সময়ের বিশ্বায়নের নিত্য নব-প্রযুক্তি উদ্ভাবনের নতুন প্রজন্মের মেধা, ধীশক্তি ও প্রজ্ঞার প্রয়োজন তিনি অনুধাবন করেছিলেন এবং ঢাকা চেম্বারের নেতৃত্বে বিভিন্ন শ্রোতধারা থেকে প্রতিশ্রুতিশীল এবং সম্ভাবনাময় নতুন নেতৃশ্রেণী তৈরি করে তিনি স্মরণীয় হয়ে আছেন। মরহুম নুরউদ্দিন আহমেদ ঢাকা চেম্বারের মাসিক প্রকাশনা ডিসিসিআই রিভিউ-এর এডভাইজারী বোর্ডের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান। মৃত্যুর পূর্ব মুহূর্তে পর্যন্ত তিনি এ দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করেন। মরহুমের বলিষ্ঠ নেতৃত্ব ও কর্মপ্রচেষ্টা সকলেই শ্রদ্ধাভরে স্মরণ করবে। নুরউদ্দিন আহমেদ ২৩ মে, ২০০০ সালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে...রাজিউন) মৃত্যকালে তার বয়স হয়েছিল ৭০ বছর।

মরহুম আবু নাসের আহম্মদ

জনাব আবু নাসের আহম্মদ ঢাকা চেম্বারের প্রতিষ্ঠাতা সদস্যগণের অন্যতম। তিনি ঢাকা শহরের এক আদি ও প্রসিদ্ধ মুসলিম (সরদার) পরিবারে জন্মগ্রহণ করেন। বাল্যকাল থেকেই তিনি উন্নয়নমূলক কার্যকলাপ ও পরবর্তীকালে শিল্প- বাণিজ্যে বিশেষভাবে জড়িত হয়ে পড়েন। তিনি ১৯৬০-৬১ কার্যকালে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি নির্বাচিত হন এবং ঢাকা চেম্বারের নেতৃমণ্ডলীর অনুরোধে দেশের ব্যবসা- বাণিজ্যে বিশেষ অবদান রাখার জন্য আশির দশকেও আবারো ঢাকা চেম্বারের পরিচালকের দায়িত্ব পালন করেন। তিনি মেসার্স ক্রীন ফিল্ম ডিস্ট্রিবিউটর লিঃ এর চেয়ারম্যান ছিলেন এবং চলচ্চিত্র প্রযোজনা পরিবেশনা ও প্রদর্শক হিসেবে বিশেষ খ্যাতি লাভ করেন। মরহুম আবু নাসের আহম্মদ ব্যক্তিগত জীবনে ধর্মপরায়ণ ছিলেন। তিনি বহুবিধ জনহিতকর সামাজিক, সাংস্কৃতিক, ধমীয় ও শিক্ষামূলক প্রতিষ্ঠানের সঙ্গে বিশেষভাবে জড়িত ছিলেন। মৃত্যুর পূর্ব মুহূর্ত পর্যন্ত তিনি চেম্বারের নানাবিধ কর্মকাণ্ডের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত থেকে দেশের শিল্প ও বাণিজ্যক উন্নয়নে সক্রিয় ভূমিকা পালন করেন। জনাব আবু নাসের আহম্মদ ১৫ জুন, ১৯৮৬ সালে সোহরাওয়ার্দী হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লহে... রজিউন)। মৃত্যকালে তার বয়স হয়েছিল ৬৯ বৎসর।

মরহুম এম ইউনুস, এফসিএ

জনাব এম, ইউনুস, এফসিএ ১৯৩৮ সালের ১৪ মে, কুমিল্লা জেলার মুরাদনগর থানার পাহাড়পুর গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি ১৯৮৪ ও ১৯৯৩ সালে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি এর সভাপতির দায়িত্ব পালন করেন। এছাড়াও তিনি এফবিসিসিআই এর পরিচালকের দায়িত্ব পালনসহ এর বিভিন্ন কর্মকাণ্ডে সক্রিয়ভাবে জড়িত ছিলেন। তিনি দেশের একজন বিশিষ্ট চার্টার্ড একউন্ট্যান্ট এবং ইউনুস এন্ড কোম্পানীর ফাউন্ডার পার্টনার। তিনি দি ইন্সটিউট চার্টার্ড একাউন্ট্যান্ট অব বাংলাদেশ (আই সি এ বি) এবং দি সাউথ এশিয়ান ফেডারেশন অব একউন্ট্যান্টস (সাফা) এর সভাপতির দায়িত্ব পালন করেন। তিনি বিভিন্ন সংগঠনের প্রধান হিসাবে দায়িত্ব পালনকালে দেশের ব্যবসা- বাণিজ্য ও শিল্পের উন্নয়নের অনবদ্য অবদান রাখেন।

মরহুম এম ইউনুস, এফসিএ ছিলেন একজন চিন্তাবিদ, ব্যবসায়ী ও সমাজ সেবক। ব্যবসা- বাণিজ্যের পাশাপাশি সামাজিক- সাংস্কৃতিক কর্মকাণ্ড ও শিক্ষা বিস্তারে বিভিন্ন অবদানসহ দুস্থ মানবতার সেবায় তিনি সর্বদা নিয়োজিত ছিলেন। ঢাকা চেম্বারের বর্তমান ব্যাপ্তি, বহুমুখী কার্যক্রম ও ব্যবসায়ী সম্প্রদায়ের মধ্যে সেবা প্রদানের নতুন নতুন দিগন্ত উন্মোচন এবং সর্বোপরি চেম্বারের ভাবমূর্তি বৃদ্ধি ও সংরক্ষণে মরহুম এম ইউনুস, এফসিএ আন্তরিকভাবে সচেষ্ট ছিলেন। সর্বজন শ্রদ্ধেয় এম ইউনুস এফসিএ ৩০ ডিসেম্বর, ২০০৮ সালে ইন্তেকাল করেন। (ইন্নালিল্লাহি... রাজিউন)। আমরা তার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করি।

মরহুম ইয়াহিয়া আহমেদ বাওয়ানী

জনাব ইয়াহিয়া আহমেদ বাওয়ানী ১৯২৫ সালের ১৬ জুলাই বর্তমান মিয়ানমারের (পূর্বতন বার্মা) রেঙ্গুনে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। মরহুম ইয়াহিয়া আহমেদ বাওয়ানী ১৯৬১-৬২ সাল মেয়াদে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতির দায়িত্ব পালন করেন। তিনি বিভিন্ন সংগঠনের প্রধান হিসেবে দায়িত্ব পালনকালে দেশের ব্যবসা-বাণিজ্য ও শিল্পের উন্নয়নে অনবদ্য অবদান রেখেছেন। একজন সফল ব্যবসায়ী হওয়া সত্ত্বেও তিনি ব্যবসা বাণিজ্যের পাশাপাশি সামাজিক ও শিক্ষা বিস্তারে অবদান রেখেছেন। তিনি আল বাওয়ানী ফাউন্ডেশন, ঢাকা রিফিউজি রিহ্যাবিলিটেশন অ্যান্ড ফিন্যান্স কর্পোরেশন এবং লালবাগ মাদ্রাসা এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান। মরহুম ওয়াই এ বাওয়ানী লতিফ বাওয়ানী জুট মিল, আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিলসহ অনেক ব্যবসা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা। তিনি বায়তুল মোকাররম মসজিদের প্রতিষ্ঠাতা সংগঠক। আহমেদ বাওয়ানী একাডেমী এবং ঢাকায় বাওয়ানী উচ্চ বিদ্যালয় তিনি স্থাপন করেন। মরহুমের এই অবদান ঢাকা চেম্বারের সকল সদস্যবৃন্দ শ্রদ্ধাভরে স্মরণ করবে। মরহুম ইয়াহিয়া আহমেদ বাওয়ানী ১২ জানুয়ারি, ২০০৯ সালে পাকিস্তানের করাচিতে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি... রজিউন) মৃত্যকালে তার বয়স হয়েছিল ৮৪ বছর। আমরা তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করি।

মরহুম আলহাজ্ব মুখলেছুর রহমান

জনাব মুখলেছুর রহমান ১৯২৪ সালের ১৮ এপ্রিল নরসিংদির এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মৌলভী আশরাফ আলী ১৯১৯ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের একজন স্নাতক এবং পরবর্তীতে তৎকালীন সরকারের শিক্ষা বিভাগের উচ্চ পদে আশীন ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালে ১৯৫২ সালে তিনি ভাষা আন্দোলনে সক্রিয় ভূমিকা পালন করেন। বাগেরহাট কলেজে অধ্যাপনা দিয়ে তাঁর কর্মজীবন শুরু হয়। অতঃপর দীর্ঘদিন চট্টগ্রাম চেম্বারে সেক্রেটারী হিসেবে কর্মরত থেকে চেম্বারের প্রভূত উন্নয়ন সাধনে ভূমিকা রাখেন। ১৯৬৭-৬৮ সালে ব্যবসার জগতে প্রবেশ করেন। তিনি দেশের ব্যবসা বাণিজ্য খাতের উন্নয়নের জন্য ব্যাপক ভূমিকা রাখতে শুরু করেন।

জনাব মুখলেছুর রহমান ১৯৭০ হতে ১৯৭৪ পর্যন্ত ঢাকা চেম্বারের সহ-সভাপতি এবং ভারপ্রাপ্ত সভাপতি হিসাবে দায়িত্ব পালন করেন। তিনি ঢাকা চেম্বারের অন্যতম কনসালটেন্ট বা পরমর্শক হিসেবে পরিচিত ছিলেন। চেম্বারের দিক-নির্দেশনামূলক কর্মকাণ্ডে ও সুযোগ্য নেতৃত্ব তৈরিতে বলিষ্ঠ ভূমিকার জন্য তিনি Leader হিসেবে বিবেচিত হতেন। ঢাকা চেম্বারের প্রথম প্রকল্প 'সার্ভিস ডেভেলপমেন্ট প্রোগ্রাম' তিনিই চালূ করেন, যা গবেষণা ও প্রকাশনার ক্ষেত্রে দিক নির্দেশনা দিয়েছে। জনাব মুখলেছুর রহমান ছিলেন একজন সৎ, নির্ভিক ও বিশিষ্ট সংগঠক। পাশাপাশি তিনি ছিলেন একজন সু-সাহিত্যিক, সমাজসেবী ও জ্ঞানপিপাসু দার্শনিক। তিনি একাধিক সামাজিক ও মানব কল্যাণমূলক সংগঠনের সফল প্রতিষ্ঠাতা। শ্রদ্ধেয় জনাব মুখলেছুর রহমান গত ১৬ এপ্রিল, ২০১০ সালে ৮৬ বৎসর বয়সে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি...রাজিউন)। আমরা তার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করি।

মরহুম ওমর ফারুক

জনাব ওমর ফারুক ১৯৩৯ সালে ২রা ফেব্রুয়ারি যশোর জেলায় একটি সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি যশোর জেলা স্কুল হতে ম্যাট্রিকুলেশন ও মাইকেল মধুসূদন দত্ত (এম. এম) কলেজ, যশোর হতে ইন্টারমিডিয়েট ডিগ্রী লাভের পর ঢাকা কলেজ হতে স্নাতক এবং ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ইতিহাসে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। এরপর তিনি লন্ডন বিশ্ববিদ্যালয়ের অধীনে লন্ডল স্কুল অফ ইকনোমিক ও গোল্ডস্মিথ কলেজে ব্যবসা শিক্ষায় উচ্চতর ডিগ্রী লাভ করেন। লেখাপড়া শেষ করে ১৯৬৭ সালে তিনি দেশে ফেরত আসেন এবং পারিবারিক ব্যবসায় জড়িত হন। টেক্সটাইল খাতে তৎকালীন পূর্ব পাকিস্তানে বাঙ্গালী বংশভূত মালিকদের মধ্যে তিনি ছিলেন পথিকৃত। তার প্রতিষ্ঠিত যশোরস্থ রাজ টেক্সটাইলস লিঃ এদেশের অন্যতম ও প্রথম স্পিনিং মিল। কার্পিহোপ হার্ড সেন্টার যা বাংলাদেশের বেসরকারী খাতে প্রথম হার্ট হাসপাতাল। জনতা মেশিন টুলস ও কোকো ফাইবার কয়ের মিলস তাদের অন্যতম।

মরহুম ওমর ফারুক বিভিন্ন ব্যবসায়িক ও সামাজিক প্রতিষ্ঠানের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত ছিলেন। তিনি দীর্ঘদিন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, বাংলাদেশ টেক্সটাইলস মিলস এসোসিয়েশেন, বাংলাদেশ এগ্রিকালচারার মেশিনারী ম্যানুফেকচারার এসোসিয়েশন, ধানমন্ডি নোটারী ক্লাব, এ্যাপেক্স ক্লাব ও এ্যাপেক্স ফাউন্ডেশনসহ আরও অনেক প্রতিষ্ঠানের সভাপতি ও বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নির্বাচিত হন। তিনি ঢাকা ক্লাবের আজীবন সদস্য ছিলেন। ১৯৮০ সালে বস্ত্রখাতে বিশেষ অবদানের জন্য তিনি প্রেসিডেন্ট স্বর্ণপদক লাভ করেন। তিনি ২০০৯ সালের ১৬ ডিসেম্বর তারিখ ৭০ বছর বয়সে শেষ নিশ্বাস ত্যাগ করেন (ইন্নালিল্লাহি...রাজিউন)।

মরহুম মোহাম্মদ সাখী মিঞা

জনাব মোহাম্মদ সাখী মিঞা পুরান ঢাকার প্রবীন ব্যক্তিত্ব, সাহিত্যিক, বিশিষ্ঠ ব্যাবসায়ী ও সমাজসেবক। জনাব মোহাম্মদ সাখী মিঞা ১৯২১ সাল ঢাকার এক সম্ভান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ইস্ট বেঙ্গল ইনস্টিটিউশন থেকে কৃতিত্বের সাথে এনট্রান্স এবং ঢাকা কলেজ থেকে আইএ পাশ করেন ও পরবর্তীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হন। তিনি পাকিস্তান আমলে পররাষ্ট্র মন্ত্রণালয়ের চাকুরীর মাধ্যমে ক্যারিয়ার শুরু করেন। অতঃপর চাকুরী ছেড়ে তিনি লুব্রিকেন্টিং-এর ব্যবসায় নিয়োজিত হন। তিনি লুব্রিকেন্ট ব্যবসায় বাঙালীদের মধ্যে অগ্রগণ্য এবং তাঁর প্রতিষ্ঠান নিশাত ট্রেডিং এ ব্যবসায় এখনও জড়িত। তিনি ছিলেন বিনয়ী, দানশীল, ধর্মপ্রাণ ও মানবদরদী। তিনি ঢাকা মিউনিসিপ্যাল কমিটির (বর্তমান ঢাকা সিটি করপোরেশন) কমিশনার এবং পরবর্তীতে চেয়ারম্যানের দায়িত্বও পালন করেন। তিনি ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির প্রতিষ্ঠালগ্ন থেকেই এর সাথে জড়িত ছিলেন। তিনি বাংলাদেশ পাবলিকেশনস লিমিটেডের অন্যতম পরিচালক ছিলেন। তিনি ঢাকার ইতিহাস ও ইসলামী মূল্যবোধের উপর বেশ কয়েকটি অনুবাদও প্রকাশ করেছেন। এছাড়াও তিনি বিভিন্ন পত্রিকায় ঐতিহাসিক ও সমসাময়িক বিষয়ে লেখালেখি করতেন। তিনি তৎকালীন ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণে গুরুত্বপূর্ণ অবদান রেখে গেছেন। তিনি বাংলাদেশে ইসলামী ব্যাংকিং ধারার প্রবর্তনের প্রথম সারির একজন দিক্‌নির্দেশক। তিনি বর্তমান ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ এর প্রতিষ্ঠালগ্ন থেকে জড়িত ছিলেন। সর্বজনশ্রদ্ধেয় এই ব্যক্তিত্ব ৮৭ বছর বয়সে ২০০৮ সালের ১লা জুলাই ঢাকার বারডেম হাসপাতালে ইন্তেকাল করেন।

আলহাজ্ব আনোয়ার হোসেন

আলহাজ্ব আনোয়ার হোসেন ১৯৭৬-৭৮, মেয়াদকালে প্রথমবারের মতো ঢাকা চেম্বারের পরিচালক হিসেবে নির্বাচিত হন। পরবর্তীতে তিনি ১৯৮২-৮৩, ১৯৮৫ এবং ১৯৮৯-৯০ মেয়াদকালে ঢাকা চেম্বারের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ এর চেয়ারম্যান। তিনি গ্রুপের বিভিন্ন কোম্পানীর চেয়ারম্যান ছাড়াও ম্যানেজিং ডাইরেক্টর, দি সিটি ব্যাংক লিমিটেড এর প্রাক্তন চেয়ারম্যান, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজের পরিচালক এবং প্রাক্তন ডিআইটির ট্রাস্টি ছিলেন।

একজন সফল উদ্যোক্তা আলহাজ্ব আনোয়ার হোসেন, তার প্রচণ্ড ধী-শক্তি, মেধা, সুদূর প্রসারী ভবিষ্যত দৃষ্টির ক্ষমতাবলে বাংলাদেশের শিল্পায়নে খাতওয়ারী অসামঞ্জস্যতা দূর করার জন্য এবং দেশকে স্বয়ং সম্পূর্ণ করার জন্য নিজে উদ্যোগী হয়ে বিভিন্ন ক্ষেত্র যেমন ঃ গৃহায়ন, শিক্ষা, বয়ন, নির্মাণ এবং প্রযুক্তি (আইটি) খাতে বিনিয়োগ করেছেন এবং আগামী প্রজন্মের জন্য দিক দিশারীর ভূমিকা পালন করেছেন।

তিনি বহু সমাজকল্যাণ কাজের অগ্রদূত এবং প্রতিষ্ঠাতা হিসেবে বিবেচিত: যেমন ঃ উদয়ন বিদ্যালয়, জামিলা খাতুন বালিকা বিদ্যালয়, রহিমবক্স মেমোরিয়াল আই ক্লিনিকস, জামিলা খাতুন রেড ক্রিসেন্ট প্রসুতি এবং শিশু সেবা কেন্দ্র, আনোয়ার হোসেন ফ্রি মেডিক্যাল সেন্টার, আলহাজ্ব আনোয়ার হোসেনস শহিদ নগর ফ্রি প্রাইমারী বিদ্যালয় প্রভৃতি।

তিনি ঢাকা চেম্বারের বহুমুখী কার্যক্রমের অন্যতম উপদেষ্টা এবং ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগের ক্ষেত্রে নেতৃস্থানীয় আন্দোলনের অন্যতম অগ্রদূত। তিনি সামাজিক ও রাজনীতির ক্ষেত্রে সমভাবে অগ্রগন্য। সময়ের প্রয়োজনে এবং এলাকার উন্নয়নকল্পে তিনি নব্বই-এর দশকে জাতীয় সংসদের সদস্য হিসেবে অমূল্য অবদান রাখেন এবং ঢাকাবাসীর প্রভূত উন্নয়ন সাধন করেন। এছাড়াও আলহাজ্ব আনোয়ার হোসেন লালবাগ ক্রিকেট ক্লাব, আজাদ মুসলিম ওয়েলফেয়ার কমপ্লেক্স-এর আজীবন সদস্য।

জনাব এম এ সাত্তার

জনাব এম এ সাত্তার ১৯৮২-৮৪ সালে ঢাকা চেম্বারের সম্মানিত প্রেসিডেন্ট পদ অলংকৃত করেন। তিনি এফবিসিসিআই-এর প্রেসিডেন্ট হিসেবেও দায়িত্ব পালন করেন। ব্যবসায়ী মহলের যে কোনো জটিল মুহূর্তে অত্যন্ত ঠাণ্ডা মাথায় সিদ্ধান্ত নিতে তার জুড়ি নেই। আর নেই বলেই ব্যবসায়ী মহলে যেকোন কঠিন বাস্তবতায় সঠিক পথ-প্রদর্শক হিসেবে আজও দিক-নিদের্শনা দিয়ে যাচ্ছেন। আর্থ-সামাজিক ও রাজনৈতিক কর্মকাণ্ডেও তিনি দক্ষতার পরিচয় দেন। ঐতিহাসিক ঢাকা ক্লাবের সভাপতি হিসেবে তিনি দক্ষতার পরিচয় দেন এবং নব্বই-এর দশকে বাংলাদেশ সরকারের বাণিজ্যমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন।

জনাব মাহবুবুর রহমান

জনাব মাহবুবুর রহমান ১০ জুলাই, ১৯৪২ সালে কুমিল্লার প্রসিদ্ধ চৌদ্দগ্রাম থানার অর্ন্তগত জগন্নাথদিঘী ইউনিয়নে জন্ম গ্রহণ করেন। কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পড়াশুনা শেষ করে ৬০-এর দশকে একজন সফল ব্যাংকার হিসেবে পরিচিতি লাভ করেন। অতঃপর ১৯৭৪-৭৯ সালে প্রতিষ্ঠিত ব্যবসায়ী হিসেবে শ্রীলন্কার কান্ট্রি প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করেন। একজন সফল ব্যবসায়ী হিসেবে তিনি মেসার্স ইস্টার্ন ট্রেডিং (বাংলাদেশ) লিঃসহ বহু ব্যবসা প্রতিষ্ঠান স্থাপন করেন।

তিনি বর্তমানে ইটিবিএল হোল্ডিং এর চেয়ারম্যান, যার অনেকগুলো অঙ্গ প্রতিষ্ঠান রয়েছে। ১৯৮০ জুনিয়র চেম্বার ইন্টারন্যাশনাল এ ন্যাশনাল প্রেসিডেন্ট অব বাংলাদেশ নির্বাচিত হন। ১৯৮৫-৮৬ সালে ঢাকা চেম্বারের প্রেসিডেন্ট;১৯৯২-১৯৯৪ সালে এফবিসিসিআই-এর প্রেসিডেন্ট; এবং ১৯৯৪ সাল থেকে বর্তমান সময় অবধি আইসিসি বাংলাদেশের প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করে যাচ্ছেন। ১৯৯৩-৯৫ ইসলামিক চেম্বার অব কমার্স-এর ভাইস প্রেসিডেন্ট; ১৯৮৭-১৯৮৮ সালে লায়ন্স ক্লাব অব ঢাকা-এর প্রেসিডেন্ট, এবং এ ছাড়া তিনি বিভিন্ন ব্যাংক, আর্থিক ও শিল্প প্রতিষ্ঠানের পরিচালক হিসেবে কাজ করে যাচ্ছেন।

জনাব মাহবুবুর রহমান আঞ্চলিক, আন্তর্জাতিক এবং বিশ্বায়ন সম্পর্কিত বহু প্রতিষ্ঠানে সক্রিয়ভাবে সুনাম ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করে যাচ্ছেন। তিনি তার অভিজ্ঞতার আলোকে ব্যবসায়ীদের বর্তমানে প্রয়োজন; ব্যবসা-বাণিজ্যের বাধা বিপত্তি এবং সর্বোপরি অন্তরায় দূর করার জন্য একনিষ্ঠভাবে সরকারী ও ব্যবসায়ী মহলে এবং আন্তর্জাতিক পরিমণ্ডলে দিক-নির্দেশনা দিয়ে যাচ্ছেন। সময় উপযোগী একটি ট্রেড অর্গানাইজেশন রুলস্ প্রণয়নে তিনি সরকারকে সক্রিয় সাহায্য করে ব্যবসায়ী ও সরকারী মহলে অভিনন্দিত হয়েছেন।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর উল্লেখযোগ্য ঘটনাপঞ্জী ২০১০-১১

৭ ডিসেম্বর ২০১০	ঃ	ডিসিসিআই আয়োজিত Bangaldesh 2030: Strategy for Growth কনফারেন্সে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কনফারেন্সে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। রাজধানীর সোনারগাঁও হোটেলে অনুষ্ঠিত কনফারেন্সে মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, শিল্পমন্ত্রী জনাব দিলীপ বড়ুয়া, বাণিজ্যমন্ত্রী জনাব মুহাম্মদ ফারুক খান এবং বাংলাদেশ ব্যাংকের গর্ভনর ডঃ আতিউর রহমান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।
১৩ ডিসেম্বর ২০১০	ঃ	ডিসিসিআই আয়োজিত Bangaldesh 2030: Strategy for Growth কনফারেন্স উত্তর সংবাদ সম্মেলন অনুষ্ঠিত।
২৩ ডিসেম্বর ২০১০	ঃ	ডিসিসিআই'র ৪৯ তম সাধারণ সভা অনুষ্ঠিত।
২৬ ডিসেম্বর ২০১০	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের সাথে মরিশাসের কনসুল জেনারেল জনাব আব্দুল রেজ্জাক মোহাম্মদ সাক্ষাৎ করেন।
১ জানুয়ারি ২০১১	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা ২০১১-এর উদ্বোধনী অনুষ্ঠানে যোগদান করেন।
	ঃ	ডিসিসিআই রিভিউ অ্যাডভাইজরি বোর্ডের ১২ তম সভা অনুষ্ঠিত।
	ঃ	ঢাকা কাস্টমস হাউস অটোমেশন বিষয়ে ডিসিসিআই এবং ডাটাসফটের মধ্যকার আলোচনা সভা অনুষ্ঠিত। ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম এবং ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর এ সময় উপস্থিত ছিলেন।
২ জানুয়ারি ২০১১	ঃ	ডিসিসিআই পরিচালক জনাব নিয়াজ রহিম বাণিজ্য মন্ত্রণালয়ে অনুষ্ঠিত চিনি এবং ভোজ্যতেল বিতরণ বিষয়ক সভায় যোগদান করেন।
৩ জানুয়ারি ২০১১	ঃ	ঢাকার কুর্মিটোলায় অনুষ্ঠিত ঢাকা কাস্টমস হাউস অটোমেশন বিষয়ক সভায় ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর যোগদান করেন।
৪ জানুয়ারি ২০১১	ঃ	ডিসিসিআইতে মাননীয় শিল্পমন্ত্রী জনাব দিলীপ বড়ুয়ার সাথে সাক্ষাৎকারের প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত। ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম, ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক জনাব হোসেন এ সিকদার, জনাব নিয়াজ রহিম, জনাব এম বশির উল্লাহ ভূঁইয়া, জনাব ওসমান গনি, জনাব খায়রুল মজিদ মাহমুদ, জনাব কে এম এন মনজুরুল হক, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, জনাব এম আনওয়ারুল হক, জনাব এম আবু হোরায়রা এবং ভারপ্রাপ্ত সচিব মিসেস ফেরদৌস আরা বেগম এ সময় উপস্থিত ছিলেন।
	ঃ	ডিসিসিআই পরিচালক জনাব নিয়াজ রহিম বাণিজ্য মন্ত্রণালয়ে অনুষ্ঠিত চিনি এবং ভোজ্যতেল বিতরণ বিষয়ক সভায় যোগদান করেন।
৫ জানুয়ারি ২০১১	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের নেতৃত্বে ডিসিসিআই'র পরিচালনা পর্ষদ মাননীয় শিল্পমন্ত্রী দিলীপ বড়ুয়ার সাথে শিল্প ভবনে সাক্ষাৎ করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক ইঞ্জিনিয়ার সৈয়দ মোশাররফ হোসেন, জনাব হোসেন এ সিকদার, জনাব নিয়াজ রহিম, জনাব এম বশির উল্লাহ ভূঁইয়া, জনাব ওয়াকার আহমেদ চৌধুরী, জনাব খায়রুল মজিদ মাহমুদ, জনাব কে এম এন মনজুরুল হক, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, সর্বজনাব এম আনওয়ারুল হক, আবসার করিম চৌধুরী, এম আবু হোরায়রা, মোহাম্মদ সিরাজুল ইসলাম এবং ডিসিসিআই ভারপ্রাপ্ত সচিব মিসেস ফেরদৌস আরা বেগম এ সময় উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআই ভারপ্রাপ্ত সচিব মিসেস ফেরদৌস আরা বেগম বিএটিআইতে অনুষ্ঠিত ডিউটি ফ্রি কোটা ফ্রি মার্কেট এক্সসেস টু ইউএসএ বিষয়ক সেমিনারে যোগদান করেন।

ঃ ডিবিআই নির্বাহী পরিচালক জনাব মোঃ হোসেন আলী বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনে অনুষ্ঠিত মুক্ত আলোচনা সভায় যোগদান করেন।

৬ জানুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই এবং আইএফসি যৌথভাবে আয়োজিত বাংলাদেশে ব্যবসা পরিচালনায় প্রতিবন্ধকতা বিষয়ক গোলটেবিল আলোচনা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের সাথে এস্টন বিশ্ববিদ্যালয়, বার্মিংহাম, ইউকে এর প্রতিনিধি ডঃ আতিউর রহমান বেলাল সাক্ষাৎ করেন।

৮ জানুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই এবং থাই চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র মধ্যকার বাণিজ্য আলোচনা অনুষ্ঠিত।

৯ জানুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল, বাংলাদেশ কর্তৃক আয়োজিত সেডো ইকোনোমি অফ বাংলাদেশ বিষয়ক আলোচনা অনুষ্ঠানে যোগদান করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম, ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, সহ-সভাপতি জনাব নাসির হোসেন ডিসিসিআই'র কর্মকর্তা-কর্মচারীবৃন্দের সাথে মতবিনিময় সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব এম আনওয়ারুল হক পাট বহুমুখীকরণ সেন্টারে আয়োজিত আলোচনা সভায় যোগদান করেন।

১০ জানুয়ারি ২০১১ ঃ বাংলাদেশের নিযুক্ত মালদ্বীপের হাইকমিশনার জনাব আহমেদ সারির ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের সাথে সাক্ষাৎ করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক সর্বজনাব এম আবু হোরায়রা, কে এম এন মনজুরুল হক, এম বশির উল্লাহ ভূঁইয়া, ওসমান গনি এবং ডিসিসিআই ভারপ্রাপ্ত সচিব মিসেস ফেরদৌস আরা বেগম এ সময় উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর ঢাকা কাস্টমস্ হাউসে অনুষ্ঠিত ঢাকা কাস্টমস্ হাউস অটোমেশনের সমন্বয় বিষয়ক অনুষ্ঠানে যোগদান করেন।

১২ জানুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম ওয়ার্ল্ড ব্যাংকের সেমিনারে যোগদান করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম এর সাথে জাইকার কনসালটেন্ট টসহিসিয়া লিডা সাক্ষাৎ করেন।

১৩ জানুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের সাথে আর অ্যান্ড ডি বাংলাদেশ এবং আইএফসি প্রতিনিধিবৃন্দ সাক্ষাৎ করেন। ডিসিসিআই'র ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, প্রাক্তন সভাপতি জনাব আবুল কাসেম খান, জনাব হোসেন খালেদ এবং ডিসিসিআই'র ভারপ্রাপ্ত সচিব মিসেস ফেরদৌস আরা বেগম এ সময় উপস্থিত ছিলেন।

ঃ নবগঠিত ডিসিসিআই'র ফিনান্সিয়াল ইন্সটিটিউশন্স অ্যান্ড সার্ভিসেস স্ট্যান্ডিং কমিটি-২০১১ এর জরুরী সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই যুগ্ম সচিব জনাব এম ফজলুল করিম এফবিসিসিআইতে আয়োজিত দেশের বর্তমান আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সহকারী সচিব (গবেষণা) সৈয়দ হাবিবুল হক বাংলাদেশ ট্যারিফ কমিশনে আয়োজিত বৈঠকে যোগদান করেন।

১৫ জানুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের সাথে ভূটানের ৪ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল সাক্ষাৎ করে। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, পরিচালক জনাব আবসার করিম চৌধুরী, ইঞ্জিনিয়ার সৈয়দ মোশাররফ হোসেন, সর্বজনাব এম আনওয়ারুল হক, হোসেন এ সিকদার, ওসমান গনি, কে এম এন মনজুরুল হক, মাহাবুব আনাম এ সময় উপস্থিত ছিলেন।

১৬ জানুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম মাননীয় প্রধানমন্ত্রীর সফর সঙ্গী হিসেবে সংযুক্ত আরব আমিরাতের রাজধানী আবুধাবিতে যান।

১৭ জানুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর ঢাকা কাস্টমস্ হাউসে অনুষ্ঠিত ঢাকা কাস্টমস্ হাউস অটোমেশনের সমন্বয় বিষয়ক অনুষ্ঠানে যোগদান করেন।

১৮ জানুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই'র ভারপ্রাপ্ত সভাপতি জনাব টি আই এম নূরুল কবীরের সাথে আইএফসি'র কনসালটেন্ট জিসা সারওয়ার সাক্ষাৎ করেন। ডিসিসিআই ভারপ্রাপ্ত সচিব মিসেস ফেরদৌস আরা বেগম এ সময় উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআই'র ভারপ্রাপ্ত সভাপতি জনাব টি আই এম নূরুল কবীরের সাথে ইরাকের আলওয়াসিত কোম্পানীর প্রতিনিধি জনাব খালিদ আবু আলটিমান সাক্ষাৎ করেন। ডিসিসিআই পরিচালক জনাব খায়রুল মজিদ মাহমুদ এবং ভারপ্রাপ্ত সচিব মিসেস ফেরদৌস আরা বেগম এ সময় উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআই সহকারী সচিব (গবেষণা) সৈয়দ হাবিবুল হক বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউটে আয়োজিত বৈঠকে যোগদান করেন।

১৯ জানুয়ারি ২০১১ ঃ ডিবিআই নির্বাহী পরিচালক জনাব মোঃ হোসেন আলী এবং ডিসিসিআই ব্রান্ড, পিআর অ্যান্ড পাবলিকেশন স্ট্যান্ডিং কমিটির আহবায়ক জনাব এস রুমি সাইফুল্লাহ বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনে আয়োজিত বৈঠকে যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব এম বশির উল্লাহ ভূঁইয়া বিশ্ব ব্যাংক আয়োজিত সেমিনারে যোগদান করেন।

ঃ ডিসিসিআই সহকারী সচিব (গবেষণা) সৈয়দ হাবিবুল হক বাংলাদেশ ট্যারিফ কমিশন আয়োজিত সাফটা বিষয়ক সভায় যোগদান করেন।

২০ জানুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই ট্রেড ডেলিগেশন অ্যান্ড ট্রেড ফেয়ার স্ট্যান্ডিং কমিটি ২০১১ এর সহ-আহবায়ক সৈয়দ হাবিবুর রহমান ইপিবিতে আয়োজিত ইন্টারন্যাশনাল এক্সপোজিশন ২০১২ বিষয়ক বৈঠকে যোগদান করেন।

ঃ ডিসিসিআই যুগ্ম সচিব জনাব এম ফজলুল করিম শিল্প মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এমএটিটি-২ বিষয়ক সভায় যোগদান করেন।

২৩ জানুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের সাথে বাংলাদেশে নিযুক্ত ফিলিপাইনের মান্যবর রাষ্ট্রদূত বাহনারিম এ গুনিমুলা সাক্ষাৎ করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, পরিচালক ইঞ্জিনিয়ার সৈয়দ মোশাররফ হোসেন, সর্বজনাব হোসেন এ সিকদার, ওসমান গনি, খায়রুল মজিদ মাহমুদ, কে এম এন মনজুরুল হক, এম আনওয়ারুল হক, আবসার করিম চৌধুরী, এম আবু হোরায়রা এবং ডিসিসিআই'র ভারপ্রাপ্ত সচিব মিসেস ফেরদৌস আরা বেগম এ সময় উপস্থিত ছিলেন।

ঃ এস্টাবলিসমেন্ট, এ্যাডমিনিস্ট্রেশন, হিউমেন রিসোর্স ম্যানেজমেন্ট অ্যান্ড মেম্বারশিপ বিশেষ কমিটির সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই ট্রেড ডেলিগেশন অ্যান্ড ট্রেড ফেয়ার স্ট্যান্ডিং কমিটি ২০১১ এর সহ-আহবায়ক সৈয়দ হাবিবুর রহমান ইপিবিতে আয়োজিত ইন্টারন্যাশনাল এক্সপোজিশন ২০১২ বিষয়ক বৈঠকে যোগদান করেন।

২৪ জানুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম এটিএন নিউজ লিমিটেডের সরাসরি সম্প্রচারিত অনুষ্ঠানে যোগদান করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের সাথে বাংলাদেশে অবস্থিত চীনা দূতাবাসের কমার্শিয়াল কাউন্সিলর সাক্ষাৎ করেন।

ঃ ডিসিসিআই এফডিআই ক্যাপিটাল মার্কেট অ্যান্ড পোর্টফোলিও ইনভেস্টমেন্ট স্ট্যান্ডিং কমিটির ১ম বৈঠক অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই'র ট্রেড ডেলিগেশন অ্যান্ড ট্রেড ফেয়ার স্ট্যান্ডিং কমিটির সহ-আহবায়ক সৈয়দ হাবিবুর রহমান ইপিবিতে আয়োজিত ডিআইটিএফ-২০১১ এর রিভিউ কমিটির বৈঠকে যোগদান করেন।

ঃ ডিসিসিআই উপ-সচিব (গবেষণা) জনাব হুমায়ুন কবীর ঢাকা কাস্টমস্ হাউস অটোমেশন বিষয়ে জয়েন্ট স্টক কমিশনে অনুষ্ঠিত বৈঠকে যোগদান করেন।

২৫ জানুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের সাথে ভারতে নিযুক্ত মালয়েশিয়ার কনস্যুল জেনারেল জনাব মোঃ জয়নুদ্দিন এ আলি সাক্ষাৎ করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, পরিচালক ইঞ্জিনিয়ার সৈয়দ মোশাররফ হোসেন, সর্বজনাব ওসমান গনি, খায়রুল মজিদ মাহমুদ, কে এম এন মনজুরুল হক, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, এম আনওয়ারুল হক, মাহাবুব আনাম এবং ডিসিসিআই'র ভারপ্রাপ্ত সচিব মিসেস ফেরদৌস আরা বেগম এ সময় উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআইতে গণমাধ্যমের প্রতিনিধিদের সাথে মতবিনিময় সভার আয়োজন করা হয়।

২৬ জানুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম, ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর পরিকল্পনা কমিশনে আয়োজিত ৬ষ্ঠ পঞ্চ বার্ষিকী পরিকল্পনা (২০১১-২০১৫) বিষয়ক আলোচনা অনুষ্ঠানে যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব এম আবু হোরায়রা ডিবিআইতে অনুষ্ঠিত ইফেকটিভ সেলিং স্কিলস বিষয়ক ট্রেনিং কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর ইন্টারন্যাশনাল কাস্টমস্ ডে উপলক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডে অনুষ্ঠিত আলোচনা সভায় যোগদান করেন।

২৭ জানুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের সাথে ভারতের নয়াদিল্লীতে নিযুক্ত নাইজেরিয়ার ইকোনোমিক মিনিস্টার জনাব মোহাম্মদ হোসাইনী সাক্ষাৎ করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর এ সময় উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআই পরিচালক আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন ঢাকা জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়ে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিষয়ক সভায় যোগদান করেন।

২৮ জানুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই'র ৬ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল ভারতের আগরতলায় অনুষ্ঠিত ত্রিপুরা ইন্ডাস্ট্রিজ অ্যান্ড কমার্স ফেয়ার ২০১১ এ যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক ইঞ্জিনিয়ার সৈয়দ মোশাররফ হোসেন ডিবিআইতে অনুষ্ঠিত এমএলএস-এসসিএম সার্টিফিকেট কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

২৯ জানুয়ারি ২০১১ ঃ পুঁজিবাজারের বর্তমান অবস্থা পর্যালোচনা বিষয়ক সভা অনুষ্ঠিত। ডিসিসিআই প্রাক্তন সভাপতিবৃন্দ এবং পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ এ আলোচনা সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই'র নির্বাচিত সভাপতি, ঊর্ধ্বতন সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালকবৃন্দের শপথ গ্রহণ অনুষ্ঠান সম্পন্ন।

ঃ ডিসিসিআই পরিচালনা পর্ষদ ২০১১ এর ১ম সভা অনুষ্ঠিত।

৩১ জানুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম মাল্টি স্টেকহোল্ডার ফোরাম বাংলাদেশ আয়োজিত আলোচনা সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব এম আনওয়ারুল হক ইউরোপীয়ান ইউনিয়ন আয়োজিত টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন ট্রেনিং বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব আবসার করিম চৌধুরী ইউনিডো আয়োজিত আইএসও ৯০০১ বাস্তবায়ন বিষয়ক সভায় যোগদান করেন।

১ ফেব্রুয়ারি ২০১১ ঃ এস্টেট, কন্সট্রাকশন অ্যান্ড মেইনট্যানেন্স স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড এর বোর্ড সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ অ্যান্ড কর্পোরেট স্যোশাল রেসপনসিবিলিটি ফর স্যোশাল ডেভেলপমেন্ট বিষয়ক সেমিনারের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

২ ফেব্রুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই এবং বেসিস যৌথভাবে আয়োজিত বিজনেস লিংকেজ ফর এক্সপ্লোরিং আউটসোর্সিং আইটি অ্যান্ড আইটিইএস বিষয়ক সেমিনার বিআইসিসিতে অনুষ্ঠিত।

৩ ফেব্রুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর বেসিস আয়োজিত আইটি আউটসোর্সিং এ প্রথম ৩০ টি দেশে বাংলাদেশের আবস্থান বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই উপসচিব (গবেষণা) জনাব হুমায়ুন কবীর ট্যারিফ কমিশনে অনুষ্ঠিত ন্যাশনাল প্রাইস অবজারভেশন অ্যান্ড সিলেকশন বিষয়ক আলোচনায় যোগদান করেন।

৫ ফেব্রুয়ারি ২০১১ ঃ ঢাকার অদূরে পদ্মা রিজোর্টে ডিসিসিআই'র ঈদ পুনর্মিলনী ও বনভোজন ২০১১ অনুষ্ঠিত।

৬ ফেব্রুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই'র সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের নেতৃত্বে ডিসিসিআই'র পরিচালনা পর্ষদ মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিতের সাথে সচিবালয়ে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক ইঞ্জিনিয়ার সৈয়দ মোশাররফ হোসেন, সর্বজনাব হোসেন এ সিকদার, এম বশির উল্লাহ ভূঁইয়া, মাহাবুব আনাম, ওয়াকার আহমেদ চৌধুরী, খায়রুল মজিদ মাহমুদ, কে এম এন মনজুরুল হক, এম আনওয়ারুল হক, আবসার করিম চৌধুরী, এম আবু হোরায়রা এবং ডিসিসিআই'র অতিরিক্ত সচিব মিসেস ফেরদৌস আরা বেগম এ সময় উপস্থিত ছিলেন।

ঃ প্রজেক্ট ডেভেলপমেন্ট, ডিবিআই, রিসার্চ, লাইব্রেরী অ্যান্ড নলেজ সেন্টার বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

ঃ কাস্টমস, ভ্যাট অ্যান্ড ট্যাক্সেশন বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

৮ ফেব্রুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই'র ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর বাংলাদেশ এন্টারপ্রাইজ ইনস্টিটিউটে অনুষ্ঠিত ডিজিটাল বাংলাদেশঃ রুল অফ আইটিসি বিষয়ক গোলটেবিল আলোচনায় যোগদান করেন।

৯ ফেব্রুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের নেতৃত্বে ডিসিসিআই'র পরিচালনা পর্ষদ মাননীয় বাণিজ্য মন্ত্রী জনাব মুহাম্মদ ফারুক খানের সাথে সচিবালয়ে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক ইঞ্জিনিয়ার সৈয়দ মোশাররফ হোসেন, সর্বজনাব হোসেন এ সিকদার, এম বশির উল্লাহ ভূঁইয়া, মাহাবুব আনাম, ওয়াকার আহমেদ চৌধুরী, এ এস এম মহিউদ্দিন মোনেম, ওসমান গনি, খায়রুল মজিদ মাহমুদ, কে এম এন মনজুরুল হক, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, এম আনওয়ারুল হক, আবসার করিম চৌধুরী, এম আবু হোরায়রা এবং মোহাম্মদ সিরাজুল ইসলাম এ সময় উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআই এবং আমেরিকান চেম্বার অব কমার্স, ইন্ডিয়ার প্রতিনিধিদলের সাথে বাণিজ্য আলোচনা অনুষ্ঠিত। ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম, ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক সর্বজনাব এম বশির উল্লাহ ভূঁইয়া, মাহাবুব আনাম, কে এম এন মনজুরুল হক এবং ডিসিসিআই'র ভারপ্রাপ্ত সচিব মিসেস ফেরদৌস আরা বেগম এ সময় উপস্থিত ছিলেন।

১০ ফেব্রুয়ারি ২০১১ ঃ ডিসিসিআইতে অনুষ্ঠিত কনজুমার রাইটস অ্যান্ড রেসপনসিবিলিটি বিষয়ক সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় বাণিজ্যমন্ত্রী জনাব মুহাম্মদ ফারুক খান।

ঃ এইচ আর পলিসি বিষয়ে ডিসিসিআই'র সাথে ই জোনের বৈঠক অনুষ্ঠিত। ডিসিসিআই'র সভাপতি জনাব আসিফ ইব্রাহীম, ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, সহ সভাপতি জনাব নাসির হোসেন, ডিসিসিআই'র প্রাক্তন সভাপতি জনাব হোসেন খালেদ এবং ডিসিসিআই'র ভারপ্রাপ্ত সচিব মিসেস ফেরদৌস আরা বেগম এ সময় উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআই'র পরিচালক জনাব এম আনওয়ারুল হক বিএসটিআই এর গভর্নিং বোর্ডের সভায় যোগদান করেন।

১২ ফেব্রুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই'র সভাপতি জনাব আসিফ ইব্রাহীম এফবিসিসিআইতে অনুষ্ঠিত কাউন্সিল অফ চেম্বার প্রেসিডেন্ট'স এর বৈঠকে যোগদান করেন।

ঃ ফাইন্যান্স অ্যান্ড একাউন্টস স্ট্যান্ডিং কমিটির ২য় সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই'র ভারপ্রাপ্ত সচিব মিসেস ফেরদৌস আরা বেগম চট্টগ্রামে অনুষ্ঠিত এক্সিকিউটিভ কোর গ্রুপ এর স্টাডি ট্যুরে যোগদান করেন।

১৪ ফেব্রুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড এর বোর্ড সভায় যোগদান করেন।

১৫ ফেব্রুয়ারি ২০১১ ঃ ট্রেড ডেলিগেশন অ্যান্ড ট্রেড ফেয়ার বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

ঃ হাউজিং, রিয়েল এস্টেট অ্যান্ড আরবান ডেভেলপমেন্ট বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম বাংলাদেশ সার্ভিস লিমিডেট এর অডিট কমিটির বৈঠকে যোগদান করেন।

১৭ ফেব্রুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই ব্র্যান্ডিং, পিআর অ্যান্ড পাবলিকেশন স্ট্যান্ডিং কমিটির আহবায়ক জনাব এস রুমি সাইফুল্লাহ এবং ডিবিআই'র নির্বাহী পরিচালক জনাব মোঃ হোসেন আলী বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের বৈঠকে যোগদান করেন।

২০ ফেব্রুয়ারি ২০১১ ঃ ডিসিসিআইতে অনুষ্ঠিত ১০৯তম চায়না ইমপোর্ট অ্যান্ড এক্সপোর্ট কমোডিটি ফেয়ার বিষয়ক প্রমোশনাল সেমিনারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিল্পমন্ত্রী জনাব দিলীপ বড়ুয়া প্রধান অতিথি এবং বাংলাদেশস্থ চীনা রাষ্ট্রদূত বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম বিএসএল এর বোর্ড সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন ঢাকা জেলা ম্যাজিস্ট্রেট-এর কার্যালয়ে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিষয়ক সভায় যোগদান করেন।

২১ ফেব্রুয়ারি ২০১১ ঃ ডিসিসিআই'র ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, পরিচালক জনাব এম বশির উল্লাহ ভূঁইয়া, মাহাবুব আনাম, ওসমান গনি, ডিসিসিআই'র আহবায়ক জনাব মুক্তার হোসেন চৌধুরী এবং ডিসিসিআই'র কর্মকর্তা-কর্মচারীবৃন্দ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন করেন।

২২ ফেব্রুয়ারি ২০১১ ঃ কন্সটিটিউশন অ্যান্ড মেম্বারশীপ বিষয়ক বিশেষ কমিটির ২য় সভা অনুষ্ঠিত।

২৩ ফেব্রুয়ারি ২০১১	ঃ	ডিসিসিআই'র ভারপ্রাপ্ত সচিব মিসেস ফেরদৌস আরা বেগম এবং সহকারী সচিব মিসেস রেহানা আক্তার রুমা ক্লিন টেকনোলোজি বিষয়ক ওয়ার্কশপে যোগদান করেন।
২৪ ফেব্রুয়ারি ২০১১	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের সাথে ৬ সদস্য বিশিষ্ট মিয়ানমারের একটি প্রতিনিধিদল সাক্ষাৎ করেন। ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক ইঞ্জিনিয়ার সৈয়দ মোশাররফ হোসেন, সর্বজনাব হোসেন এ সিকদার, এম বশির উল্লাহ ভূঁইয়া, ওয়াকার আহমেদ চৌধুরী, ওসমান গনি, কে এম এন মনজুরুল হক, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, এম আনওয়ারুল হক, কে জি করিম, আবসার করিম চৌধুরী, এম আবু হোরায়রা এবং ডিসিসিআই'র ভারপ্রাপ্ত সচিব মিসেস ফেরদৌস আরা বেগম এ সময় উপস্থিত ছিলেন।
	ঃ	ডিবিআইতে অনুষ্ঠিত প্রপার এল/সি প্রসিডিউর বিষয়ক ট্রেনিং কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিসিসিআই'র পরিচালক জনাব এম আবু হোরায়রা।
২৬ ফেব্রুয়ারি ২০১১	ঃ	ডিসিসিআই পরিচালনা পর্ষদের দ্বিতীয় সভা অনুষ্ঠিত।
	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম বিএসএল এর বোর্ড মিটিং এ যোগদান করেন।
২৭ ফেব্রুয়ারি ২০১১	ঃ	এসএমই এন্টারপ্রিনিউরশিপ ডেভেলপমেন্ট অ্যান্ড প্রডাক্ট ডাইভারসিফিকেশন বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।
	ঃ	সিএসআর অ্যান্ড কমপ্লায়েন্স ইস্যু বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।
	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম ঢাকা স্টক এক্সচেঞ্জ এর বোর্ড সভায় যোগদান করেন।
	ঃ	ডিসিসিআই'র ট্রেড ডেলিগেশন অ্যান্ড ট্রেড ফেয়ার স্ট্যান্ডিং কমিটির সহ-আহবায়ক ও প্রাক্তন পরিচালক সৈয়দ হাবিবুর রহমান ইপিবিতে অনুষ্ঠিত ইন্টারন্যাশনাল এক্সপোজিশন ২০১১ এর প্রস্তুতিমূলক সভায় যোগদান করেন।
১ মার্চ ২০১১	ঃ	এক্সপোর্ট পলিসি, প্রমোশন, ডাইর্ভাসিফিকেশন, মাল্টি-লেটারেল অ্যান্ড বাইলেটারেল ট্রেড এগ্রিমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল পলিসি বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।
	ঃ	এইচ আর ডি অ্যান্ড ওভারসিস এপ্লয়মেন্ট বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।
২ মার্চ ২০১১	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম সিঙ্গাপুরে অনুষ্ঠিত ট্রেড অ্যান্ড বিজনেস অপরচুনিটি ইন বাংলাদেশ বিষয়ক সেমিনারে যোগদান করেন।
৩ মার্চ ২০১১	ঃ	ডিসিসিআই প্রাক্তন পরিচালক জনাব রফিকুল ইসলাম, এফসিএ বাণিজ্য মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সিআইপি বিষয়ক সভায় যোগদান করেন।
৫ মার্চ ২০১১	ঃ	ডিসিসিআই এবং রাকিয়া ইনভেস্টমেন্ট অথরিটি এর সাথে বিনিয়োগ বিষয়ক আলোচনা অনুষ্ঠিত।
	ঃ	কনজুমার রাইটস, এসেনশিয়াল কমুডিটিস অ্যান্ড মার্কেট মনিটরিং বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।
৬ মার্চ ২০১১	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম, উর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর এবং নব নিযুক্ত ডিসিসিআই সচিব জনাব মোস্তফা মহিউদ্দীন ডিসিসিআই কর্মকর্তা-কর্মচারীদের সাথে মতবিনিময় সভায় যোগদান করেন।
	ঃ	ডিসিসিআই পরিচালক জনাব নিয়াজ রহিম বাংলাদেশ ট্যারিফ কমিশনে অনুষ্ঠিত ন্যাশনাল প্রাইস অবজারভেশন অ্যান্ড ডিসিশন মেকিং কমিটির বৈঠকে যোগদান করেন।
৭ মার্চ ২০১১	ঃ	ডিসিসিআই এবং অক্সফাম যৌথভাবে আয়োজিত "ক্লাইমেট চেঞ্জ অ্যান্ড প্রাইভেট সেক্টর পার্সপেক্টিভ" বিষয়ক ওরিয়েন্টেশন ওয়ার্কশপ অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড এর বোর্ড সভায় যোগদান করেন।

৮ মার্চ ২০১১

ঃ ডিসিসিআই নতুন ভবন প্রজেক্ট কমিটির ১ম বৈঠক অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই আহবায়ক জনাব হুমায়ুন রশিদ এবং সহ-আহবায়ক জনাব ফয়সাল খান বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনে অনুষ্ঠিত পাবলিক হিয়ারিং এ যোগদান করেন।

৯ মার্চ ২০১১

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের সাথে বাংলাদেশ বৃটিশ হাইকমিশনের ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট বিভাগের পরিচালক মি. কেভিন রিংহাম সাক্ষাৎ করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, সহ-সভাপতি জনাব নাসির হোসেন এবং ডিসিসিআই সচিব জনাব মোস্তফা মহিউদ্দিন এ সময় উপস্থিত ছিলেন।

ঃ এস্টাবলিস্টমেন্ট, এ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড হিউমেন রিসোর্স ম্যানেজমেন্ট বিষয়ক স্ট্যান্ডিং কমিটির ২য় বৈঠক অনুষ্ঠিত।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এর বোর্ড সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই প্রধান হিসাব রক্ষক জনাব মোহাম্মদ জাফরউল্লাহ, এফসিএ আইসিসি-বাংলাদেশ আয়োজিত ইন্টারন্যাশনাল ট্রেড ফিন্যান্স কেইস-এনালাইসিস অ্যান্ড সলিউশন বিষয়ক ওয়ার্কশপে যোগদান করেন।

দেশের ব্যবসা বাণিজ্যের উন্নয়ন, অর্থনৈতিক অবকাঠামো শক্তিশালীকরন এবং শিল্পপণ্যের বিকাশে দেশে ও বিদেশে অনুষ্ঠিত বিভিন্ন বাণিজ্য মেলায় অংশগ্রহণ এবং বাণিজ্য প্রতিনিধিদল প্রেরণে এ কমিটি কাজ করে থাকে। বিশেষ করে জাতীয় আন্তর্জাতিক পরিমণ্ডলে ব্যবসা-বাণিজ্যের গতি ত্বরান্বিত করা এবং দেশের বাণিজ্য পরিবেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করতে এ কমিটি সব সময় সচেষ্ট। এছাড়া দেশীয় পণ্য ও বিভিন্ন সেবাসমূহ নিজ ও অন্য দেশের ক্রেতা-ভোক্তাদের সামনে উপস্থাপনে সরকারী পর্যায়ে গৃহীত বিভিন্ন নীতিমালা ও সুপারিশসমূহ বাস্তবায়নে এ কমিটি সারা বছর কাজ করে থাকে। বিভিন্ন সময়ে দেশী বিদেশী সূত্রে প্রাপ্ত জাতীয় ও আন্তর্জাতিক বাণিজ্য মেলা সংক্রান্ত তথ্যাদি ডিসিসিআই মাসিক রিভউ, ওয়ের সাইট, নোটিশ বোর্ড, জেনারেল সার্কুলার, ই-মেইল এর মাধ্যমে সম্মানিত সদস্যবৃন্দকে অবহিত করা হয়।

দেশে ও বিদেশে অনুষ্ঠিত বিভিন্ন বাণিজ্য মেলায় এ কমিটির মাধ্যমে বাণিজ্য প্রতিনিধিদল প্রেরণ করা হয়। ডিসিসিআই'র প্রাক্তন পরিচালক এবং কমিটির সহ-আহবায়ক সৈয়দ হাবিবুর রহমান ২৮ জানুয়ারি ২০১১ তারিখ ভারতের ত্রিপুরায় ৪ সদস্যের ১টি প্রতিনিধিদল নিয়ে ২১তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলায় অংশগ্রহণ করেন। ডিসিসিআই'র প্রাক্তন উর্ধ্বতন সহ সভাপতি জনাব এম শাহজাহান খানের নেতৃত্বে ৩২ সদস্যের একটি প্রতিনিধিদল ২০১১ সালের ৬-১০ জুন অনুষ্ঠিত "১৯ তম চায়না কুনমিং আমদানী এবং রপ্তানী পণ্য মেলা" তে অংশ নেয়। প্রতিনিধিদলের মধ্যে ছিলেন ডিসিসিআই এর পরিচালক জনাব এম বশির উল্লাহ ভূঁইয়া (উপ-নেতা), পরিচালক জনাব ওসমান গনি এবং কমিটির সহ-আহবায়ক সৈয়দ হাবিবুর রহমান (কো-অর্ডিনেটর) এবং প্রাক্তন পরিচালক জনাব মাসহুক হোসেনসহ অন্যান্য সদস্যবৃন্দ। চীনের ইউনান প্রদেশে অনুষ্ঠিত এ মেলায় বাংলাদেশ থেকে ডিসিসিআই কো-অর্গানইজারের ভূমিকা পালন করে। কুনমিং মেলায় অংশগ্রহণের মাধ্যমে চীনের বাজারে বাংলাদেশী পণ্যের বাজার প্রসারিত হয়েছে। বাংলাদেশ থেকে বিভিন্ন রপ্তানীযোগ্য হস্তশিল্প, কুটিরশিল্প, তৈরি পোশাক, হোম টেক্সটাইল, আর্টিফিসিয়াল জুয়েলারি, কৃষি প্রক্রিয়াজাত খাদ্য, পাটজাত পণ্য, চামড়াজাত পণ্য প্রস্তুতকারী প্রতিষ্ঠান ডিসিসিআই'র প্রদর্শকদলের সদস্য হিসেবে মেলায় তাঁদের পণ্যসামগ্রী প্রদর্শন করা হয় এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যেক্তাগণ ডিসিসিআই প্রতিনিধি দলের সদস্য হিসেবে এ মেলায় অংশগ্রহণ করেন। এছাড়াও ৬ষ্ঠ চায়না সাউথ-এশিয়া বিজনেস ফোরামে ডিসিসিআই বাণিজ্য প্রতিনিধিদল অংশগ্রহণ করেন। প্রতিনিধিদলটি ইউনান চেম্বার অব কমার্স পরিদর্শন ও অন্যান্য ব্যবসায়ী প্রতিনিধিদের সাথে দ্বিপাক্ষিক বাণিজ্য উন্নয়নের লক্ষে বিভিন্ন বৈঠকে মিলিত হয়।

ব্যবসা-বাণিজ্যের উন্নয়নে বাণিজ্য মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়সহ অন্যান্য ইপিবিতে বছরব্যাপী অনুষ্ঠিত বিভিন্ন সভায় এ কমিটির মাধ্যমে ঢাকা চেম্বারের প্রতিনিধি সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন এবং বিভিন্ন বিষয়ে পরামর্শ দিয়ে থাকেন।

কমিটির সম্মানিত সদস্যবৃন্দঃ

০১।	জনাব নাসির হোসেন	-	সহ সভাপতি, ডিসিসিআই এবং সমন্বয়কারী পরিচালক
০২।	জনাব আসিফ মাহমুদ	-	আহ্বায়ক
০৩।	সৈয়দ হাবিবুর রহমান	-	সহ-আহ্বায়ক
০৪।	জনাব মোহাম্মদ গোলাম মোস্তফা	-	সদস্য
০৫।	জনাব মাসহুক হোসেন	-	সদস্য
০৬।	জনাব গিয়াসউদ্দিন আহমেদ	-	সদস্য
০৭।	জনাব সাইফুল ইসলাম	-	সদস্য
০৮।	জনাব এম এ বাতেন	-	সদস্য
০৯।	মেজর মোঃ ইয়াদ আলী ফকির (অবঃ)	-	সদস্য
১০।	জনাব মোঃ মোনায়েম খান	-	সদস্য
১১।	জনাব এম শহীদ উল্ল্যাহ	-	সদস্য
১২।	জনাব আবুল হোসেন	-	সদস্য
১৩।	জনাব মোঃ মোস্তফা সরওয়ার টিটু	-	সদস্য
১৪।	জনাব মোঃ আনওয়ার হোসেন	-	সদস্য
১৫।	জনাব মোহাম্মদ ইফতেখার উদ্দিন	-	সদস্য
১৬।	জনাব ফেরদৌস আহমেদ	-	সদস্য
১৭।	জনাব এনায়েত করিম	-	সদস্য
১৮।	জনাব মোঃ ইয়াসিন খান	-	সদস্য
১৯।	সৈয়দ মাসুদুর রহমান	-	সদস্য
২০।	জনাব এ কে এম দেলোয়ার হোসেন	-	সদস্য
২১।	ডঃ খলিলুর রহমান	-	সদস্য
২২।	জনাব জামিল মাহমুদ	-	সদস্য
২৩।	জনাব গিয়াসউদ্দিন আকন	-	সদস্য
২৪।	জনাব মোহাম্মদ শহীদুল ইসলাম	-	সদস্য
২৫।	মিসেস নাসরিন আনওয়ার	-	সদস্য
২৬।	জনাব মোঃ বেলাল হোসেন	-	সদস্য
২৭।	মিসেস পারভীন হোসেন	-	সদস্য
২৮।	ডাঃ লকিয়ত উল্লাহ	-	সদস্য
২৯।	জনাব মোঃ রাশেদ আলী	-	সদস্য
৩০।	জনাব বিশ্বজিত রায়	-	সদস্য
৩১।	জনাব গোলাম সারওয়ার	-	সদস্য
৩২।	শেখ আজহার হোসেন	-	সদস্য
৩৩।	জনাব মোহাম্মদ ফজলুল মুমিন	-	সদস্য
৩৪।	জনাব এম এ সালাম	-	সদস্য
৩৫।	জনাব আবুল বাসার	-	সদস্য
৩৬।	জনাব গোলাম মজিদ	-	সদস্য
৩৭।	মিসেস পপি চৌধুরী	-	সদস্য
৩৮।	জনাব সুমন তালকুদার	-	সদস্য
৩৯।	জনাব পারভেজ আহমেদ	-	সদস্য

এস্টাবলিশমেন্ট, এ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিষয়ক বিশেষ কমিটি-২০১১

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সার্বিক প্রশাসন, প্রশাসনিক নীতি-নির্ধারণ ও সুষ্ঠু পরিবেশ গড়ে তোলার কাজে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে প্রশাসন বিভাগকে দিক-নির্দেশনা দেয়া এই কমিটির মূখ্য দায়িত্ব। এছাড়াও চেম্বার সচিবালয়ের কাজের মানোন্নয়ন এবং সমন্বয় সাধনের পদক্ষেপ গ্রহণসহ সব বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণে এই কমিটি পরিচালকমণ্ডলীকে সহায়তা প্রদান করে থাকে।

এ বছর এস্টাবলিশমেন্ট অ্যান্ড এ্যাডমিনিস্ট্রেশন বিষয়ক বিশেষ কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে চেম্বারের কতিপয় শূন্যপদে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা এবং কর্মচারী নিয়োগ করা হয়েছে। চেম্বারের কতিপয় কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের চাকুরীর মেয়াদ বৃদ্ধির সুপারিশ করা হয়েছে। এছাড়াও এ বিশেষ কমিটির মাধ্যমে চেম্বারের কর্মকর্তা ও কর্মচারীদের Annual Performance Report বিবেচনা করে নিয়মানুযায়ী চেম্বারের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের বার্ষিক স্বাভাবিক ইনক্রিমেন্ট অনুমোদনের সুপারিশ করা হয়েছে। এ কমিটির মাধ্যমে চেম্বারের নিয়মিত কর্মকর্তা ও কর্মচারীদের জন্য মেসার্স গ্রীন ডেল্টা ইন্সুরেন্স কোম্পানী লিমিটেড এ চিকিৎসা বীমা বাস্তবায়ন করা হয়েছে। ইতোমধ্যে এই বীমার আওতায় কয়েকজন কর্মকর্তা ও কর্মচারীর চিকিৎসা খরচের Claim (দাবী) পাঠিয়ে সুবিধা গ্রহণ করেছেন।

এ কমিটির সুপারিশ অনুযায়ী চেম্বারের অর্গানোগ্রাম ও বেতন কাঠামো পরিবর্তনের লক্ষ্যে একটি বিশেষ কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি চেম্বারের সার্বিক দিক বিবেচনা করে পরিবর্তিত একটি অগ্রানোগ্রাম ও সময় উপযোগী বেতন কাঠামো প্রণয়নের লক্ষ্যে কাজ করছে। এ বৎসর এইচ আর এম এবং হিসাব বিভাগের অটোমেশন কার্যক্রম প্রক্রিয়া শুরু করা হয়েছে।

এস্টাবলিশমেন্ট, এ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিষয়ক বিশেষ কমিটির সম্মানিত সদস্যবৃন্দ ঃ

১।	জনাব আসিফ ইব্রাহীম সভাপতি, ডিসিসিআই	-	হেড অব দি কমিটি
২।	জনাব টি আই এম নূরুল কবীর ঊর্ধ্বতন সহ-সভাপতি, ডিসিসিআই	-	সদস্য
৩।	জনাব নাসির হোসেন সহ-সভাপতি, ডিসিসিআই	-	সদস্য
৪।	জনাব আবসার করিম চৌধুরী পরিচালক, ডিসিসিআই	-	সদস্য
৫।	জনাব হোসেন আখতার প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি, ডিসিসিআই	-	সদস্য
৬।	জনাব মন্‌জুর-উর-রহমান (রাসকিন) প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি, ডিসিসিআই	-	সদস্য
৭।	জনাব সালাহ্‌উদ্দিন আব্দুল্লাহ প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি, ডিসিসিআই	-	সদস্য
৮।	জনাব দাতা মাগফুর প্রাক্তন পরিচালক, ডিসিসিআই	-	সদস্য
৯।	জনাব নেসার মাকসুদ খান প্রাক্তন পরিচালক, ডিসিসিআই	-	সদস্য

ঢাকা চেম্বার কর্তৃক প্রচারিত গুরুত্বপূর্ণ সংবাদ বিজ্ঞপ্তির সংক্ষিপ্তসার

ঢাকা চেম্বার এর নতুন পরিচালনা পর্ষদের দায়িত্ব গ্রহণ

জনাব আসিফ ইব্রাহীম ২০১১ সালের জন্য ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র সভাপতি নির্বাচিত হয়েছেন। জনাব টি আই এম নূরুল কবীর ঊর্ধ্বতন সহ-সভাপতি ও জনাব নাসির হোসেন সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন। নবনির্বাচিত সভাপতি, ঊর্ধ্বতন সহ-সভাপতি, সহ-সভাপতি ও অন্যান্য পরিচালকবৃন্দ ২৩ ডিসেম্বর ২০১০ তারিখ অনুষ্ঠিত ডিসিসিআই'র ৪৯তম বার্ষিক সাধারণ সভায় তাঁদের দায়িত্ব গ্রহণ করেন।

নবনির্বাচিত সভাপতি জনাব আসিফ ইব্রাহীম ১৯৬৫ সালে ঢাকার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি একজন স্বনামধন্য ব্যবসায়ী এবং শিল্পপতি। তিনি ভারতের দিল্লী বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাষ্ট্রের নর্থ টেক্সাস বিশ্ববিদ্যালয় থেকে উচ্চতর ডিগ্রী লাভ করেন। বর্তমানে তিনি নিউএজ গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের ভাইস চেয়ারম্যান। তিনি ফ্রান্স-বাংলাদেশ চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি এবং বাংলাদেশ-থাই চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি এর নির্বাহী কমিটির একজন সক্রিয় সদস্য। এছাড়া তিনি বিজিএমইএ গবেষণা শাখার চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব পালন করেছেন। তৈরি পোষাক শিল্পে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য বাংলাদেশ সরকার ২০০৭ সালে তাঁকে কমার্শিয়ালি গুরুত্বপূর্ণ ব্যক্তি বা (সিআইপি)-পদক প্রদান করে।

ডিসিসিআই'র নবনির্বাচিত ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর স্পিনোভেশন লিমিটেড নামক সফটওয়্যার ডেভেলপমেন্ট বিষয়ক প্রতিষ্ঠানের নির্বাহী পরিচালক ও সিইও এবং আপডেট সলুশনস টেকনোলজিস লিমিটেডের চেয়ারম্যান। তিনি বাংলাদেশের তথ্য প্রযুক্তি খাতের একজন বিশিষ্ট ব্যবসায়ী ও বিশেষজ্ঞ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতের উদ্যোক্তা ও ব্যবসায়ী নেতা। তিনি প্রায় ২১ বছর যাবত Turn-key Project Management, Business Consulting, Business Process Re-engineering (BPR) and Enterprise Management এর সাথে জড়িত রয়েছেন। তিনি প্রায় ১২ বছর একটি ডাচ বহুজাতিক কোম্পানীতে Deputy Controller and Head of IT হিসেবে কর্মরত ছিলেন। তিনি বাংলাদেশ এসোসিয়েশন অফ সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)'র ঊর্ধ্বতন সহ-সভাপতি ও বোর্ড মেম্বার হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি একজন IPR বিশেষজ্ঞ হিসেবে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক ফোরামে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। তিনি বেসরকারী খাতের প্রতিনিধি হিসেবে সক্রিয়ভাবে UN Internet Governance Forum (IGF) Ges UN ICT Task force এ কাজ করেছেন। তিনি বাণিজ্য মন্ত্রণালয়ের ICT Business Promotion Council এর প্রাক্তন নির্বাহী কাউন্সেল সদস্য ছিলেন এবং জাতীয় তথ্য প্রযুক্তি নীতিমালা ২০০০ এবং জাতীয় তথ্য প্রযুক্তি নীতিমালা ২০০৯ এর রিভিউ কমিটির সদস্য হিসেবে কাজ করেছেন। তিনি বাংলাদেশের Intellectual Property Association of Bangladesh (IPAB) এর প্রতিষ্ঠাকালীন সদস্য ও ঢাকা রোটারি ক্লাবেরও সদস্য।

ডিসিসিআই'র সহ-সভাপতি জনাব নাসির হোসেন ১৯৫৬ সালে ঢাকার আরমানিটোলায় সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রী লাভ করেন। তিনি নাহরিন কর্পোরেশন এবং শাহরিন কর্পোরেশনের কর্ণধার। তিনি ১৯৯৯ সালে ঢাকা চেম্বারের সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়া তিনি উত্তরা ক্লাব লিমিটেডের নির্বাহী সদস্য এবং অল কমিউনিটি ক্লাব লিমিটেড ও গুলশান ক্লাবের একজন সক্রিয় সদস্য।

ঢাকা চেম্বারের নতুন নির্বাচিত পরিচালকবৃন্দ হলেন ঃ জনাব এএসএম মহিউদ্দিন মোনেম, জনাব ওসমান গনি, জনাব খায়রুল মজিদ মাহমুদ, জনাব কে এম এন মনজুরুল হক, জনাব আবসার করিম চৌধুরী এবং জনাব এম আবু হোরায়রা।

শিল্প মন্ত্রীর সাথে ডিসিসিআই'র পরিচালনা পর্ষদের সাক্ষাৎ

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র নবনির্বাচিত সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের নেতৃত্বে ডিসিসিআই'র পরিচালনা পর্ষদ ৫ জানুয়ারি ২০১১ তারিখ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিল্পমন্ত্রী জনাব দিলীপ বড়ুয়ার সাথে শিল্প মন্ত্রণালয়ে সাক্ষাৎ করেন। এ সময় শিল্প সচিব জনাব কে এইচ মাসুদ সিদ্দিকী উপস্থিত ছিলেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম বেসরকারী খাতের উন্নয়নের জন্য বর্তমান সরকারকে ধন্যবাদ জানান। তিনি আশাবাদ ব্যক্ত করেন যে, বর্তমান সরকার ঘোষিত ভিশন ২০২১ এর মাধ্যমে বাংলাদেশ মধ্যম আয়ের দেশে পরিণত হবে। তিনি বলেন, সরকারের ঘোষিত ভিশন ২০২১ এর উপর ভিত্তি করে বাংলাদেশ ২০৩০ সালের মধ্যে পৃথিবীর ৩০তম বৃহৎ অর্থনীতির দেশে উন্নীত হতে পারে এবং এ ব্যাপারে কৌশল নির্ধারণে ঢাকা চেম্বার সরকারের সবধরনের সহযোগিতা আশা করে। তিনি জানান, উন্নত অবকাঠামোর অভাব, বিদ্যুৎ-জ্বালানির অপ্রতুলতা, যোগাযোগ সমস্যা, ঋণের উচ্চসুদের হার এবং আধুনিক প্রযুক্তির স্বল্পতার কারণে

দেশের শিল্পায়ন প্রক্রিয়া ব্যাহত হচ্ছে। তিনি বাংলাদেশের নেতিবাচক ইমেজ, ভুমির অপ্রতুলতা, অদক্ষতা এবং জ্বালানি সমস্যা পিপিপির আওতায় সমাধানের আহবান জানান। তিনি কৃষিভিত্তিক নীতিমালা প্রণয়নের উপর গুরুত্ব আরোপ করেন। ডিসিসিআই সভাপতি National Productivity Organization (NPO), Department of Patent Development and Trade Mark (DPDT), Bangladesh Standard and Testing Institution (BSTI) এর দক্ষতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন। তিনি NPO কে RMG খাতের উৎপাদনশীলতা উন্নয়নে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। দেশের সামষ্টিক শিল্পায়নকে তরান্বিত করার জন্য গ্যাস সরবরাহ নিশ্চিতকরণের উপর জোর দেন। তিনি দেশে একটি Sick Industry Commission গঠনের প্রস্তাব করেন। তিনি শিল্পের বিকেন্দ্রীকরণের মাধ্যমে ঢাকা শহরের উপর চাপ কমানোর প্রস্তাব করেন।

শিল্প মন্ত্রী জনাব দিলীপ বড়ুয়া বলেন, বেসরকারী উদ্যোক্তাদের সহযোগিতা করার জন্য শিল্প মন্ত্রণালয়ের পাশাপাশি বর্তমান সরকার সর্বাত্নক সহযোগিতা করছে। তিনি বলেন, দেশের শিল্পখাতের বিকাশের জন্য ঋণের সুদের হার সিঙ্গেল ডিজিট হওয়া উচিত। তিনি দেশের অবকাঠামো উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, দেশের অর্থনৈতিক ধারাকে গতিশীল করার জন্য আমাদেরকে নেতিবাচক দৃষ্টিভঙ্গি পরিহার করতে হবে। তিনি জানান, পুরানো ঢাকায় অবস্থিত শিল্পকে স্থানান্তরের বিষয়টি সরকারের বিবেচনাধীন রয়েছে। তিনি বলেন, বাংলাদেশ বর্তমানে Trading নির্ভর ব্যবসা-বাণিজ্যের ধারা থেকে উৎপাদন নির্ভর শিল্প ভিত্তিক ব্যবসা-বাণিজ্যের দিকে অগ্রসর হচ্ছে। শিল্পমন্ত্রী ডিসিসিআই সভাপতির উপস্থাপিত সুপারিশমালার সূত্র ধরে বলেন, স্থানীয় শিল্পের ট্যারিফ এবং নন-ট্যারিফ বাধাসমূহ দূরীকরণের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় এবং ডিসিসিআই একযোগে কাজ করবে। শিল্পায়ন একটি জটিল বিষয় উল্লেখ করে তিনি বলেন, ডিসিসিআই'র প্রস্তাবলীর মধ্যে শিল্প উন্নয়নের সঠিক দিক্ নির্দেশনা রয়েছে।

ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, পরিচালক সর্বজনাব হোসেন এ সিকদার, নিয়াজ রহিম, খায়রুল মজিদ মাহমুদ, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, মোহাম্মদ সিরাজুল ইসলাম এবং আবসার করিম চৌধুরী বক্তব্য রাখেন।

ডিসিসিআই সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক ইঞ্জিনিয়ার সৈয়দ মোশাররফ হোসেন, সর্বজনাব এম বশির উল্লাহ ভূঁইয়া, এম আনওয়ারুল হক, এম আবু হোরায়রা এবং ডিসিসিআই'র ভারপ্রাপ্ত সচিব মিসেস ফেরদৌস আরা বেগম এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআইতে বাংলাদেশের ব্যবসা পরিচালনার প্রতিবন্ধকতা দূরীকরণ শীর্ষক ফোকাস গ্রুপ আলোচনা অনুষ্ঠিত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং আইএফসি যৌথভাবে ৬ জানুয়ারি ২০১১ তারিখ বাংলাদেশে ব্যবসা পরিচালনার প্রতিবন্ধকতা দূরীকরণ বিষয়ক ফোকাস গ্রুপ আলোচনার আয়োজন করে। ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম আলোচনায় সঞ্চালকের দায়িত্ব পালন করেন। কৃষি ও কৃষিজাত পণ্য, হারবাল, হোম টেক্সটাইল, তথ্য প্রযুক্তি, পাট, হস্তশিল্প, ইন্ডেন্টিং ইত্যাদি খাতের উদ্যোক্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন।

আলোচনার মূল উদ্দেশ্য ছিল বাংলাদেশে ব্যবসা পরিচালনার জন্য প্রণীত গুরুত্বপূর্ণ আইনগুলো চিহ্নিতকরণ, এ সমস্ত আইনগত প্রক্রিয়া সম্পাদন করতে ব্যবসায়ীদের কি ধরনের প্রতিবন্ধকতার সম্মুখীন হতে হয়, সমস্যাগুলোর নেতিবাচক প্রভাব, সরকারী অব্যবস্থাপনা এবং ব্যবসায়ীদেরকে আইন প্রতিপালনে সরকারের ভূমিকা ইত্যাদি। বাংলাদেশের অবকাঠামো ও আইনগত পরিবেশ, আইনের নেতিবাচক দিকসমূহ, আইনের যথাযথ বাস্তবায়ন ও প্রয়োগ এবং আইনি প্রতিষ্ঠানসমূহের অনৈতিক চর্চা ইত্যাদি বিষয়গুলো আলোচনায় স্থান পায়।

আইএফসি'র প্রোগ্রাম ম্যানেজার ড. মাসরুর রিয়াজ এবং জিসা সারওয়ার আলোচনায় উপস্থিত ছিলেন।

ডিসিসিআই সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক সর্বজনাব নিয়াজ রহিম, এম বশির উল্লাহ ভূঁইয়া, ওয়াকার আহমেদ চৌধুরী, খায়রুল মজিদ মাহমুদ এবং ডিসিসিআই ভারপ্রাপ্ত সচিব মিসেস ফেরদৌস আরা বেগম এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআই'র সভাপতির সাথে মালদ্বীপের হাইকমিশনারের সাক্ষাৎ

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের সাথে বাংলাদেশস্থ মালদ্বীপের মান্যবর হাইকমিশনার জনাব আহমেদ সারির ১০ জানুয়ারি ২০১১ তারিখ ডিসিসিআইতে সাক্ষাৎ করেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম মান্যবর হাইকমিশনারকে ডিসিসিআইতে আসার জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন, বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে সংস্কৃতি, ধর্ম এবং অর্থনৈতিকভাবে প্রচুর মিল রয়েছে। তিনি বলেন, বাংলাদেশ ও মালদ্বীপ দুদেশের মধ্যকার অর্থনৈতিক সম্পর্ক উন্নয়ন ও বিনিয়োগ বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। তিনি বাংলাদেশ থেকে আরো বেশি হারে

শ্রমিক নিয়োগের আহবান জানান। তিনি পর্যটন শিল্পের অধিকতর উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি জানান, বাংলাদেশের আভ্যন্তরীণ পর্যটন শিল্প যথেষ্ট সম্ভাবনাময় এবং এর চাহিদা উত্তর উত্তর বৃদ্ধি পাচ্ছে। তিনি বাংলাদেশ থেকে ঔষধ, কেমিক্যাল পণ্য, তৈরি পোষাক, চামড়াজাত পণ্য ইত্যাদি আমদানির আহবান জানান। ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম দুদেশের ব্যবসা-বাণিজ্যের উন্নয়নের লক্ষ্যে সরকারী পর্যায়ে সহযোগিতা বৃদ্ধির উপর জোর আরোপ করেন। তিনি দুদেশের মধ্যকার চেম্বার পর্যায়ের সম্পর্ক আরো সুদৃঢ় করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি জলবায়ু পরিবর্তনে বাংলাদেশ ও মালদ্বীপকে একযোগে কাজ করার আহবান জানান।

মালদ্বীপের হাইকমিশনার জনাব আহমেদ সারির বলেন, বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে সুদৃঢ় সম্পর্ক থাকলেও দুদেশের মধ্যকার ব্যবসা-বাণিজ্য কাঙ্খিত মাত্রায় উন্নীত হয়নি। তিনি জানান মালদ্বীপ সরকার যোগাযোগ, গৃহায়ন, জ্বালানি, স্বাস্থ্য ও শিক্ষাখাতে পিপিপি মডেলের আওতায় বেসরকারীখাতকে বিনিয়োগের সুযোগ উন্মুক্ত করেছে। তিনি বাংলাদেশী ব্যবসায়ীদেরকে এ সুযোগ গ্রহণ করে মালদ্বীপে বিনিয়োগের আহবান জানান। তিনি জানান মালদ্বীপ সরকার ১০,০০০ বাড়ি তৈরি এবং ১০১৯ টি দ্বীপের মধ্যে আন্তঃযোগাযোগ স্থাপনের উদ্যোগ গ্রহণ করেছে। তিনি বাংলাদেশী উদ্যোক্তাদের সে দেশের সাম্প্রতিক সরকার ঘোষিত Open Policy এর সুযোগ গ্রহণ করে সে দেশে বিনিয়োগের আহবান জানান।

ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর বাংলাদেশ থেকে তথ্য প্রযুক্তি খাতে আউটসোর্সিং করার জন্য মালদ্বীপের প্রতি আহবান জানান।

ডিসিসিআই সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক সর্বজনাব এম বশির উল্লাহ ভূঁইয়া, ওসমান গনি, কে এম এন মন্‌জুরুল হক, এম আবু হোরায়রা এবং ডিসিসিআই'র অতিরিক্ত সচিব মিসেস ফেরদৌস আরা বেগম এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআই'র সভাপতির সাথে ভূটানের বাণিজ্য প্রতিনিধিদলের সাক্ষাৎ

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের সাথে এক্সপোর্ট এসোসিয়েশন অফ ভূটান এর সভাপতি মি. গেলে নিমা এর নেতৃত্বে ৫ সদস্যের একটি বাণিজ্য প্রতিনিধিদল ১৫ জানুয়ারি ২০১১ তারিখ ডিসিসিআইতে সাক্ষাৎ করেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম ভূটানের বাণিজ্য প্রতিনিধিদল কে ডিসিসিআইতে আসার জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন, বাংলাদেশ ও ভূটানের মধ্যকার অর্থনৈতিক সম্পর্ক উন্নয়ন ও বিনিয়োগ বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। তিনি দুদেশের মধ্যকার বাণিজ্যের পরিমাণ বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বাংলাদেশের পর্যটন শিল্পের অধিকতর উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি জানান, বাংলাদেশের আভ্যন্তরীণ পর্যটন শিল্প যথেষ্ট সম্ভাবনাময় এবং এর চাহিদা উত্তর উত্তর বৃদ্ধি পাচ্ছে। তিনি বাংলাদেশ থেকে ঔষধ, ক্যামিকেল পণ্য, তৈরি পোষাক, চামড়াজাত পণ্য এবং তথ্য প্রযুক্তি খাতের পণ্য ইত্যাদি আমদানির আহবান জানান। ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম দুদেশের ব্যবসা-বাণিজ্যের উন্নয়নের লক্ষ্যে সরকারী পর্যায়ে সহযোগিতা বৃদ্ধির উপর জোর দেন। তিনি দুদেশের মধ্যকার চেম্বার পর্যায়ের সম্পর্ক আরো সুদৃঢ় করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি জানান বর্তমান সরকার বিদেশী বিনিয়োগকে আকৃষ্ট করার জন্য নানাবিধ প্যাকেজ সুবিধা প্রদান করছে। তিনি এ সুযোগ গ্রহণ করে ভূটানের ব্যবসায়ীদের এ দেশে বিনিয়োগের আহবান জানান।

ভূটানের বাণিজ্য প্রতিনিধিদলের মি. নেতা গেলে নিমা বলেন, বাংলাদেশ ও ভূটানের মধ্যকার বাণিজ্য বৃদ্ধির জন্য তামাবিল ও হিলির পাশাপাশি অন্যান্য স্থলবন্দরের কার্যক্রম বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেন। তিনি জানান ভূটান হাইড্রোলিক পাওয়ার, পর্যটন এবং আইটি খাতে বিনিয়োগে আগ্রহী।

ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর বাংলাদেশ থেকে তথ্য প্রযুক্তি খাতে আউটসোর্সিং করার জন্য ভূটানের প্রতি আহবান জানান। তিনি বাংলাদেশ থেকে চামড়াজাত পণ্য আমদানীর জন্য ভূটানের বাণিজ্য প্রতিনিধিদলের প্রতি আহবান জানান। তিনি বলেন, ভূটানে ই-গভর্নেন্স চালুর ব্যাপারে বাংলাদেশের সফটওয়ার ও আইটি বিষয়ক কোম্পানীসমূহ কাজ করতে পারে। তিনি আরো বলেন, ভূটানের মানব সম্পদ উন্নয়নে বাংলাদেশ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

ডিসিসিআই পরিচালক ইঞ্জিনিয়ার সৈয়দ মোশাররফ হোসেন, সর্বজনাব হোসেন এ সিকদার, মাহাবুব আনাম, ওসমান গনি, কে এম এন মনজুরুল হক, এম আনওয়ারুল হক, আবসার করিম চৌধুরী এবং বাংলাদেশস্থ ভূটান হাইকমিশনের ট্রেড কাউন্সিলর মি. দর্জি রিনচেন এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআই সভাপতির সাথে ফিলিপিনের রাষ্ট্রদূতের সাক্ষাৎ

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের সাথে বাংলাদেশস্থ ফিলিপিনের মান্যবর রাষ্ট্রদূত বাহনারিম আবু গুইনমলা ২৩ জানুয়ারি ২০১১ তারিখ ডিসিসিআইতে সাক্ষাৎ করেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম মান্যবর হাইকমিশনারকে ডিসিসিআইতে আসার জন্য ধন্যবাদ জানিয়ে বলেন, দুদেশের মধ্যকার বিদ্যমান দ্বিপাক্ষিক বাণিজ্য সম্পর্ক কাঙ্খিত মাত্রায় নয়। তিনি ফিলিপিনের ব্যবসায়ীবৃন্দকে বাংলাদেশে ওভেন গার্মেন্টেস বেকওয়ার্ড লিংকেজ শিল্প এবং পর্যটন খাতে বিনিয়োগের আহবান জানান। তিনি বাংলাদেশ ও ম্যানিলার মধ্যকার সরাসরি বিমান যোগাযোগ চালুর উপর গুরুত্ব আরোপ করেন। ফিলিপিনকে আসিয়ানের গুরুত্বপূর্ণ সদস্য হিসেবে উল্লেখ করে তিনি আঞ্চলিক সম্পর্ক আরো জোরদার করার আহবান জানান।

ফিলিপিনের মান্যবর রাষ্ট্রদূত মি. বাহনারিম আবু গুইনমলা বলেন, দুদেশের মধ্যকার অনেক সম্ভাবনাময় খাত রয়েছে। তিনি বাণিজ্য সর্ম্পক বৃদ্ধির জন্য বাংলাদেশ থেকে ফিলিপিনে বাণিজ্য প্রতিনিধিদল প্রেরণের প্রস্তাব করেন। তিনি বলেন, বাংলাদেশ ও ফিলিপিনের মধ্যে চমৎকার কুটনৈতিক সম্পর্ক রয়েছে। তিনি দুদেশের শ্রমিকদের স্বার্থ সংরক্ষনের জন্য যৌথভাবে কাজ করার আহবান জানান। তিনি শ্রমিকদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ ও শিক্ষা কেন্দ্র স্থাপনের উপর গুরুত্ব আরোপ করেন।

ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর বাংলাদেশে বিজনেস প্রসেস আউটসোর্সিং (বিপিও) এবং কল সেন্টার স্থাপনে বাংলাদেশ-ফিলিপিন যৌথ বিনিয়োগের উপর গুরুত্ব আরোপ করেন।

ডিসিসিআই পরিচালক ইঞ্জিনিয়ার সৈয়দ মোশাররফ হোসেন, সর্বজনাব ওসমান গনি, খায়রুল মজিদ মাহমুদ, কে এম এন মনজুরুল হক, এম আনওয়ারুল হক এবং ডিসিসিআই'র অতিরিক্ত সচিব মিসেস ফেরদৌস আরা বেগম এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআইতে পুঁজিবাজারের বর্তমান অবস্থা পর্যালোচনা বিষয়ক গোল টেবিল আলোচনা সভার অভিমত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) ৩০ জানুয়ারি ২০১১ তারিখ পুঁজি বাজারের বর্তমান অবস্থা শীর্ষক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করে। ডিসিসিআই'র প্রাক্তন সভাপতিবৃন্দ এবং পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ এ আলোচনা অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম আলোচনা অনুষ্ঠানের সঞ্চালকের দায়িত্ব পালন করেন। তিনি বলেন, পুঁজিবাজারের যথাযথ বিকাশ ছাড়া একটি দেশের অর্থনৈতিক উন্নয়ন সম্ভব নয় এবং এ জন্য সরকারের উচিত পুঁজিবাজার বিষয়ে কিছু স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করা। তিনি বলেন, বাজারের স্টেকহোল্ডারদের পুনর্বিন্যাস ও পেশাগত দক্ষতা বৃদ্ধি, ক্ষুদ্র বিনিয়োগকারীদেরকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সচেতনতা তৈরি এবং সামগ্রিক ব্যবস্থার উপর যথাযথ নজরদারি স্থাপন করা প্রয়োজন। আলোচনায় অংশগ্রহণকারীবৃন্দ মনে করেন, ক্ষুদ্র বিনিয়োগকারীদেরকে পোর্টফোলিও ইনভেস্টমেন্ট আকৃষ্ট করা, বৃহৎ পরিসরে গবেষণা এবং কনসালটেন্সি সেবা প্রদান, ক্ষুদ্র বিনিয়োগকারীদেরকে প্রশিক্ষণ প্রদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাঁরা মনে করেন, পুঁজিবাজারের সূচক বৃদ্ধির জন্য অভ্যন্তরীণ বাজারে স্টকের সাপ্লাই এবং শেয়ারের প্রবাহ বৃদ্ধি ও টেলিযোগাযোগ খাতের কোম্পানীগুলোকে পুঁজিবাজারে নিয়ে আসা উচিত। তাঁরা এসইসি'র দক্ষতা বৃদ্ধি এবং দিকনির্দেশনামূলক গবেষণা ও তথ্যকেন্দ্র স্থাপনের উপর গুরুত্ব আরোপ করেন। আলোচকবৃন্দ বাণিজ্যিক ব্যাংকগুলোকে পুঁজিবাজারে বিনিয়োগে নিরুৎসাহিত করা এবং পুঁজিবাজারে কোম্পানীগুলোর তালিকাভুক্তির পদ্ধতি সহজীকরণের উপর গুরুত্ব আরোপ করেন। ঢাকা চেম্বারের নেতৃবৃন্দ মনে করেন, actual asset base, turnover এবং সকল জেড ক্যাটাগরিভুক্ত কোম্পানীসমূহের বিষয়ে তড়িৎ পুনর্মূল্যায়ন করা প্রয়োজন।

ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, প্রাক্তন সভাপতি সর্বজনাব এ টি এম ওয়াজিউল্লাহ, আর মাকসুদ খান, এ এস এম কাসেম, এম এইচ রহমান, আফতাব-উল ইসলাম, বেনাজির আহমেদ, এম এ মোমেন, হোসেন খালেদ, আবুল কাসেম খান, ডিসিসিআই'র পরিচালক ইঞ্জিনিয়ার সৈয়দ মোশাররফ হোসেন, সর্বজনাব হোসেন এ সিকদার, নিয়াজ রহিম, এম বশির উল্লাহ ভূঁইয়া, মাহাবুব আনাম, ওয়াকার আহমেদ চৌধুরী, এ এস এম মহিউদ্দিন মোনেম, ওসমান গনি, খায়রুল মজিদ মাহমুদ, কে এম এন মনজুরুল হক, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, এম আনওয়ারুল হক, আবসার করিম চৌধুরী, আবু হোরায়রা, মোহাম্মদ সিরাজুল ইসলাম (বুলবুল) এবং ডিসিসিআই'র ভারপ্রাপ্ত সচিব মিসেস ফেরদৌস আরা বেগম এ সময় উপস্থিত ছিলেন।

ডিবিআই তে "হিউম্যান রিসোর্স ডেভলপমেন্ট (এইচআরডি)" শীর্ষক ট্রেনিং কোর্সের সমাপনী অনুষ্ঠান

ডিবিআইতে ১৫-১৯ জানুয়ারি, ২০১১ তারিখ অনুষ্ঠিত হিউম্যান রিসোর্স ডেভলপমেন্ট (এইচ আর ডি) শীর্ষক স্বল্পমেয়াদী প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে ডিসিসিআই এর উধ্বর্তন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি বর্তমান প্রতিযোগীতাপূর্ণ বিশ্বে ব্যবসা-বাণিজ্যে কাঙ্খিত সাফল্য অর্জনের জন্য "হিউম্যান রিসোর্স ডেভলপমেন্ট (এইচআরডি)" ও "হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (এইচ আর এম)" এর সঠিক জ্ঞান থাকার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি উল্লেখ করেন যে, যে কোন ধরনের প্রতিষ্ঠানের উৎকর্ষতার জন্য এইচ আর (মানব সম্পদ) অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। বর্তমানে এটা নীতি-চেতনা হিসেবে কাজ করছে। তিনি আরও বলেন যে, আন্তর্জাতিক মানের প্রতিষ্ঠান যেমন গোল্ডম্যান সেকস্ এবং জে. পি. মর্গ্যান বাংলাদেশকে অর্থনৈতিকভাবে পৃথিবীর একটি দ্রুত প্রবৃদ্ধি অর্জনের সম্ভাবনাময় ১১টির অন্যতম দেশ হিসেবে চিহ্নিত করেছেন। তা সম্ভব করতে জ্ঞানের সুষ্ঠু বিকাশ, যথার্থ দক্ষতা ও দৃষ্টিভঙ্গি প্রয়োজন। আমাদের "ভিশন ২০২১" এর লক্ষ্য অর্জনে মানব সম্পদের উন্নয়ন সহায়তা করবে, যা ডিসিসিআই এর লক্ষ্য ও উদ্দেশ্য।

বিভিন্ন স্বনামধন্য ব্যবসা প্রতিষ্ঠান থেকে মোট ১৯জন এই কোর্সে অংশ গ্রহণ করেন। সর্বশেষে প্রধান অতিথি প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদপত্র বিতরন করেন।

ডিসিসিআইকে ধন্যবাদ জ্ঞাপনকালে প্রশিক্ষণার্থীগণ সন্তোষ প্রকাশ করে বলেন যে, তারা এই কোর্সে অংশগ্রহণ করে অত্যন্ত অভিজ্ঞ প্রশিক্ষকবৃন্দের কাছ থেকে 'এইচআরডি' সম্পর্কে যে বাস্তব ও ব্যবহারোপযোগী জ্ঞান আহরন করতে পেরেছেন, তা কাজে লাগিয়ে তাদের বাস্তব জীবনে ও ব্যবসাতে তারা দীর্ঘ মেয়াদি সাফল্য লাভ করতে পারবেন।

এই কোর্সটি নিম্নবর্ণিত বিষয়গুলো সম্বন্ধে পরিষ্কার ধারনা দেয়ঃ ব্রিফ হিস্টোরি অব হিউম্যান রিসোর্স ডেভলপমেন্ট (এইচআরডি), মডার্ন এইচ আর ম্যানেজমেন্ট ফাংশন্স, জব এ্যানালাইসিস, রিক্রুটমেন্ট অ্যান্ড সিলেকসন পলিসিস, হিউম্যান রিসোর্স প্ল্যান, এইচ আর ম্যানেজমেন্ট সিস্টেম, মোটিভেশন অব এইচ আর, কমপেনসেশন এন্ড বেনিফিটস প্যাকেজেস এন্ড স্টাফ ডেভলপমেন্ট, সাকসেস ইন প্ল্যানিং, ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস অ্যান্ড সিবিএ, ম্যানেজিং গ্রিভেনসেস অ্যান্ড কনফ্লিক্টস ইত্যাদি।

ডিসিসিআই ও বেসিসি আয়োজিত "বিজনেস লিংকেজ ফর এক্সপ্লোরিং আউটসোর্সিং আইটি অ্যান্ড আইটিইএস টু ইইউ" বিষয়ক সেমিনারে অভিমত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং বাংলাদেশ এসোসিয়েশন অফ সফটওয়ার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) যৌথভাবে "বিজনেস লিংকেজ ফর এক্সপ্লোরিং আউটসোর্সিং আইটি অ্যান্ড আইটিইএস টু ইইউ" বিষয়ক সেমিনারের আয়োজন করে। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ২ ফেব্রুয়ারি ২০১১ তারিখ অনুষ্ঠিত সেমিনারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ গোলাম হোসেন প্রধান অতিথি এবং বাংলাদেশস্থ রাজকীয় নেদারল্যান্ডস দূতাবাসের মান্যবর রাষ্ট্রদূত মি. আলফন্স হেনিকেন্স বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

বাংলাদেশে আইটি এবং আইটি এনেবেল্ড সার্ভিসেস (আইটিইএস) প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে ইউরোপীয়ান ইউনিয়নের ক্রেতা ও বাংলাদেশী বিক্রেতাদের মধ্যে যোগাযোগ বৃদ্ধি এবং আইটি ও আইটিইএস খাত থেকে আয় বৃদ্ধির লক্ষ্যে NTF II এর উদ্দেশ্য সর্ম্পকে ধারণা প্রদানের লক্ষ্যে এ সেমিনারের আয়োজন করা হয়।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম তাঁর স্বাগত বক্তব্যে বলেন, বাংলাদেশ আইটি খাতে চীন, পাকিস্তান, শ্রীলংকা, নেপাল ও ভিয়েতনামের সাথে প্রতিযোগিতা করছে। তিনি বলেন, বাংলাদেশের ইতিবাচক ব্রান্ডিং এর বিষয়টি সংশ্লিষ্ট খাতের উন্নয়নের সাথে জড়িত। তিনি উল্লেখ করেন, ডিজিটাল বাংলাদেশ গড়ার জন্য শক্তিশালী আইটি এবং আইটিইসি খাত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। তিনি বলেন, আমাদের Comprehensive আইটিসি পলিসি এবং পিপিপি গাইড লাইন রয়েছে যার মাধ্যমে এ খাতের উন্নয়ন সম্ভব। তিনি আরো বলেন, বর্তমান সরকার বেসরকারী খাতের সেবা যুগোপযুগী করার জন্য অনলাইন পদ্ধতি গ্রহণ করেছে যার ফলে ব্যবসায়ে ব্যয় হ্রাস পাচ্ছে।

বাংলাদেশ এসোসিয়েশন অফ সফটওয়ার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)'র সভাপতি জনাব মাহবুব জামান বলেন, GARTNER সম্প্রতি বাংলাদেশকে ৩০টি আউটসোর্সিং দেশের তালিকায় অন্তর্ভুক্ত করেছে। তিনি জানান, মধ্যম আয়ের দেশের স্বীকৃতি এবং ডিজিটাল বাংলাদেশের স্বপ্ন বাস্তবায়নের জন্য তথ্য প্রযুক্তির বিকল্প নেই। তিনি বলেন, এ খাতে বিদ্যমান সমস্যাগুলো দূরীকরণের জন্য এখনই নীতিমালা গ্রহণ করা দরকার। তিনি মনে করেন, এ খাতের অগ্রগতির লক্ষ্যে পাবলিক-প্রাইভেট-পার্টনারশিপ এর ভিত্তিতে উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

বাংলাদেশস্থ রাজকীয় নেদারল্যান্ডস দূতাবাসের মান্যবর রাষ্ট্রদূত মি. আলফন্স হেনিকেন্স বলেন, বাংলাদেশ কে আইটি খাতের উন্নয়নের লক্ষ্যে সহযোগিতার জন্য নেদারল্যান্ড সরকার প্রস্তুত রয়েছে এবং তাঁর দেশ মনে করে, এ খাতে বাংলাদেশের সম্ভাবনা প্রচুর। তিনি মনে করেন বাংলাদেশের শ্রমের স্বল্প মজুরী এবং বিদ্যমান দক্ষ মানব সম্পদ এ খাতের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তিনি লক্ষ্য অর্জনের জন্য অবকাঠামো উন্নয়ন এবং আইটি খাতে সরকারের গতিশীল নেতৃত্বের উপর গুরুত্ব আরোপ করেন।

বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ গোলাম হোসেন এ ধরনের সেমিনার আয়োজনের জন্য ডিসিসিআই এবং বেসিস কে ধন্যবাদ জানান। তিনি NTF II প্রকল্পের সাফল্যের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি জানান, বর্তমান সরকার দেশী ও বিদেশী উদ্যোক্তাদের জন্য নানা ধরনের সুবিধা প্রদান করছে। তিনি বলেন, সারা বিশ্বে বাংলাদেশ আইটি খাতের অন্যতম আউটসোর্সিং গন্তব্য স্থল হিসেবে চিহ্নিত হয়েছে এবং আমাদেরকে এ ইমেজ ইতিবাচকভাবে তুলে ধরতে হবে এবং এর সম্পূর্ণ ব্যবহার করতে হবে।

আইটিসি'র কনসালটেন্ট পল টিজা, ডেনিস এসএমই প্রজেক্ট এর প্রধান টিনা বোর্ক এবং আইটিসি NTF II প্রজেক্টের ম্যানেজার মি. মার্টিন ল্যাবে সেমিনারে পাওয়ার পয়েন্ট প্রেজেনটেশন উপস্থাপন করেন।

ডিসিসিআই'র উর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর ধন্যবাদ প্রস্তাব জ্ঞাপন করেন এবং বাংলাদেশের পজিটিভ ব্রান্ডিং এর উপর গুরুত্ব আরোপ করেন।

অর্থমন্ত্রীর সাথে ডিসিসিআই'র পরিচালনা পর্ষদের সাক্ষাৎ

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের নেতৃত্বে ডিসিসিআই'র পরিচালনা পর্ষদ ৬ ফেব্রুয়ারি ২০১১ তারিখ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিতের সাথে সচিবালয়ে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম সম্প্রতি সরকার ঘোষিত মুদ্রানীতিতে উৎপাদন খাতকে অধিক প্রধান্য এবং ঋণ প্রবাহ নিশ্চিত করার জন্য ধন্যবাদ জানান। তিনি শেয়ার বাজারের বর্তমান অবস্থা মোকাবেলার জন্য এসইসি, কেন্দ্রীয় ব্যাংক, অর্থ মন্ত্রণালয় এবং ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের সম্মিলিত পদক্ষেপ গ্রহণের উপর গুরুত্ব আরোপ করেন। এ বিষয়ে তিনি বলেন, "জেড" ক্যাটাগরির শেয়ারের উপর নিয়ন্ত্রণ আরোপ করা প্রয়োজন এবং বাজারের মোট শেয়ারের চেয়ে এ সব কোম্পানীর শেয়ার ১০% চেয়ে বেশি হওয়া উচিত নয়। তিনি প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের উপর কঠোর নিয়ন্ত্রণ আরোপের প্রস্তাব করেন। তিনি বলেন, একটি গতিশীল শেয়ার বাজারের জন্য কর্পোরেট তথ্যসমূহ সঠিক ও নির্ভুল হওয়া জরুরী। তিনি মটর গাড়ি, ইলেকট্রনিক পণ্যের মত সংযোজনশীল শিল্পের ক্ষেত্রে "ট্যাক্স হলিডে" সুবিধা বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেন। তিনি আরো বলেন, বর্তমানে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর আদায় ও নীতিমালা তৈরির দায়িত্ব পালন করছে। তিনি খাত দুটোকে আরো গতিশীলতা আনয়নের জন্য এগুলোর কাজকে আলাদা করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি নিটিং, ডাইং, ওয়েভিং এবং স্পিনিং রপ্তানী খাতে কর হার কমানোর উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, বর্তমান সময়ে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দাম যেভাবে বৃদ্ধি পাচ্ছে, তাই সরকারের উচিত বিদ্যুতের দাম না বাড়িয়ে আগের পর্যায়ে রাখা। ডিসিসিআই সভাপতি পুনরায় সম্পত্তি কর আরোপ এবং ভ্যাট রিটার্ন ফাইলিং এর বিষয়ে শাস্তিমূলক ব্যবস্থার বৃদ্ধি না করার প্রস্তাব করেন।

অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত বলেন, ডিসিসিআই'র নবনির্বাচিত পরিচালনা পর্ষদকে তাঁর কার্যালয়ে আসার জন্য ধন্যবাদ জানান এবং ডিসিসিআই কর্তৃক উথাপিত প্রস্তাবনাসমূহের সমর্থন জানান। তিনি বলেন, সরকার পিপিপি মডেলের প্রকল্পসমূহে উৎসাহ প্রদান করছে এবং রেন্টাল বিদ্যুৎ কেন্দ্র স্থাপনে সরকার প্রায় লক্ষ্যমাত্রার কাছাকাছি অবস্থানে রয়েছে। তিনি জানান, সরকার এনবিআরের কর আহরণ ও নীতিমালা প্রণয়ন এর দ্বৈত কর্মকাণ্ডের বিষয়টির ব্যাপারে আরও আলোচনা করবে। তিনি বলেন, সম্প্রতি আভ্যন্তরীণ কর আহরণের পরিমান অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। পুঁজিবাজার সর্ম্পকে তিনি বলেন, সরকারী প্রতিষ্ঠানসমূহে পুঁজিবাজারে আসা উচিত এবং এ বিষয়ে অর্থমন্ত্রণালয় সর্বাত্নক সহযোগিতা প্রদান করবে। তিনি জানান, প্রাথমিক পর্যায়ে কম হারে সুদ প্রদানের বিষয়টি ট্যাক্স হলিডের বিকল্প হতে পারে। তিনি VAT ACT এবং Direct TAX Act 2011 এর বিষয়ে ডিসিসিআইকে মতামত প্রদানের আহবান জানান। তিনি ডিসিসিআই কর্তৃক প্রস্তাবিত তথ্য সংরক্ষন সময়মীমা ৪ বছর থেকে ৬ বছরে বৃদ্ধির বিষয়ে একমত পোষণ করে।

ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর আইটি খাতের মানব সম্পদ উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে টেকসই মডেল প্রণয়নের আহবান জানান।

ডিসিসিআই পরিচালক ইঞ্জিনিয়ার সৈয়দ মোশাররফ হোসেন, সর্বজনাব ওয়াকার আহমেদ চৌধুরী, খায়রুল মজিদ মাহমুদ এবং এম আবু হোরায়রা বক্তব্য প্রদান করেন। ডিসিসিআই সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক সর্বজনাব হোসেন এ সিকদার, এম বশির উল্লাহ ভূঁইয়া, মাহাবুব আনাম, কে এম এন মনজুরুল হক, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, এম আনওয়ারুল হক, আবসার করিম চৌধুরী এবং ডিসিসিআই'র ভারপ্রাপ্ত সচিব মিসেস ফেরদৌস আরা বেগম এ সময় উপস্থিত ছিলেন।

বাণিজ্য মন্ত্রীর সাথে ডিসিসিআই'র পরিচালনা পর্ষদের সাক্ষাৎ অনুষ্ঠিত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের নেতৃত্বে ডিসিসিআই'র পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ ৯ ফেব্রুয়ারি ২০১১ তারিখ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় বাণিজ্য মন্ত্রী জনাব মুহাম্মদ ফারুক খানের সাথে সচিবালয়ে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এ সময় বাণিজ্য সচিব জনাব মোঃ গোলাম হোসেন উপস্থিত ছিলেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম তাঁর বক্তৃতায় বলেন, আমাদের উচিত জনগনের ক্রয় ক্ষমতার কথা বিবেচনা করে মাইক্রো লেভেল পলিসি বিশ্লেষণ করা। তিনি দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি রোধকল্পে টিসিবিকে ঢেলে সাজানোর উপর গুরুত্ব আরোপ করেন। তিনি পিপিপি ফ্রেমওয়ার্কের আওতায় একটি সমন্বিত খাদ্য নিরাপত্তা নীতি তৈরির উপর জোর দেন। তিনি বলেন, জাতীয় ডায়নেমিক ট্রেড পোর্টাল বাস্তাবায়নে ডিসিসিআই'র সর্বাত্নক সহযোগিতার আশ্বাস প্রদান করবে। তিনি জানান, বাংলাদেশ পরবর্তী বিনিয়োগের কেন্দ্রস্থল হতে পারে, তবে সে জন্য আমাদের উচিত চায়না প্লাস ওয়ান স্ট্রাটেজি বাস্তবায়নে সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করা হবে। ডিসিসিআই সভাপতি বলেন, সরকার ঘোষিত রপকল্প ২০২১ অর্জন এবং ৮% হারে প্রবৃদ্ধি অর্জনে বিনিয়োগ বাড়ানোর কোন বিকল্প নেই। সম্প্রতি গ্যাস সংকট প্রসঙ্গে তিনি বলেন, আমাদের সীমিত গ্যাস সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার জন্য তড়িৎ স্বল্প মেয়াদী পরিকল্পনা গ্রহণ করতে হবে। তিনি বলেন পিপিপি প্রজেক্টের আওতায় সরকারের উচিত পুঁজি বাজারে বিনিয়োগ করা। তিনি বাংলাদেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করনে জাতীয় কয়লা নীতি বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি আরো বলেন, বৈশ্বিক বাজারে প্রতিযোগিতা মোকাবেলার লক্ষ্যে বাংলাদেশের উচিত একটি নতুন নীতিমালা প্রণয়ন করা। তিনি রপ্তানি উন্নয়ন ব্যুরোর গবেষণা ও দক্ষতা বৃদ্ধির উপর জোর দেন।

বাণিজ্যমন্ত্রী জনাব মুহাম্মদ ফারুক খান বলেন, বর্তমান সরকার দেশে ব্যবসা-বাণিজ্যের পরিবেশ উন্নতকরণের লক্ষ্যে কাজ করে যাচ্ছে, এ জন্য সরকার বিদ্যমান কোম্পানী আইন সংস্কারের উদ্যোগ গ্রহণ করেছে। তিনি বলেন, বাংলাদেশকে ১০০% ডিউটি ও কোটা ফ্রি সুবিধা পেতে আগামীতে অনুষ্ঠিতব্য ডব্লিউটিও এর সম্মেলনে দাবী জানানো হবে। তিনি জানান, ভোজ্য তেলের সংকট নিরসনের লক্ষ্যে এর উপর ট্যাক্স কমানোর বিষয়টি সরকার চিন্তা ভাবনা করছে। তিনি বলেন, বিদ্যুৎ সংকট সমাধানের লক্ষ্যে সরকার ইতোমধ্যে স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণ করেছে। এ খাতে দীর্ঘমেয়াদী পরিকল্পনা হিসেবে তিনি কয়লা-ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, সরকার টিসিবি ও বাপেক্স এর দক্ষতা বৃদ্ধিতে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে। তিনি বর্তমান বাজার পরিস্থিতিতে ব্যবসায়ীদেরকে "কম মুনাফা-বেশি সেবা" এ মতবাদে উদ্বুদ্ধ হয়ে ব্যবসা পরিচালনার আহবান জানান। তিনি বলেন, ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতে ঋণের সুদের হার কমানোর বিষয়টি সরকারের সক্রিয় বিবেচনায় রয়েছে।

বাণিজ্য সচিব জনাব মোঃ গোলাম হোসেন বলেন, বর্তমান সরকার রপ্তানি বৃদ্ধিতে দ্বিপাক্ষিক বাণিজ্যিক সম্পর্ক উন্নয়নের উপর গুরুত্ব দিচ্ছে। তিনি জানান, বিভিন্ন আইন ও নীতিমালা সংস্কারের লক্ষ্যে সরকার "মিড টার্ম রিভিউ" নামক পরিকল্পনা গ্রহণ করেছে।

ডিসিসিআই'র ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, পরিচালক সর্বজনাব হোসেন এ সিকদার, এম বশির উল্লাহ ভূঁইয়া, ওয়াকার আহমেদ চৌধুরী, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, এ এস এম মহিউদ্দিন মোনেম, ওসমান গনি, খায়রুল মজিদ মাহমুদ, কে এম এন মনজুরুল হক এবং এম আবু হোরায়রা বক্তব্য রাখেন।

ডিসিসিআই'র সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক ইঞ্জিনিয়ার সৈয়দ মোশাররফ হোসেন, সর্বজনাব মাহাবুব আনাম, এম আনওয়ারুল হক, আবসার করিম চৌধুরী এবং মোহাম্মদ সিরাজুল ইসলাম এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআইতে "কনজুমার রাইটস্ অ্যান্ড রেসপনসিবিলিটিস" বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) ১০ ফেব্রুয়ারি ২০১১ তারিখ "কনজুমার রাইটস্ অ্যান্ড রেসপনসিবিলিটিস" বিষয়ক সেমিনারের আয়োজন করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় বাণিজ্য মন্ত্রী জনাব মুহাম্মদ ফারুক খান সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম বলেন, আজকের এ সেমিনারের মূল উদ্দেশ্য হলো ভোক্তাদেরকে নিজেদের অধিকার ও কর্তব্য সম্পর্কে অবহিত করা এবং এর মাধ্যমে একটি সচেতন ভোক্তা গোষ্ঠী গঠন করা। তিনি ভোক্তাদের কে নিজেদের অধিকার সম্পর্কে সচেতন হওয়ার আহবান জানান যেন অসাধু ব্যবসায়ীরা তাদেরকে প্রতারিত করতে না পারে। তিনি বলেন, ভোক্তারা হলেন ব্যবসায়ের প্রাণ, তাই ভোক্তাদের অধিকারের বিষয়গুলোকে ব্যবসায়ীদের অবশ্যই গুরুত্ব দেয়া উচিত। তিনি জেলা পর্যায়ে কনজুমার কোর্ট স্থাপন এবং জেলা পর্যায়ের চেম্বারগুলোতে কনজুমার প্রটেকশন সেল গঠনের প্রস্তাব জানান। তিনি বলেন, কনজুমার এসোসিয়েশন অফ বাংলাদেশ (ক্যাব) ভোক্তাদের অধিকার ও দায়িত্ব সম্পর্কে সচেতন করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

বাণিজ্যমন্ত্রী জনাব মুহাম্মদ ফারুক খান ডিসিসিআইকে এ বিষয়ে সেমিনার আয়োজনের জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন, বর্তমান সরকার সকল মহলের সাথে আলোচনার মাধ্যমে ভোক্তা অধিকার আইন প্রণয়ন করেছে এবং একই সাথে ভোক্তা অধিকার অধিদপ্তরকে আধুনিকায়নের জন্য কার্যক্রম গ্রহণ করেছে। তিনি জানান, এ অধিদপ্তর ইতোমধ্যে প্রায় ৮০০টি অভিযান পরিচালনা করেছে এবং বিভিন্ন অভিযোগে ৮০ লক্ষ টাকা জরিমানা করেছে। তিনি ভোক্তা অধিকার বিষয়ে জনগণের মাঝে সচেতনতা বাড়ানোর আহবান জানান। সম্প্রতি দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি প্রসঙ্গে তিনি বলেন, সারা বিশ্বে দ্রব্যের মূল্য বৃদ্ধির কারণে বাংলাদেশেও কিছু কিছু পণ্যের দাম বেড়েছে। তিনি বলেন, দেশে পর্যাপ্ত পরিমাণের ভোজ্য তেল মজুদ রয়েছে এবং ভোজ্য তেলের উপর ট্যারিফ কমানোর বিষয়টি সরকারের বিবেচনায় রয়েছে। তিনি সরকার ও ব্যবাসায়ী সম্প্রদায়ের বাজার মনিটরিং এবং বাজারের সাপ্লাই চেইন তদারকির উপর গুরুত্ব আরোপ করেন। তিনি ভোক্তাদের অধিকার নিশ্চিত করার জন্য ব্যবসায়ী সংগঠনগুলোকে এগিয়ে আসার আহবান জানান। তিনি জানান, ভোক্তা অধিকার সম্পর্কিত বিষয়গুলো আমাদের পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করার বিষয়টি সরকার চিন্তা-ভাবনা করছে। তিনি আরো বলেন, সকল ধরনের খাদ্য দ্রব্য প্যাকেট জাত করে বাজারজাতকরণের বিষয়টি সরকারের সক্রিয় বিবেচনায় আছে।

লিডিং বিশ্ববিদ্যালয়ের প্রভাষক জনাব এম এস সিদ্দীকি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন।

ডিসিসিআই পরিচালক জনাব নিয়াজ রহিম, অগ্রণী ব্যাংকের চেয়ারম্যান ডঃ খন্দকার বজলুল হক এবং ন্যাশনাল কাউন্সিল ফর কনজুমার রাইটস্ প্রটেকশন এর মহাপরিচালক জনাব আবুল হোসনে মিয়া নির্ধারিত আলোচক হিসেবে আলোচনায় অংশগ্রহণ করেন।

ডিসিসিআই পরিচালক সর্বজনাব ওয়াকার আহমেদ চৌধুরী, খায়রুল মজিদ মাহমুদ, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, আবসার করিম চৌধুরী, এম আবু হোরায়রা, প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব এম এস সেকিল চৌধুরী, প্রাক্তন সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম, ডিসিসিআই'র আহবায়ক জনাব খলীকুজ্জামান, সেন্টার ফর ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ ডেভেলপমেন্ট এর চেয়ারম্যান জনাব নাসিরউদ্দিন এ ফেরদৌস, শেল্টার কন্সট্রাকশন লিমিটেডের নির্বাহী পরিচালক ক্যাপ্টেন মোঃ নূরুল হক (অবঃ), ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ রিয়াদুল হক মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন।

ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন।

ডিসিসিআই সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক জনাব এম বশির উল্লাহ ভূঁইয়া, জনাব কে এম এন মনজুরুল হক এবং ডিসিসিআই'র ভারপ্রাপ্ত সচিব মিসেস ফেরদৌস আরা বেগম এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআইতে "১০৯ তম চায়না এক্সপোর্ট অ্যান্ড ইমপোর্ট ফেয়ার" বিষয়ক প্রমোশনাল সেমিনার অনুষ্ঠিত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), চায়না ফরেন ট্রেড সেন্টার (সিএফটিসি) এবং বাংলাদেশস্থ চীনা দূতাবাস যৌথভাবে "১০৯তম চায়না এক্সপোর্ট অ্যান্ড ইমপোর্ট ফেয়ার" বিষয়ক প্রোমশনাল সেমিনারের আয়োজন করে। ২০ ফেব্রুয়ারি ২০১১ তারিখ ডিসিসিআইতে আয়োজিত এ সেমিনারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিল্প মন্ত্রী জনাব দিলীপ বড়ুয়া সেমিনারে প্রধান অতিথি এবং বাংলাদেশস্থ চীনা দূতাবাসের মান্যবর রাষ্ট্রদূত মি. জেং জিয়াংই বিশেষ অতিথি হিসেবে সেমিনারে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে দুদেশের মধ্যকার বাণিজ্য সম্পর্ক বৃদ্ধির লক্ষ্যে ডিসিসিআই এবং চায়না ফরেন ট্রেড সেন্টার (সিএফটিসি) এর মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম বলেন, বাংলাদেশের ব্যবসা-বাণিজ্য, অবকাঠামো এবং অর্থনৈতিক উন্নয়নে চীন গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে এবং সাম্প্রতিক বছরগুলোতে ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগের ক্ষেত্রে দুদেশের সম্পর্ক আরো সুদৃঢ় হয়েছে। তিনি বলেন, বর্তমানে চীন বাংলাদেশের পণ্য আমদানির প্রধান উৎস কিন্তু বাংলাদেশ থেকে পণ্য রপ্তানির ক্ষেত্রে আমরা এখনও কাঙ্খিত মাত্রায় পৌঁছাতে পারিনি। তিনি চীন ও বাংলাদেশের বাণিজ্য ঘাটতি কমাতে দুদেশের সরকারী এবং বেসরকারী পর্যায়ে উদ্যোগ গ্রহণের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি জানান, বাংলাদেশ ইউরোপীয় ইউনিয়ন, জাপান, অস্ট্রেলিয়া এবং নিউজিল্যান্ড থেকে ডিউটি ফ্রি এবং কোটা ফ্রি সুবিধা পাচ্ছে। কিন্তু সরবরাহ জনিত সীমাবদ্ধতার কারণে এ সুযোগের সঠিক ব্যবহার করতে পারছে না। তিনি চীনা উদ্যোক্তাদের বাংলাদেশে টেক্সটাইল, পাট ও পাটজাত পণ্য, তথ্য প্রযুক্তি, কৃষিজাত, খাদ্য প্রক্রিয়াজাত পণ্য, পর্যটন, হোটেল, তৈরি পোষাক, ঔষধ এবং অটোমোবাইল ইত্যাদি খাতে বিনিয়োগের আহবান জানান। তিনি বলেন, চীনের ট্রেড প্রমোশনাল অর্গানাইজেশনগুলোর সাথে ডিসিসিআই নিবিড় সম্পর্ক রয়েছে এবং আজকের এ সেমিনারের মাধ্যমে দুদেশের মধ্যকার সম্পর্ক আরো সুদৃঢ় হবে।

শিল্প মন্ত্রী জনাব দিলীপ বড়ুয়া বাংলাদেশের বাণিজ্য সম্প্রসারণের জন্য অবকাঠামো খাতে বিনিয়োগের জন্য প্রতিনিধিদলের প্রতি আহবান জানান। তিনি বাংলাদেশের সোনাদিয়া দ্বীপ সংলগ্ন এলাকায় গভীর সমুদ্র বন্দর স্থাপনের জন্য আহবান জানান। তিনি বলেন, বাংলাদেশ ও কুনমিং এর মধ্যে সরাসরি সড়ক যোগাযোগ স্থাপনের জন্য চীনা সরকার বাস্তবমুখী পদক্ষেপ গ্রহণ করবে। তিনি জানান, সরকার ঘোষিত নতুন শিল্পনীতিতে বেসরকারীখাত কে শিল্পায়নে এগিয়ে আসার জন্য সর্বাধিক গুরুত্ব প্রদান করা হয়েছে। তিনি বলেন, বাংলাদেশে বিনিয়োগ আকৃষ্ট করার জন্য সরকার বিশেষ ইকোনোমিক জোন স্থাপনের পরিকল্পনা গ্রহণ করেছে। তিনি আরো বলেন, বর্তমান সরকার দেশে একটি শিল্প বান্ধব পরিবেশ তৈরির জন্য বদ্ধ পরিকর।

চীনা রাষ্ট্রদূত মি. জেং জিয়াংই এ ধরনের আয়োজনের জন্য ডিসিসিআইকে ধন্যবাদ জানান। তিনি বাংলাদেশ ও চীনের বাণিজ্য ঘাটতি কমানোর লক্ষ্যে বাণিজ্যিক ব্যাংকগুলোর দক্ষতা বৃদ্ধি এবং বাণিজ্য বিষয়ক ম্যাচ মেকিং সেশন আয়োজনের প্রস্তাব করেন। তিনি বাংলাদেশে বিনিয়োগ বৃদ্ধির জন্য জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা, সড়ক ও রেল পথের উন্নয়ন এবং অবকাঠামো উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করেন।

চায়না ফরেন ট্রেড সেন্টার (সিএফটিসি) উপ-নির্বাহী পরিচালক মি. চেন চাওরেন জানান, ক্যান্টন মেলা সবধরনের ব্যবসায়ীদের ব্যবসা সম্প্রসারণের জন্য একটি আদর্শ প্ল্যাটফর্ম। তিনি বাংলাদেশী ব্যবসায়ীদের কে নিজেদের ব্যবসা সম্প্রসারণের লক্ষ্যে এ মেলায় অংশগ্রহণের আহবান জানান।

ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন।

ডিসিসিআই সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক সর্বজনাব হোসেন এ সিকদার, এম বশির উল্লাহ ভূঁইয়া, মাহাবুব আনাম, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, এম আনওয়ারুল হক, আবসার করিম চৌধুরী, এম আবু হোরায়রা, মোহাম্মদ সিরাজুল ইসলাম, ডিসিসিআই'র প্রাক্তন সভাপতি জনাব এম এইচ রহমান, প্রাক্তন পরিচালক সৈয়দ মোয়াজ্জম হোসেন এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআই'র সভাপতির সাথে মিয়ানমারের বাণিজ্য প্রতিনিধিদলের সাক্ষাৎ

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের সাথে মিয়ানমার ফার্মাসিউটিক্যাল অ্যান্ড মেডিক্যাল ইকুইপমেন্ট এন্টারপ্রিনিউর এসোসিয়েশনের চেয়ারম্যান ডঃ ইউং সি এর নেতৃত্বে ৬ সদস্য বিশিষ্ট মিয়ানমারের একটি বাণিজ্য প্রতিনিধিদল ২৪ ফেব্রুয়ারি ২০১১ তারিখ ডিসিসিআইতে সাক্ষাৎ করে।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম প্রতিনিধিদলকে ডিসিসিআইতে আসার জন্য ধন্যবাদ জানান। তিনি দুদেশের মধ্যে বাণিজ্য সম্পর্ক সম্প্রসারণের লক্ষ্যে বাংলাদেশ ও মায়ানমারের মধ্যে সরাসরি সড়ক, নৌ এবং বিমান পথে সরাসরি যোগাযোগ চালুর উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বাংলাদেশ থেকে ঔষধ, চামড়াজাত পণ্য, কেমিক্যাল পণ্য, তৈরি পোষাক, চামড়াজাত পণ্য ইত্যাদি পণ্য আমদানির জন্য মিয়ানমারের ব্যবসায়ীদের আহবান জানান। ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম দুদেশের ব্যবসা-বাণিজ্যের উন্নয়নের লক্ষ্যে সরকারী ও বেসরকারী পর্যায়ে সহযোগিতা বৃদ্ধির উপর জোর দেন।

প্রতিনিধি দলের নেতা ডঃ ইউ সিং দুদেশের মধ্যে বেসরকারী পর্যায়ে সরাসরি বিমান যোগাযোগ চালুর জন্য বাংলাদেশী প্রাইভেট বিমান সংস্থাগুলোর প্রতি আহবান জানান। তিনি দুদেশের মধ্যে বাণিজ্য বৃদ্ধির লক্ষ্যে ডিসিসিআই এবং মিয়ানমার চেম্বার অব কমার্সের মধ্যে সমঝোতা স্বারক স্বাক্ষরের উপর গুরুত্ব আরোপ করেন।

ডিসিসিআই'র ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক ইঞ্জিনিয়ার সৈয়দ মোশাররফ হোসেন, সর্বজনাব হোসেন এ সিকদার, এম বশির উল্লাহ ভূঁইয়া, ওয়াকার আহমেদ চৌধুরী, ওসমান গনি, কে এম এন মনজুরুল হক, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, এম আনওয়ারুল হক, কে জি করিম, আবসার করিম চৌধুরী, এম আবু হোরায়রা, প্রাক্তন সভাপতি জনাব হোসেন খালেদ এবং ডিসিসিআই'র ভারপ্রাপ্ত সচিব মিসেস ফেরদৌস আরা বেগম এ সময় উপস্থিত ছিলেন।

RAKIA, UAE এবং বাংলাদেশের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ প্রসার সম্ভাবনা সম্পর্কে ডিসিসিআইতে আলোচনা সভা অনুষ্ঠিত

বাংলাদেশ এবং রাস আল খাইমা ইনভেস্টমেন্ট অথরিটি (রাকিয়া) এর সাথে "বিনিয়োগ এবং বাণিজ্য প্রসার বৃদ্ধি" বিষয়ক বাণিজ্য আলোচনা সভা ৫ মার্চ ২০১১ তারিখ ডিসিসিআই'তে অনুষ্ঠিত হয়। আরএকে অফসোরের জেনারেল ম্যানেজার মি. পিটার সুসটার এবং বিজনেস ডেভেলপমেন্ট এক্সিকিউটিভ মিসেস আসমা ফয়সাল এ সময় উপস্থিত ছিলেন।

আরএকে অফসোর সংযুক্ত আরব আমিরাত সরকারের একটি স্বাধীন প্রতিষ্ঠান, যেটি সারা বিশ্বে বিনিয়োগের জন্য কাজ করে থাকে। আরএকে তাদের সাম্প্রতিক বিনিয়োগ বিষয়ক বিশ্লেষণে বাংলাদেশকে একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগ গন্তব্যস্থল হিসেবে চিহ্নিত করেছে এবং প্রতিষ্ঠানটি বাংলাদেশে সার্ভিস সেক্টরের পাশাপাশি অন্যান্য খাতে যৌথ বিনিয়োগের খাত নির্ধারণে প্রচেষ্টা গ্রহণ করেছে। উল্লেখ্য, আরএকে ২০০৭ সাল থেকে বিনিয়োগের জন্য কাজ করে আসছে এবং এ পর্যন্ত প্রায় ৪০০০ অফসোর কোম্পানীর নিবন্ধন সম্পন্ন করেছে।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম আরএকে প্রতিনিধিবৃন্দকে ডিসিসিআইতে আসার জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন, বাংলাদেশ ও সংযুক্ত আরব আমিরাতের মধ্যে দীর্ঘদিনের দ্বিপাক্ষিক বাণিজ্য সম্পর্ক বিরাজমান। তিনি বলেন, বর্তমান সরকার বিনিয়োগকে আকৃষ্ট করার জন্য ট্যাক্স হলিডে, রয়েলটি পেমেন্ট, টেকনিক্যাল ফি এবং অন্যান্য সুবিধাসহ আকর্ষণীয় বিনিয়োগ প্যাকেজ ঘোষণা করেছে। তিনি এ সব সুবিধা গ্রহণ করে উদ্যোক্তাদের বাংলাদেশে বিনিয়োগের আহবান জানান। তিনি জানান, সরকার বিদেশী বিনিয়োগকারীদের এসএমই খাতে বিনিয়োগের জন্য বিএসসিআইসি শিল্প এলাকা এবং স্পেশাল ইকোনোমিক জোন গুলোতে বিশেষ প্লট বরাদ্দের ব্যবস্থা করেছে। তিনি আরো বলেন, বর্তমান সরকার বাংলাদেশকে ডিজিটাল বাংলাদেশে রূপান্তরিত করার লক্ষ্যে হাইটেক ক্যাপিটাল ইনসেনটিভ শিল্পের উপর বিশেষ গুরুত্ব দিচ্ছে। ডিসিসিআই সভাপতি বলেন, বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে বেসরকারী খাত গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। তিনি প্রতিনিধিদলকে বাংলাদেশের মংলা সমুদ্র বন্দরে বিনিয়োগের আহবান জানান। এতে উভয় দিকে বাণিজ্য বৃদ্ধি পেতে পারে বলে তিনি মনে করেন।

আরএকে অফসোরের জেনারেল ম্যানেজার মি. পিটার সুসটার বলেন, ম্যানুফেকচারিং, রিয়েল এস্টেট, পর্যটন, কৃষি, যোগাযোগ, হাসপাতাল, শিক্ষা ইত্যাদি খাতে বিনিয়োগের জন্য আরএকে উপযুক্ত স্থান। তিনি জানান, সংযুক্ত আরব আমিরাতে বিনিয়োগকারীদেরকে ইনকাম ট্যাক্স এবং ব্যক্তিগত খাত, কর্পোরেট খাতে শূন্য হারে ট্যাক্স প্রদান করা ছাড়াও অন্যান্য সুবিধা প্রদান করা হয়ে থাকে। তিনি এ সুবিধা গ্রহণ করে বাংলাদেশী ব্যবসায়ীদেরকে সে দেশে বিনিয়োগের আহবান জানান। তিনি বাংলাদেশের কক্সবাজারে বিনিয়োগে আগ্রহ প্রকাশ করেন।

ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর ধন্যবাদ জ্ঞাপন করেন।

মুক্ত আলোচনায় ডিসিসিআই'র পরিচালক জনাব এ এস এম মহিউদ্দিন মোনেম, জনাব খায়রুল মজিদ মাহমুদ, প্রাক্তন সভাপতি জনাব আর মাকসুদ খান, প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি আলহাজ্ব আব্দুস সালাম, জনাব আশরাফ ইবনে নূর, জনাব এম এস সেকিল চৌধুরী, প্রাক্তন পরিচালক জনাব সবুর খান, জনাব নেসার মাকসুদ খান, জনাব সালেম সোলায়মান, ডিসিসিআই আহবায়ক জনাব শোয়েব চৌধুরী, জনাব মুক্তার হোসেন চৌধুরী অংশগ্রহণ করেন। আলোচকবৃন্দ জাহাজ নির্মান, অবকাঠামো, খাদ্য ও পানীয়, কৃষি, বন্দর ইত্যাদি গুরুত্বপূর্ণ খাতে বিনিয়োগের আহবান জানান।

ডিসিসিআই সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক জনাব হোসেন এ সিকদার, জনাব কে এম এন মনজুরুল হক, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, জনাব এম আনওয়ারুল হক, জনাব আবসার করিম চৌধুরী, প্রাক্তন পরিচালক মেজর (অবঃ) মোঃ ইয়াদ আলী ফকির এবং ডিসিসিআই'র অতিরিক্ত সচিব (গবেষণা) মিসেস ফেরদৌস আরা বেগম এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআইতে "জলবায়ু পরিবর্তন এবং বেসরকারী খাতের প্রেক্ষিত" বিষয়ক ওয়ার্কশপ অনুষ্ঠিত

ডিসিসিআই, অক্সফাম বাংলাদেশ এবং ক্যাম্পাইন ফর সাসটেইনেবল লাইভলিহোড (সিএসআরএল) যৌথভাবে ৭ মার্চ ২০১১ তারিখ "জলবায়ু পরিবর্তন এবং বেসরকারী খাতের প্রেক্ষিত" বিষয়ক ওয়ার্কশপের আয়োজন করে। পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশনের চেয়ারম্যান ডঃ কাজী খলিকুজ্জামান আহমেদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম নৈতিকতার সাথে ব্যবসা পরিচালনা এবং যথাযথ বর্জ ব্যবস্থাপনা নিশ্চিত করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, সরকারের উচিত প্রচলিত আইন-কানুনের সংস্কার এবং নতুন নতুন আইন প্রণয়নের মাধ্যমে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় কার্যকর পদক্ষেপ গ্রহণ করা। তিনি জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট সমস্যা সমাধানে ব্যবসায়ী মহলকে এগিয়ে আসার আহবান জানান। তিনি জলবায়ু পরিবর্তনের ঝুঁকি রোধে সারা দেশে বৃক্ষায়নের উপর গুরুত্ব আরোপ করেন।

ওয়ার্কশপের প্রধান অতিথি ডঃ কাজী খলিকুজ্জামান আহমেদ বলেন, জলবায়ু পরিবর্তনের সমস্যাটি উন্নত বিশ্বের তৈরি। তাই এ সমস্যা সমাধানে তাদেরকে পদক্ষেপ গ্রহণ করতে হবে। তিনি এ সমস্যা সমাধানের লক্ষ্যে সকল স্টক হোল্ডারদের মাঝে সমন্বয় সাধন এবং আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেন। তিনি এ বিষয়ে জনগণের সচেতনতা বাড়ানোর প্রতি আহবান জানান।

সেন্টার ফর গ্লোবাল চেঞ্জ (সিজিসি) এর নির্বাহী পরিচালক জনাব আহসান উদ্দিন আহমেদ মূল প্রবন্ধ উপস্থাপন করেন।

মুক্ত আলোচনায় ডিসিসিআই পরিচালক জনাব এম বশির উল্লাহ ভূঁইয়া, জনাব আবসার করিম চৌধুরী, প্রাক্তন উর্ধ্বতন সহ-সভাপতি জনাব এম এস সেকিল চৌধুরী, প্রাক্তন পরিচালক জনাব নেসার মাকসুদ খান, জনাব আহমেদ হোসেন মজুমদার, ডিসিসিআই আহবায়ক জনাব শোয়েব চৌধুরী এবং রহিম আফরোজ'র প্রতিনিধি জনাব তানুজা ভট্টাচার্য, সেল্টার কন্সট্রাকশন লিমিটেড'র নির্বাহী পরিচালক ক্যাপ্টেন মোঃ নূরুল হক (অবঃ) এবং আহমদ আমিন গ্রুপ অফ কোম্পানীজ এর সহ সভাপতি ইঞ্জিনিয়ার এম ফজলুল হক অংশগ্রহণ করেন।

ডিসিসিআই'র উর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর ধন্যবাদ জ্ঞাপন করেন।

ডিসিসিআই সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক জনাব এম আবু হোরায়রা এবং বিশিষ্ট ব্যবসায়ী নেতৃবৃন্দ ওয়ার্কশপে উপস্থিত ছিলেন।

ডিসিসিআইতে "বাংলাদেশের অর্থনীতিতে জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং এর সম্ভাব্য প্রতিকারের প্রয়োজনীয়তা" বিষয়ক ওয়ার্কশপ অনুষ্ঠিত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), অক্সফাম বাংলাদেশ এবং ক্যাম্পেইন ফর সাসটেইনেবল লাইভলিহুড (সিএসআরএল) যৌথভাবে ১২ মার্চ ২০১১ তারিখ "বাংলাদেশের অর্থনীতিতে জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং এর সম্ভাব্য প্রতিকারের প্রয়োজনীয়তা" বিষয়ক ওয়ার্কশপের আয়োজন করে। ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ডঃ আইনুন নিশাত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম বলেন, ভৌগলিক অবস্থান, জনসংখ্যা, দারিদ্রতা ইত্যাদি কারণে বাংলাদেশ জলবায়ু ঝুঁকির মুখে রয়েছে। এগুলোর প্রভাব বাংলাদেশের অর্থনীতির পাশাপাশি পরিবেশ এবং জাতীয় উন্নয়নে নেতিবাচক প্রভাব ফেলবে। বাংলাদেশের বেসরকারী খাত বিশেষ করে ব্যবসায়ী সমাজ এ বিষয়ে অত্যন্ত উদ্বিগ্ন এবং এ সমস্যা সমাধানে সরকারের সাথে একযোগে কাজ করতে আগ্রহী। তিনি জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট সমস্যা মোকাবেলায় ব্যবসায়ীমহলকে এগিয়ে আসার আহবান জানান। তিনি আরো বলেন, তাপমাত্রা বৃদ্ধি, খরা, বন্যা, সুনামি ইত্যাদির কারণে বাংলাদেশের কৃষি খাত ক্ষতিগ্রস্থ হয়েছে এবং এর ফলে আমাদের খাদ্য নিরাপত্তা হুমকির মুখে পড়েছে। তিনি জলবায়ু পরিবর্তন বিষয়ক গবেষণা পরিচালনা করা, জনগনের সচেতনতা বাড়ানোর পাশাপাশি শিক্ষা কার্যক্রমে বিষয়গুলো অন্তর্ভুক্ত করা এবং অবকাঠামো উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, সরকারের উচিত প্রচলিত আইন-কানুনের সংস্কার এবং নতুন নতুন আইন প্রনয়নের মাধ্যমে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় কার্যকর পদক্ষেপ গ্রহণ করা।

ওয়ার্কশপের প্রধান অতিথি প্রফেসর ডঃ আইনুন নিশাত ব্যবসায়ী নেতৃবৃন্দকে জলবায়ু ও পরিবেশগত ঝুঁকি বিবেচনা করে বিনিয়োগ করার আহবান জানান। তিনি জলবায়ু পরিবর্তন ও পরবর্তী সমস্যা মোকাবেলায় বেশি সংখ্যায় গবেষণা পরিচালনা করার জন্য ব্যবসায়ী মহলের প্রতি আহবান জানান। তিনি বলেন, জলবায়ু পরিবর্তন বিষয়ে সরকারের নীতিমালা গ্রহণে বেসরকারীখাতের পরামর্শ প্রদানের জন্য জোরালোভাবে নিজেদের দাবীগুলো উপস্থাপন করতে হবে। তিনি বলেন, জলবায়ু পরিবর্তনের সমস্যাটি উন্নত বিশ্বের তৈরি। তাই এ সমস্যা সমাধানে তাদের থেকে কিভাবে সুবিধা আদায় করা যাবে সে বিষয়ে আমাদের কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং এক্ষেত্রে ব্যবসায়ী সমাজকেই ব্যবসার স্বার্থে সুনির্দিষ্ট প্রস্তাব পেশ করা উচিত। তিনি পরিবেশ সহায়ক প্রযুক্তি গ্রহণের উপর গুরুত্ব আরোপ করেন।

অক্সফাম বাংলাদেশ এর পলিসি অ্যান্ড এ্যাডভোকেসি বিভাগের ম্যানেজার জনাব জিয়াউল হক মুক্তা বেসরকারীখাতের সাথে আলোচনার মাধ্যমে "Bangladesh Climate Change Strategy and Action Plan" প্রণয়নের বিষয়ে সরকারের প্রতি আহবান জানান।

সেন্টার ফর গ্লোবাল চেঞ্জ (সিজিসি) এর নির্বাহী পরিচালক জনাব আহসান উদ্দিন আহমেদ মূল প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাওয়ানোর চেয়ে এ সমস্যা কমানোর উপর গুরুত্ব আরোপ করেন। তিনি ব্যবাসায়ীদেরকে Clean Development Mechanism (CDM) প্রকল্প গ্রহণের প্রতি আহবান জানান– যাতে পরবর্তীতে জলবায়ুর পরিবর্তন এর সাথে মানিয়ে নিয়েই ব্যবসা-বাণিজ্যের অগ্রযাত্রা অব্যাহত রাখা যায়।

ডিসিসিআই'র সহ-সভাপতি জনাব নাসির হোসেন ধন্যবাদ প্রস্তাব জ্ঞাপন করেন।

মুক্ত আলোচনায় ডিসিসিআই পরিচালক সর্বজনাব হোসেন এ সিকদার, খায়রুল মজিদ মাহমুদ, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, আবসার করিম চৌধুরী, এম আবু হোরায়রা, প্রাক্তন উর্ধ্বতন সহ-সভাপতি আলহাজ্ব আব্দুস সালাম, প্রাক্তন সহ-সভাপতি আলহাজ্ব আলাউদ্দিন মালিক, প্রাক্তন পরিচালক সৈয়দ হাবিবুর রহমান এবং ডিসিসিআই আহবায়ক জনাব শোয়েব চৌধুরী অংশগ্রহণ করেন।

ডিসিসিআই সভাপতির সাথে শ্রীলংকার হাই কমিশনারের সাক্ষাৎ

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র সভাপতি আসিফ ইব্রাহীমের সাথে বাংলাদেশে নিযুক্ত শ্রীলংকার মান্যবর হাইকমিশনার মি. এস কে ওয়েরাগোদা ১৬ মার্চ ২০১১ তারিখ ডিসিসিআইতে সাক্ষাৎ করেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম শিক্ষা, সামাজিক সেবা, পর্যটন, তথ্য প্রযুক্তি, জ্বালানি, কৃষিজাত পণ্য, অবকাঠামো উন্নয়ন ইত্যাদি খাতে শ্রীলংকান সরকারের সহযোগিতার প্রস্তাব করেন। তিনি সার্কভুক্ত ও বন্ধুপ্রতিম দুদেশের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য সম্পর্ক উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন বাংলাদেশের মানবসম্পদ উন্নয়ন খাতের বিপুল সম্ভাবনা রয়েছে। তিনি বাংলাদেশের শ্রমিকদের দক্ষতা বৃদ্ধিতে শ্রীলংকার মানব সম্পদ উন্নয়নে কারিগরী সহযোগীতা ও অভিজ্ঞতা বিনিময়ের আশা প্রকাশ করেন।

শ্রীলংকার মান্যবর হাই কমিশনার মি. এস কে ওয়েরাগোদা ডিসিসিআই সভাপতিকে শ্রীলংকায় ডিসিসিআই বাণিজ্য প্রতিনিধি দল প্রেরণের আহ্বান জানান। তিনি দুদেশের মধ্যে বিরাজমান বাণিজ্য সম্পর্ক আরও জোরদার করার উপর গুরুত্ব আরোপ করেন।

ডিসিসিআই সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক সর্বজনাব হোসেন এ সিকদার, এম বশির উল্লাহ ভূঁইয়া, খায়রুল মজিদ মাহমুদ, কে এম এন মনজুরুল হক, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, কে জি করিম এবং আবসার করিম চৌধুরী এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআইতে "ক্লিন ডেভেলপমেন্ট ম্যাকানিজম (সিডিএম)" বিষয়ক ওয়ার্কশপ অনুষ্ঠিত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), অক্সফাম বাংলাদেশ এবং ক্যাম্পেইন ফর সাসটেইনেবল লাইভলিহুড (সিএসআরএল) যৌথভাবে ২০ মার্চ ২০১১ তারিখ "ক্লিন ডেভেলপমেন্ট ম্যাকানিজম (সিডিএম)" বিষয়ক ওয়ার্কশপের আয়োজন করে। সেন্টার ফর ডেভেলপমেন্ট রিসার্চ বাংলাদেশ (সিডিআরবি) এর চেয়ারম্যান ডঃ মিজানুর রহমান শেলী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম বলেন, শিল্প-কারখানা ও যানবাহন থেকে নির্গত কালো ধোঁয়া, গ্রীণ হাউস গ্যাস নির্গমন পরিবেশ ও অর্থনীতিতে বিরূপ প্রভাব ফেলছে। তিনি বলেন, সিডিএম বিষয়ক ওয়ার্কশপ শিল্পকারখানায় সিডিএম প্রযুক্তি ব্যবহারের সুবিধা বিষয়ে উদ্যোক্তাদের ধারণা প্রদান করবে। ডিসিসিআই সভাপতি সবুজ শিল্পায়ন এবং গ্রীন বিজনেস বিষয়ে সচেতনতা বাড়ানোর জন্য সরকারী ও বেসরকারী পর্যায়ে আলোচনা বৈঠক আয়োজনের আহবান জানান। তিনি সিডিএম প্রযুক্তিকে উৎসাহ প্রদান এবং পরিবেশ দূষণ কমানোর জন্য মটর শিল্প, বয়লার শিল্পসহ অন্যান্য শিল্পে কর হ্রাসের সুবিধা প্রদানের আহবান জানান। তিনি ইট ভাটাগুলোতে পরিবেশ সহায়ক প্রযুক্তি ব্যবহার নিশ্চিত করার জন্য নীতিমালা প্রনয়নের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি এ সমস্যা সমাধানে সংশ্লিষ্ট সকলকে একযোগে কাজ করার আহবান জানান।

ওয়ার্কশপের প্রধান অতিথি এবং সেন্টার ফর পলিসি ডেভেলপমেন্ট রিসার্চ বাংলাদেশ এর চেয়ারম্যান ডঃ মিজানুর রহমান শেলী বলেন, জলবায়ু পরিবর্তনের সমস্যাটি উন্নত বিশ্বের তৈরি। তাই এ সমস্যা সমাধানে তাদেরকে পদক্ষেপ গ্রহণ করতে হবে। তিনি অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিত করার জন্য পরিবেশ বান্ধব টেকসই প্রযুক্তি গ্রহণের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি ব্যবসায়ীদের সামাজিক দায়বদ্ধতার সাথে ব্যবসা পরিচালনার আহবান জানান। তিনি সিডিএম বিষয়ে সকলের সচেতনতা বাড়ানোর উপর গুরুত্ব আরোপ করেন।

অক্সফাম বাংলাদেশ এর কান্ট্রি ডিরেক্টর গেরেথ প্রাইস-জোন্স ব্যবসায়ী উদ্যোক্তদের সিডিএম প্রযুক্তি খাতে বিনিয়োগের আহবান জানান। তিনি এ বিষয়ে বিশেষজ্ঞ তৈরির উপর গুরুত্ব আরোপ করেন। তিনি এ লক্ষ্যে ব্যবসায়ী সমাজ ও বিশ্ববিদ্যালয়ের বিশেষজ্ঞ শিক্ষকগণ এ বিষয়ে ওয়াকিবহাল তাঁদের মধ্যে মতবিনিময় এর উপর গুরুত্ব আরোপ করেন।

পরিবেশ অধিদপ্তরের পরিচালক ডঃ ফজলে রাব্বি সাদেক আহমেদ মূল প্রবন্ধ উপস্থাপন করেন।

নির্ধারিত আলোচনায় ওয়েস্ট কনসার্ন গ্রুপের সিইও ডঃ রিয়াজ উদ্দিন এবং এনভায়রনমেন্ট জার্নালিষ্ট ফোরামের চেয়ারম্যান জনাব কামরুল ইসলাম চৌধুরী অংশগ্রহণ করেন।

ডিসিসিআই'র সহ-সভাপতি জনাব নাসির হোসেন ধন্যবাদ প্রস্তাব জ্ঞাপন করেন।

মুক্ত আলোচনায় ডিসিসিআই প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব আশরাফ ইবনে নূর, আলহাজ্ব আব্দুস সালাম এবং ডিসিসিআই আহবায়ক জনাব শোয়েব চৌধুরী অংশগ্রহণ করেন।

ডিসিসিআই পরিচালক সর্বজনাব হোসেন এ সিকদার, নিয়াজ রহিম, এম বশির উল্লাহ ভূঁইয়া, এম আনওয়ারুল হক এবং আবসার করিম চৌধুরী এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআই আয়োজিত "ডিজিটাল বাংলাদেশ : কানেক্টিভিটি অ্যান্ড দি গ্রোথ অফ ইকোনোমি" বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) ২৩ মার্চ ২০১১ তারিখ "ডিজিটাল বাংলাদেশ : কানেক্টিভিটি অ্যান্ড দি গ্রোথ অফ ইকোনোমি" বিষয়ক সেমিনারের আয়োজন করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর মাননীয় উপদেষ্টা জনাব এইচ টি ইমাম সেমিনারে প্রধান অতিথি এবং বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি বিষয়ক মন্ত্রনালয়ের প্রতিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ডিসিসিআই'র সভাপতি জনাব আসিফ ইব্রাহীম সেমিনারে সঞ্চালকের দায়িত্ব পালন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ডিসিসিআই'র প্রাক্তন সভাপতি জনাব হোসেন খালেদ।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম বলেন, বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন নিশ্চিত করতে তথ্য প্রযুক্তির কোন বিকল্প নেই। তিনি বলেন, ডিজিটাল বাংলাদেশ গড়তে হলে দেশব্যাপী শক্তিশালী তথ্য প্রযুক্তি অবকাঠামো গড়ে তুলতে হবে। তিনি দেশে একটি জ্ঞানভিত্তিক সমাজ গড়ে তোলার জন্য কার্যকর নীতিমালা প্রণয়নের জন্য সরকারের প্রতি দাবী জানান।

ডিসিসিআই প্রাক্তন সভাপতি জনাব হোসেন খালেদ তাঁর মূল প্রবন্ধে বলেন, বাংলাদেশকে ২০৩০ সালের মধ্যে ৩০তম বৃহৎ অর্থনৈতিক দেশে পরিণত হতে হলে আমাদেরকে অবশ্যই তথ্য প্রযুক্তির উপর গুরুত্ব দিতে হবে। তিনি বলেন, আইসিটি খাতের প্রসারের লক্ষ্যে সরকারকে এ বিষয়ক নীতিমালা সংস্কার করতে হবে। তিনি বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশনের সময়োপযোগী নীতিমালা প্রণয়নের উপর আরো বেশি মাত্রায় মনোনিবেশ করার উপর গুরুত্বারোপ করেন। তিনি দেশে একটি বিনিয়োগ সহায়ক পরিবেশ তৈরির জন্য সরকারের প্রতি আহবান জানান।

বিশেষ অতিথির বক্তৃতায় প্রতিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান বলেন, মানুষের জীবনযাত্রার মান পরিবর্তনের জন্য তথ্য প্রযুক্তির কোন বিকল্প নেই। তিনি জানান মোবাইল সেবা সাধারণ মানুষের নাগালের আওতায় নিয়ে আসার জন্য সরকার কাজ করে যাচ্ছে। তিনি দেশের আর্থ-সামাজিক উন্নয়নের নতুন প্রজন্মকে এগিয়ে আসার আহবান জানান। তিনি তথ্য প্রযুক্তি বিকাশের লক্ষ্যে অবকাঠামো উন্নয়নের উপর গুরুত্বারোপ করেন।

সেমিনারের প্রধান অতিথি জনাব এইচ টি ইমাম বলেন, দেশের ভিতরে ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে যোগাযোগের নেটওয়ার্ক বৃদ্ধি করার পাশাপাশি সরকার আঞ্চলিক পর্যায়ে সহযোগিতা বৃদ্ধির জন্য কাজ করে যাচ্ছে। তিনি পাঠ্যপুস্তকে তথ্য প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়গুলোর উপর গুরুত্ব প্রদানের উপর জোর দেন। তিনি বলেন, আউটসোর্সিং খাতের ব্যবসা-বাণিজ্যে উন্নতি করতে হলে আমাদেরকে ইংরেজী ভাষার পাশাপাশি অন্যান্য ভাষাগুলোতেও দক্ষতা বৃদ্ধি করতে হবে। তিনি আরো বলেন, সরকারের সকল কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হলে আমাদের অবশ্যই ই-গভার্নেন্স প্রযুক্তি ব্যবহার নিশ্চিত করতে হবে। তিনি আরো বলেন, বর্তমান সরকার দেশের সকল মানুষের যোগাযোগের সুবিধা নিশ্চিত করার জন্য পাবর্ত্য চট্রগ্রামের পাশাপাশি অন্যান্য প্রত্যন্ত অঞ্চলে মোবাইল নেটওয়ার্ক বিস্তৃত করেছে।

ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রনালয়ের সচিব জনাব সুনীল কান্তি বোস জানান, পর্যায়ক্রমে দেশের সকল উপজেলাগুলোকে ফাইবার অপটিকের আওতায় নিয়ে আসা হবে।

সেমিনারে উদ্বোধনী অনুষ্ঠানের পর টেকনিক্যাল সেশনের আয়োজন করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুখ্য সচিব জনাব মোঃ আব্দুল করিম এই সেশনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এসএমই ফাউন্ডেশনের চেয়ারম্যান ও ডিসিসিআই'র প্রাক্তন সভাপতি জনাব আফতাব-উল ইসলাম টেকনিক্যাল সেশনে সঞ্চালকের দায়িত্ব পালন করেন।

প্রধানমন্ত্রীর কার্যালয়ে পলিসি অ্যাডভাইজার (এটুআই প্রোগ্রাম) জনাব আনির চৌধুরী উদ্ভাবনের স্বীকৃতির উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, তথ্য প্রযুক্তির ফলে মানুষের জীবনযাত্রা আরো অধিক সহজতর হবে।

এশিয়ান টাইগার (এটি) ক্যাপিটাল পার্টনার, বাংলাদেশ এর ম্যানেজিং পার্টনার জনাব ইফতি ইসলাম তাঁর বক্তৃতায় তথ্য প্রযুক্তি খাতে দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণের উপর গুরুত্ব আরোপ করেন।

ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর কল সেন্টার সংশ্লিষ্ট ব্যবসা-বাণিজ্যের প্রসারের লক্ষ্যে সরকারের যথাযথ নীতিমালা প্রণয়নের আহবান জানান।

পরিকল্পনা কমিশনের সচিব জনাব মনজুর হোসেন, বিজ্ঞান, যোগাযোগ এবং তথ্য প্রযুক্তি বিষয়ক মন্ত্রনালয়ের সচিব জনাব মোঃ আব্দুর রব হাওলাদার, বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন (বিটিআরসি)'র চেয়ারম্যান মেজর জেনারেল জিয়া আহমেদ, পিএসসি (অবঃ) এবং বেসিসের ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব ফাহিম মাশরুর আলোচনায় অংশগ্রহণ করেন।

সেমিনারের টেকনিক্যাল সেশনের প্রধান অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুখ্য সচিব জনাব মোঃ আব্দুল করিম বলেন, বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে পরিনত হতে হলে অবশ্যই তথ্য-প্রযুক্তির উপর গুরুত্ব আরোপ করতে হবে। তিনি বলেন, সরকারের সকল স্তরে ই-গর্ভানেন্স ব্যবস্থা চালু করার বিষয়টি সরকারের সক্রিয় বিবেচনায় রয়েছে। তিনি আরো বলেন, তথ্য প্রযুক্তি দেশের মানুষের দারিদ্র দূরীকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

ডিসিসিআই'র প্রাক্তন সভাপতি এবং পরিচালকবৃন্দ সেমিনারে উপস্থিত ছিলেন।

ডিসিসিআইতে "ইউকে ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট ইন বাংলাদেশ" বিষয়ক বাণিজ্য আলোচনা অনুষ্ঠিত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'তে ২৭ মার্চ ২০১১ তারিখ "ইউকে ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট ইন বাংলাদেশ" বিষয়ক এক বাণিজ্য আলোচনা অনুষ্ঠিত হয়। বাংলাদেশস্থ বৃটিশ দূতাবাসের মান্যবর হাইকমিশনার মি. স্টিফেন ইভান্স অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম তাঁর স্বাগত বক্তব্যে বলেন, বাংলাদেশ এবং বৃটেনের মধ্যে দীর্ঘদিনের দ্বিপাক্ষিক বাণিজ্য সম্পর্ক বিদ্যমান রয়েছে। তিনি বলেন, বৃটেন বাংলাদেশী পণ্যের তৃতীয় বৃহত্তম বাজার। তিনি বৃটেনের ব্যবসায়ীদেরকে জিরো ডিউটি ফ্রি সুবিধা গ্রহণ করে বাংলাদেশ থেকে পণ্য আমদানীর আহবান জানান। তিনি বাংলাদেশী ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তাদের ইউরোপীয় ইউনিয়নের বাজার সম্পর্কে তথ্য জানার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, বর্তমান সরকার বিদেশী উদ্যোক্তাদের জন্য আকর্ষণীয় বিনিয়োগ প্যাকেজ গ্রহণ করেছে। তিনি এ সুবিধা গ্রহণ করে বৃটেনের উদ্যোক্তাদের বাংলাদেশে পাট ও পাটজাত পণ্য, জ্বালানি, সার, তৈরি পোষাক, ইলেকট্রনিক্স, লাইট ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল, আইটিসি প্রভৃতি খাতে বিনিয়োগ করার আহবান জানান।

মান্যবর বৃটিশ হাইকমিশনার মি. স্টিফেন ইভান্স বলেন, বাংলাদেশ ও বৃটেনের মধ্যে চমৎকার বাণিজ্যিক সম্পর্ক বিদ্যমান রয়েছে। তিনি বলেন, জলবায়ু পরিবর্তন, দারিদ্র বিমোচন, দক্ষতা বৃদ্ধি, অর্থনৈতিক প্রবৃদ্ধি ও বাণিজ্য সম্প্রসারণে দুদেশ একসাথে কাজ করতে পারে। তিনি জানান, বৃটেন একটি সমৃদ্ধশালী বাংলাদেশ দেখতে আগ্রহী। তিনি জানান, বর্তমান বৃটিশ সরকার সারা বিশ্বে বৃটিশ দুতাবাসের মাধ্যমে কমার্শিয়াল ডিপ্লোমেসি বাস্তবায়নের উপর অধিক গুরুত্ব দিচ্ছে। এর মূল উদ্দেশ্য হলো ব্যবসা বাণিজ্যের মাধ্যমে বৃটেনের অর্থনৈতিক প্রবৃদ্ধি নিশ্চিত করা। তিনি দুদেশের মধ্যকার বাণিজ্য বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেন। তিনি আরো বলেন, জ্বালানি, অবকাঠামো, সিরামিক, সমুদ্র বন্দর, তৈরি পোষাক, সফটওয়ার ইত্যাদি খাতে বাংলাদেশে বিনিয়োগের যথেষ্ট সুযোগ রয়েছে। তিনি বাংলাদেশী ব্যবসায়ী উদ্যোক্তাদেরকে বৃটেনে বিনিয়োগের আহবান জানান। বাংলাদেশস্থ বৃটিশ দূতাবাসের ইউকে ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট বিভাগের প্রধান মি. কেভিন রিংহাম অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি বলেন, ইউকে ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট বিভাগ বৃটিশ সরকারের একটি সংস্থা যেটি বিশ্ব বাজারের বৃটিশ কোম্পানীগুলোর সাফল্য লাভ করা এবং বহির্বিশ্ব থেকে বৃটেনে বিদেশী বিনিয়োগ আকৃষ্ট করতে কাজ করে থাকে।

ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর ধন্যবাদ প্রস্তাব জ্ঞাপন করেন। তিনি বৃটেনের উদ্যোক্তাদেরকে বাংলাদেশে টেলিকম খাতে বিনিয়োগ করার আহবান জানান।

মুক্ত আলোচনায় ডিসিসিআই পরিচালক জনাব এম বশির উল্লাহ ভূঁইয়া, জনাব ওয়াকার আহমেদ চৌধুরী, প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি আলহাজ্ব আব্দুস সালাম, প্রাক্তন পরিচালক জনাব নেসার মাকসুদ খান, জনাব রফিকুল ইসলাম খান, এফসিএ অংশগ্রহণ করেন।

ডিসিসিআই সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক ইঞ্জিনিয়ার সৈয়দ মোশাররফ হোসেন আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, সর্বজনাব এম আনওয়ারুল হক, আবসার করিম চৌধুরী, এম আবু হোরায়রা এবং প্রাক্তন পরিচালক মেজর মোঃ ইয়াদ আলী ফকির (অবঃ) এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআই এবং ফেডারেশন অফ মালয়েশিয়া ম্যানুফেকচারার্স এর প্রতিনিধিবৃন্দের সাথে বাণিজ্য আলোচনা অনুষ্ঠিত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'তে ৪ এপ্রিল ২০১১ তারিখ ফেডারেশন অফ মালয়েশিয়া ম্যানুফেকচারার্স এর প্রতিনিধিবৃন্দের সাথে এক বাণিজ্য আলোচনা অনুষ্ঠিত হয়।

ডিসিসিআই ভারপ্রাপ্ত সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর প্রতিনিধিদলকে ডিসিসিআইতে আসার জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন, বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যে ঐতিহাসিক, সাংস্কৃতিক ও ধর্মীয় সাদৃশ্য রয়েছে। তিনি বলেন, উভয় দেশ ওআইসি, ডি-৮ এর সক্রিয় সদস্য। তবে দুদেশের মধ্যে ব্যবসা বাণিজ্যের বিপুল সম্ভাবনা থাকলেও দ্বিপাক্ষিক বাণিজ্য সম্পর্ক তা এখনও আশানুরুপ পর্যায়ে উন্নীত হয়নি। তিনি বলেন, বর্তমান সরকার বিদেশী উদ্যোক্তাদের জন্য আকর্ষণীয় বিনিয়োগ প্যাকেজ গ্রহণ করেছে। তিনি এ সুবিধা গ্রহণ করে মালয়েশিয়ার উদ্যোক্তাদের বাংলাদেশে পাট ও পাটজাত পণ্য, জ্বালানি, সার, তৈরি পোষাক, ইলেকট্রনিক্স, লাইট ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল, আইটিসি প্রভৃতি খাতে বিনিয়োগ করার আহবান জানান। তিনি মালয়েশিয়ার ব্যবসায়ীদেরকে বাংলাদেশ থেকে তৈরি পোষাক, সিরামিক, ঔষধ ও চামড়াজাত পণ্য আমদানির আহবান জানান। তিনি আরো বলেন, মালয়েশিয়ার ব্যবসায়ীরা বাংলাদেশে পিপিপি'র আওতায় জ্বালানি, বিদ্যুৎ ও গ্যাস খাতে বিনিয়োগ করতে পারে। ডিসিসিআই সভাপতি বাংলাদেশী পণ্যের শূণ্য শুল্ক সুবিধা প্রদানের জন্য মালয়েশিয়ার সরকারের প্রতি আহবান জানান।

প্রতিনিধিদলের নেতা মি. টান শ্রী দাতো সুং সিও হোং জানান, মালয়েশিয়ার ব্যবসায়ীরা বাংলাদেশে বিনিয়োগের আগ্রহ রয়েছে। তিনি বলেন, সিরামিক, কৃষি ও কৃষিজাত পণ্য, তথ্য প্রযুক্তি ইত্যাদি খাতে মালয়েশিয়ার ব্যবসায়ীরা যৌথ বিনিয়োগ অংশগ্রহণ করতে পারে। তিনি দুদেশের মধ্যে বাণিজ্য বাড়ানোর জন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণ করার উপর গুরুত্ব আরোপ করেন।

বাংলাদেশ-মালয়েশিয়া চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি সৈয়দ মোয়াজ্জম হোসেন বলেন, বাংলাদেশে বিনিয়োগ করার যথেষ্ট সুযোগ রয়েছে এবং মালয়েশিয়ার উদ্যোক্তাদের বাংলাদেশে বিনিয়োগ করার আহবান জানান। তিনি বলেন, মালয়েশিয়ার উদ্যোক্তাদের উচিত বিনিয়োগের স্থান হিসেবে বাংলাদেশকে ইতিবাচক দৃষ্টিকোন থেকে পর্যবেক্ষণ করা।

মুক্ত আলোচনায় ডিসিসিআই পরিচালক জনাব এ এস এম মহিউদ্দিন মোনেম, জনাব খায়রুল মজিদ মাহমুদ, প্রাক্তন সভাপতি হোসেন খালেদ, প্রাক্তন উর্ধ্বতন সহ-সভাপতি আলহাজ্ব আব্দুস সালাম, জনাব আশরাফ ইবনে নূর, প্রাক্তন পরিচালক জনাব নেসার মাকসুদ খান, জনাব এম. সালেম সোলায়মান, জনাব আহমেদ হোসেন মজুমদার এবং কনভেনর জনাব শোয়ের চৌধুরী সক্রিয় অংশগ্রহণ করেন।

ডিসিসিআই পরিচালক সর্বজনাব হোসেন এ সিকদার, কে এম এন মনজুরুল হক, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, কে জি করিম, আবসার করিম চৌধুরী, এম আবু হোরায়রা এবং প্রাক্তন পরিচালক আলহাজ্ব আব্দুল আজিজ সরকার এ সময় উপস্থিত ছিলেন।

ঢাকা চেম্বার এবং তুরস্কের বাণিজ্য প্রতিনিধিবৃন্দের সাথে আলোচনা অনুষ্ঠিত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের সাথে তুরস্ক-বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি মি. ফ্রিকরেট চিচেক এর নেতৃত্বে ১৩ সদস্যের একটি প্রতিনিধিদল ১১ এপ্রিল ২০১১ তারিখে ডিসিসিআইতে সাক্ষাৎ করেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম প্রতিনিধিদলকে ডিসিসিআইতে আসার জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন, বাংলাদেশ ও তুরস্কের মধ্যে ঐতিহাসিক, সাংস্কৃতিক ও ধর্মীয় সাদৃশ্য রয়েছে। উভয় দেশ ওআইসি, ডি-৮, ডব্লিউটিও এর সক্রিয় সদস্য এবং দুদেশ নিজেদের দ্বিপাক্ষিক বাণিজ্য কাঙ্খিত পর্যায়ে উন্নীত করার জন্য কাজ করে যাচ্ছে। ডিসিসিআই সভাপতি বলেন, সম্প্রতি তুরস্কের পার্লামেন্ট কর্তৃক গৃহীত সেইফ গার্ড (Safeguard Duty) ব্যবস্থার ফলে তুরস্কে বাংলাদেশের তৈরি পোষাক রপ্তানী বাধাগ্রস্থ হবে। তিনি আশা প্রকাশ করেন যে, দুদেশের সরকার আলোচনার মাধ্যমে বিষয়টি সুরাহা করবেন। তিনি বলেন, বর্তমান সরকার বিদেশী উদ্যোক্তাদের জন্য আকর্ষণীয় বিনিয়োগ প্যাকেজ গ্রহণ করেছে। তিনি এ সুবিধা গ্রহণ করে তুরস্কের উদ্যোক্তাদের বাংলাদেশে পাট ও পাটজাত পণ্য, জ্বালানি, সার, তৈরি পোষাক, ইলেকট্রনিক্স, লাইট ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল, আইটিসি, পর্যটন, স্বাস্থ্য, শিক্ষা, মুদ্রণ শিল্প এবং সড়ক-যোগাযোগ প্রভৃতি খাতে বিনিয়োগ করার আহবান জানান। তিনি তুরস্কের ব্যবসায়ীদেরকে বাংলাদেশ থেকে তৈরি পোষাক, সিরামিক, ঔষধ ও চামড়াজাত পণ্য আমদানির আহবান জানান।

প্রতিনিধিদলের নেতা ও তুরস্ক-বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি মি. ফ্রিকরেট চিচেক তুরস্ক-বাংলাদেশ যৌথ বিনিয়োগের উপর গুরুত্ব আরোপ করেন।

মুক্ত আলোচনায় ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, পরিচালক সর্বজনাব নিয়াজ রহিম, ওয়াকার আহমেদ চৌধুরী, ওসমান গনি, প্রাক্তন উর্ধ্বতন সহ-সভাপতি জনাব হোসেন আকতার, প্রাক্তন পরিচালক জনাব মোঃ সবুর খান, আহবায়ক জনাব রুমি সাইফুল্লাহ, জনাব শোয়েব চৌধুরী এবং ফ্লোরিয়া বিজনেসম্যান এসোসিয়েশন এর জেনারেল সেক্রেটারি জনাব আহমেত সাকির অংশগ্রহণ করেন। আলোচকবৃন্দ দুদেশের মধ্যে যৌথ বিনিয়োগের উপর গুরুত্ব আরোপ করেন।

ডিসিসিআই সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক ইঞ্জিনিয়ার সৈয়দ মোশাররফ হোসেন, সর্বজনাব হোসেন এ সিকদার, এম বশির উল্লাহ ভূঁইয়া, মাহাবুব আনাম, খায়রুল মজিদ মাহমুদ, কে এম এন মনজুরুল হক, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, এম আনওয়ারুল হক, কে জি করিম, আবসার করিম চৌধুরী এবং এম আবু হোরায়রা এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআই'র "এমএলএস-এসসিএম(পি) বেস্ট নেটওয়ার্ক পার্টনার ইন্সটিটিউশন অ্যাওয়ার্ড ২০১০" অর্জন

০৬-০৮ এপ্রিল, ২০১১ তারিখ মালয়েশিয়ার কুয়ালালামপুরে অনুষ্ঠিত "এমএলএস-এসসিএম(পি) গ্লোবাল নেটওয়ার্ক রাউন্ডটেবিল, মালয়েশিয়া, ২০১১" শীর্ষক অনুষ্ঠানে পৃথিবীর ৬৯টি দেশে অবস্থিত জেনেভাস্থ ইন্টারন্যাশনাল ট্রেড সেন্টার (আইটিসি) এর ১২০টি সহযোগী প্রতিষ্ঠানের মধ্য থেকে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) "এমএলএস-এসসিএম(পি) বেস্ট নেটওয়ার্ক পার্টনার ইন্সটিটিউশন অ্যাওয়ার্ড ২০১০" অর্জন করেছে। অনুষ্ঠানটি সুইজারল্যান্ড সরকারের সহায়তায় এম,এ,পি,আই,সি,এস, মালয়েশিয়া ও আই,টি,সি যৌথভাবে কুয়ালালামপুরে আয়োজন করে। এই গোলটেবিল অনুষ্ঠানে বিভিন্ন দেশের ৬৯জন ব্যক্তি অংশগ্রহন করেন। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি জনাব আসিফ ইব্রাহীম এর নেতৃত্বে পাঁচ সদস্যের একটি প্রতিনিধি দল এ অনুষ্ঠানে অংশগ্রহন করে। এ দলের অন্য সদস্যরা হচ্ছেন ডিসিসিআই বিজনেস ইন্সটিটিউট (ডিবিআই)-এর শীর্ষ স্থানীয় প্রশিক্ষক সৈয়দ আসগর আলী, জনাব এনায়েত হোসেন, জনাব কামরুজ্জামান এবং জনাব মোঃ রাশেদ আলী।

অনুষ্ঠানটি চলাকালে ডিসিসিআই এর সভাপতি "মডিউলার লার্ণিং সিস্টেম ইন সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট (এমএলএস-এসসিএম(পি))" এর উপর একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন, যেখানে আইটিসি'র এই প্রশিক্ষণ কোর্সটি বাংলাদেশে ডিসিসিআই এর মাধ্যমে কতটা ফলপ্রসু হয়েছে তা তুলে ধরেন। বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান যাতে প্রতিযোগিতায় সার্বিক সাফল্য অর্জন করতে পারে, সেজন্য আইটিসি প্রখ্যাত কনসালটেন্টের সাহায্যে এমএলএস-এসসিএম(পি) এর ১৮টি মডিউল প্রণয়ন করেছে। এখানে সূচক(পি) এই প্রোগ্রামের মূল চালিকা-শক্তি 'ক্রয়' কে নির্দেশ করে। ব্যয় সংকোচন, লিড টাইম হ্রাসকরণ ও ইনভেন্টরিম্যানেজমেন্টের মাধ্যমে বিশ্ববাজারে প্রতিযোগীতা-সক্ষমতা বাড়ানোর জন্য সাপ্লাই চেইন ম্যানেজমেন্টের এই কোর্সটি একটি পরীক্ষিত ও কার্যকরী কোর্স। তিনি আরও উল্লেখ করেন যে, এই প্রোগ্রামটি পরিচালনার জন্য ডিসিসিআই অবকাঠামোর বিশেষ উন্নতি সাধন করেছে এবং 'ToT' কর্মশালা পরিচালনার মাধ্যমে একদল বিশেষ অভিজ্ঞ প্রশিক্ষক সৃষ্টি করেছে।

ডিসিসিআই ২০০৪ সাল থেকে এই কোর্সটি চালু করার জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করে। অতঃপর ডিবিআই ২০০৭ সাল থেকে এটি পূর্ণাঙ্গভাবে চালু করে। এ পর্যন্ত ৩৩৪ জন প্রশিক্ষণার্থী সার্টিফিকেট কোর্সে, ১৪৬ জন প্রশিক্ষণার্থী অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্সে এবং ৮৫ জন প্রশিক্ষণার্থী ডিপ্লোমা কোর্সে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। এদের মধ্যে আইটিসি জেনেভা থেকে ৪৮ জন সার্টিফিকেট এবং ২১ জন অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্সের সনদ পেয়েছেন। ২০ জন ডিপ্লোমার জন্য কাজ করছেন। এর মধ্যে এ কোর্সটি বাংলাদেশে ব্যাপক জনপ্রিয়তা পেয়েছে এবং বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান, সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান থেকে বিপুল সাড়া পাওয়া গেছে। প্রশিক্ষণার্থীরা কোর্সটি অত্যন্ত ভাল ও উপযোগি এবং প্রশিক্ষকবৃন্দ বিশেষ দক্ষ, অভিজ্ঞ ও সক্রিয় এই মতামত ব্যক্ত করেছেন। ডিবিআই কর্তৃক এরূপ নৈপুণ্য প্রদর্শনের ফলস্বরূপ ডিসিসিআই, আইটিসি থেকে বেস্ট নেটওয়ার্ক পার্টণার ইন্সটিটিউশন অ্যাওয়ার্ড ২০১০ সনদপ্রাপ্ত হয়েছে।

এ গোলটেবিল অনুষ্ঠানে ডিবিআই এর একজন প্রথম সারির খণ্ডকালিন প্রশিক্ষক সৈয়দ আসগর আলী, আমদানি ব্যবস্থাপক, বিওসি বাংলাদেশ লিঃ "দ্যা বেষ্ট সাকসেস স্টোরি উইনার ২০১০" সনদ পেয়েছেন। তিনি দেখিয়েছেন যে, এমএলএস-এসসিএম(পি) এর কলাকৌশল প্রয়োগ করে তার প্রতিষ্ঠান ২.৬ মিলিয়ন ইউরো সাশ্রয় করেছে যা তাদের লাভ বৃদ্ধিতে বিশেষ সহায়ক হয়েছে।

ডিসিসিআইতে "প্রাইভেট সেক্টর অ্যাসেসমেন্ট স্টাডি" বিষয়ক আলোচনা অনুষ্ঠিত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র এবং কিস্টোন বিজনেস সাপোর্ট কোম্পানী লিমিটেড যৌথভাবে ২৫ এপ্রিল ২০১১ তারিখ "প্রাইভেট সেক্টর অ্যাসেসমেন্ট স্টাডি" বিষয়ক আলোচনার আয়োজন করে।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম বলেন, বাংলাদেশের সকল ব্যবসায়ীই ঋণ খেলাপী নয়, তিনি এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) কে বাংলাদেশের এ ধরনের উদ্যোক্তাদেরকে ৬% থেকে ৭% সুদে ঋণ প্রদানের আহবান জানান। তিনি বলেন, যে সব কোম্পানী ব্যাংক থেকে ঋণ নিয়ে সময়মত পরিশোধ করেন তাদের স্বীকৃতি প্রদান করা হয় না। এসব ব্যবসায়ীরা নতুন নতুন ব্যবসা সম্প্রসারিত করতে চাইলেও ঋণের সুদের উচ্চ হারের কারণে তা বাধাগ্রস্থ হয়। তিনি বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি বাড়ানোর লক্ষ্যে বিনিয়োগ আকৃষ্ট করার জন্য সরকার কর্তৃক গৃহীত সুবিধাদি নিশ্চিতকরন, জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরন, বাণিজ্য সহায়ক রাজনৈতিক পরিবেশ সৃষ্টি, সরকারের দক্ষতা বৃদ্ধি, শ্রমিকের দক্ষতা বৃদ্ধি, দেশের আর্থিক ব্যবস্থার উন্নয়ন, নীতিমালার ধারাবাহিকতা নিশ্চিতকরন এবং দেশের আইন-শৃঙ্খলা পরিবেশ উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করেন। ডিসিসিআই সভাপতি চায়না প্লাস ওয়ান স্ট্রাটেজি বাস্তবায়নের লক্ষ্যে দেশের অবকাঠামো উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি আরো বলেন, এ মুহূর্তে ঋণের সুদের হার বৃদ্ধি করা যৌক্তিক হবে না।

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের স্কুল অফ বিজনেসের ইকোনোমিক ও ফিন্যান্স বিভাগের অধ্যাপক ডঃ এম ফওজুল কবির খান বলেন, পাবলিক-প্রাইভেট-পার্টনারশিপ (পিপিপি) দক্ষতার সাথে কাজ করতে পারছে না। তিনি এটাকে সক্রিয় করার জন্য কার্যকরী পদক্ষেপ নেওয়ার আহবান জানান।

মুক্ত আলোচনায় পরিচালক জনাব এম আবু হোরায়রা, প্রাক্তন পরিচালক সর্বজনাব আর আই খান, এফসিএ, ডিসিসিআই সদস্য জনাব এম এস সিদ্দিকী, আহ্বায়ক জনাব শোয়েব চৌধুরী, উইমেন চেম্বারের ভাইস প্রেসিডেন্ট মিসেস সেলিনা কাদের, ডঃ হাকিম, ডঃ মোস্তাফিজুর রহমান এবং জনাব শহীদুল হাসান অংশগ্রহণ করেন। আলোচনায় বক্তারা ঋণের সুদের হার ও কৃষিখাতের উন্নয়নের জন্য এডিবিকে এগিয়ে আসার আহবান জানান। তাঁরা বিনিয়োগ সহায়ক নীতিমালা প্রণয়নের জন্য সরকারের প্রতি আহবান জানান।

এডিবি'র সিনিয়র ফিন্যান্সিয়াল সেক্টর অফিসার জনাব এম এম জিল্লুর রহমান মুক্ত আলোচনায় অংশগ্রহণকারী বক্তাদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। তিনি বলেন, এডিবি বেসরকারী খাত এবং বাংলাদেশের অবকাঠামো উন্নয়নে নিবীড়ভাবে কাজ করে যাচ্ছে।

ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর বলেন, আইটি সেক্টর ও এখাতে দক্ষতা উন্নয়নে পিপিপি আওতায় এডিবিকে এগিয়ে আসার আহবান জানান।

ডিসিসিআই পরিচালক ইঞ্জিনিয়ার সৈয়দ মোশাররফ হোসেন, জনাব এম আনওয়ারুল হক এবং ডিসিসিআই সচিব জনাব মোস্তফা মহিউদ্দীন, অতিরিক্ত সচিব (গবেষণা) মিসেস ফেরদৌস আরা বেগম এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআইতে "শিল্পায়নের পূর্বশর্ত ঃ শ্রমিক-মালিক সুসম্পর্ক" বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) ৭ মে, ২০১১ তারিখ "শিল্পায়নের পূর্বশর্ত ঃ শ্রমিক মালিক সুসম্পর্ক" বিষয়ক সেমিনারের আয়োজন করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান এবং প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়ের মাননীয় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম শিল্প মন্ত্রণালয়ে স্থাপিত ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশনের কর্মদক্ষতা বিশেষভাবে বাড়ানো, শ্রম আইন ২০০৬ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে সরকার এবং বেসরকারী প্রতিষ্ঠানের সহযোগীতায় বিভিন্ন কর্মসূচী গ্রহণ, শ্রমিকদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে তাদের জন্য ক্ষুদ্র পুস্তিকা, লিফলেট ইত্যাদি প্রণয়ন এবং প্রশিক্ষণের ব্যবস্থা করা, CSR Certificate পাওয়ার ক্ষেত্রে NBR এর নীতিমালা সহজীকরণ করা, ভোকেশন্যাল ইনস্টিটিউটগুলোতে শ্রম আইন সম্পর্কিত প্রশিক্ষণ, শ্রম আইনের বাস্তবায়ন, সেল্ফ মনিটরিং অব কমপ্লায়েন্স ইত্যাদি বিষয়ে স্বল্প, মধ্যম এবং দীর্ঘ মেয়াদী কোর্স পরিচালনা করা, সর্বোপরি 'লেবার ল' সার্বক্ষণিক রিভিউ করা, খাতভিত্তিক শ্রম আইনের পার্থক্য কমিয়ে আনার উপর গুরুত্ব আরোপ করেন।

শ্রম ও কর্মসংস্থান এবং প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়ের মাননীয় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন উদ্যোক্তা ও শ্রমিকদের মধ্যে ভালো সম্পর্ক স্থাপনের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি শ্রমিকদের পাশাপাশি মালিকদের প্রশিক্ষণের এর উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, পৃথিবীর প্রায় সব দেশেই ট্রেড ইউনিয়ন ব্যবস্থা চালু আছে এবং আমাদেরকে এটা কার্যকর ভাবে পরিচালনা করতে হবে। তিনি আরো বলেন, আমাদেরকে নিজেদের পরিবেশের আলোকে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। তিনি বলেন, সরকার শ্রম আইন ২০০৬ সংশোধনের জন্য কাজ করে যাচ্ছে এবং সকলকে এ বিষয়ে সক্রিয় অংশগ্রহণের আহবান জানান। তিনি আরো বলেন, শ্রমিক-মালিক এবং সরকার পক্ষ না হয়ে অংশীদার হিসেবে কাজ করলে দেশের অর্থনৈতিক উন্নয়ন ও শিল্পায়ন নিশ্চিত করা সম্ভব। তিনি বেসরকারী উদ্যোগে শ্রমিকদের জন্য ডরমেটরি স্থাপনের জন্য মলিকপক্ষকে সাধুবাদ জানান। তিনি মনে করেন এর ফলে শ্রমিকদের স্বাস্থ্যসেবা নিশ্চিত হবে।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিজেএমইএ'র প্রাক্তন সভাপতি জনাব আনোয়ার উল আলম চৌধুরী। তিনি দেশের সামাজিক অবস্থার উপর ভিত্তি করে একটি unified code of conduct নির্ধারণ, ঋনের সুদের হার কমানো, অবকাঠামো উন্নয়ন, শ্রমিকের দক্ষতা বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেন।

বিকেএমই'র প্রাক্তন সহ-সভাপতি জনাব এম এ বাসেত, সম্মিলিত গার্মেন্টস শ্রমিক ফেডারেশনের সভাপতি মিসেস নাজমা আকতার নির্ধারিত আলোচক হিসেবে আলোচনায় অংশগ্রহণ করেন।

মুক্ত আলোচনায় ডিসিসিআই প্রাক্তন সভাপতি জনাব এ এস এম কাসেম, জনাব রাশেদ মাকসুদ খান, বিজিএমইএ'র পরিচালক জনাব এস এইচ চৌধুরী, ডিসিসিআই পরিচালক জনাব খায়রুল মজিদ মাহমুদ, জনাব এম আবু হোরায়রা, প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব আলহাজ্ব আব্দুস সালাম, কনভেনর শোয়েব চৌধুরী, কো-কনভেনর জনাব নাসির উদ্দিন এ ফেরদৌস অংশগ্রহণ করেন।

ডিসিসিআই প্রাক্তন সভাপতি জনাব মাহবুবুর রহমান, ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক সর্বজনাব হোসেন এ সিকদার, নিয়াজ রহিম, মাহাবুব আনাম, কে এম এন মনজুরুল হক, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, মোহাম্মদ সিরাজুল ইসলাম এবং প্রাক্তন সহ-সভাপতি মোঃ আলাউদ্দিন মালিক এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআইতে **Introducing World Class CSR** শীর্ষক ট্রেনিং ওয়ার্কশপ অনুষ্ঠিত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), জিআইজেড এবং রিড কনসালটিং (বিডি) লিমিটেড যৌথভাবে ১৮ মে ২০১১ তারিখ Introducing World Class CSR শীর্ষক ট্রেনিং ওয়ার্কশপের আয়োজন করে।

ওয়ার্কশপে ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি বলেন, এই ট্রেনিং ওয়ার্কশপের মাধ্যমে প্রকৌশলী, উৎপাদনকারী, রপ্তানীকারক এবং সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ ও বিশেষজ্ঞগন সামাজিক দায়বদ্ধতা সংক্রান্ত সঠিক ধারণা পাবে। তিনি আরো বলেন, সিএসআর কর্মকাণ্ড সঠিকভাবে পরিপালনে শিল্প প্রতিষ্ঠানের মালিক এবং শ্রমিক উভয়েরই সমান দায়বদ্ধতা রয়েছে। তিনি এ ট্রেনিং ওয়ার্কশপের সর্বাঙ্গীন সফলতা কামনা করেন।

রিড কনসালটিং (বিডি) লিমিটেড এর চেয়ারম্যান এবং ব্যবস্থাপনা পরিচালক মি. রডনি রীড তাঁর মূল প্রবন্ধে সিএসআর ও বাংলাদেশ প্রেক্ষিত সর্ম্পকে বিস্তারিত আলোচনা করেন।

ডিসিসিআই মনে করে এ ট্রেনিং ওয়ার্কশপের মাধ্যমে একটি স্বচ্ছ, জবাবদিহিতামূলক, নৈতিক আচরন সমৃদ্ধ, আইনের প্রতি, আন্তর্জাতিক নিয়মনীতির প্রতি সর্বোপরি মানবতার প্রতি শ্রদ্ধাশীল একটি উৎপাদন ব্যবস্থা গড়ে তোলা সম্ভব হতে পারে।

প্রশিক্ষণ ওয়ার্কশপটিতে ৩৫জন অংশগ্রহণকারী যোগদান করে। এরা সকলে বিভিন্ন কর্পোরেট, বিশ্ববিদ্যালয়, এনজিও, প্রকল্প, ঔষধ, তৈরি পোষাক শিল্পের প্রশাসন, এনভায়রনমেন্ট কমপ্লায়েন্স কর্মকর্তা হিসেবে কর্মরত রয়েছে। এ ট্রেনিং কর্মসূচিতে The meaning of Corporate Social Responsibility, The differing views of CSR in Bangladesh, What is ISO 26000, Core subjects of ISO 26000, Core principles of ISO 26000, Use of ISO 26000, How CSR works and reduces the risk in business sector ইত্যাদি বিষয় আলোচনা করা হয়।

ডিসিসিআই'র অতিরিক্ত সচিব (গবেষণা) মিসেস ফেরদৌস আরা বেগম অনুষ্ঠানটি সঞ্চালন করেন।

ডিসিসিআই সচিব জনাব মোস্তফা মহিউদ্দীন এ সময় উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে অংশগ্রহণকারীদের মাঝে সনদ পত্র বিতরণ করা হয়।

ডিসিসিআইতে **CSR Engineers and Manufactures** শীর্ষক ট্রেনিং ওয়ার্কশপ অনুষ্ঠিত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), জিআইজেড এবং রিড কনসালটিং (বিডি) লিমিটেড যৌথভাবে ১৯ মে, ২০১১ তারিখ CSR Engineers and Manufactures শীর্ষক ট্রেনিং ওয়ার্কশপের আয়োজন করে। এ ওয়ার্কশপে যে বিষয়গুলোর গুরুত্ব দেয়া হয় সেগুলো হলোঃ CSR aiding, factory efficiency, save energy, reduce cost & protect environment, effective usage and handling chemicals, how to increase factory efficiency.

রিড কনসালটিং (বিডি) লিমিটেড এর চেয়ারম্যান এবং ব্যবস্থাপনা পরিচালক মি. রডনি রীড তাঁর মূল প্রবন্ধে বলেন, CSR ফ্যাক্টরীর ভিতরে এবং বাইরে দুভাবেই বাস্তবায়িত হতে পারে। তিনি আরো বলেন, আমাদের জ্বালানি সম্পদ যেমন গ্যাস, তেল, কয়লা এগুলোর দাম কখনোই কমবে না বরং বাড়বে। তাই এ সমস্ত মূল্যবান সম্পদের দক্ষ ব্যবহারের মাধ্যমে আমরা এ ক্ষেত্রে অপচয় রোধ করতে পারি এবং দাম কমিয়ে আনতে পারি। ট্রেনিং ওয়ার্কশপে যে সমস্ত বিষয়গুলোর উপর গুরুত্ব প্রদান করা হয় সে গুলো হলোঃ এনার্জি অডিট, সঠিক মাত্রায় কেমিক্যাল ব্যবহার, পদ্ধতিগত পরিবর্তনের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি ইত্যাদি।

প্রশিক্ষণ ওয়ার্কশপটিতে বিভিন্ন উৎপাদনখাতে নিয়োজিত প্রকৌশলী কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়ের প্রশিক্ষণার্থী এবং প্রশিক্ষণ দাতা ও বেসরকারীখাতের প্রতিনিধিবৃন্দ সহ মোট ৩২ জন অংশগ্রহণকারী যোগদান করে।

ডিসিসিআই'র অতিরিক্ত সচিব (গবেষণা) মিসেস ফেরদৌস আরা বেগম অনুষ্ঠানটি সঞ্চালন করেন। অনুষ্ঠান শেষে অংশগ্রহণকারীদের মাঝে সনদ পত্র বিতরন করা হয়। জিআইজেড এর সিনিয়র এ্যাডভাইজর জনাব আফসারউদ্দিন আহমেদ, রীড কনসালটিং (বিডি) লিমিটেড এর জনাব এম. মাসুম জুজুলি, জনাব মোঃ জয়নাল আবেদিন এবং মিস সুমাইয়া ইসলাম অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

ডিসিসিআই কর্তৃক **Capital Market Reforms in Bangladesh : Demand and Supply Side Constrains** শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) ২৮ মে ২০১১ তারিখ Capital Market Reforms in Bangladesh : Demand and Supply Side Constrains বিষয়ক সেমিনারের আয়োজন করে। মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনীতি বিষয়ক উপদেষ্টা ডঃ মশিউর রহমান সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উক্ত সেমিনারে সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নবনিযুক্ত চেয়ারম্যান প্রফেসর এম খায়রুল হাসান, ঢাকা স্টক এক্সচেঞ্জের সভাপতি জনাব শাকিল রিজভী এবং চট্রগ্রাম স্টক এক্সচেঞ্জের সভাপতি জনাব ফখর উদ্দিন আলী আহমেদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য যে, ২০১০ সালের ডিসেম্বর মাসে ডিসিসিআই Bangladesh 2030: Strategy for Growth শীর্ষক কনফারেন্সের আয়োজন করে। ডিসিসিআই আয়োজিত কনফারেন্সের লক্ষ্য ছিল ২০৩০ সালের মধ্যে বাংলাদেশকে বিশ্বের ৩০তম অর্থনীতির দেশে পরিণত করার জন্য "গ্রোথ ডাইভারস" গুলোকে চিহ্নিত করা। উক্ত কনফারেন্সে "পলিসি রিফমর্স" বিষয়টি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ গ্রোথ ড্রাইভার হিসেবে বিবেচিত হয়। এরই অংশ হিসেবে পুঁজিবাজারের রিফমর্স এর বিষয়গুলোকে চিহ্নিত করা এবং সুপারিশ প্রণয়নের লক্ষ্যে এ সেমিনারের আয়োজন করা হয়।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম তাঁর স্বাগত বক্তব্যে বলেন, আজকের এ আয়োজনের মূল লক্ষ্য হলো পুঁজিবাজারের প্রয়োজনীয় সংস্কারগুলোকে চিহ্নিতকরণ, বিদ্যমান নীতিমালাগুলোকে যথোপযুক্ত করার জন্য সুপারিশমালা প্রণয়ন এবং কার্যকর ও স্থিতিশীল পুঁজিবাজার নিশ্চিত করার মাধ্যমে Supply and Demand Side এর সমস্যাগুলোকে সঠিকভাবে মোকাবেলা করা। তিনি মনে করেন, পুঁজি বাজারের যথাযথ বিকাশ ছাড়া বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন সম্ভব নয়। তিনি বলেন, যেহেতু পুঁজিবাজার থেকে পুঁজি সরবরাহ হয়ে থাকে তাই আমাদের ব্যবসা ও শিল্পের জন্য এ খাত অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি আরো বলেন, পুঁজি বাজারে সম্প্রতি ধ্বংসের বিষয়টির কারণ নানাভাবে বিশ্লেষণ করা হচ্ছে যার মধ্যে এসইসি কর্তৃক ঘনঘন নিয়মনীতির পরিবর্তন অন্যতম। যদিও এ পরিবর্তনগুলো করা হয়েছিল পুঁজিবাজারকে স্থিতিশীল করার জন্য কিন্তু কার্যত এর উল্টো চিত্র পরিলক্ষিত হয়েছে। ডিসিসিআই সভাপতি পুঁজিবাজারের দক্ষ অর্থনীতি বিশ্লেষকের অভাব, পুঁজিবাজার সংশ্লিষ্ট আইন প্রনেতার অভাব, শেয়ারের প্রচুর চাহিদার বিপরীতে ভালো শেয়ারের দুস্প্রাপ্যতা, রেগুলেটরি কর্তৃপক্ষের নজরদারিতার অভাব এবং বিনিয়োগকারীদের সচেতনতার অভাব কে দায়ী করেন। পুঁজিবাজারকে স্থিতিশীল করার লক্ষ্যে সরকার গৃহীত ৫,০০০ কোটি টাকার ফাণ্ড ঘোষণা কে তিনি স্বাগত জানান এবং তিনি আশা প্রকাশ করেন যে, এ ফাণ্ড বাজারে ইতিবাচক প্রভাব ফেলবে। তিনি পুঁজিবাজারের স্বচ্ছতা আনার জন্য এসইসি'র বাস্তবমুখী পদক্ষেপ গ্রহণ করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, বিনিয়োগকারীদের সচেতনতা বৃদ্ধির জন্য এসইসি,

ডিএসই এবং সিএসএই যৌথভাবে কাজ করা উচিত এবং নিয়মিতভাবে বিভিন্ন স্তরে প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করা প্রয়োজন। ডিসিসিআই সভাপতি অন্যান্য উন্নত দেশের ন্যায় বাংলাদেশকেও পুঁজিবাজারে দীর্ঘ-মেয়াদী উন্নয়নের স্বার্থে Capital Market Master Plan (CMMP) I Corporate Governance Department প্রণয়নের উপর গুরুত্ব আরোপ করেন যারা বাজার পর্যবেক্ষণের পাশাপাশি কার্যকর নীতিমালা গ্রহণ এবং তা বাস্তবায়ন করবে। বিনিয়োগকারীদের উৎসাহিত করার লক্ষ্যে ও এ বাজারে আস্থা ফিরিয়ে আনতে ব্যক্তিগত এবং প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের উপর ট্যাক্স প্রত্যাহার, হোল্ডিং কোম্পানীর ক্ষেত্রে বর্তমানে প্রযোজ্য ট্যাক্স নীতিমালা পুনঃমূল্যায়ন করা এবং তালিকাভুক্ত কোম্পানীর ক্ষেত্রে ৩০% কর্পোরেট ট্যাক্সের বিষয়টি পুনঃবিবেচনার জন্য জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)'র প্রতি আহবান জানান।

সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান প্রফেসর এম খায়রুল হাসান পুঁজিবাজারে আস্থা ফিরিয়ে আনার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি পুঁজিবাজার বিষয়ে বিনিয়োগকারীদের সচেতনতা বৃদ্ধির উপর জোর দেন। তিনি ভালো কোম্পানীর শেয়ার বাজারে আনার ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টিকারী আইনসমূহ পরিবর্তনের উপর গুরুত্ব আরোপ করেন।

ঢাকা স্টক এক্সচেঞ্জের সভাপতি জনাব শাকিল রিজভী বলেন, বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য পুঁজিবাজারের কোন বিকল্প নেই। তিনি পুঁজিবাজারের চাহিদা এবং সরবরাহের মধ্যে সমন্বয় সাধনের উপর গুরুত্ব আরোপ করেন। ডিএসই সভাপতি নতুন নতুন কোম্পানীগুলোকে পুঁজিবাজারে তালিকাভুক্তির জন্য উৎসাহিত করার জন্য সংশ্লিষ্ট আইনগুলোকে সংস্কার ও যুগোপযোগী করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বিনিয়োগকারীদের কে ইনসেনটিভ প্রদান এবং আর্থিক প্রতিষ্ঠানগুলোর অডিট রিপোর্টের মান বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেন।

চট্রগ্রাম স্টক এক্সচেঞ্জের সভাপতি জনাব ফখর উদ্দিন আলী আহমেদ বলেন, পুঁজিবাজারের সাথে সংশ্লিষ্ট খাতগুলোর মধ্যে সমন্বয়ের অভাব রয়েছে। তাই তিনি সকলকে একসাথে কাজ করার আহবান জানান। তিনি পুঁজিবাজারের আইনগুলোকে সংশোধন করার উপর গুরুত্ব আরোপ করেন। পুঁজিবাজারের সংস্কারের লক্ষ্যে স্বল্প, মধ্যম এবং দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণের উপর জোর দেন।

প্রধান অতিথি ডঃ মশিউর রহমান বলেন, পুঁজিবাজারের স্বচ্ছতা এবং দায়বদ্ধতা সৃষ্টি করতে হবে। তিনি পুঁজিবাজারে বিনিয়োগের জন্য পরিবেশ তৈরি, ব্যবসার সাথে সংশ্লিষ্ট নিয়মকানুনগুলোকে সুস্পষ্ট ও সুনিদিষ্ট করার উপর জোর দেন। তিনি শিল্পায়নের জন্য নতুন প্রজন্মকে এগিয়ে আসার আহবান জানান। তিনি পুঁজিবাজার এর ঝুঁকির বিষয়টি মাথায় রাখার জন্য বিনিয়োগকারীদের পরামর্শ দেন।

উদ্বোধনী অনুষ্ঠানের সমাপনীতে ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর ধন্যবাদ প্রস্তাব জ্ঞাপন করেন।

সেমিনারের **Demand Side Constraints** এবং **Supply Side Constraints** এর উপর দুটো ওয়ার্কিং সেশন অনুষ্ঠিত হয়।

Demand Side Constraints শীর্ষক ওয়ার্কিং সেশনে তত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ডঃ হোসেন জিল্লুর রহমান সেশন চেয়ারপার্সন হিসেবে উপস্থিত ছিলেন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগের অধ্যাপক এবং ঢাকা স্টক এক্সচেঞ্জের প্রাক্তন সিইও ডঃ সালেহউদ্দিন আহমেদ খান মূল প্রবন্ধ উপস্থাপন করেন।

মূল প্রবন্ধে ডঃ সালেহউদ্দিন আহমেদ খান পুঁজিবাজারের উন্নয়নের জন্য রাজনৈতিক স্থিতিশীলতা আনয়ন, বাজারে নতুন নতুন ফাণ্ড নিয়ে আসা, এসইসিতে দক্ষ জনবল নিশ্চিত করা, পুরাতন আইনের সংস্কারের পাশাপাশি নতুন নতুন আইন তৈরি, আইনের সমন্বয় সাধন, পুঁজিবাজারের উন্নয়নে দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণ, বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে গ্যাস-বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা, এবং সুদের উচ্চহার হ্রাস প্রভৃতির উপর গুরুত্ব আরোপ করেন। তিনি অভিমত প্রকাশ করেন যে, সরকারী বণ্ড সেকেন্ডারী মার্কেট আশা উচিত।

ডঃ হোসেন জিল্লুর রহমান পুঁজিবাজারের আস্থার পরিবেশ তৈরি, পুঁজিবাজারের প্রাতিষ্ঠানিক উন্নয়ন এবং দেশের সার্বিক উন্নয়নে পুঁজিবাজারের অবস্থান কি হবে তা নির্ধারনের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি পুঁজিবাজারের উন্নয়নের লক্ষ্যে দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণের উপর জোর দেন। এছাড়া তিনি করপোরেট গভর্নেস এর উপর গুরুত্বারোপ করেন।

Supply Side Constraints শীর্ষক ওয়ার্কিং সেশনে ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম সেশন চেয়ারপার্সন হিসেবে উপস্থিত ছিলেন এবং ডিসিসিআই এর পরিচালক ও গ্রীণ ডেল্টা সিকিউরিটিজ এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব ওয়াকার আহমেদ চৌধুরী মূল প্রবন্ধ উপস্থাপন করেন।

জনাব ওয়াকার আহমেদ চৌধুরী তাঁর মূল প্রবন্ধ পুঁজিবাজারে এসইসি, ডিএসই এবং সিএসই নজরদারি বাড়ানো, আইপিও নীতিমালার সংস্কার, পুঁজিবাজারে বহুজাতিক কোম্পানীগুলোর নিবন্ধন নিশ্চিত করার উপর গুরুত্ব আরোপ করেন।

নির্ধারিত আলোচনায় ঢাকা স্টক এক্সচেঞ্জের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট জনাব আহসানুল ইসলাম টিটু, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগের অধ্যাপক ডঃ মাহমুদ ওসমান ইমাম, রহমান হক এর পার্টনার জনাব আদিব এইচ খান, সিপিডির সিনিয়র রিসার্চ ফেলো ডঃ খন্দকার গোলাম মোয়াজ্জেম, ক্রমার অ্যান্ড পার্টনারস এর পরিচালক জনাব মনিরুল আহসান, ডিসিসিআই'র পরিচালক ও রহিম আফরোজের ব্যবস্থাপনা পরিচালক জনাব নিয়াজ রহিম, জেনিথ ইনভেস্টমেন্ট লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক জনাব আরিফ খান, আইএফসি-বাংলাদেশ এর প্রজেক্ট ম্যানেজার জনাব জাকিউল্লাহ সাইয়েদ মুন্সী, বিজিএমইএ'র সভাপতি জনাব মোঃ শফিউল ইসলাম (মহিউদ্দিন) এবং লিডারশিপ কনসালটেন্ট জনাব আকবর হাকিম অংশগ্রহণ করেন।

উন্মুক্ত আলোচনায় ডিসিসিআই'র প্রাক্তন সভাপতিবৃন্দ, পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ এবং আগত অতিথিবৃন্দ সক্রিয় অংশগ্রহণ করেন।

ডিসিসিআইতে "How to Do Business with the United Nations Procurement Division (UNPD) & Vendor Registration" বিষয়ক ওয়ার্কশপ অনুষ্ঠিত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং স্কলারস বাংলাদেশ যৌথভাবে বাণিজ্য মন্ত্রণালয় এবং ইউএনপিডি'র সহায়তায় ৩০মে ২০১১ তারিখ "How to Do Business with the United Nations Procurement Division (UNPD) & Vendor Registration" বিষয়ক ওয়ার্কশপের আয়োজন করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় বাণিজ্যমন্ত্রী জনাব মুহাম্মদ ফারুক খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ওয়ার্কশপে জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত ডঃ আব্দুল মোমেন এবং এফবিসিসিআই'র সভাপতি জনাব এ কে আজাদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয় এ বিষয়ে ইতোমধ্যে বাংলাদেশী ব্যবসায়ীদের সচেতনতাবৃদ্ধিতে কার্যক্রম গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় ডিসিসিআই, বাণিজ্য মন্ত্রণালয়ের সহায়তায় এ ওয়ার্কশপের আয়োজন করে।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম বলেন আজকের এ আয়োজনের মাধ্যমে জাতিসংঘের ক্রয় বিভাগের কার্যক্রম, নীতিমালা, ব্যবসার সুযোগ ও নিবন্ধন সম্পর্কে ধারণা পাওয়া যাবে এবং এর মাধ্যমে বাংলাদেশের ব্যবসায় এক নতুন দিগন্ত উন্মোচিত হবে। তিনি উল্লেখ করেন যে, প্রতি বছর বিশ্বের ৯৬টি দেশ জাতিসংঘের ক্রয় বিভাগ এর মাধ্যমে ৩.৫ বিলিয়ন ডলারের ব্যবসা করে থাকে। তিনি বলেন, বাংলাদেশী ব্যবসায়ীদের স্থাপত্য, ইঞ্জিনিয়ারিং ও কন্সট্রাকশন সার্ভিসেস, কেমিক্যাল জাতীয় পণ্য, বিভিন্ন ধরনের খাদ্যদ্রব্য এবং ভ্রমণের সাথে সংশ্লিষ্ট খাতগুলোতে ব্যবসা করার সুযোগ রয়েছে। তিনি ব্যবসার বহুমুখীকরনের উপর গুরুত্ব আরোপ করেন– যার মাধ্যমে ব্যবসার পরিধি বৃদ্ধি করা সম্ভব। তিনি বলেন, ডিসিসিআই নলেজ সেন্টার ইউএনপিডি'র তথ্যসমূহ প্রাপ্তির স্থল হিসেবে কাজ করতে পারে।

জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত ডঃ আব্দুল মোমেন বলেন, বাংলাদেশী ব্যবসায়ীদের উচিত এ সুযোগ গ্রহণ করা এবং ব্যবসার এ সুযোগ দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

এফবিসিসিআই'র সভাপতি জনাব এ কে আজাদ বলেন, জাতিসংঘের সাথে ব্যবসা করার ভালো সম্ভাবনা রয়েছে। তিনি এ বিষয়ে যথাযথ দিক নির্দেশনা ও সহায়তা প্রদানের জন্য জাতিসংঘের ক্রয় বিভাগের প্রতি আহবান জানান।

বাণিজ্যমন্ত্রী জনাব মুহাম্মদ ফারুক খান বলেন, বাংলাদেশী ব্যবসায়ীদের দক্ষতা ও অভিজ্ঞতা রয়েছে। তিনি বলেন, আমাদের উৎপাদিত পণ্যের গুণগত মান অত্যন্ত সন্তোষজনক। তিনি ব্যবসায়ী সম্প্রদায়কে নিজেদের অভিজ্ঞতা কাজে লাগিয়ে এ সুযোগ গ্রহণ করার আহবান জানান।

ওয়ার্কশপে জাতিসংঘের ক্রয় বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মি. দিমিত্রি ডোভগোপোলি এ সংক্রান্ত তথ্যচিত্র সম্বলিত উপস্থাপনায় জাতিসংঘের ক্রয় বিভাগে তালিকাভুক্তি সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান করেন। তিনি বলেন, খাদ্য, ঔষধ, পরিবহন, তথ্য-প্রযুক্তি, গ্রহায়ণ, কেমিক্যাল, কন্সট্রাকশন, টেলিযোগাযোগ ইত্যাদি খাতগুলোতে বাংলাদেশী ব্যবসায়ীদের ব্যবসা করার যথেষ্ট সুযোগ রয়েছে। জাতিসংঘের ক্রয় বিভাগের সংগ্রহ কর্মকর্তা মিস আনিতা পিনটো ক্রয় বিভাগে "অনলাইন" রেজিস্ট্রেশন পদ্ধতি সম্পর্কে বিস্তারিত ধারণা দেন।

প্রশ্নোত্তর পর্বে ডিসিসিআই পরিচালক জনাব এম বশির উল্লাহ ভূঁইয়া, জনাব খায়রুল মজিদ মাহমুদ, জনাব এম আবু হোরায়রা, কনভেনর জনাব কামরুল ইসলাম, ইনসেপটা ফার্মাসিউটিক্যালের প্রতিনিধি জনাব সাইফুল্লাহ মামুন প্রমুখ সক্রিয় অংশগ্রহণ করেন।

ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক সর্বজনাব হোসেন এ সিকদার, ওয়াকার আহমেদ চৌধুরী, ওসমান গনি, কে এম এন মনজুরুল হক, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, এম আনওয়ারুল হক, কে জি করিম, আবসার করিম চৌধুরী, এবং স্কলারস বাংলাদেশ এর চেয়ারম্যান জনাব এম ই চৌধুরী শামীম এ সময় উপস্থিত ছিলেন।

কুনমিং ফেয়ারে অংশগ্রহণের জন্য ডিসিসিআই বাণিজ্য প্রতিনিধিদলের চীনের কুনমিং যাত্রা

চায়না কাউন্সিল ফর দি প্রোমোশন অফ ইন্টারন্যাশনাল ট্রেড (সিসিপিআইটি) এর আমন্ত্রনে ১৯তম চায়না ইমপোর্ট এন্ড এক্সপোর্ট কমোডিটিস ফেয়ার ২০১১, কুনমিং এ অংশগ্রহণের জন্য ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এর ৩২ সদস্যের একটি বাণিজ্য প্রতিনিধিদল ৩ জুন, ২০১১ তারিখে চীনের কুনমিং এর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করে। মেলাটি ৫ জুন থেকে শুরু হয়ে ১০ জুন, ২০১১ পর্যন্ত চলে। এ বছর ডিসিসিআই ১৯তম চায়না ইমপোর্ট এন্ড এক্সপোর্ট কমোডিটিস ফেয়ার ২০১১, কুনমিং এর সহ-আয়োজক হিসেবে অংশ নিয়েছে।

ডিসিসিআই এর প্রাক্তন উর্ধ্বতন সহ-সভাপতি জনাব এম শাহজাহান খান এ বাণিজ্য প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন। প্রতিনিধিদলের উপনেতৃত্বে ছিলেন ডিসিসিআই এর পরিচালক জনাব এম বশির উল্লাহ ভূঁইয়া। অন্যান্যদের মধ্যে ছিলেন ডিসিসিআই এর পরিচালক জনাব ওসমান গনি এবং প্রাক্তন পরিচালক জনাব মাসহুক হোসেন ও সৈয়দ হাবিবুর রহমান।

বাংলাদেশ থেকে বিভিন্ন রপ্তানীযোগ্য হস্তশিল্প, কুটিরশিল্প, তৈরি পোশাক, হোম টেক্সটাইল, আর্টিফিসিয়াল জুয়েলারি, কৃষি প্রক্রিয়াজাত খাদ্য, পাটজাত পণ্য, চামড়াজাত পণ্য প্রস্তুতকারী প্রতিষ্ঠান ডিসিসিআই'র প্রদর্শকদলের সদস্য হিসেবে মেলায় তাদের পণ্যসামগ্রী প্রদর্শন করেন। ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তাগণ ডিসিসিআই প্রতিনিধি দলের সদস্য হিসেবে এ মেলায় অংশগ্রহণ করেছেন। এছাড়াও ৬ষ্ঠ চায়না সাউথ-এশিয়া বিজনেস ফোরামে ডিসিসিআই বাণিজ্য প্রতিনিধিদলের নেতা জনাব এম শাহজাহান খান বাংলাদেশে ব্যবসা ও বিনিয়োগ সম্ভাবনা নিয়ে বক্তব্য প্রদান করেন। প্রতিনিধিদলটি ইউনান চেম্বার অব কমার্স পরিদর্শন ও অন্যান্য ব্যবসায়ী প্রতিনিধিদের সাথে দ্বিপাক্ষিক বাণিজ্য উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন বৈঠকে মিলিত হয়।

দ্বিপাক্ষিক ব্যবসা ও বাণিজ্য সম্প্রসারণ এবং চীনের বাজারে বাংলাদেশী পণ্যের রপ্তানী বৃদ্ধির লক্ষ্যে ডিসিসিআই প্রতি বছর এ মেলায় সহআয়োজক হিসেবে অংশগ্রহণ করছে।

"বাংলাদেশে ই-পেমেন্ট ঃ সম্ভাবনা ও চ্যালেঞ্জ" পাবলিক-প্রাইভেট ডায়লগ অনুষ্ঠিত

বাংলাদেশ ব্যাংক এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) যৌথভাবে আইএফসি'র সহায়তায় ৪ জুন ২০১১ তারিখে "বাংলাদেশে ই-পেমেন্ট ঃ সম্ভাবনা ও চ্যালেঞ্জ" বিষয়ক পাবলিক-প্রাইভেট ডায়লগের আয়োজন করে। বাংলাদেশ ব্যাংকের গভর্নর ডঃ আতিউর রহমান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম তাঁর স্বাগত বক্তব্যে বলেন, এ আয়োজনের মূল লক্ষ্য হলো ই-পেমেন্টের সাথে জড়িত সকল পক্ষের সাথে আলোচনার মাধ্যমে বিদ্যমান প্রতিবন্ধকতাগুলো চিহ্নিত করা এবং সমাধান খুঁজে বের করা, যার মাধ্যমে এ প্রকল্পটি বাস্তবায়নে একটি সহায়ক পরিবেশ তৈরি করা সম্ভব হবে। তিনি ই-পেমেন্ট এর সুবিধা সম্পর্কে জনগন, ব্যাংক এ ফিন্যান্সিয়াল ইনস্টিটিউশনগুলোর মধ্যে সচেতনতা বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেন। তিনি আরো বলেন, ইলেকট্রনিক লেনদেন অর্থনৈতিক প্রবৃদ্ধি বাড়ানোর পাশাপাশি লেনদেন কার্যক্রমের দক্ষতা বাড়াবে।

ডঃ আতিউর রহমান বলেন, একটি দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ও উন্নয়ন নিশ্চিত করতে আধুনিক পেমেন্ট ব্যবস্থা অত্যন্ত প্রয়োজন। তিনি জানান, দেশে একটি নিরাপদ এবং দক্ষ পেমেন্ট ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কাজ করে যাচ্ছে। তিনি বলেন, ব্যবসা বান্ধব পরিবেশ তৈরি, ব্যবসা সহজতর করা এবং অর্থনীতির চাকাকে সচল করার জন্য সকলকে দায়িত্বশীল হতে হবে এবং পেশদারীত্বের মনোভাব নিয়ে আসতে হবে। তিনি মনে করেন, ই-পেমেন্ট ব্যবস্থা ব্যবসায় ব্যয় হ্রাস করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং এ ব্যবস্থা শেয়ার বাজারে ইতিবাচক প্রভাব ফেলবে। তিনি আরো বলেন, বাংলাদেশ ব্যাংক ই-পেমেন্ট কার্যক্রম পরিচালনার জন্য Encryption, PKI এবং ডিজিটাল সাইনেজ প্রযুক্তি ব্যবহারের চিন্তা-ভাবনা করছে। আর এ প্রযুক্তিতে ব্যবহৃত তথ্যসমূহ এতটাই নিরাপদে থাকবে যে, কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষে সেগুলোতে প্রবেশ বা অপপ্রয়োগ একেবারেই অসম্ভব।

বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব দাশগুপ্ত অসীম কুমার ই-পেমেন্ট বাস্তবায়নে বাংলাদেশ ব্যাংকের অবস্থান সম্পর্কে বলেন, সম্প্রতি বাংলাদেশ ব্যাংক কর্তৃক চালুকৃত ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক এর মাধ্যমে দেশের ব্যবসায়ী সমাজ অনেক সুবিধা ভোগ করতে পারবে। তিনি ব্যবসায়ী সম্প্রদায়কে এ সুবিধা কাজে লাগানোর আহবান জানান।

আইএফসি'র প্রোগ্রাম ম্যানেজার ডঃ মাশরুর রিয়াজ ধন্যবাদ প্রস্তাব জ্ঞাপন করেন। তিনি বলেন, ই-পেমেন্ট ব্যবস্থা বাংলাদেশের আর্থিক খাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করবে।

উদ্বোধনী অনুষ্ঠানের পর অনুষ্ঠিত পাবলিক-প্রাইভেট ডায়লগ সেশনে বাংলাদেশ ব্যাংকের ডেপুটি ডিরেক্টর খন্দকার আলী কামরান আল জাহিদ, ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, আইএফসি'র এসোসিয়েট অপারেশন্স অফিসার জনাব আজাদ রহমান ও কিউ ক্যাশ এর ডঃ কাজী সাইফুদ্দিন মুনির তথ্য চিত্র উপস্থাপন করেন।

জনাব খন্দকার আলী কামরান আল জাহিদ বলেন, ইলেকট্রনিক লেনদেন অনেক বেশি নিরাপদ ও সময়োপযোগী। তিনি এ ব্যবস্থা বাস্তবায়নের জন্য অবকাঠামো উন্নয়নে গুরুত্ব প্রদানের জন্য আহবান জানান।

জনাব টি আই এম নূরুল কবীর বলেন, ই-পেমেন্ট ব্যবস্থা গ্রহণের মাধ্যম লেনদেনের খরচ কমানো এবং ই-কমার্স ও ই-ট্রেড বাস্তবায়ন করা সম্ভব হবে।

উন্মুক্ত আলোচনায় বেসিসের সভাপতি জনাব মাহবুব জামান, প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক জনাব মোঃ আব্দুল আহাদ, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)'র সদস্য জনাব কানন কুমার রায়, তিতাস গ্যাস ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আজিজ খান, কন্ট্রোলার অব সার্টিফাইং অথিউরিটিস এর অতিরিক্ত সচিব জনাব মাহফুজুর রহমান, বেসিসের ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব ফাহিম মাশরুর, আইএফআইসি ব্যাংকের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট জনাব শাহজাহান বারী, ডাটা সফট সিস্টেমস বাংলাদেশ লিমিটেড এর সিওও জনাব মনজুর মাহমুদ, টেকনোবিডি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব শাহ ইমরুল কায়েস, আইপাহোলিকস লিমিটেড'র চেয়ারম্যান জনাব ফকরুজ্জামান, ডিসিসিআই'র প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব আশরাফ ইবনে নূর, ডিসিসিআই পরিচালক জনাব ওয়াকার আহমেদ চৌধুরী, আমেরিকান চেম্বার অব কমার্স এর নির্বাহী পরিচালক জনাব এ গফুর এবং ডিসিসিআই কনভেনর জনাব শোয়ের চৌধুরী সক্রিয় অংশগ্রহণ করেন।

ডিসিসিআই প্রাক্তন সভাপতি জনাব আর এম খান, জনাব জাফর ওসমান, পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ, প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি ও প্রাক্তন সহ-সভাপতিবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

ডিসিসিআইতে "Accreditation: Supporting the work of regulators" বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) যৌথভাবে ৮ জুন ২০১১ তারিখ বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস উপলক্ষ্যে "Accreditation: Supporting the work of regulators" বিষয়ক আলোচনা সভার আয়োজন করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিল্পমন্ত্রী জনাব দিলীপ বড়ুয়া অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এফবিসিসিআই সভাপতি জনাব এ কে আজাদ, ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম এবং শিল্পমন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জনাব কে এইচ মাসুদ সিদ্দিকী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ডের চেয়ারম্যান অ্যাডভোকেট মইনুদ্দিন মিয়াজী।

প্রকৌশলী কিউ এ রাজিউল হক প্রতিপাদ্য বিষয়ের উপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি বলেন, এ্যাক্রেডিটেশন পদ্ধতি পণ্য ও সেবা প্রদানকারীর যোগ্যতার নিশ্চয়তা প্রদান করে এবং জনগনের আস্থা অর্জনে সহায়ক হয়।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম বলেন, মুক্ত বাজার অর্থনীতিতে সারা বিশ্ব একটি অখণ্ড Global Village এ পরিণত হয়েছে। তিনি বলেন, বিশ্ব বাজারে বাংলাদেশী পণ্যের গ্রহণযোগ্যতা সৃষ্টি এবং প্রবেশাধিকারের নিশ্চয়তা বিধানের জন্য আমাদেরকে বিশ্ব মানের পণ্য উৎপাদন করতে হবে। তিনি আরো বলেন, Accreditation ব্যবস্থা রপ্তানিকৃত দেশে পণ্যের গ্রহণযোগ্যতা বৃদ্ধিতে সহায়তা করবে। ডিসিসিআই সভাপতি বলেন, বাংলাদেশী রপ্তানি পণ্যের Accreditation করা না গেলে বিশ্ব বাজারে প্রতিযোগী দেশসমূহের সাথে প্রতিযোগিতায় টিকে থাকা কঠিন হবে। তিনি জানান, Accreditation এর মাধ্যমে পরীক্ষাগারসমূহ বিভিন্ন পরীক্ষা চালনায় তাদের দক্ষতা, মানের উন্নয়ন এবং বিশ্বাসযোগ্যতা বৃদ্ধি করতে পারে। তিনি বাংলাদেশে TBT এবং SPS ফোকাল পয়েন্টগুলোকে কার্যকর করার আহবান জানান।

এফবিসিসিআই'র সভাপতি জনাব এ কে আজাদ বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ডকে শক্তিশালী করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, বিদ্যুৎ পরিস্থিতি উন্নয়ন এবং বিনিয়োগ সহায়ক পরিবেশ নিশ্চিত করার জন্য শীঘ্রই কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করতে হবে। তিনি আরো বলেন, আমরা যদি এ্যাক্রেডিটেশন ব্যবস্থা নিজ দেশেই নিশ্চিত করতে পারি তাহলে ব্যবসায়ীদের এ খাতে ব্যয়কৃত অর্থ অন্যান্য উন্নয়ন কাজে ব্যবহৃত হতে পারবে। তিনি সরকারকে এ বিষয়ে এফবিসিসিআই এবং ডিসিসিআই'র পক্ষ থেকে সরকারকে সকল ধরনের সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

শিল্প মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জনাব কে এইচ মাসুদ সিদ্দিকী এ্যাক্রেডিটেশন বোর্ডকে কার্যকর করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, আমাদেরকে নিজেদের উৎপাদিত পণ্যের মান ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে। তিনি বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ডে দক্ষ জনবলের পাশাপাশি লিড এসেসর নিয়োগের উপর জোর আরোপ করেন। তিনি কয়লাভিত্তিক শিল্প স্থাপনের পাশাপাশি নবায়নযোগ্য বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের উপর গুরুত্ব আরোপ করেন।

শিল্প মন্ত্রী জনাব দিলীপ বড়ুয়া বলেন, উৎপাদিত পণ্য গুণগতমানের না হলে, শিল্প কারখানা কোনোভাবেই টেকসই হবে না। তিনি পণ্যের গুণগত মানোন্নয়নের জন্য বিশ্বমানের ল্যাবরেটরি, দক্ষ ও প্রশিক্ষিত মাননির্ধারনীর জনশক্তির তৈরির উপর গুরুত্ব আরোপ করেন। তিনি জানান, পণ্যের আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা অর্জনের জন্য বিশ্বমানের ল্যাবরেটরির কোন বিকল্প নেই। তিনি এজন্য প্রয়োজনীয় অবকাঠামোগত উন্নয়নের উপর জোর দেন।

বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ডের চেয়ারম্যান অ্যাডভোকেট মইনুদ্দিন মিয়াজী বলেন, নিয়ন্ত্রক সংস্থার কাজকে সহজ করার পাশাপাশি এ্যাক্রেডিটেশন ভোক্তা সাধারণের স্বার্থও রক্ষা করে। তিনি আরো বলেন, সকল কারিগরী নিয়ন্ত্রক সংস্থার কাজকে সহজতর করার জন্য এ্যাক্রেডিটেশন পদ্ধতির বিকল্প নেই।

বিএসটিআই'র মহাপরিচালক জনাব এ কে ফজলুল আহাদ, বারডেম হাসপাতালের মেডিকেল ল্যাবরেটরি সার্ভিসেস এর পরিচালক ডাঃ সুভাগত চৌধুরী, এস জি এস বাংলাদেশ'র ব্যবস্থাপনা পরিচালক মি. এরিয়াল মিরান্ডা এবং লিড অডিটর ব্রিগেডিয়ার জেনারেল এম মফিজুর রহমান নিধারিত আলোচক হিসেবে বক্তব্য প্রদান করেন।

বাংলদেশ এ্যাক্রেডিটেশন বোর্ডের পরিচালক প্রকৌশলী জি ফখরুদ্দিন আহমেদ চৌধুরী ধন্যবাদ প্রস্তাব জ্ঞাপন করেন।

ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, জনাব এম আনওয়ারুল হক এবং জনাব আবসার করিম চৌধুরী এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআই'র হরতাল প্রত্যাহারের আহ্বান

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) প্রায় পাঁচ হাজার সদস্যবিশিষ্ঠ দেশের সর্ববৃহৎ বাণিজ্য সংগঠন বিগত ১২ ও ১৩ জুন, ২০১১ দুই দিন ব্যাপি আহুত হরতালে উদ্বেগ প্রকাশ করেছে এবং তা প্রত্যাহারের আহ্বান জানিয়েছে। ডিসিসিআই মনে করে দুইদিন ব্যাপি এ হরতাল দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডকে বাধাগ্রস্থ করবে।

দেশের সর্ববৃহৎ এসএমই খাতের বাণিজ্য সংগঠন হিসেবে ঢাকা চেম্বার মনে করে যে, এ ধরনের হরতাল দেশের শিল্প ও বাণিজ্যকে ক্ষতিগ্রস্থ করবে যা দেশের জন্য মঙ্গলজনক নয়। ডিসিসিআই বিশ্বাস করে যে, দেশের ক্রমবর্ধমান অর্থনৈতিক গতিধারায় বিদুৎ ও জ্বালানী স্বল্পতার মধ্যে এমন আন্দোলন শিল্পোৎপাদন, আমদানী, রপ্তানী ও দৈনন্দিন ব্যবসায় কার্যক্রমকে বাধাগ্রস্থ করবে। ডিসিসিআই এ হরতাল প্রত্যাহারের আহ্বান জানিয়েছে ও রাজনৈতিক দলগুলোর প্রতি অর্থনীতি ও দেশের উন্নয়ন ব্যাহত হয় এমন রাজনৈতিক আন্দোলনের গণতান্ত্রিক চর্চার বিকল্প ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান।

ডিসিসিআই সভাপতির সাথে দি রাওয়ালপিন্ডি চেম্বার অব কমার্সের প্রতিনিধিদলের সাক্ষাৎ

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের সাথে বাংলাদেশ সফররত দি রাওয়ালপিণ্ডি চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র ২০ সদস্যের একটি প্রতিনিধি ১৫ জুন ২০১১ তারিখ ডিসিসিআইতে সাক্ষাৎ করে।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম প্রতিনিধিদলকে ডিসিসিআইতে আসার জন্য ধন্যবাদ জানান। তিনি সার্কভুক্ত ও মুসলিম প্রধান দুদেশের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য সম্পর্ক উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, বাংলাদেশ ইউরোপীয় ইউনিয়ন, জাপান, কানাডা, নরওয়ে, অস্ট্রেলিয়াসহ অন্যান্য উন্নয়নশীল দেশগুলোতে শুল্কমুক্ত ও কোটা সুবিধা পেয়ে থাকে। তাই এ সুযোগ গ্রহণ করে পাকিস্তানি উদ্যোক্তাদেরকে তিনি বাংলাদেশে বিনিয়োগ করার আহবান জানান। তিনি পাকিস্তানের উদ্যোক্তাদেরকে তথ্য-প্রযুক্তি, টেক্সটাইল, পাট ও পাটজাত পণ্য, চামড়াজাত পণ্য, কৃষিখাত এবং লাইট ইঞ্জিনিয়ারিং খাতে যৌথ বিনিয়োগের আহবান জানান।

দি রাওয়ালপিন্ডি চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সহ-সভাপতি ডঃ সিমাইল দাউদ আরাইন বলেন, দুদেশের মধ্যে ব্যবসা-বাণিজ্যের প্রচুর সম্ভাবনা রয়েছে। তিনি পাকিস্তান থেকে মার্বেল, ঔষধ, খাদ্যজাত দ্রব্য প্রভৃতি আমদানির আহবান জানান। তিনি জানান, পাকিস্তান সরকার বিদেশী বিনিয়োগকারীদের জন্য বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদান করছে। বাংলাদেশী উদ্যোক্তাদের এসব সুবিধা গ্রহণ করে পাকিস্তানে বিনিয়োগের আহবান জানান। তিনি দুদেশের মধ্যে পণ্য আমদানি-রপ্তানীর ক্ষেত্রে সরাসরি সমুদ্র পরিবহন ব্যবস্থা চালুর উপর গুরুত্ব আরোপ করেন। তিনি দুদেশের বাণিজ্য বৃদ্ধির লক্ষ্যে ডিসিসিআই এবং দি রাওয়ালপিন্ডি চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরের উপর জোর দেন। তিনি বাংলাদেশী উদ্যোক্তাদের পাকিস্তানে পণ্য প্রদর্শনী ও মেলা আয়োজনের আহবান জানান।

ডিসিসিআই সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক জনাব হোসেন এ সিকদার, জনাব এম বশির উল্লাহ ভূঁইয়া, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, জনাব কে জি করিম, জনাব আবসার করিম চৌধুরী এবং জনাব এম আবু হোরায়রা এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআইতে কপিরাইট অ্যান্ড কালেকটিভ ম্যানেজমেন্ট বিষয়ক ওয়ার্কশপ অনুষ্ঠিত

ওয়ার্ল্ড ইনটিলেকচুয়্যাল প্রপার্টি অর্গানাইজেশন (ওয়াইপো), কপিরাইট অফিস-বাংলাদেশ এবং ইউরোপীয় ইউনিয়নের সহযোগিতায় আয়োজিত "কপিরাইট অ্যান্ড কালেকটিভ ম্যানেজমেন্ট" বিষয়ক দু-দিন ব্যাপী এক ওয়ার্কশপ আজ ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'তে অনুষ্ঠিত হয়।

ওয়াইপোর কনসালটেন্ট মি. মানিসেকারান আমিসা এবং মি. চন্দ্র দারুসমান ওয়ার্কশপে উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন। সংস্কৃতি মন্ত্রণালয়ের উপ-সচিব এবং কপিরাইট রেজিস্ট্রার জনাব মোঃ মনজুরুর রহমান, বাণিজ্য মন্ত্রণালয়ের ডব্লিউটিও সেলের পরিচালক মিসেস শরিফা খান, ডিসিসিআই'র অতিরিক্ত সচিব (গবেষণা) মিসেস ফেরদৌস আরা বেগম ওয়ার্কশপে যোগদান করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে কপিরাইট কার্যালয়ের রেজিস্ট্রার মোঃ মনজুরুর রহমান সাহিত্য বিষয়ক কাজগুলোর কপিরাইটের গুরুত্ব এবং এ বিষয়ে কপিরাইট কার্যালয় কর্তৃক গৃহীত কর্মকাণ্ড সর্ম্পকে সকলকে অবহিত করেন।

বাণিজ্য মন্ত্রণালয়ের ডব্লিউটিও সেলের পরিচালক মিসেস শরিফা খান সঞ্চালকের দায়িত্ব পালন করেন।

কপিরাইট এবং সংশ্লিষ্ট অন্যান্য আন্তর্জাতিক আইনের অগ্রগতি, কপিরাইট নিয়ন্ত্রন এবং ব্যবস্থাপনা, কপিরাইটের অর্থনৈতিক ও সাংস্কৃতিক অবদান, কালেকটিভ ম্যানেজমেন্ট সংস্থার কার্যক্রম ইত্যাদি বিষয়ে ওয়ার্কশপে বিস্তারিত আলোচনা হয়।

রেডিও, টেলিভিশন, আইন-শৃঙ্খলা বাহিনী এবং বিভিন্ন মন্ত্রণালয়ের প্রায় ৬০ জন প্রতিনিধি ওয়ার্কশপে যোগদান করেন।

ডিসিসিআই সভাপতির সাথে থাই বাণিজ্য প্রতিনিধিদলের সাক্ষাৎ

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের সাথে থাইল্যান্ডের বিনিয়োগ বোর্ডের ডেপুটি সেক্রেটারি জেনারেল মি. সুংসাক লিমবানিয়ানের নেতৃত্বে ৩০ সদস্য বিশিষ্ট একটি বাণিজ্য প্রতিনিধিদল ২১ জুন ডিসিসিআইতে সাক্ষাৎ করে। থাই-বাংলাদেশ বিজনেস কাউন্সেলের সভাপতি মি. মিংপ্যান্ট চায়া এবং বাংলাদেশ-থাই চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি ও ডিসিসিআই'র প্রাক্তন সভাপতি জনাব এম এ মোমেন এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআই সভাপতি আসিফ ইব্রাহীম বলেন, বাংলাদেশ ও থাইল্যান্ডের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বিদ্যমান। তিনি বলেন, দুদেশের বেসরকারী উদ্যোক্তারা যৌথভাবে কাজ করে দ্বিপাক্ষিক অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখে যাচ্ছে। ডিসিসিআই সভাপতি দুদেশের ব্যবসায়ীদের বাণিজ্য, অর্থনীতি এবং প্রযুক্তিখাতে সুদৃঢ় সম্পর্ক গড়ে তোলার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, বাংলাদেশ ইউরোপীয় ইউনিয়ন, জাপান, কানাডা, নরওয়ে, অস্ট্রেলিয়াসহ অন্যান্য উন্নয়নশীল দেশগুলোতে শুল্কমুক্ত ও কোটা সুবিধা পেয়ে থাকে। তাই এ সুযোগ গ্রহণ করে থাইল্যান্ডের উদ্যোক্তাদেরকে তিনি বাংলাদেশে বিনিয়োগ করার আহবান জানান। তিনি থাইল্যান্ডের ব্যবসায়ীদেরকে মেশিনারিজ, কেমিক্যাল, পাদুকা, কাগজ, তৈরি পোষাক, পেট্রোলিয়ামজাত তেল, কৃষি প্রক্রিয়াজাতকরণ, পোল্ট্রি, পাট ও পাটজাত পণ্য, যোগাযোগ, অবকাঠামো, চামড়াজাত পণ্য ইত্যাদি খাতে যৌথ বিনিয়োগের আহবান জানান। তিনি দুদেশের ব্যবসা বাণিজ্য সম্প্রসারণের লক্ষ্যে থাইল্যান্ডের পক্ষ থেকে বাণিজ্য সংক্রান্ত কার্যক্রম বাড়ানোর উপর গুরুত্ব আরোপ করেন।

প্রতিনিধিদলের নেতা মি. সুংসাক লিমবানিয়ান বলেন, বাংলাদেশে থাই বিনিয়োগ বৃদ্ধিই হলো এ প্রতিনিধিদলের মূল লক্ষ্য। তিনি বলেন, বাংলাদেশ থাইল্যান্ডের বিনিয়োগের জন্য উপযুক্ত স্থান এবং আশা প্রকাশ করেন যে, অদূর ভবিষ্যতে আজকের ব্যবসা সংযোগের সুফল পাওয়া যাবে।

থাই-বাংলাদেশ বিজনেস কাউন্সিলের সভাপতি মি. মিংপ্যান্ট চায়া টেক্সটাইল, তৈরি পোষাক, খাদ্য প্রক্রিয়াজাতকরণ, কন্সট্রাকশন ইত্যাদি খাতে দুদেশের যৌথ বিনিয়োগের প্রতি গুরুত্ব আরোপ করেন।

বাংলাদেশ-থাই চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি এবং ডিসিসিআই'র প্রাক্তন সভাপতি জনাব এম এ মোমেন দুদেশের বাণিজ্য ঘাটতি কমাতে থাইল্যান্ডের ব্যবসায়ীদেরকে বাংলাদেশে অধিক হারে বিনিয়োগ এবং বাংলাদেশে থেকে পণ্য আমদানির আহবান জানান।

ডিসিসিআই'র প্রাক্তন সভাপতি জনাব হোসেন খালেদ বলেন, বাংলাদেশে শিল্প-কারখানার কাঁচামাল তৈরির প্রচুর সম্ভাবনা রয়েছে। তিনি থাইল্যান্ডের ব্যবসায়ীদের কে এ খাতে বিনিয়োগের আহবান জানান।

মুক্ত আলোচনায় ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, পরিচালক জনাব হোসেন এ সিকদার, জনাব নিয়াজ রহিম, জনাব খায়রুল মজিদ মাহমুদ, প্রাক্তন সভাপতি জনাব রাশেদ মাকসুদ খান সক্রিয় অংশগ্রহণ করেন।

ডিসিসিআই সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক ইঞ্জিনিয়ার সৈয়দ মোশাররফ হোসেন, সর্বজনাব এম বশির উল্লাহ ভূঁইয়া, ওসমান গনি, কে এম এন মনজুরুল হক, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, এম আনওয়ারুল হক, কে জি করিম, আবসার করিম চৌধুরী, মোহাম্মদ সিরাজুল ইসলাম, বাংলাদেশ-থাই চেম্বারের পরিচালক (অর্থ) সর্বজনাব আবু রুশদ তারেক, ইমতিয়াজ ফারুক এবং শাহজাদা হামিদ এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআই'র **NTF II** বিষয়ক চুক্তি স্বাক্ষর

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), বাংলাদেশ এসোসিয়েশন অফ সফটওয়ার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস), ইন্টারন্যাশনাল ট্রেড সেন্টার (আইটিসি) এবং সেন্টার ফর দি প্রমোশন অফ ইমপোর্ট ফ্রম ডেভেলপিং কান্ট্রিজ (সিবিআই) ৩০ জুন ২০১১ তারিখ সুইজারল্যান্ডের জেনেভায় অনুষ্ঠিত জাতিসংঘের বার্ষিক জয়েন্ট এ্যাডভাইজরি গ্রুপ মিটিং-এ NTF II প্রকল্প বিষয়ক দলিলে স্বাক্ষর করে।

নেদারল্যান্ডস ট্রাস্ট ফান্ড টু (NTF II) কর্তৃক অর্থায়িত এ প্রকল্প বাংলাদেশের আইটি এবং আইটি এনেবেলড সার্ভিসেস সেক্টরের দক্ষতাবৃদ্ধির ক্ষেত্রে কাজ করবে। এ প্রকল্প বাংলাদেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্পের রপ্তানী সম্ভাবনা বৃদ্ধিতে সহায়ক হবে এবং আগামীতে বাংলাদেশের জন্য প্রাক্কলিত বার্ষিক ১০% হারে প্রবৃদ্ধি অর্জনেও বিশেষ ভূমিকা রাখবে।

যৌথ উদ্যোগ বাস্তবায়নের জন্য স্বাক্ষরিত এ প্রকল্পের মূল লক্ষ্য হলো বাংলাদেশকে IT এবং ITES আউটসোর্সিং এর জন্য বিশেষ উপযুক্ত স্থান হিসেবে বহির্বিশ্বে পরিচিতির মাধ্যমে বাংলাদশের ইমেজ বৃদ্ধি করা এবং এ খাতের সাথে সংশ্লিষ্ট বাণিজ্য সহায়তাকারী প্রতিষ্ঠান অর্থাৎ Trade Supporting Organization গুলোর দক্ষতা বৃদ্ধি করা। এর ফলে এ খাতে কার্যকরী সেবা প্রদানের মাধ্যমে রপ্তানী বৃদ্ধি পাবে।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম, বেসিস (BASIS) সভাপতি জনাব মাহবুব জামান, আইটিসি'র উপ-নির্বাহী পরিচালক মি. জিন ম্যারি পাগহাম এবং সিবিআই'র উপ-নির্বাহী পরিচালক মি. ডিক ডি ম্যান নিজ নিজ পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআইতে রমজান মাসে দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখা এবং পণ্যের গুণগতমান অক্ষুণ্ন রেখে সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে মতবিনিময় সভা অনুষ্ঠিত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) ১১ জুলাই ২০১১ তারিখ রমজান মাসে দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখা এবং পণ্যের গুণগতমান অক্ষুণ্ন রেখে সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে মতবিনিময় সভার আয়োজন করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় বাণিজ্যমন্ত্রী জনাব মুহাম্মদ ফারুক খান প্রধান অতিথি এবং এফবিসিসিআই সভাপতি জনাব এ কে আজাদ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে এলাকা-ভিত্তিক ও বিশেষায়িত সমিতিগুলোর প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম মধ্যসত্ত্বভোগীদের দৌরাত্ব কমিয়ে আনার লক্ষ্যে সরকারী ব্যবস্থাপনায় নিত্যপ্রয়োজনীয় ভোগ্য পণ্যের মজুদ ও সরবরাহ নিয়ন্ত্রনের ব্যবস্থা নিশ্চিত করা, টিসিবির কার্যক্রমের দক্ষতা বৃদ্ধি ও স্বচ্ছতা আনয়ন, জেলা পর্যায়ে Consumer Protection Act এর পরিপূর্ণ বাস্তবায়ন এবং সরকারের উচ্চ পর্যায়ের সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের কাজের ও বক্তব্যের মধ্যে

সমন্বয় সাধনের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি দ্রব্যমূল্য বৃদ্ধি রোধে গণমাধ্যমের দায়িত্বশীল ভূমিকা পালনের উপর জোর দেন। তিনি বলেন, দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখার জন্য বাজার মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। ডিসিসিআই সভাপতি রাজনৈতিক দলগুলোকে হরতালের বিকল্প খুঁজে বের করার আহবান জানান।

এফবিসিসিআই সভাপতি জনাব এ কে আজাদ দেশের মানুষ যেন সহজ দামে পণ্য কিনতে পারে সে দিকে ব্যবসায়ীদেরকে সচেতন থাকার আহবান জানান। তিনি টিসিবিকে কার্যকর করার প্রস্তাব করেন, অন্যথায় টিসিবি এর জন্য বরাদ্দকৃত ২ হাজার ৫০০ কোটি টাকা ব্যবসায়ীদের মাধ্যমে ব্যবহারের প্রস্তাব করেন। তিনি সাধারণ মানুষের ভোগান্তি লাঘবের জন্য ব্যবসায়ীদের আরো দায়িত্বশীল হওয়ার আহবান জানান।

বাণিজ্যমন্ত্রী জনাব মুহাম্মদ ফারুক খান বলেন, দ্রব্যমূল্যের দাম বৃদ্ধির বিষয়টি ব্যবসায়ীদেরকে বাংলাদেশের প্রেক্ষিতে বিবেচনা করতে হবে। তিনি আগামী রমজান মাসে দ্রব্যমূল্য জনগনের ক্রয়ক্ষমতার মধ্যে রাখার জন্য ব্যবসায়ীদের প্রতি আহবান জানান। তিনি বলেন, দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখতে রজমান মাসে বাজার মনিটরিং ব্যবস্থা চালু রাখা হবে। তিনি বলেন, আগামীতে পিএসআই ব্যবস্থা তুলে দেওয়া হবে। ডিসিসিআই পরিচালক জনাব ওয়ালিউর রহমান ধন্যবাদ জ্ঞাপন করেন।

মুক্ত আলোচনায় ডিসিসিআই'র পরিচালক জনাব নিয়াজ রহিম, প্রাক্তন সভাপতি জনাব রাশেদ মাকসুদ খান, জনাব এম এ মোমেন, প্রাক্তন উর্ধ্বতন সহ সভাপতি আলহাজ্ব আব্দুস সালাম, জনাব এম এস সেকিল চৌধুরী প্রমুখ বক্তব্য রাখেন।

ডিসিসিআই পরিচালক সর্বজনাব হোসেন এ সিকদার, এম বশির উল্লাহ ভূঁইয়া, কে এম এন মনজুরুল হক, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, এম আনওয়ারুল হক, কে জি করিম এবং আবসার করিম চৌধুরী এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআইতে "বাংলাদেশে মেধা সম্পদ নকলের ক্রমবর্ধমান প্রবণতা এবং জাতীয় অর্থনীতি ও ভোক্তা অধিকারের ক্ষেত্রে এর নেতিবাচক প্রভাব" বিষয়ক গোলটেবিল আলোচনা অনুষ্ঠিত

ইনটেলেকচ্যুয়াল প্রোপার্টি অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (আইপিএবি) এবং ডিসিসিআই যৌথভাবে নকিয়া লিমিটেড, বেক্সিমকো ফার্মাসিউটিকালস লিঃ, ইউনিলিভার বাংলাদেশ লিঃ ও ও ব্রিটিশ আমেরিকান টোবাকো লিঃ এর সহাতায় ১৩ জুলাই ২০১১ তারিখ "বাংলাদেশে মেধা সম্পদ নকলের ক্রমবর্ধমান প্রবণতা এবং জাতীয় অর্থনীতি ও ভোক্তা অধিকারের ক্ষেত্রে এর নেতিবাচক প্রভাব" বিষয়ক গোলটেবিল আলোচনা ডিসিসিআইতে আয়োজন করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিল্পমন্ত্রী জনাব দিলীপ বড়ুয়া অনুষ্ঠানে প্রধান অতিথি এবং শিল্প সচিব জনাব কে এইচ মাসুদ সিদ্দিকী বিশেষ হিসেবে উপস্থিত ছিলেন।

আইপিএবি'র সেক্রেটারি জেনারেল জনাব আজিজুর রহমান, এফসিএ আইপিএবি'র উদ্দেশ্য এবং কার্যক্রম সর্ম্পকে তথ্য উপস্থাপন করেন। তিনি বলেন, আইপিএবি সচেতনতা বৃদ্ধির জন্য কাজ করছে। তিনি আরো উল্লেখ করেন, জাতীয় স্বার্থে ২০১১ সালের মধ্যে খাতভিত্তিক ২০টি ওয়ার্কশপ ও একটি জাতীয় পর্যায়ের সেমিনার আয়োজনে আইপিএবি একনিষ্ঠভাবে কাজ করে যাচ্ছে, যার প্রধান উদ্দেশ্য হবে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে মেধা সম্পদের ভূমিকা, চলমান সমস্যা ও এর সমাধান নির্ধারণ।

শিল্প সচিব জনাব কে এইচ মাসুদ সিদ্দিকী বলেন, মেধাস্বত্বের ক্ষেত্রে কার্যকর আইন এবং এর যথাযথ প্রয়োগ অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি আইপি সম্পর্কে জনগনকে সচেতন করা এবং শিক্ষিত করার উপর গুরুত্ব আরোপ করেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম পণ্যের নকল প্রতিরোধ করার জন্য ভোক্তাদের সচেতন করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি নকল প্রতিরোধের লক্ষ্যে জোরদার প্রচারণা চালানোর প্রস্তাব করেন। তিনি বলেন, বাংলাদেশের মেধাস্বত্বের সাথে সম্পর্কিত বিষয়গুলোর জন্য যথাযথ আইন এবং এগুলোর কার্যকর প্রয়োগ অত্যন্ত জরুরী। তিনি জানান ঢাকা চেম্বার একটি আইপি নলেজ সেন্টার স্থাপনের জন্য কাজ করছে। ডিসিসিআই সভাপতি বলেন, নকল পণ্য ব্যবহারের ক্ষতিকর দিক সম্পর্কে জনগণকে সচেতন করার লক্ষ্যে সিটি কর্পোরেশনের পদক্ষেপ গ্রহণ করতে হবে।

শিল্প মন্ত্রী জনাব দিলীপ বড়ুয়া বলেন, পৃথিবীর সকল সম্পদের মধ্যে মেধাসম্পদের গুরুত্ব সর্বাধিক। তিনি বলেন, মেধাকে সম্পদ হিসেবে ব্যবহার করতে হলে, উদ্ভাবন ও সৃজনশীলতার উপযুক্ত পরিবেশ তৈরি করতে হবে। এজন্য সরকারের পাশাপাশি বেসরকারি পৃষ্টপোষকতা প্রয়োজন। তিনি পাইরেসি বন্ধ করতে সকলকে এগিয়ে আসার আহবান জানান। তিনি আরো বলেন, একটি সমন্বিত আইপি অফিস স্থাপনের প্রক্রিয়া এগিয়ে চলছে। তিনি বেসরকারী উদ্যোক্তাদেরকে সরকারের পক্ষ থেকে সকল ধরনের সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

ব্রিটিশ আমেরিকান টোবাকো বাংলাদেশ লিমিটেড এর হেড অফ কর্পোরেট অ্যান্ড রেগুলেটরি এ্যাফেয়ার্স জাকির ইবনে হাই, ইউনিলিভার বাংলাদেশ লিমিটেড এর কোম্পানী লিগ্যাল ম্যানেজার জনাব আবিদুর রহমান চৌধুরী, সিয়াপ এশিয়া প্যাসিফিক নকিয়া প্রাইভেট লিমিটেড এর লিগ্যাল কাউন্সিলর মি. রেমণ্ড চু এবং বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিমিটেড এর জনাব রেজাউল আহমেদ অনুষ্ঠানে তথ্য চিত্র উপস্থাপন করেন।

কপিরাইটের রেজিস্টার জনাব মনজুরুর রহমান, বাণিজ্য মন্ত্রণালয়ের ডব্লিটিও সেলের ডিরেক্টর মিসেস শরিফা খান, ডিপিডিটি এর রেজিস্টার জনাব বি এম কামাল, ডিসিসিআই'র উর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, সুপ্রীম কোর্টের প্রাক্তন বিচারক জনাব ইকতেদার আহমেদ এবং বিভিন্ন গণমাধ্যমের প্রতিনিধিবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

জাপানে বাংলাদেশী রপ্তানী পণ্য বহুমুখীকরণে ডিসিসিআই'র আহবান

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) ১৪ জুলাই ২০১১ তারিখ "এক্সপোর্ট ডাইভার্সিফিকেশন অফ বাংলাদেশ টু জাপান" বিষয়ক ডায়লগ আয়োজন করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় বাণিজ্য মন্ত্রী জনাব মুহাম্মদ ফারুক খান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বাংলাদেশে নিযুক্ত জাপানের মান্যবর রাষ্ট্রদূত মি. তামাতসো সিনোতসুকা বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম বলেন, জাপানের সাথে বাংলাদেশের সুদৃঢ় বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বিদ্যমান। তিনি দুদেশের মধ্যেকার বাণিজ্য সম্প্রসারণে বাংলাদেশে একটি "জাপান ডেস্ক" এবং জাপানে একটি "বাংলাদেশ ডেস্ক" খোলার প্রস্তাব করেন। ডিসিসিআই সভাপতি পণ্যের বহুমুখীকরণ এবং বাজার সম্প্রসারনের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বাংলাদেশী পণ্যের মান বৃদ্ধি এবং শ্রমিকদের দক্ষতা বৃদ্ধিতে জাপান এক্সটার্নাল ট্রেড অর্গানাইজেশন (জেট্রো), জাপান টেক্সটাইলস ইমপোটার্স এসোশিয়েশন এবং অন্যান্য প্রতিষ্ঠানের সহযোগিতা কামনা করেন।

জাপানের রাষ্ট্রদূত মান্যবর তামাতসো সিনোতসুকা দুদেশের বেসরকারী উদ্যোক্তাদের কে এগিয়ে আসার আহবান জানান এবং ব্যবসা সম্প্রসারনে বিদ্যমান প্রতিবন্ধকতা দূরীকরণের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বাংলাদশের অর্থনৈতিক উন্নয়নে জাপান সরকারের পক্ষ থেকে সকল ধরনের সহযোগিতার আশ্বাস প্রদান করেন। তিনি বলেন, চীন এবং আসিয়ান (ASEAN) দেশগুলোতে উৎপাদন খরচ বেড়ে যাওয়ায় জাপানের ক্ষুদ্র ও মাঝারি শিল্পগুলো ধীরে ধীরে বাংলাদেশকে বিকল্প স্থান হিসেবে চিহ্নিত করেছে।

বাণিজ্য মন্ত্রী জনাব মুহাম্মদ ফারুক খান বলেন, লাইট ইঞ্জিনিয়ারিং, ফার্মাসিউটিক্যাল এবং আইটি খাতে দুদেশের ব্যবসা বাণিজ্য সম্প্রসারণে প্রচুর সুযোগ রয়েছে। তিনি বাংলাদেশের অবকাঠামো উন্নয়নে জাপান সরকারের সহযোগিতা প্রদান করার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং আশা প্রকাশ করেন যে, আগামী দিনগুলোতে এ ধারা অব্যাহত থাকবে। তিনি দেশের অর্থনৈতিক অগ্রগতি অব্যাহত রাখার লক্ষ্যে স্থিতিশীল রাজনৈতিক পরিবেশ বজায় রাখার উপর জোর দেন। তিনি বাংলাদেশী পণ্যের মান উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করেন।

ডিসিসিআই কনভেনর জনাব ওসামা তাসীর এবং জেট্রো-বাংলাদেশ এর প্রতিনিধি মি. তাকাসি সুজুকি মূল প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি বলেন, জাপান এর বাজার উন্নয়ন ও কমপ্লায়েন্স নির্ভর। তাই এ বিষয়গুলোতে আমাদের জোর দিতে হবে। তিনি আরো বলেন, জাপানী ভাষাও একটি বড় বাধা, যেখানে চীনাদের জাপানী ভাষায় দখল থাকায় ব্যবসা ক্ষেত্রে সেই সুবিধাটি নিচ্ছে। তিনি ভাষাগত দক্ষতা বৃদ্ধির পাশাপাশি জাপান ক্রেতাদের চাহিদা মেটাতে শ্রমিকদেরকে প্রশিক্ষণ প্রদান করতে হবে। মি. তাকাসি সুজুকি বলেন, জাপানের সরকার বাংলাদেশী পণ্যের ক্ষেত্রে রুলস অফ ওরিজিন বিষয়ক নীতিমালা সহজিকরণ করেছে। তিনি বাংলাদেশের ব্যবসায়ীদেরকে এ সুযোগ গ্রহণের আহবান জানান।

নির্ধারিত আলোচনায় ইপিবি'র ভাইস চেয়ারম্যান জনাব জালাল আহমেদ, বেসিস'র সিনিয়র সহ সভাপতি জনাব ফাহিম মাশরুর এবং জাপান-বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সহ সভাপতি জনাব রাশেদ আহমেদ আলী অংশগ্রহণ করেন।

মুক্ত আলোচনায় আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ এর নির্বাহী পরিচালক জনাব মনোয়ার হোসেন, ডিসিসিআই কনভেনর জনাব এস এম জিল্লুর রহমান, বায়োটেক লিমিটেড এর ড. ফেরদৌসি রহমান, ডিসিসিআই'র প্রাক্তন পরিচালক জনাব আহমেদ হোসেন মজুমদার এবং ডিসিসিআই সদস্য জনাব এম এস সিদ্দিকী অংশগ্রহণ করেন।

ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর ধন্যবাদ জ্ঞাপন করেন।

ডিসিসিআই পরিচালক সর্বজনাব হোসেন এ সিকদার, এম বশির উল্লাহ ভূঁইয়া, ওয়াকার আহমেদ চৌধুরী, ওসমান গনি, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, এম আনওয়ারুল হক এবং আবসার করিম চৌধুরী এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআইতে "ক্ষুদ্র ও মাঝারী শিল্পের (এসএমই) জন্য বিকল্প অর্থায়ন" বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং সিয়াফ ভেঞ্চারস ম্যানেজমেন্ট এলএলসি যৌথভাবে ২০ জুলাই ২০১১ তারিখ "ক্ষুদ্র ও মাঝারী শিল্পের (এসএমই) জন্য বিকল্প অর্থায়ন" বিষয়ক সেমিনারের আয়োজন করে। বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম বলেন, বাংলাদেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্পের জন্য বিকল্প অর্থায়ন ব্যবস্থা খুঁজে বের করার লক্ষ্যেই এ সেমিনারের আয়োজন করা হয়েছে। তিনি বলেন, তৃতীয় বিশ্বের দেশ হিসেবে বাংলাদেশের অর্থনীতিতে ক্ষুদ্র ও মাঝারী শিল্প গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং শিল্পায়নকে তরান্বিত করার ক্ষেত্রে ক্ষুদ্র ও মাঝারি শিল্প মূল চালিকা শক্তি হিসেবে কাজ করে। ডিসিসিআই সভাপতি প্রতিযোগীতামূলক দামে গুণগত দ্রব্যের সরবরাহ নিশ্চিত করার জন্য এসএমইদের প্রযুক্তিগত সুবিধার পাশাপাশি অন্যান্য সুবিধা নিশ্চিত করার উপর জোর দেন। তিনি আর্থিক প্রতিষ্ঠানগুলোর বিভিন্ন প্রকল্পে এসএমইদের ঋণ সুবিধা পাওয়ার বিষয়টি নিশ্চিত করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি এ শিল্পের দ্রুত উন্নয়নের লক্ষ্যে প্রযুক্তিগত ও ব্যবস্থাপনা বিষয়ে প্রাতিষ্ঠানিক জ্ঞান আহরণ এবং গবেষণা পরিচালনার আহবান জানান। ডিসিসিআই সভাপতি এ খাতের দ্রুত বিকাশ নিশ্চিত করার লক্ষ্যে ডিসিসিআই'র পক্ষ থেকে সকল ধরনের সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

সিয়াফ ভেঞ্চারস ম্যানেজমেন্ট এলএলসি এর ম্যানেজিং পার্টনার ড. জিয়া আহমেদ বলেন, বাংলাদেশের এসএমই বিশেষ করে মাঝারি উদ্যোক্তাদের বিকাশে তারা কাজ করতে আগ্রহী। তিনি প্রতিষ্ঠানটির অর্থায়ন প্রক্রিয়া ও অন্যান্য অর্থায়নকারী প্রতিষ্ঠানের সাথে তাদের পার্থক্যের বিষয়টি বিস্তারিতভাবে উপস্থাপন করেন।

বাংলাদেশ ব্যাংকর গভর্নর ড. আতিউর রহমান বলেন, বাংলাদেশ ব্যাংক অন্যান্য সকল বাণিজ্যিক ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানগুলোকে সাথে নিয়ে দেশব্যাপী এমএমইদের উন্নয়নে বৃহৎ কর্মসূচি গ্রহণ করেছে। তিনি বলেন, বাংলাদেশ সরকার এসএমই ফাউন্ডেশনের পাশাপাশি অন্যান্য প্রতিষ্ঠানের মাধ্যমে সারা দেশে এসএমইদের উন্নয়নের জন্য আর্থিক ও প্রযুক্তিগত সহযোগিতা প্রদান করছে। তিনি জানান এসএমইদের দ্রুত ও জবাবদিহিতামূলক সেবা প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংক অনলাইনের মাধ্যমে CIB কার্যক্রম শুরু করেছে।

সিয়াফ ভেঞ্চারস ম্যানেজমেন্ট এলএলসি এর ম্যানেজিং পার্টনার জনাব ফাহিম আহমেদ তথ্য চিত্র উপস্থাপন করেন। তিনি বলেন, যে সকল মাঝারি উদ্যোক্তাগণ দেশের গতানুগতিক আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ সুবিধা পেতে ব্যর্থ হয় সিয়াফ বাংলাদেশ ভেঞ্চারস তাদের অর্থায়ন করতে আগ্রহী।

মুক্ত আলোচনায় ডিসিসিআই'র প্রাক্তন সভাপতি জনাব রাশেদ মাকসুদ খান, ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, ডিসিসিআই পরিচালক জনাব খায়রুল মজিদ মাহমুদ, জনাব কে এম এন মনজুরুল হক, জনাব এম আবু হোরায়রা, প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব আশরাফ ইবনে নূর, জনাব এম এস সেকিল চৌধুরী, প্রাক্তন সহ-সভাপতি সৈয়দ তৌফিক আলী, সহ-সভাপতি জনাব নাসির উদ্দিন এ ফেরদৌস এবং ডিসিসিআই সদস্য জনাব এম এস সিদ্দিকী সক্রিয় অংশগ্রহণ করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর ধন্যবাদ জ্ঞাপন করেন।

ডিসিসিআই সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক জনাব হোসেন এ সিকদার, জনাব মাহাবুব আনাম, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, জনাব এম আনওয়ারুল হক, জনাব আবসার করিম চৌধুরী এবং ডিসিসিআই সচিব জনাব মোস্তফা মহিউদ্দীন এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআইতে "যাকাত : অর্থনৈতিক উন্নয়নের অন্যতম চাবিকাঠি" বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট (সিজেডএম) যৌথভাবে ৭ আগস্ট ২০১১ তারিখ "যাকাত: অর্থনৈতিক উন্নয়নের অন্যতম চাবিকাঠি" বিষয়ক আলোচনা সভার আয়োজন করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় ভূমি প্রতিমন্ত্রী অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান, এম.পি. অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম বলেন, দারিদ্র দূরীকরণের জন্য যাকাত একটি অন্যতম উপকরন যার মাধ্যমে সমাজের বিত্তশালীদের সম্পদ গরীবদের মাঝে বিতরণ করা যায়। তিনি বলেন, যাকাতের মাধ্যমে সমাজের অর্থনৈতিক উন্নয়ন, আয়ের বৈষম্য দূরীকরণ এবং দারিদ্র দূরীকরণ করা সম্ভব। তিনি যাকাত বিষয়ে জনগনের মধ্যে সচেতনতা বৃদ্ধি এবং সরকারের যাকাত ফাণ্ডের যথাযথ ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি আরো বলেন, দেশের উন্নয়ন প্রকল্প পরিচালনা, শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন এবং স্বাস্থ্য খাত উন্নয়নে যাকাত ফাণ্ড ব্যবহার করা যেতে পারে।

সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট (সিজেডএম)'র চেয়ারম্যান এবং ডিসিসিআই পরিচালক জনাব নিয়াজ রহিম বলেন, যাকাত সম্মিলিত ভাবে প্রদান করলে সামাজিক ও আর্থিক উন্নয়ন নিশ্চিত করা যাবে। তিনি জানান, সিজেডএম ইতোমধ্যে ১০০০ পরিবারকে যাকাতের অর্থের মাধ্যমে সহায়তা প্রদান করেছে এবং তাদের সাবলম্বী করে তুলেছে।

মাননীয় ভূমি প্রতিমন্ত্রী অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান, এম.পি. বলেন, যাকাতের সঠিক বন্টন নিশ্চিত করা গেলে সমাজের বৃহত্তর জনগনের দারিদ্র বিমোচন করা সম্ভব। তিনি যাকাত প্রদানের গুরুত্ব ও অপরিহার্যতা উল্লেখ করে সঠিক যাকাত প্রদানে সমাজের বিত্তবানদের এগিয়ে আসার আহবান জানান।

সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট (সিজেডএম)'র সিইও ড. আইয়ুর মিয়া এ বিষয়ে সিজেডএম এর কার্যক্রম ও দারিদ্র দূরীকরনে যাকাত ফাণ্ডের সঠিক প্রয়োগ বিষয়ে একটি তথ্য চিত্র উপস্থাপন করেন।

ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর ধন্যবাদ জ্ঞাপন করেন।

মুক্ত আলোচনায় ডিসিসিআই পরিচালক জনাব এম আবু হোরায়রা এবং প্রাক্তন উর্ধ্বতন সহ সভাপতি আলহাজ্ব আব্দুস সালাম সক্রিয় অংশগ্রহণ করেন।

ডিসিসিআইতে "প্রপার এল/সি প্রসিডিওরস ফর এক্সপোর্ট অ্যান্ড ইমপোর্ট অপারেশন" শীর্ষক ট্রেনিং কোর্সের সমাপনী অনুষ্ঠান

১০ আগস্ট, ২০১১ তারিখ "প্রপার এল/সি প্রসিডিওরস ফর এক্সপোর্ট অ্যান্ড ইমপোর্ট অপারেশন" শীর্ষক স্বল্প মেয়াদী ট্রেনিং কোর্স এর সমাপনী ও সনদ-বিতরণী অনুষ্ঠানে ডিসিসিআই-এর পরিচালক ও প্রাক্তন সহ-সভাপতি জনাব এম আবু হোরায়রা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

তিনি বলেন, আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে এল/সি একটি অপরিহার্য দলিল। বর্তমান প্রতিযোগিতামূলক বিশ্বে বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহকে ক্রয়, বিপণন এবং অভ্যন্তরীন ও বহির্বিশ্বের আমদানি-রপ্তানী প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য এবং ব্যবসা বাণিজ্যে দীর্ঘমেয়াদী সাফল্য অর্জনের জন্য এ সম্পর্কিত প্রায়োগিক জ্ঞান থাকা প্রয়োজন। এ জন্য আমাদের অবশ্যই দক্ষ, যোগ্য, জ্ঞানসম্পন্ন এবং প্রশিক্ষিত জনশক্তি প্রয়োজন। তিনি আরো বলেন, এল/সি খোলার সময় সকল তথ্য সঠিকভাবে পূরণ করতে হবে নতুবা যে ব্যবসায়িক ক্ষতি হবে তা পুষিয়ে নেওয়া অত্যন্ত কঠিন।

ডিসিসিআইকে ধন্যবাদ জ্ঞাপনকালে প্রশিক্ষণার্থীদের পক্ষ থেকে প্রশিক্ষণ সম্বন্ধে প্রতিক্রিয়ায় সন্তোষ প্রকাশ করে বলা হয় যে, তারা এই কোর্সে অংশগ্রহন করে অত্যন্ত অভিজ্ঞ প্রশিক্ষকবৃন্দের কাছ থেকে 'প্রপার এল/সি প্রসিডিওর্স্ ফর এক্সপোর্ট এন্ড ইমপোর্ট অপারেশন' সম্পর্কে যে বাস্তব ও ব্যবহারোপযোগী জ্ঞান আহরন করতে পেরেছেন, তা কাজে লাগিয়ে তাদের বাস্তব জীবনে ও ব্যবসাতে তারা প্রভূত সাফল্য লাভ করতে পারবেন।

এই কোর্সটি নিম্নবর্ণিত বিষয়গুলো সম্বন্ধে পরিষ্কার ধারনা দেয় ঃ এল/সি খোলা এবং নিস্পত্তিকরণ কৌশল, বিভিন্ন ধরনের এল/সি এবং এল/সির সাথে জড়িত বিভিন্ন ইস্যু, ব্যাক টু ব্যাক এল/সি, আমদানী বিলের রিটায়ারমেন্ট, এক্সপোর্ট ফাইনান্সিং, প্রি শিপমেন্ট ফাইন্যান্স, এল/সির অধীন প্রি শিপমেন্ট এবং পোস্ট শিপমেন্ট রপ্তানী অর্থায়ন, রপ্তানী ডকুমেন্ট নেগোসিয়েশন, আন্তজার্তিক বাণিজ্য নীতি ও প্রক্রিয়া, ইনকোটার্মস, ইউসিপিডিসি-৬০০ এবং এল/সির অধীন রপ্তানী বিল পরিশোধের ধরন ইত্যাদি।

মোট ১৬ জন প্রশিক্ষণার্থী বিভিন্ন স্বনামধন্য ব্যবসা প্রতিষ্ঠান থেকে এবং ব্যক্তিগতভাবে এই কোর্সে অংশ গ্রহন করেন। সর্বশেষে প্রধান অতিথি প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদপত্র বিতরণ করেন।

"নতুন অর্থনৈতিক জোন ব্যবস্থা ঃ বাংলাদেশী ব্যবসা-বাণিজ্যের সুযোগ" বিষয়ক গোল টেবিল আলোচনা অনুষ্ঠান সম্পন্ন

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), বাংলাদেশ ইনভেস্টমেন্ট ক্লাইমেট ফান্ড (বিআইসিএফ)'র সহযোগিতায় "নতুন অর্থনৈতিক জোন ব্যবস্থা ঃ বাংলাদেশী ব্যবসা-বাণিজ্যের সুযোগ" বিষয়ক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করে। ১৮ সেপ্টেম্বর ২০১১ তারিখ আয়োজিত অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিল্পমন্ত্রী জনাব দিলীপ বড়ুয়া প্রধান অতিথি এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক-১ জনাব মোঃ আব্দুল আজিজ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম বলেন, ইকোনোমিক জোন প্রতিষ্ঠার মাধ্যমে বাংলাদেশে নতুন নতুন ব্যবসার প্রসার এবং দেশ অধিক হারে বিনিয়োগ আকৃষ্ট করতে পারবে। তিনি বলেন, আজকের এ আয়োজনের মাধ্যমে সরকার ঘোষিত "অর্থনৈতিক জোন অ্যাক্ট ২০১০" বিষয়ে সচেতনতা বাড়বে এবং এ বিষয়ে সাফল্য লাভকারী ভারত, চীন, সিঙ্গাপুর, ফিলিপিন্স, সংযুক্ত আরব আমিরাত সহ অন্যান্য দেশসমূহের উদাহরনগুলো পর্যবেক্ষণের মাধ্যমে এবিষয়ে আমাদের নতুন অর্থনৈতিক জোনের রুপরেখা তৈরি করতে হবে যার মাধ্যমে ব্যবসা-বাণিজ্য বহুমুখীকরন সম্ভব হবে। তিনি বলেন, অর্থনৈতিক জোন একটি দেশের জনগণের কর্মসংস্থান সৃষ্টি এবং অবকাঠামো উন্নয়নের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়ন এবং অর্থনৈতিক কর্মকাণ্ডের বহুমুখীকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে এবং এ জন্য প্রয়োজন এর সাথে সংশ্লিষ্ট যেমন-ভূমি, অবকাঠামো ও যোগাযোগসহ সকল খাতের সমন্বিত কার্যকর নীতিমালা। ডিসিসিআই সভাপতি মনে করেন, সরকার ঘোষিত নতুন নীতিমালাটি দেশে নতুন দিগন্ত উন্মোচিত হবে যার মাধ্যমে বেসরকারি খাত এগিয়ে আসবে, দেশের অর্থনৈতিক জোনগুলোর উন্নয়ন, রক্ষণাবেক্ষণ এবং অবকাঠামোর উন্নয়ন সম্ভব হবে।

বাংলাদেশ ইনভেস্টমেন্ট ক্লাইমেট ফান্ড (বিআইসিএফ)'র প্রোগ্রাম ম্যানেজার মি. মার্টিন নরম্যান অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি বলেন, ইকোনোমিক জোন কর্মসংস্থান এবং বিনিয়োগ আকর্ষন এবং নতুন পণ্যসহ সার্ভিস খাতকে বিনিয়োগে উৎসাহিত করবে। তিনি আরো বলেন, এর মাধ্যমে প্রযুক্তির হস্তান্তর, পিপিপি'র আওতায় বিনিয়োগকারীদের জন্য উন্নত অবকাঠামোর সুবিধা প্রদান করে থাকে। ডিসিসিআই'র প্রাক্তন সভাপতি জনাব আবুল কাসেম খান ও বিশ্ব ব্যাংক গ্রুপ, বাংলাদেশ এর ভারপ্রাপ্ত কান্ট্রি ডিরেক্টর জনাব জাফরুল ইসলাম মূল প্রবন্ধের উপর আলোচনা করেন এবং সফল মডেল অনুকরনে বাংলাদেশের প্রেক্ষাপটে বাস্তব সম্মত পদক্ষেপ গ্রহণের আহবান জানান।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক-১ জনাব মোঃ আব্দুল আজিজ বলেন, ইকোনোমিক জোনের মাধ্যমে দেশ বৃহৎ আকারের এফডিআই আকৃষ্ট করতে পারবে। তিনি বলেন সরকার সংশ্লিষ্ট সকল পক্ষগুলোর সাথে আলোচনার ভিত্তিতে সমন্বিত কার্যকরী ইকোনোমিক জোন গড়ে তুলবে। তিনি আরো বলেন, ইতোমধ্যে বাংলাদেশ ইকোনোমিক জোন কর্তৃপক্ষ গঠিত হয়েছে এবং প্রয়োজনীয় লোকবলও নিয়োগ দেওয়া হচ্ছে।

প্রধান অতিথি শিল্প মন্ত্রী জনাব দিলীপ বড়ুয়া বলেন, বাংলাদেশের মানুষের কর্মসংস্থান তৈরি এবং অর্থনৈতিক উন্নয়নে ইকোনোমিক জোন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। তিনি বলেন, ইকোনোমিক জোনে সরকারের পাশাপাশি বেসরকারী উদ্যোক্তাদের বিনিয়োগ নিশ্চিত করা হবে। তিনি বলেন, ইকোনোমিক জোনে বৃহৎ শিল্পের পাশাপাশি ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তারাও বিনিয়োগ করতে পারবে। তিনি আরো বলেন, ইকোনোমিক জোনের অবকাঠামো উন্নয়নে বেসরকারি খাতের অংশগ্রহণের বিষয়টি সরকারের বিবেচনায় রয়েছে। শিল্পমন্ত্রী বলেন, সরকার বেসরকারী উদ্যোক্তাদেরকে সার্বিক সহযোগিতা প্রদান এবং শিল্প নির্ভর অর্থনীতিকে এগিয়ে নিয়ে যেতে বদ্ধ পরিকর।

অনুষ্ঠানের সমাপনী বক্তব্য প্রদান করেন আইএফসি'র রিজিওন্যাল বিজনেস লাইন লিডার মিসেস পারমিতা দাসগুপ্তা।

প্রশ্নোত্তর পর্বে ডিসিসিআই প্রাক্তন সভাপতি জনাব রাশেদ মাকসুদ খান, পরিচালক জনাব এ এস এম মহিউদ্দিন মোনেম, জনাব খায়রুল মজিদ মাহমুদ, ডিসিসিআই সদস্য জনাব এম এস সিদ্দিকী, কৃষিবিদ ড. ফেরদৌসী বেগম, বাণিজ্য মন্ত্রণালয়ের পরিচালক (ডব্লিউটিও সেল) মিসেস শরিফা খাতুন সক্রিয় অংশগ্রহণ করেন।

ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন।

ডিসিসিআই সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক ইঞ্জিনিয়ার সৈয়দ মোশাররফ হোসেন, সর্বজনাব হোসেন এ সিকদার, নিয়াজ রহিম, এম বশির উল্লাহ ভূঁইয়া, মাহাবুব আনাম, কে এম এন মনজুরুল হক, এম আনওয়ারুল হক, আবসার করিম চৌধুরী, এম আবু হোরায়রা, প্রাক্তন পরিচালক জনাব নেসার মাকসুদ খান এবং মেজর (অবঃ) ইয়াদ আলী ফকির এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআইতে "রুলস্ অ্যান্ড প্রসিডিউরস্ অব ভ্যাট অ্যান্ড ইনকাম ট্যাক্স" শীর্ষক ট্রেনিং কোর্সের সমাপনী অনুষ্ঠান

২১ সেপ্টেম্বর ২০১১ তারিখ "রুলস্ এন্ড প্রসিডিউরস্ অব ভ্যাট এন্ড ইনকাম ট্যাক্স" শীর্ষক স্বল্প মেয়াদী ট্রেনিং কোর্স এর সমাপনী অনুষ্ঠানে ডিসিসিআই-এর পরিচালক ও প্রধান অতিথি জনাব এম বশির উল্লাহ ভূঁইয়া বলেন বাংলাদেশে স্বল্প সময়ের প্রস্তুতিতে ভ্যাট প্রচলিত হয়েছে। এর ফলশ্রুতিতে বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান বিশেষ করে ক্ষুদ্র ও মাঝারি প্রতিষ্ঠানের একাউন্টস ও ফিন্যান্স সংক্রান্ত নানারকম জটিলতা দেখা দিচ্ছে। ব্যবসা-বাণিজ্যে কাঙ্খিত সাফল্য অর্জনের লক্ষ্যে ও নির্বিঘ্নে ব্যবসা বাণিজ্য সম্পাদন করার জন্য ব্যবসায়ীগনকে আয়কর আইন ও ভ্যাটের নিয়ম কানুন সম্পর্কে সঠিক জ্ঞান রাখতে হবে, যাতে তারা প্রতিযোগিতাপূর্ণ বিশ্ববাজারের চ্যালেঞ্জ মোকাবিলা করতে পারেন। তিনি আরও বলেন যে, ট্যাক্স না দেওয়া একটি অপরাধ, কিন্তু সব নিয়ম কানুন মেনে কর রেয়াত এবং বিভিন্ন কর প্রণোদনা প্রাপ্তি আইনসম্মত এবং তা বাজারে প্রতিযোগিতায় সক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয়। সেজন্য আয়কর ও ভ্যাটের সব নিয়ম কানুন সম্যকরূপে জানা ব্যবসার জন্য প্রয়োজন।

ঢাকা চেম্বার অনুরূপ প্রয়োজনীয় বাস্তবভিত্তিক প্রশিক্ষণ কোর্সসমূহ পরিচালনার মাধ্যমে মানব সম্পদ সৃষ্টির জন্য ডিবিআই প্রতিষ্ঠা করেছে। তিনি এসব প্রশিক্ষণের সুযোগের সদ্ব্যবহার করে পেশাদারী জীবন ও ব্যবসায়ে সাফল্য লাভ করার জন্য প্রশিক্ষণার্থীদের আহবান জানান।

প্রশিক্ষণার্থীদের প্রতিনিধি জনাব এ. কে. এম ফারহান, সহযোগী মেসার্স অ্যাকুয়া হারভেস্ট লিমিটেড জানান যে, এই কোর্স থেকে সত্যিকার অর্থেই তারা ভ্যাট এবং ইনকাম ট্যাক্স সংক্রান্ত চমৎকার জ্ঞান ও তথ্য আহরন করতে পেরেছেন, যা কাজে লাগিয়ে ব্যবসায় উৎকর্ষতা লাভ করা সম্ভব। তিনি দক্ষ প্রশিক্ষক দ্বারা বিভিন্ন প্রশিক্ষণ কলা কৌশল অবলম্বনের মাধ্যমে পরিচালিত পাঁচ দিনের এরকম একটি তথ্যসমৃদ্ধ কোর্স উপহার দেওয়ার জন্য ডিবিআই কে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।

ডিসিসিআই বিজনেস ইনস্টিটিউট (ডিবিআই) এর নির্বাহী পরিচালক জনাব মোঃ হোসেন আলী তাঁর বক্তব্যে প্রশিক্ষণার্থীদের এ গুরুত্বপূর্ণ কোর্সে অংশগ্রহনের আমন্ত্রণ জানান। তিনি অংশগ্রহণকারীদের সন্তুষ্টির জন্য ধন্যবাদ জানান এবং বলেন কোর্স সংক্রান্ত তাদের মতামতগুলো ভবিষ্যতে গুরুত্বের সাথে বিবেচনা করা হবে।

কোর্সটির প্রধান বিষয়গুলো ছিল ঃ ভ্যালু অ্যাডেড ট্যাক্স (ভ্যাট) সিস্টেম ইন বাংলাদেশ, রেজিস্ট্রেশন অ্যান্ড রেকর্ড কিপিং প্রসিডিউরস্ অব ভ্যাট, ক্যালকুলেশন অব ভ্যাট (ভ্যালুয়েশন), ক্রেডিট মেকানিজম অব ভ্যাট সিস্টেম, রিটার্ন সাবমিশন, ডিমান্ড, ফাইন এন্ড প্যানাল্টি, মেইন ফিচারস অব ইনকাম ট্যাক্স, সেলারি অ্যাসেসমেন্ট, ডিডাকশন অব ট্যাক্স অ্যাট সোর্স, কোম্পানী ট্যাক্স অ্যাসেসমেন্ট এন্ড হাউ টু ফাইল এন ইনকাম ট্যাক্স রিটার্ন ইত্যাদি।

ডিসিসিআই সহকারী সচিব (প্রশিক্ষণ) এবং কোর্স কো-অর্ডিনেটর মিস তামান্না সুলতানা এই অনুষ্ঠানটি সঞ্চালন করেন । মোট ২০ জন প্রশিক্ষণার্থী বিভিন্ন স্বনামধন্য ব্যবসা প্রতিষ্ঠান থেকে এবং ব্যক্তিগতভাবে এই কোর্সে অংশগ্রহণ করেন। সর্বশেষে প্রধান অতিথি প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদপত্র বিতরণ করেন।

ডিসিসিআইতে "কৃষি খাত ঃ বর্তমান অবস্থা এবং ভবিষ্যত সম্ভাবনা" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) ২৪ সেপ্টেম্বর ২০১১ তারিখ কৃষি খাতঃ বর্তমান অবস্থা এবং ভবিষ্যত সম্ভাবনা" শীর্ষক সেমিনারের আয়োজন করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় খাদ্য ও দূর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রী ড. মোহাম্মদ আব্দুর রাজ্জাক, এম.পি. অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম বলেন, বাংলাদেশের অর্থনীতিতে একক খাত হিসেবে কৃষিখাত অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে, পাশাপাশি এটি অনেক ছোট ছোট শিল্প-কারখানার কাঁচামালের উৎস। তিনি কৃষি পণ্যের বহুমুখীকরনসহ বাজার নির্ভর কৃষি সম্প্রসারনের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি কৃষি খাত থেকে উৎপাদিত পণ্য সংরক্ষন ব্যবস্থা শক্তিশালীকরন, বিভিন্ন ফলমূল ও শাক-সবজি জাতীয় পণ্য সংগ্রহ ও প্যাকেজিং ব্যবস্থা আধুনিকায়ন এবং জৈবসার উৎপাদন ও ব্যবহারের উপর জোর দেন। ডিসিসিআই সভাপতি কৃষি পণ্যের ব্রান্ডিং এর উপর প্রধান্য দেওয়া, বিদেশে কৃষি পণ্য উৎপাদনের জন্য জমি লিজ বিষয়ক নীতিমালা প্রণয়ন, কৃষি খাতে বিনিয়োগ বৃদ্ধির জন্য নীতিমালা প্রণয়ন, ভারত, চীন এবং থাইল্যান্ডের মত দেশগুলোর সাথে কৃষি প্রযুক্তির হস্তান্তর ও এ বিষয়ক সহায়তা বৃদ্ধিকরন এবং পাট ও পাটজাত পণ্যের বিকাশের লক্ষ্যে যথাযথ পরিকল্পনা প্রণয়নের উপর গুরুত্ব আরোপ করেন।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ডিসিসিআই'র আহ্বায়ক জনাব মোঃ শোয়েব চৌধুরী। তিনি বলেন, সরকার বেসরকারী উদ্যোক্তাদের সাথে যৌথভাবে কৃষি পণ্য প্রক্রিয়াকরণ বিষয়ক মধ্য ও বৃহৎ শিল্প এবং কোল্ড স্টোরেজ স্থাপন করতে পারে।

প্রধান অতিথি ড. মোহাম্মদ আব্দুর রাজ্জাক, এম.পি. বলেন, সরকার কৃষি ভিত্তিক পণ্যের বহুমুখীকরন এবং বাণিজ্যিকীকরনের উপর সর্বাধিক গুরুত্ব দিচ্ছে। তিনি বলেন, বর্তমান সরকার সাংবিধানিক অঙ্গীকারের ভিত্তিতে দেশের জনগনের খাদ্য নিরাপত্তার পাশাপাশি স্বয়ংসম্পূর্ণতা অর্জনের বিষয়ে বদ্ধপরিকর। তিনি আরো বলেন, জনসংখ্যা বৃদ্ধির উচ্চ হার এবং জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশের কৃষিখাত এক চ্যালেঞ্জের সম্মুখীন। তিনি কৃষির শিল্পায়ন প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য পাবলিক-প্রাইভেট পার্টনারশিপের উপর জোর দেন। এ ছাড়া তিনি পণ্য ভিত্তিক কৃষি খামার গড়ে তোলার উপর জোর দেন।

নির্ধারিত আলোচনায় কৃষি গবেষণা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক ড. এম নূরুল আলম, ডিসিসিআই পরিচালক জনাব নিয়াজ রহিম এবং বাংলাদেশ ব্যাংকের মহাব্যাবস্থাপক জনাব সুকোমল সিংহ চৌধুরী অংশগ্রহণ করেন। আলোচকবৃন্দ বিদ্যমান সমস্যা সমাধানের জন্য সরকার ও বেসরকারী উদ্যোক্তার মধ্যে সমন্বয় সাধন, কৃষি পণ্য পরিবহনে টোল চার্জ কমানো এবং সরকারি পর্যায়ে নজরদারি বাড়ানোর আহবান জানান।

মুক্ত আলোচনায় ডিসিসিআই পরিচালক জনাব খায়রুল মজিদ মাহমুদ, আহ্বায়ক জনাব আবুল হোসেন, সহ-আহ্বায়ক জনাব নাসিরউদ্দিন এ ফেরদৌস, প্রাক্তন উর্ধ্বতন সহ-সভাপতি আলহাজ্ব আব্দুস সালাম, প্রাক্তন পরিচালক আলহাজ্ব আব্দুল আজিজ সরকার, মেজর মোঃ (অবঃ) ইয়াদ আলী ফকির, বায়োটেক এর নির্বাহী পরিচালক ড. ফেরদৌসি বেগম এবং ওয়েস্ট কনসার্ন লিমিটেডের প্রতিনিধি জনাব শরিফুর রহমান সক্রিয় অংশগ্রহণ করেন।

ডিসিসিআই পরিচালক সর্বজনাব এম বশির উল্লাহ ভূঁইয়া, মাহাবুব আনাম, কে এম এন মনজুরুল হক, এম আনওয়ারুল হক এবং আবসার করিম চৌধুরী এ সময় উপস্থিত ছিলেন।

ঢাকা চেম্বারের সাথে ওয়েলস-বাংলাদেশ চেম্বার অব কমার্সের সমঝোতা স্মারক স্বাক্ষর

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র সভাপতি জনাব আসিফ ইব্রাহীমের সাথে বাংলাদেশ সফররত ওয়েলস-বাংলাদেশ চেম্বার অব কমার্সের চেয়ারম্যান জনাব দিলাবর এ হোসেনের নেতৃত্বে ২৪ সদস্যের একটি প্রতিনিধি ২৫ সেপ্টেম্বর ২০১১ তারিখ ডিসিসিআইতে সাক্ষাৎ করেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম এবং ওয়েলস-বাংলাদেশ চেম্বার অব কমার্সের চেয়ারম্যান জনাব দিলাবর এ হোসেন নিজ নিজ সংগঠনের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম প্রতিনিধিদলকে ধন্যবাদ জানান। তিনি ওয়েলসের উদ্যোক্তাদেরকে বাংলাদেশে সড়ক যোগাযোগ, পর্যটন অবকাঠামো উন্নয়ন, হোটেল, কৃষি ভিত্তিক শিল্প, হাসপাতাল, খাদ্য শাক-সবজি ও ফলমূল প্রক্রিয়াকরণ, ইলেকট্রনিক্স, লাইট ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল, তৈরি পোষাক, তথ্যপ্রযুক্তি, ক্ষুদ্র বিদ্যুৎ কেন্দ্র প্রভৃতি খাতে বিনিয়োগ করার আহবান জানান। ডিসিসিআই সভাপতি আশা প্রকাশ করেন স্বাক্ষরিত সমঝোতা স্মারকের মাধ্যমে দুদেশের মধ্যকার অর্থনৈতিক, ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগের ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির পাশাপাশি ডিসিসিআই এবং ওয়েলস-বাংলাদেশ চেম্বারের সদস্যগণের মধ্যে যোগাযোগ বৃদ্ধি পাবে। তিনি বাংলাদেশ ও ওয়েলসের মধ্যে বাণিজ্য সম্প্রসারণের জন্য বাণিজ্য বিষয়ক কার্যক্রম বাড়ানোর প্রস্তাব করেন।

জনাব দিলাবর এ হোসেন বৃটেনের ওয়েলস সরকার প্রদত্ত নানাবিধ সুবিধা গ্রহণ করে সেদেশে বাংলাদেশী ব্যবসায়ীদেরকে যৌথ বিনিয়োগের আহবান জানান। তিনি দুদেশের দ্বিপাক্ষিক বাণিজ্যিক সম্পর্ক উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি ওয়েলস-বাংলাদেশ চেম্বারের পক্ষ থেকে বাংলাদেশী ব্যবসায়ীদেরকে সর্বাত্নক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। ওয়েলস-বাংলাদেশ চেম্বারের সভাপতি আশা প্রকাশ করেন যে, স্বাক্ষরিত সমঝোতা স্মারকের মাধ্যমে ডিসিসিআই এবং ওয়েলস-বাংলাদেশ চেম্বারের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্যিক সম্পর্ক আরো দৃঢ় হবে। তিনি উভয় চেম্বারের সদস্যদের মধ্যে নিয়মিত বিজনেস নেটওয়ার্কিং গড়ে তোলার আহবান জানান।

ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর ধন্যবাদ প্রস্তাব জ্ঞাপন করেন।

ডিসিসিআই পরিচালক জনাব মাহাবুব আনাম, ওসমান গনি, কে এম এন মনজুরুল হক, এম আনওয়ারুল হক, কে জি করিম, আবসার করিম চৌধুরী, প্রাক্তন উর্ধ্বতন সহ-সভাপতি আলহজ্ব আব্দুস সালাম, প্রাক্তন সহ-সভাপতি জনাব গোলাম মোস্তফা, প্রাক্তন পরিচালক জনাব হায়দার আহমেদ খান, এফসিএ, আলহাজ্ব মোঃ আব্দুল আজিজ সরকার, জনাব নেসার মাকসুদ খান, ডিসিসিআই আহ্বায়ক জনাব এস রুমি সাইফুল্লাহ, জনাব মোঃ শোয়েব চৌধুরী এ সময় উপস্থিত ছিলেন।

আয়কর রিটার্ন প্রদানের সময়সীমা বৃদ্ধিকরণে ডিসিসিআই'র আহবান

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়কর রিটার্ণ প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর্তৃক নির্ধারিত সময়সীমা ৩০ সেপ্টেম্বর ২০১১ তারিখ থেকে ১ মাস বৃদ্ধি করে ৩১ অক্টোবর পর্যন্ত নির্ধারণের অনুরোধ জানায়।

ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা এবং করপ্রদানকারী সকল কর্পোরেট এবং ব্যক্তি করদাতা আয়কর রিটার্ণ প্রদানের প্রস্তুতি নিয়েছে। কিন্তু ঢাকা চেম্বারের সর্বাধিক সংখ্যক আয়কর দাতা তাঁদের রিটার্ণ দাখিলের প্রয়োজনীয় কর্মকাণ্ড সম্পন্ন করতে পারেননি।

উল্লেখ্য, দীর্ঘ একমাস ব্যাপী রোজা, ঈদ পরবর্তী সময়ে সমাগত পূজা এবং সংশ্লিষ্ট উৎসব সম্পর্কিত কারণে ব্যবসায়ী উদ্যোক্তারা ব্যস্ত ছিলো। এ জন্য কর প্রদানে সম্পূর্ণভাবে প্রস্তুতির জন্য তাদের কিছু সময়ের প্রয়োজন।

ডিসিসিআই মনে করে এ সময়সীমা বৃদ্ধি করা হলে উৎসাহী করদাতাগণ কর প্রদানে সক্ষম হবেন এবং সরকারের নীতি নির্দেশনার প্রতি শ্রদ্ধা ও সম্মান প্রদর্শনপূর্বক কর প্রদানে আগ্রহী হবে।

ডিসিসিআইতে "খসড়া প্রতিযোগিতামূলক আইন" বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) ১ অক্টোবর ২০১১ তারিখ ডিসিসিআইতে "খসড়া প্রতিযোগিতামূলক আইন" বিষয়ক সেমিনারের আয়োজন করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিল্প মন্ত্রী জনাব দিলীপ বড়ুয়া সেমিনারে প্রধান অতিথি এবং শিল্প সচিব কে এইচ মাসুদ সিদ্দিকী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম প্রস্তাবিত খসড়া আইনকে কার্যকর করার জন্য সরকার এবং বেসরকারী প্রতিষ্ঠানগুলোর মাঝে সমন্বয় সাধনের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি এ আইনে প্রস্তাবিত কম্পিটিশন কমিশনকে স্বচ্ছ, স্বাধীন ও নিরপেক্ষভাবে কাজ করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি প্রতিযোগিতার সাথে সম্পর্কিত সকল বিষয়ের সমন্বয়ের মাধ্যমে এ আইনের যথাযথ বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন।

শিল্পমন্ত্রী জনাব দিলীপ বড়ুয়া বলেন, শিল্প-ভিত্তিক অর্থনীতির জন্য প্রতিযোগিতামূলক আইন অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই তিনি ব্যবসা-বাণিজ্যের প্রসারের স্বার্থে প্রতিযোগিতামূলক আইনের প্রয়োগের উপর জোর দেন। তিনি আরো বলেন, বাজারে প্রতিযোগিতা থাকলে ভোক্তাদের অধিকার নিশ্চিত করা যাবে। তিনি আরো বলেন, বাজারের একচেটিয়া নিয়ন্ত্রন কমানোর জন্য প্রতিযোগিতামূলক আইন অত্যন্ত গুরুত্বপূর্ণ।

শিল্প সচিব জনাব কে এইচ মাসুদ সিদ্দিকী বলেন, বেসরকারী খাতের প্রসারের জন্য এ আইন জরুরী। তিনি সরকারের পক্ষ থেকে সকল সহযোগিতার আশ্বাস প্রদান করেন। তিনি বিএসটিআই'র শক্তিশালীকরনের উপর গুরুত্ব আরোপ করেন।

নির্ধারিত আলোচনায় সুপ্রীম কোর্টের অ্যাডভোকেট ব্যারিস্টার নিহাদ কবীর, অগ্রণী ব্যাংক লিমিটেড এর চেয়ারম্যান ড. খন্দকার বজলুল হক অংশগ্রহণ করেন। বক্তারা বলেন, বাংলাদেশে আইন থাকলেও নানাবিধ সীমাবদ্ধতার কারণে সেগুলো বাস্তবায়িত হতে পারেনি। তাই প্রস্তাবিত কম্পিটিশন কমিশনের পূর্নাঙ্গ বাস্তবায়ন খুবই গুরুত্বপূর্ণ। তাঁরা বলেন, কমিশনের রূপরেখা ও এর লোকবল নিয়োগের ক্ষেত্রে সতর্ক থাকতে হবে যাতে যোগ্য ব্যক্তিদের নিয়োগ করা যায়।

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি'র অর্থনীতি বিভাগের প্রফেসর ড. এ কে এনামুল হক সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি বলেন, প্রতিযোগীতামূলক আইন ব্যবসায়ের উৎপাদন ও দক্ষতা বৃদ্ধির পাশাপাশি নতুন নতুন ব্যবসার ক্ষেত্র তৈরি করে এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে।

মুক্ত আলোচনা পরিচালনা করেন ডিসিসিআই পরিচালক জনাব ওয়ালিউর রহমান। ডিসিসিআই পরিচালক জনাব খায়রুল মজিদ মাহমুদ, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, জনাব আবসার করিম চৌধুরী, আহ্বায়ক মিসেস শামসুনাহার, শাহজাদা এ হামিদ, ডিসিসিআই প্রাক্তন পরিচালক মেজর মোঃ ইয়াদ আলী ফকির (অবঃ), ডিসিসিআই সদস্য জনাব এম এস সিদ্দিকী এবং ডিসিসিআই সচিব জনাব মোস্তফা মহিউদ্দীন মুক্ত আলোচনায় সক্রিয় অংশগ্রহণ করেন।

ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর ধন্যবাদ প্রস্তাব জ্ঞাপন করেন।

ডিসিসিআই সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক জনাব এম আনওয়ারুল হক, জনাব মাহাবুব আনাম, প্রাক্তন পরিচালক জনাব দাতা মাগফুর এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআই কর্তৃক "খসড়া নতুন কোম্পানী আইন" বিষয়ক আলোচনা অনুষ্ঠান সম্পন্ন

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), বাংলাদেশ ইনভেস্টমেন্ট ক্লাইমেট ফান্ড (বিআইসিএফ) এর সহযোগিতায় ৪ অক্টোবর ২০১১ তারিখ "খসড়া নতুন কোম্পানী আইন" বিষয়ক আলোচনা অনুষ্ঠান হোটেল রূপসী বাংলায় আয়োজন করে।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম বলেন, আজকের এ অনুষ্ঠানের মূল উদ্দেশ্য হলো বাংলাদেশে বিদ্যমান কোম্পানী আইনের গুরুত্বপূর্ণ দিকসমূহের উপর আলোচনা করা এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা, ব্যবসায় ব্যয় হ্রাস করার মাধ্যমে আইনটিকে আরো ব্যবহার উপযোগী করে তোলা। তিনি বলেন, ১৯১৩ সালে প্রণয়নকৃত কোম্পানী আইনটির সামান্য পরিবর্তন করে বর্তমানে বিদ্যমান কোম্পানী আইন ১৯৯৪ প্রনয়ন করা হয়, এজন্য বর্তমানে পরিবর্তিত ব্যবসার ধরনের সাথে খাপ খাওয়ানোর জন্য এ আইনটির ব্যাপক পরিবর্তন করা উচিত। তিনি আরো বলেন, ব্যবসা পরিচালনার প্রক্রিয়া সহজীকরণ নিশ্চিত করার জন্য বিদ্যমান আইনটির আরো পরিবর্তন করা প্রয়োজন। তিনি উল্লেখ করেন, এ আইনটিকে অবশ্যই কার্যকর ও সামঞ্জস্যপূর্ণ হতে হবে এবং আইনের বাংলা ও ইংরেজী ভার্সনের মধ্যে অসঙ্গতিসমূহ দূর করতে হবে। ডিসিসিআই সভাপতি কোম্পানী আইনে ইলেকট্রনিক যোগাযোগ ব্যবস্থা এবং প্রযুক্তি ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি ব্যবসায়ী উদ্যোক্তাদের জন্য সহায়ক একটি কোম্পানী আইন প্রণয়নের উপর জোর দেন।

বাংলাদেশ ইনভেস্টমেন্ট ক্লাইমেট ফান্ড (বিআইসিএফ)'র প্রোগ্রাম ম্যানেজার ড. মাসরুর রিয়াজ সর্বজনস্বীকৃত একটি আইন প্রণয়নের উপর জোর দেন। তিনি সমন্বিত এবং যুগোপযোগী কোম্পানী আইন প্রণয়নের উপর গুরুত্ব আরোপ করেন যার মাধ্যম নতুন নতুন ব্যবসার ক্ষেত্র তৈরি হবে এবং ব্যবসার ব্যয় হ্রাস পাবে।

বাংলাদেশ ইনভেস্টমেন্ট ক্লাইমেট ফান্ড (বিআইসিএফ) এর কনসালটেন্ট জনাব তানজিব-উল আলম মূল প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি বলেন, সময়ের সাথে সাথে ব্যবসা-বাণিজ্যের ধরনেরও অনেক পরিবর্তন এসেছে। তাই এ সব পরিবর্তনের সাথে সঙ্গতি রেখে নতুন কোম্পানী আইন প্রণয়ন করতে হবে। তিনি অবজেক্ট ক্লজ ও অনুমোদিত ক্যাপিটাল ক্লজ বাতিলের উপর জোর দেন। তিনি বাংলাদেশে বিদেশী বিনিয়াগকারী প্রতিষ্ঠানগুলোর রেজিস্ট্রেশন প্রক্রিয়া সহজতর করার উপর জোর দেন।

ডিসিসিআই প্রাক্তন সভাপতি জনাব রাশেদ মাকসুদ খান, পরিচালক জনাব আবসার করিম চৌধুরী, প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি সৈয়দ তৌফিক আলী, প্রাক্তন পরিচালক জনাব এম নূরুল আলম, জনাব আতিক-ই-রব্বানী, ডিসিসিআই সচিব জনাব মোস্তফা মহিউদ্দীন, ডিসিসিআই অতিরিক্ত সচিব (গবেষণা) মিসেস ফেরদৌস আরা বেগম, এসেট ডেভেলপমেন্ট লিমিটেড এর নির্বাহী পরিচালক জনাব সেলিম আকতার খান, বিএটি এর কোম্পানী সচিব জনাব আজিজুর রহমান, প্রাক্তন বিচারপতি জনাব ইকতেদার আহমেদ এবং বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের সদস্যবৃন্দ প্রশ্নোত্তর পর্বে অংশগ্রহণ করেন।

ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক জনাব এম বশির উল্লাহ ভূঁইয়া, জনাব কে এম এন মনজুরুল হক, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন এবং জনাব এম আবু হোরায়রা এ সময় উপস্থিত ছিলেন।

ডিসিসিআইতে "পর্যটন খাতের উন্নয়ন: সমস্যা ও সম্ভাবনা" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) ৮ সেপ্টেম্বর ২০১১ তারিখ "পর্যটন খাতের উন্নয়ন: সমস্যা ও সম্ভাবনা" শীর্ষক সেমিনারের আয়োজন করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রী জনাব গোলাম মোহাম্মদ কাদের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ডিসিসিআই সভপাতি জনাব আসিফ ইব্রাহীম বলেন, পর্যটন বাংলাদেশের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ খাত। তিনি উল্লেখ করেন, বিদেশে বাংলাদেশের নেতিবাচক ইমেজ, রাজনৈতিক অস্থিতিশীলতা, বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের মধ্যকার সমন্বয়হীনতা, অবকাঠামোগত সীমাবদ্ধতা, দক্ষ মানব সম্পদের অভাবের কারণে পর্যটন খাতে প্রত্যাশিত উন্নয়ন সম্ভব হচ্ছে না। তিনি বাংলাদেশ পর্যটন বোর্ডে ঢাকা চেম্বারের অন্তর্ভুক্তির আহবান জানান। তিনি বলেন, অপরিকল্পিত উন্নয়ন যেন দেশের প্রাকৃতিক সৌন্দর্যকে নষ্ট না করে সেদিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। তিনি পর্যটকদের মনোযোগ আকর্ষণের জন্য অন-এরাইভাল ভিসা সুবিধা বৃদ্ধির উপর জোর দেন।

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রী জনাব গোলাম মোহাম্মদ কাদের পিপিপি মডেলের আওতায় অবকাঠামো উন্নয়নের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বাংলাদেশের পর্যটন খাতের বিকাশের লক্ষ্যে প্রচারণা ও ব্রান্ডিং এর উপর জোর দেন। তিনি বলেন, এ খাতের সাথে সম্পৃক্ত সকলের সাথে আলোচনা করে একটি সমন্বিত পরিকল্পনা গ্রহণ করা হবে। তিনি বলেন পর্যটন খাতের উন্নয়নের

জন্য জনগণের মধ্যে সচেতনতা তৈরির মাধ্যমে পর্যটন বান্ধব পরিবেশ তৈরি করতে হবে। তিনি পর্যটন শিল্পের প্রসারের জন্য বিভিন্ন দেশের সাথে সড়ক, নৌ এবং আকাশপথে যোগাযোগ আরো বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেন। তিনি সার্কভুক্ত দেশগুলোর মধ্যে সহজ চলাচল নিশ্চিত করার উপর গুরুত্ব আরোপ করেন।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ট্যুর অপারেটরস এসোসিয়েশন অফ বাংলাদেশ (টোয়াব)'র সভাপতি জনাব হাসান মনসুর। তিনি বাংলাদেশ পর্যটন বোর্ডকে শক্তিশালীকরন, ভিসা প্রক্রিয়া সহজতর করা এবং এ খাতের সাথে সংশ্লিষ্ট উদ্যোক্তাদের সহজ শর্তে ঋণ প্রদানের প্রস্তাব করেন।

মুক্ত আলোচনায় ডিসিসিআই পরিচালক জনাব এম আবু হোরায়রা, ডিসিসিআই প্রাক্তন উর্ধ্বতন সহ-সভাপতি আলহাজ্ব আব্দুস সালাম, জনাব এম এস সেকিল চৌধুরী, প্রাক্তন পরিচালক জনাব আর আই খান, এফসিএ, এটাব'র প্রাক্তন সহ-সভাপতি জনাব এ কে এম বারী, হৃদয়ে বাংলাদেশ পত্রিকার সম্পাদক জনাব শহীদুল হক খান, জনাব জমির আহমেদ এবং জনাব মাহবুব নেওয়াজ চৌধুরী সক্রিয় অংশগ্রহণ করেন। আলোচকবৃন্দ এ খাতের উন্নয়নের জন্য বেসরকারী খাতের অংশগ্রহণের উপর জোর দেন।

ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর ধন্যবাদ জ্ঞাপন করেন।

ডিসিসিআই সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক সর্বজনাব এম বশির উল্লাহ ভূঁইয়া, মাহাবুব আনাম, কে এম এন মনজুরুল হক, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, এম আনওয়ারুল হক, মোহাম্মদ সিরাজুল ইসলাম এবং প্রাক্তন পরিচালক জনাব সালেম সোলায়মান এ সময় উপস্থিত ছিলেন।

"অর্থনৈতিক প্রবৃদ্ধি তরান্বিত করণে সরকারী-বেসরকারী উদ্যোগের প্রয়োজনীয়তা" শীর্ষক জাতীয় কনফারেন্স অনুষ্ঠিত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এমসিসিআই) এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ) এর সহযোগিতায় ১৭ অক্টোবর ২০১১ তারিখ "অর্থনৈতিক প্রবৃদ্ধি তরান্বিত করণে সরকারী-বেসরকারী উদ্যোগের প্রয়োজনীয়তা" শীর্ষক এক জাতীয় কনফারেন্স হোটেল রূপসী বাংলায় আয়োজন করে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত, এম.পি. অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিল্প মন্ত্রী জনাব দিলীপ বড়ুয়া, বাণিজ্য মন্ত্রী জনাব মুহাম্মদ ফারুক খান, এম.পি. এবং বাংলাদেশ ব্যাংকের গভর্ণর ড. আতিউর রহমান কনফারেন্সে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এর চেয়ারম্যান ড. নাসিরউদ্দিন আহমেদ এবং এফবিসিসিআই'র ভারপ্রাপ্ত সভাপতি জনাব মোঃ জসিম উদ্দিন অনুষ্ঠানে গেস্ট অফ অনার হিসেবে উপস্থিত ছিলেন।

এ কনফারেন্সে ঢাকা কাস্টমস হাউস আটোমেশনের বাণিজ্যিক কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত। একই সাথে তিনি বিল্ড এর লোগো উন্মোচন করেন।

ডিসিসিআই সভাপতি জনাব আসিফ ইব্রাহীম বর্তমান সরকার ঘোষিত ভিশন ২০২১ বাস্তবায়নের মাধ্যমে মধ্যম আয়ের দেশে পরিণত হওয়ার জন্য গ্রোথ ড্রাইভার্সগুলোর বহুমুখীকরনের উপর জোর দেন এবং এ লক্ষ্য অর্জনে সরকারের সাথে বেসরকারীখাতের সক্রিয় অংশগ্রহণের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, সম্প্রতি সরকার ঘোষিত ২০১৫ সালের মধ্যে ৩২% এবং ২০২১ সালের মধ্যে ৪০% জিডিপি ও বিনিয়োগের অনুপাত বৃদ্ধির জন্য এর সাথে সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে আকর্ষনীয় ও কার্যকর বাণিজ্য পরিবেশ নিশ্চিত করতে হবে। তিনি সরকারী কর্মকাণ্ডে বেসরকারীখাতের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য একটি সুনির্দিষ্ট কাঠামো প্রণয়নের আহবান জানান। তিনি বলেন, ডিসিসিআই, এমসিসিআই এবং এসএমই ফাউন্ডেশন যৌথভাবে বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড) নামক একটি প্রকল্প গ্রহণ করেছে। যেখানে প্রাথমিক পর্যায়ে বাণিজ্য ও বিনিয়োগ, আর্থিক কর্মকাণ্ড, এসএমই উন্নয়ন এবং ট্যাক্স ও অন্যান্য বিষয়ক চারটি ওয়ার্কিং গ্রুপ থাকবে। তিনি বলেন, ব্যবসায় ব্যয় হ্রাস, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরনের মাধ্যমে সরকারের রাজস্বের পরিমাণ বৃদ্ধি পাবে। জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এর সহযোগিতায় ডিসিসিআই "ঢাকা কাস্টমস হাউস" এর অটোমেশন প্রক্রিয়া সম্পন্ন করেছে। তিনি ভিয়েতনাম, ইউক্রেন, বসনিয়া, কম্বোডিয়ার মত পাবলিক-প্রাইভেট কনসালটেশন ম্যাকানিজম স্থাপনের উপর গুরুত্ব আরোপ করেন।

ডিসিসিআই প্রাক্তন সভাপতি জনাব হোসেন খালেদ বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড) এর উপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি বলেন, বিল্ডের মূল উদ্দেশ্য হলো বস্তুনিষ্ঠ গবেষণায় প্রাপ্ত তথ্যের ভিত্তিতে কার্যকর ও ফলপ্রসূ সরকারী-বেসরকারী পর্যায়ে আলোচনা, সুনির্দিষ্ট বানিজ্যিক রিফমর্স এবং বিনিয়োগ সহায়ক পরিবেশ তৈরি করা। "বিল্ড" সত্যিকার অর্থে কাজে আগ্রহী, শুধু কথায় নয়।

এফবিসিসিআই'র ভারপ্রাপ্ত সভাপতি জনাব মোঃ জসিম উদ্দিন বলেন, এ ধরনের আয়োজন পাবালিক-প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) সরকার কে সহযোগিতার মাধ্যমে বিনিয়োগ বৃদ্ধি করতে পারে। তাই তিনি এ আইন সহজতর ও কার্যকর করার উপর গুরুত্ব আরোপ করেন।

জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এর চেয়ারম্যান ড. নাসিরউদ্দিন আহমেদ বলেন পিপিপি'র আওতায় ঢাকা কাস্টমস হাউস অটোমেশন একটি সফল প্রকল্প। এর মাধ্যমে রাজস্ব আদায় বাড়ার পাশাপাশি এ কাজে স্বচ্ছতা আসাবে। তিনি আশা প্রকাশ করেন, বিল্ড এর মাধ্যমে ট্যাক্স ও অন্যান্য বিষয়ে গবেষণার কার্যক্রম বৃদ্ধি পাবে এবং তথ্য ভিত্তিক সুপারিশ প্রণীত হবে। তিনি এনবিআরের পক্ষ থেকে বিল্ডকে সকল ধরনের সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

বাংলাদেশ ব্যাংক গর্ভনর বলেন, দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি গতিশীলকরন ও দারিদ্র দূরীকরণের জন্য বৈদেশিক বিনিয়োগ প্রয়োজন এবং এ বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধিতে বাংলাদেশ ব্যাংক বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে। তিনি বলেন, আমাদের পুঁজি বাজারের আস্থা ফিরিয়ে আনতে ডিসিসিআইসহ অন্যান্য ব্যবসায়ী সংগঠন কার্যকর ভূমিকা রাখতে পারে।

বাণিজ্য মন্ত্রী জনাব মুহাম্মদ ফারুক খান, এম.পি. বলেন, বাংলাদেশের অর্থনৈতিক অগ্রগতিতে পিপিপি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তিনি বলেন দেশের অর্থনীতির প্রবৃদ্ধির স্বার্থে গবেষণা অত্যন্ত প্রয়োজন। তিনি জানান, বর্তমান সরকার দেশে ব্যবসার পরিবেশকে সহজ করতে বদ্ধ পরিকর।

শিল্প মন্ত্রী জনাব দিলীপ বড়ুয়া বলেন পিপিপি এর আওতায় তথ্য, সেবা এবং জনগণের অংশগ্রহণ নিশ্চত করা যাবে যার মাধ্যমে দেশের ব্যবসায়ী সম্প্রদায়কে আরো ভালো পরিবেশ প্রদান করা যাবে। তিনি জানান, কাস্টমস হাউস আটোমেশনের মাধ্যমে বর্তমানে বিদ্যমান ৩১টি ধাপকে ৬ ধাপে কমিয়ে আনা যাবে এবং এর মাধ্যমে সময় ও টাকার সাশ্রয় হবে।

অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত বলেন, সরকার বড় ধরনের বিনিয়োগ আকৃষ্ট করতে সহায়ক পরিবেশ তৈরি করছে। তিনি বলেন, পিপিপি এর আওতায় দেশী বিনিয়োগের পাশাপাশি বিদেশী বিনিয়োগ আকৃষ্ট করা উচিত। তিনি নতুন নতুন খাতে পিপিপি'র আওতায় বিনিয়োগ কারার আহবান জানান এবং এক্ষেত্রে বিল্ড কাজ করতে পারে।

এমসিসিআই সহ-সভাপতি ব্যারিস্টার নিহাদ কবীর সমাপনী বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, আমরা বিল্ডকে বাস্তবে রূপ দেওয়া সর্বাত্নক চেষ্টা করব। তিনি বলেন গবেষণার মাধ্যমে সরকারী-বেসরকারী আলোচনার মাধ্যমে দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখতে চাই। তিনি বলেন, বিল্ডের উপর প্রাইভেট-পাবলিক সেক্টরের ওনারশিপ স্থাপন হবে।

ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, সহ-সভাপতি জনাব নাসির হোসেন, পরিচালক সর্বজনাব এম বশির উল্লাহ ভূঁইয়া, মাহাবুব আনাম, ওয়াকার আহমেদ চৌধুরী, এ এস এম মহিউদ্দিন মোনেম, খায়রুল মজিদ মাহমুদ, কে এম এন মনজুরুল হক, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন, এম আনওয়ারুল হক, কে জি করিম, এম আবু হোরায়রা এ সময় উপস্থিত ছিলেন।

"অর্থনৈতিক প্রবৃদ্ধি তরান্বিত করণে সরকারী-বেসরকারী উদ্যোগের প্রয়োজনীয়তা" শীর্ষক জাতীয় কনফারেন্সের ওয়ার্কিং সেশন অনুষ্ঠিত

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এমসিসিআই) এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ) এর সহযোগিতায় "অর্থনৈতিক প্রবৃদ্ধি তরান্বিত করণে সরকারী-বেসরকারী উদ্যোগের প্রয়োজনীয়তা" শীর্ষক জাতীয় কনফারেন্সের ওয়ার্কিং সেশন ১৮ অক্টোবর ২০১১ তারিখ হোটেল রূপসী বাংলায় অনুষ্ঠিত হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাক্তন মুখ্য সচিব জনাব এম এ করিম সেশন চেয়ারপার্সন হিসেবে উপস্থিত ছিলেন। নির্ধারিত আলোচনায় বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব মর্তুজা রেজা চৌধুরী, বিনিয়োগ বোর্ডের (সদস্য) জনাব খায়রুল আনাম, পরিকল্পনা কমিশনের জিইডি প্রধান জনাব ফখরুল আহসান, অর্থ মন্ত্রণালয়ের অতিরক্ত সচিব জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী, এসএমই ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক সৈয়দ রেজওয়ানুল কবির, পিপিপি কার্যালয়ের ডেপুটি ম্যানেজার জনাব উত্তম কুমার কর্মকার এবং এমসিসিআই ভারপ্রাপ্ত সভাপতি ব্যারিস্টার নিহাদ কবীর অংশগ্রহণ করেন।

ঢাকা চেম্বার সভাপতি জনাব আসিফ ইব্রাহীম ওয়ার্কিং সেশনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি বলেন, ডিসিসিআই, এমসিসিআই এবং এসএমই ফাউন্ডেশন যৌথভাবে বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড) নামক একটি প্রকল্প গ্রহণ করেছে যেখানে প্রাথমিক পর্যায়ে বাণিজ্য ও বিনিয়োগ, আর্থিক কর্মকাণ্ড, এসএমই উন্নয়ন এবং ট্যাক্স ও অন্যান্য বিষয়ক চারটি ওয়ার্কিং গ্রুপ থাকবে। তিনি বলেন, বিল্ডের মূল উদ্দেশ্য হলো বস্তুনিষ্ঠ গবেষণায় প্রাপ্ত তথ্যের ভিত্তিতে কার্যকর ও ফলপ্রসূ সরকারী-বেসরকারী পর্যায়ে আলোচনা, সুনির্দিষ্ট বানিজ্যিক রিফমর্স এবং বিনিয়োগ সহায়ক পরিবেশ তৈরি করা।

জনাব মর্তুজা রেজা চৌধুরী বলেন, বর্তমান সরকার দেশে ব্যবসা সহায়ক পরিবেশ তৈরি, ব্যবসায় ব্যয় হ্রাসের জন্য কাজ করে যাচ্ছে। তিনি জানান, ইতোমধ্যে রেজিস্টার অফ জয়েন্ট স্টক কোম্পানী'র অফিস কে অটোমেশন করা হয়েছে এবং ইপিবিকে অটোমেশনের আওতায় নিয়ে আসা হবে। তিনি আঞ্চলিক ব্যবসা-বাণিজ্য বৃদ্ধি এবং সরকার ও বেসরকারী খাতের মধ্যে দূরত্ব কমানোর উপর গুরুত্ব আরোপ করেন।

জনাব ফখরুল আহসান বলেন, ষষ্ঠ পঞ্চ বার্ষিকী পরিকল্পনায় বেসরকারী খাতকে এগিয়ে আসার সুযোগ রাখা হয়েছে। তিনি জানান, সরকার বিদ্যুৎ, জ্বালানি, মানব সম্পদ উন্নয়ন, সমুদ্র ও স্থল বন্দর উন্নয়নে কাজ করে যাচ্ছে। তিনি বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য উৎপাদনশীল খাতের উপর গুরুত্ব আরোপের আহবান জানান।

জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী বলেন, সরকার পিপিপি কাঠামোকে আরো ব্যবসা সহায়ক করতে আগ্রহী এবং পিপিপি সেলের মাধ্যমে ওয়ান স্টপ সার্ভিস প্রদান করা হবে।

সৈয়দ রেজওয়ানুল কবির "বিল্ড" বাস্তবায়নে যথাযথ পরিকল্পনার উপর জোর দেন।

ব্যারিস্টার নিহাদ কবীর বলেন, "বিল্ড" হলো একটি স্থায়ী ভিত্তি। তিনি সরকারের ও বেসরকারী খাতের মধ্যে আরো বেশি আলোচনার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি পিপিপি এর এ্যাডভাইজারি কমিটিতে বেসরকারী খাত থেকে আরো বেশি প্রতিনিধি অন্তর্ভুক্তির আহবান জানান।

জনাব এম এ করিম বলেন, "বিল্ড" হলো সরকারী ও বেসরকারী খাতের মধ্যে সমন্বয়ের একটি স্থান যার মাধ্যমে সফল বাণিজ্য পরিবেশ তৈরির জন্য সুপারিশ প্রদান করা হবে। তিনি বেসরকারী খাতের উন্নয়নের জন্য আমাদেরকে প্রতিযোগীতার সক্ষমতা অর্জনের উপর জোর দেন।

মুক্ত আলোচনায় ডিসিসিআই পরিচালক জনাব আবু হোরায়রা, ডিসিসিআই প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি আলহাজ্ব আব্দুস সালাম, জনাব এম এস সেকিল চৌধুরী, প্রাক্তন সহ-সভাপতি সৈয়দ তৌফিক আলী, এসএমই ফাউন্ডেশন'র উপ-মহাব্যবস্থাপক জনাব নূরুল কাদির এবং ব্র্যাকের হেড অফ করপোরেট জনাব আজিজুর রহমান এবং ডিসিসিআই'র অতিরিক্ত সচিব (গবেষণা) মিসেস ফেরদৌস আরা বেগম সক্রিয় অংশগ্রহণ করেন।

ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব টি আই এম নূরুল কবীর, পরিচালক জনাব এম বশির উল্লাহ ভূঁইয়া, আলহাজ্ব মোঃ নাসিরউদ্দিন খাঁন এবং জনাব এম আনওয়ারুল হক এ সময় উপস্থিত ছিলেন।

গাজীপুরের কালিয়াকৈরে দ্রুত গ্যাস সরবরাহ উন্নয়নে ডিসিসিআই'র পক্ষ থেকে সরকারকে আন্তরিক ধন্যবাদ

Like the previous year, DCCI Business Institute (DBI) organized training programmes throughout the year in 2011. Initially DBI prepared a Training Calendar-2011-12 (April-March) under the guidance of the DCCI Standing Committee on DBI. After approval of the Standing Committee & Board of Directors, the Calendar was finalized and training courses started accordingly. Later, Training Calendar was published and sent to important business organizations. In accordance with the Calendar, DBI has been implementing thirty five (35) short training courses for the development of forward-looking entrepreneurs and business executives. It has also continued to organize Certificate / Diploma training courses and holding Examinations on Modular Learning System in Supply Chain Management (MLS-SCM$^{(P)}$) in cooperation with International Trade Centre (ITC) - UNCTAD/WTO, Geneva. These courses were appreciated by the participating business entrepreneurs and executives and the responses from the business community, as a whole, was tremendous.

The main activities of the DBI for 2011 are narrated below:

1. **Short-term Training Courses in DBI**: As usual, DCCI Business Institute has continued its short-term training courses of 3 & 5 half days this year. From January to September, 2011, the following 14 courses were held. Two hundred eighty four (284) participants participated in these short training courses.

   (i) Human Resource Development, (ii) Effective Selling Skills, (iii) Effective Negotiation Skills, (iv) Proper L/C Procedures for Export & Import Operation, (v) Basel II – Risk Based Capital Adequacy for Banks, (vi) How to Establish a New Business, (vii) Shipping Procedures for Export & Import, (viii) Import and Indenting Procedures, (ix) Export Documentation, (x) Rules & Procedures of VAT & Income Tax, (xi) Store & Inventory Management, (xii) Proper L/C Procedures for Export & Import Operation, (xiii) Human Resource Management and (xiv) Rules & Procedures of VAT & Income Tax.

2. **MLS-SCM$^{(p)}$ Certificate/Diploma Course in Cooperation with ITC, Geneva :**

   In cooperation with ITC-UNCTAD/WTO, Geneva, DBI has been conducting Certificate/ Diploma courses on Modular Learning System in Supply Chain Management (MLS-SCM$^{(p)}$) and holding examinations since 2004. DCCI is the only Authorised Examination Body (AEB) of ITC in Bangladesh. These courses improve the capacity of businesses to become competitive in the globalised markets both at home and abroad by effectively managing the supply chain. The main objectives of the course is to train participants how to obtain quality inputs at the most competitive prices. The main slogan of the course is buying into competitiveness. During 2011, the 9th batch (January, 2011) & the 10th batch (July, 2011) of Certificate Course were successfully started. In the 9th batch forty four (44) students and in the 10th batch forty (40) students were enrolled in 2011, as compared to 39 and 40 respectively in the previous year. In addition 17 and 16 participants have been attending Advanced Certificate and Diploma Classes of MLS-SCM$^{(P)}$ respectively. Classes are held on Fridays and Saturdays so as to enable persons on–the-job to attend training courses conveniently to increase their productivity and advance better job opportunities. Regular Certificate/Diploma examinations on MLS-SCM$^{(p)}$ Courses were also held in DBI in March & September, 2011 successfully. Total number of examinees in March was 103 & in September was 113 as compared to 78 & 92 respectively in the previous year. The examinations were held strictly as per the standard guidelines of ITC, Geneva.

3. **DCCI won the "MLS-SCM(P) Best Network Partner Institution Award 2010" of International Trade Centre (ITC) - UNCTAD/WTO, Geneva.**

DCCI was awarded with the "MLS-SCM (P) Best Network Partner Institution Award 2010" of International Trade Centre (ITC) - UNCTAD/WTO, Geneva, among 120 partner Institutions in 69 countries, at the **"MLS-SCM(P) Global Network Roundtable, Malaysia, 2011"**, held at Kuala Lumpur during 06-08 April, 2011. The Roundtable was organized by ITC jointly with MAPICS, Malaysia with the support of the Govt. of Switzerland. Sixty Nine (69) participants from different countries, participated in the Roundtable. A five-member delegation, headed by President, DCCI Mr. Asif Ibrahim, participated in the Roundtable. The other members of the delegation were the lead trainers of DBI, namely, Syed Asgar Ali, Enayet Hossain, Kamruzzaman and Md. Rashed Ali.



During the Roundtable, the President of DCCI presented a power point presentation regarding the achievement of DCCI in promoting and developing the **Modular Learning System in Supply Chain Management (MLS-SCM(P))** of ITC in Bangladesh. ITC has developed 18 modules of MLS-SCM(P) to help companies achieve excellence in the supply chain management. **The symbol(P) signifies the power of purchasing which is the key element to become competitive under the programme**. Among other things, he mentioned that DCCI has developed an excellent infrastructure and a pool of experienced trainers through seven ToT Workshops for conducting Certificate/Diploma course in Supply Chain Management. This is a unique, proven and powerful management system to cut cost, reduce lead time and become competitive in the Global Market.

After taking necessary preparation for 3 years from 2004, DCCI Business Institute (DBI) has been offering regular courses from 2007. So far, 334 participants have been trained for Certificate Course, 148 participants for Advanced Certificate and 95 participants for Diploma. Out of them 48 have received Certificate , 21 received Advanced Certificate and 14 received Diploma. In 2011, 84 participants have been admitted for the certificate course. They are rating the course as very good and the trainers very experienced and effective.

One Lead Trainer of DBI, Syed Asgar Ali, Import Manager, BOC Bangladesh Ltd. was awarded the Certificate of "the Best Success Story Winner 2010" during the Roundtable. He demonstrated that he yielded an astonishing Euro 2.6 million in saving in a year through using the tools and techniques of MLS-SCM(P) in his organization.

4. **DCCI-Knowledge Centre (KC):** DCCI-Knowledge Center (KC) was established in cooperation with South-Asia Enterprise Development Facility (SEDF) in 2004. After the MoU expired in June, 2008, DCCI continued the activities of "DCCI-Knowledge Center" as an extended wing of DCCI Business Institute (DBI). The objectives of Knowledge Center are to enhance both quantity and quality of training and services, particularly to facilitate the use of Information Technology (IT) for SME development. The goal of Knowledge Center is to provide a "one-stop-knowledge service" to local SMEs, students, academics, NGOs and business service providers. The main services of KC are: (i) Trade & Technologies Information service, (ii) CD-ROM & Library service, (iii) Training service and (iv) development and communication services. DCCI-Knowledge Center has two main sources of income. These are: (1) ***Sale of Services:*** it includes the income from different services provided by KC, like membership registration fees, internet browsing,

printout, photocopy, CD-ROM, scanning etc. and (2) ***Training Registration Fees:*** it includes the registration fees from the participants of different workshops conducted by KC. Holding of day-long workshops on Fridays is a new initiative of KC.

From January to September, 2011 following workshops were held : **(i) Corporate Environment – An Essential Tool for Business Growth, (ii) Professional Business Management, (iii) Strategic Procurement Skills, (iv) Managing Logistics and Transportation, (v) Effective Warehousing and Distribution Management, (vi) UCPDC – 600, (vii) Front Desk Behaviour & Telephone Etiquettes, (viii) Income Tax Planning to Minimize Tax Burden Legally, (ix) VAT & Customs Procedures for Import & Export, (x) Effective Office Management, (xi) Conflict Management and (xii) Public Procurement Management & Overview of e-GP.** The response was quite satisfactory. Total Number of Participants for these courses were 195.

5. Affiliation of DBI (BBA College) with National University for BBA Programme:

Affiliation of DBI for conducting BBA Honours course of 04 (four) years duration was given by the National University on 18-01-2011 for the session 2010-2011 with 50 (fifty) seats of students. No student could be admitted in the BBA course during the session 2010-2011 for shortage of time. Application has been submitted on 13-10-2011 to the National University for renewal of affiliation of DBI for BBA course for the session 2011-2012. It is expected that, affiliation of DBI for BBA course for the session 2011-2012 will be renewed by the National University. As per approval of the DCCI authority, we have requested all members of DCCI by sending letters to them to admit their children & wards in the BBA Honours course of DBI at 10% discount on admission fee. We have also requested all members of DCCI to request their friends and relatives to admit their children and wards in the BBA Honours course of DBI for the session 2011-2012. Mr. Mushfaqul Haque Chowdhury, BBA (Honours), MBA has been appointed as the Student Relations Officer, DBI (BBA College). He has joined DBI on 4th August, 2011.

An application has been submitted on 01-06-2011 to the National University for extension of time up to 31-05-2011 for forming a Governing Body of DBI with all categories of members including 2 (two) elected members from among the Guardians of students, as per Regulation of the National University. In the absence of Governing Body of DBI, an Adhoc Management Committee comprising of 8 (eight) members with Mr. M.H. Rahman, Past President, DCCI as the Convener, has been formed to transact all matters of DBI (BBA College).

DCCI wins the "MLS-SCM(P) Best Network Partner Institution Award 2010" of International Trade Centre (ITC) - UNCTAD/WTO, Geneva

Dhaka Chamber of Commerce & Industry (DCCI) was awarded with the "MLS-SCM(p) Best Network Partner Institution Award 2010" of International Trade Centre (ITC) - UNCTAD/WTO, Geneva, among 120 partner Institutions in 69 countries, at the "MLS-SCM(p) Global Network Roundtable, Malaysia, 2011", held at Kuala Lumpur during 06-08 April, 2011.

The Roundtable was organized by ITC jointly with MAPICS, Malaysia with the support of the Govt, of Switzerland. Sixty Nine (69) participants from different countries participated in the Roundtable. A five-member delegation, headed by Asif Ibrahim, President, Dhaka Chamber of Commerce & Industry (DCCI) participated in the Roundtable. The other members of the delegation were the lead trainers of DCCI Business Institute (DBI), namely, Syed Asgar Ali, Enayet Hossain, Kamruzzaman and Md. Rashid Ali.

During the Roundtable, the President of DCCI presented a power point presentation regarding the achievement of DCCI in promoting and developing the Modular Learning System in Supply Chain Management MLS-SCM(P) of ITC in Bangladesh.

দেশের অর্থনৈতিক নীতিমালা প্রণয়নে ঢাকা চেম্বারের পক্ষ থেকে ২০১১ সালে সরকারের নিকট পেশকৃত সুপারিশসমূহের সংক্ষিপ্তসার

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি কর্তৃক প্রণীত বাজেট ২০১১-১২ এ অন্তর্ভূক্তির জন্য সুপারিশমালা

ভূমিকা ঃ

প্রতিবারের মত এবছরও ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) বাজেট ২০১১-১২ এ অন্তর্ভূক্তির জন্য সুপারিশমালা প্রণয়ন করেছে। এ বছর এ সুপারিশমালায় আয়কর সংক্রান্ত ২২টি প্রস্তাব, আমদানি ও সম্পূরক শুল্ক এবং সুনির্দিষ্ট পণ্য ও খাত-ভিত্তিক আমদানি ও সম্পূরক শুল্ক সম্পর্কিত ১৭টি প্রস্তাব, মূল্য সংযোজন কর সংক্রান্ত ২৫টি প্রস্তাব প্রণয়ন করা হয়েছে। এছাড়াও ঢাকা চেম্বার প্রস্তাবিত Direct Tax Act, 2011 এবং VAT Act, 2011 এর উপর আংশিক মতামত প্রণয়ন করেছে যা এতদ্‌সংগে সংযোজিত হল।

ঢাকা চেম্বার মনে করে বাংলাদেশের ১৬০ মিলিয়ন বা ১৬ কোটি জনসংখ্যার মধ্যে মাত্র ৩ মিলিয়ন TIN ধারী সংখ্যা অত্যন্ত অপ্রতুল। এছাড়া এর মধ্যে প্রকৃত কর প্রদানকারীর সংখ্যা এক মিলিয়নের নিচে যা মোটেই কাম্য নয়। এ সংখ্যা বৃদ্ধির মাধ্যমে কর Network বাড়িয়ে Tax-GDP রেশিও বৃদ্ধি করা সম্ভব। আমরা মনে করি কর প্রদান পদ্ধতি সহজীকরণ, হয়রানী হ্রাস, প্রকৃত স্বচ্ছতা আনয়ন করা হলে করদাতাদের মধ্যে আস্থা ফিরে আসবে এবং কর প্রদানকারী কর প্রদানে স্বাচ্ছন্দ বোধ করবে। সরকার সম্প্রতি দ্রুত Tax Disputes নিরসনের লক্ষ্যে ADR Commission গঠন করতে যাচ্ছে যা অত্যন্ত সময়োপযোগী, কিন্তু ADR কমিশন সম্পূর্ণ ভাবে NBR থেকে আলাদা হতে হবে। তা না হলে এ আইনের মাধ্যমে সুফল পাওয়া যাবে না এবং বাস্তবায়ন ফলপ্রসূ হবে না। এছাড়াও আয়কর বিভাগ বর্তমানে একই সাথে করনীতিমালা প্রণয়ন, কর আহরণ এবং ট্যাক্স আপিল ইত্যাদির দায়িত্ব পালন করছে। আমরা মনে করি একই প্রতিষ্ঠানকে এ ধরনের দায়িত্বে বহাল রাখা কর ব্যবস্থায় জটিলতার অন্যতম কারণ। ঢাকা চেম্বার যে সমস্ত নীতিমালা প্রণয়ন করেছে তাতে নিম্নলিখিত বিষয়গুলোর উপর গুরুত্ব দেয়া হয়েছে ঃ

১. কর Network বাড়ানো;
২. নীতিমালার সহজীকরণ এবং বিভিন্ন নীতিমালার Clause এর মধ্যে সাংঘর্ষিকতা (Contradiction) হ্রাস করা;
৩. উৎপাদন খাতকে সম্প্রসারণের জন্য সুপারিশ প্রণয়ন;
৪. সরকার আগামীতে যে সমস্ত নীতিমালা ও আইন করতে যাচ্ছে তার উপর সুপারিশ প্রদান;

এছাড়াও বাজেট প্রস্তাব প্রণয়নের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়ের প্রতিও নজর দেয়া হয়েছে ঃ

১) শিল্পবিকাশের মাধ্যমে কর্মসংস্থান বৃদ্ধি;
২) ক্ষুদ্র ও মাঝারি শিল্পের গুরুত্ব ;
৩) শুল্ক-কর বৃদ্ধির ফলে সম্ভাব্য বাজার প্রতিক্রিয়া ;
৪) রেগুলেটরি ডিউটি প্রত্যাহার এবং দেশের আইনী বিধান:
৫) রাজস্ব প্রশাসনের স্বচ্ছতা, বিশ্বাসযোগ্যতা, দক্ষতা ও নির্ভরয়োগ্যতা বৃদ্ধি;
৬) জনমনে করভীতি দূরীকরণ ও পারস্পরিক আস্থার পরিবেশ সৃষ্টির লক্ষ্যে দীর্ঘস্থায়ী পরিকল্পনা গ্রহণ;
৭) সার্বিক উন্নয়নের স্বার্থে দক্ষ মানব সম্পদ গড়ে তোলা;
৮) রাজস্ব বিভাগের পূর্ণ অটোমেশন;
৯) রাজস্ব বিভাগে প্রয়োজনীয় সৎ ও উদ্যোমী জনবল সৃষ্টি ও তাদের প্রশিক্ষণের বন্দোবস্ত করা।

সংযোজিত বাজেট প্রস্তাব ২০১১-১২ এ প্রেরণের পূর্বে জাতীয় রাজস্ব বোর্ডের সম্মানিত চেয়ারম্যান ও সদস্যবর্গের সদয় অবগতির জন্য আয়কর, আমদানি ও সম্পূরক শুল্ক, মূল্য সংযোজন কর, ডাইরেক্ট ট্যাক্স এ্যাক্ট ২০১১ এবং খসড়া মূল্য সংযোজন কর আইন ২০১১ এর উপর বিস্তারিত সুপারিশমালা নিম্নে তুলে ধরা হলো ঃ

আয়কর ঃ

১। ব্যক্তি শ্রেণীর কর

বর্তমানে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি এবং মূল্যস্ফীতির কারণে জনসাধারণের জীবন যাত্রার ব্যয় বৃদ্ধি পেয়েছে। জীবন যাত্রার ব্যয় বৃদ্ধির সাথে সামঞ্জস্য রেখে কর মুক্ত আয়ের সীমা বাড়ানো প্রয়োজন। তাই ২০১১-১২ অর্থবছরের জন্য ব্যক্তি শ্রেণীর করদাতার কর মুক্ত আয়ের সীমা ১,৬৫,০০০ টাকা হতে বাড়িয়ে ২,২৫,০০০ টাকা, মহিলা করদাতা ও বয়স্ক নাগরিক (৬০ বৎসর) এর ক্ষেত্রে করমুক্ত আয়ের সীমা ১,৮০,০০০/- টাকা থেকে বৃদ্ধি করে ২,৫০,০০০/- টাকা এবং প্রতিবন্ধী করদাতার করমুক্ত আয়ের সীমা ২,০০,০০০ টাকা থেকে বৃদ্ধি করে ২,৭৫,০০০ টাকা করা এবং সর্বোচ্চ করের হার ২৫% থেকে হ্রাস করে ২০% করা যেতে পারে বলে আমরা সুপারিশ করছি। এতে আপাতত কর আয় কমলেও কর নেটওয়ার্ক বৃদ্ধি করা গেলে মোট আয় বাড়বে।

২। করপোরেট কর

উপমহাদেশের বিভিন্ন দেশ যেমন হংকং, চায়না, মালয়েশিয়াতে করপোরেট করের হার ২০% - ২৫%। বাংলাদেশের অর্থনৈতিক মন্দা মোকাবিলা এবং দেশে বিনিয়োগ এবং উৎপাদন খাতকে উৎসাহিত করার জন্য করপোরেট করের হার নিম্নলিখিত ভাবে যৌক্তিকীকরণ করা প্রয়োজন।

(ক) শেয়ার বাজারে তালিকাভুক্ত কোম্পানীর মুনাফার উপর করের হার ২৭.৫% থেকে হ্রাস করে ২০%;

(খ) তালিকাভুক্ত ও অতালিকাভুক্ত কোম্পানীর কর হারের পার্থক্য ১০% এর মধ্যে সীমাবদ্ধ রাখা;

(গ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কর হার ৪২.৫% থেকে হ্রাস করে ৪০% করা; এবং

(ঘ) মোবাইল ফোন অপারেটরদের জন্য করপোরেট করের হার ৪৫% থেকে হ্রাস করে ৪২.৫% এবং যে সকল কোম্পানী স্টকমার্কেটে তালিকাভুক্ত হবে তাদের ক্ষেত্রে এ হার ৩৫% থেকে হ্রাস করে ৩২.৫% করা যেতে পারে। তবে শর্ত হিসেবে স্টক মার্কেটে শেয়ার অফ লোড এর ক্ষেত্রে পরিশোধিত মূলধনের ন্যুনতম ১০% এর স্থলে ২০% এ বর্ধিত করা যেতে পারে।

৩। কর অবকাশ (Tax Holiday)

দেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপটে এবং শিল্পের বিকাশ ও বিনিয়োগ ত্বরান্বিত করার জন্য ট্যাক্স হলিডে মেয়াদ আগামী ২০১৫ সাল পর্যন্ত বৃদ্ধি করা প্রয়োজন। পাশ্ববর্তী দেশসমূহে দ্রুত শিল্পায়নের জন্য সরকারী পর্যায়ে Special Economic Zone (SEZ) প্রতিষ্ঠা করা হয়েছে। সেখানে শিল্পায়নের সকল সুবিধা বিদ্যমান। বাংলাদেশেও এ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে যা একটি প্রশংসনীয় উদ্যোগ। বর্তমানে EPZ এ স্থাপিত শিল্পসমূহকে ১০ বছরের কর অবকাশ সুবিধা দেয়া হয়। কিন্তু EPZ এর বাইরে স্থাপিত শিল্পকে এ ধরনের সুবিধা দেয়া হয় না। এ ধরনের বৈষম্য দূর করে EPZ এর বাইরে স্থাপিত শিল্পের ক্ষেত্রেও কর অবকাশ সুবিধা ১০ বছর করা যেতে পারে।

ট্যাক্স হলিডে প্রাপ্ত শিল্পে কাঁচামাল এবং মূলধনী যন্ত্রপাতি আমদানির ক্ষেত্রে AIT রেয়াত প্রাপ্তির ক্ষেত্রে প্রতি বছর জাতীয় রাজস্ব বোর্ড থেকে এ উদ্দেশ্যে সার্টিফিকেট গ্রহণ করতে হয়। ঢাকা চেম্বার মনে করে AIT রেয়াত গ্রহণ যেহেতু Tax Holiday প্রাপ্ত শিল্পসমূহের জন্য প্রাপ্য তাই Tax Holiday অনুমোদনের সময়ই এ বিষয়টি সুরাহা করা যেতে পারে।

৪। কোম্পানীর ক্ষেত্রে লভ্যাংশ থেকে অর্জিত আয়

কোম্পানীর ক্ষেত্রে লভ্যাংশ থেকে অর্জিত আয়ের উপর কর হার বর্তমানে ২০% ধার্য আছে, যা ১৫% এ নামিয়ে আনা দরকার।

৫। লভ্যাংশের উপর উৎসে কর্তিত কর

ব্যক্তি শ্রেণীর করদাতার ক্ষেত্রে লভ্যাংশের (Dividend) উপর ১০% হারে উৎসে কর্তিত কর চূড়ান্ত দায় হিসেবে ঘোষণা করা যেতে পারে। পুজিঁবাজার উন্নয়নের লক্ষ্যে এ ধরনের দ্বৈত করের অবসান প্রয়োজন।

৬। FDR এর সুদ থেকে আয়ের উপর কর

ব্যক্তি শ্রেণীর করদাতা এবং কোম্পানির ক্ষেত্রে ব্যাংকে স্থায়ী আমানতের উপর অর্জিত সুদ থেকে অগ্রীম কর কর্তনের যে বিধান আছে তা চূড়ান্ত কর দায় হিসেবে ঘোষণা করা দরকার। এতে ব্যক্তি এবং কোম্পানি ব্যাংকে স্থায়ী আমানতে উৎসাহিত হবে। এতে বর্তমানের Liquidity crisis কিছুটা নিরসন হবে।

৭। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 32(10) অনুযায়ী ভূমি, মূলধনী যন্ত্রপাতি এবং কারখানা ভবন থেকে উদ্ভুত মূলধনী আয় বিনিয়োজিত ইকুইটি হিসেবে কর রেয়াতের যে বিধান আছে তা আয়কর অধ্যাদেশের 53(H) ধারায় অন্তর্ভুক্ত না থাকায় বিনিয়োগকারীদের বাধ্যতামূলক কর প্রদান করতে হয় যা পরস্পর বিরোধী। আমরা মনে করি 53(H) এ প্রয়োজনীয় সংশোধনপূর্বক এ সমস্যা দূর করা প্রয়োজন। এ পরস্পর বিরোধী ধারা বলবৎ থাকায় 32(10) ধারা অনুয়ারী কর রেয়াত সুবিধা গ্রহণ করা সম্ভব হয় না।

৮। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 53(D) তে সঞ্চয় পত্র থেকে প্রাপ্ত সুদের উপর বর্তমানে ১০% হারে কর কর্তনের বিধান রয়েছে। সঞ্চয় পত্র থেকে প্রাপ্ত সুদের উপর কর্তৃত কর চূড়ান্ত দায় হিসেবে পরিগণিত করা প্রয়োজন। এতে ব্যক্তি পর্যায়ে সঞ্চয় পত্রে বিনিয়োগ বৃদ্ধি পাবে এবং সঞ্চয় পত্রে বিনিয়োগ উৎসাহিত হবে।

৯। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 62 তে উল্লেখিত "Credit of Tax Collection at Service" এ বর্ণিত ধারায় আমদানিকারক কর্তৃক মালামাল আমদানির ক্ষেত্রে AIT কেটে রাখা হয়। এর ফলে কর নির্ধারণের সময়েই কর্তনকৃত করের Credit দেয়ার বিধান রাখা হয়েছে। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে কর নির্ধারণের সময় বিশেষ করে আমদানি পর্যায়ে AIT সংশ্লিষ্ট সোনালী ব্যাংকে জমা দেয়া সত্ত্বেও উপকর- কমিশনারগণ পরবর্তীতে যাচাই সাপেক্ষে Credit নেয়ার পরামর্শ দিয়ে থাকেন যা করদাতাদের জন্য হয়রানীমূলক। যেহেতু সোনালী ব্যাংকের ন্যায় একটি রাষ্ট্রীয় ব্যাংকে কর্তৃত কর জমা হয়, সুতরাং সোনালী ব্যাংক কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের উপর ভিত্তি করে কর প্রত্যর্পণ চূড়ান্ত করা যেতে পারে। এ ধরনের কর্তৃত করের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড, সোনালী ব্যাংক এবং সংশ্লিষ্ট আয়কর অফিস এর মধ্যে অনলাইনে connectivity বাড়ালে কর দাতাদের হয়রানী কমবে এবং কর প্রত্যর্পণ ব্যবস্থা তাৎক্ষনিক ও সহজীকরণ হবে।

১০। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 82(BB) তে বর্ণিত Universal Self Assessment সংক্রান্ত ধারায় বর্ণিত অডিটের ক্ষেত্রে কি কি বিষয় অন্তর্ভুক্ত হলে অডিট হবে না তার একটি বিস্তারিত তালিকা রিটার্ণ দাখিলের পূর্ববর্তী সময়ে প্রত্যেক বৎসর প্রজ্ঞাপণের মাধ্যমে করদাতাদের সচেতনতার জন্য অবহিত করা প্রয়োজন। এর ফলে খুব বেশি অডিটের প্রয়োজন হবে না এবং জনগণ আয়কর প্রদানের ক্ষেত্রে সকল তথ্য সংযোজন করতে পারবে।

১১। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর 173 ধারার উপধারা 2 এ Correction of error এর ক্ষেত্রে করদাতার আয় বৃদ্ধি এবং Refund হ্রাস করার ক্ষমতা উক্ত অধ্যাদেশের 93 ধারার সাথে সাংঘর্ষিক। করদাতার কোনরূপ Evasion বা Avoidance থাকলে ধারা 93 অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া যেতে পারে। তাই 173 এর উপধারা-2 অনতিবিলম্বে বিলোপ করা প্রয়োজন এতে করদাতার হয়রানী লাঘব হবে।

১২। সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতীতে রিটার্ন দাখিলের পর কর প্রদান প্রত্যয়ন পত্র (TIN Certificate) প্রাপ্তির আবেদনের দুই কার্য দিবসের মধ্যে প্রত্যয়ন পত্র প্রদান করার আইনী বিধান করা প্রয়োজন। এ ক্ষেত্রে স্বল্প হারে ফি এর বিনিময়ে সার্টিফিকেট প্রদান করা যেতে পারে। কর প্রদান এবং কর আদায় সংক্রান্ত সকল বিষয়গুলোতে কর প্রদান প্রত্যয়ন পত্র (TIN Certificate) থেকে শুরু করে সব ধরণের প্রত্যয়ন সার্টিফিকেট প্রদান ব্যবস্থার যতটা সম্ভব Automated হওয়া প্রয়োজন যাতে সমগ্র কর ব্যবস্থা অনলাইন পদ্ধতিতে একটি Integrated System এর মধ্যে চলে আসে।

১৩। বর্তমানে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 53(BB) তে নিটওয়্যার এবং ওভেন গার্মেন্টস, টেরি টাওয়েল, কার্টুন ও গার্মেন্টস ইন্ডাস্ট্রির এক্সেসরিজ, জুট গুডস, ফ্রজেন ফুড, ভেজিটেবল, লেদার গুডস, প্যাকড ফুড সহ অন্যান্য রপ্তানির ক্ষেত্রে উৎসে আয়কর কর্তন ০.৪০% হারে হয়ে থাকে যা চূড়ান্ত কর দায় হিসেবেও বিবেচিত হয়। কিন্তু নিটিং, ডায়িং এবং উইভিং ইন্ডাস্ট্রিসমূহ যা গার্মেন্টস ইন্ডাস্ট্রির সাথে অংগাঅংগিভাবে সম্পৃক্ত এবং ব্যাক-টু-ব্যাক এলসির মাধ্যমে সংশ্লিষ্ট ইন্ডাস্ট্রিসমূহে মালামাল সরবরাহ করে থাকে এবং এ ধরনের ব্যবসায়ে Business of Export হিসেবে বিবেচনাপূর্বক Deemed Export হিসেবে বিবেচিত হয়। আমরা মনে করি এ ধরনের ব্যবসার ক্ষেত্রেও উৎসে আয়কর কর্তন করার প্রয়োজন রয়েছে। এবং তা বাস্তবায়নের জন্য 53(BB) এর ন্যায় নতুন একটি ধারা সংযোজনপূর্বক ০.৪০% হারে কর কর্তণ করে তা চূড়ান্ত করদায় হিসেবে বিবেচনা করার সুপারিশ করছি।

১৪। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর 30(AA) ধারা অনুযায়ী উৎসে ভ্যাট কর্তন করা না হলে সমুদয় খরচ অগ্রাহ্য করা হয় যা অযৌক্তিক ও হয়রানিমূলক। অত্র ক্ষেত্রে যে পরিমাণ ভ্যাট আদায় হয়নি সে পরিমাণ খরচ অগ্রাহ্য করার প্রস্তাব করছি।

আমদানি ও সম্পূরক শুল্ক ঃ

১। আমদানীকারক ও ব্যবহারকারী নির্বিশেষে মুলধনী যন্ত্রপাতি ও তৎসঙ্গে একত্রে আমদানীকৃত অপরিহার্য যন্ত্রাংশ নিশর্ত ও অভিন্ন শুল্ক-কর হারে আমদানীর সুযোগ প্রদান করা হলে শর্তপুরণের জটিলতা থেকে এবং প্রায় বাধ্যতামূলক অসততা থেকে বেরিয়ে আসা যাবে। ন্যুনতম এই শুল্কহারে স্থান, শিল্পের প্রকার ইত্যাদি বিবেচনায় ভিন্ন ভিন্ন শুল্কহার কোন অর্থ বহন করেনা, শুধু জটিলতা ও হয়রানি বৃদ্ধি করে। শর্ত পূরণের আবর্তে অনেক শিল্পই বিপাকে পড়ে। বিভিন্ন কারনে নির্দ্দিষ্ট সময়ের মধ্যে শর্তমাফিক উৎপাদন ও রপতানি সম্ভব হয়না। এই সব যন্ত্রপাতির কোন অপব্যবহার সম্ভব নয় বিধায় শর্ত দিয়ে বাঁধা নিস্প্রয়োজন।

এ ছাড়া স্থানীয় শিল্পকে সুরক্ষা এবং সংরক্ষণের জন্য সকল প্রকার মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশের উপর আমদানি শুল্ক হার (০%) শূন্য, মৌলিক উপকরণ ও কাঁচামালের কাঁচামালের শুল্ক হার হ্রাস করে ক্রমান্নয়ে শূন্য পর্যায়ে নিয়ে আসার লক্ষ্যে এ বৎসরের জন্য অন্ততঃ ৩% নির্ধারণ করা, মধ্যবর্তী কাঁচামালের শুল্ক হার ১২% এবং তৈরি পণ্যের শুল্ক হার ২৫% করা প্রয়োজন। ব্যাপক ভাবে প্রযুক্ত ৫% রেগুলেটরি ডিউটি প্রত্যাহার করার জন্য আমরা অনুরোধ করতে চাই।

২। শুল্ক কাঠামোতে ঘন ঘন পরিবর্তন আনয়নের ফলে দেশের শিল্পায়নের সাবলীল উন্নয়নে বাধার সৃষ্টি হয় এবং আমদানিকারক এবং ভোক্তা শ্রেণী ক্ষতিগ্রস্থ হয়ে থাকেন। বাজেট ঘোষণার পর অর্থ বৎসরের মধ্যবর্তী সময়ে এসআরও জারীকরণের মাধ্যমে শুল্ক করের হার হ্রাস/বৃদ্ধিকরণ পরিহার করা প্রয়োজন।

৩। যন্ত্রাংশের জন্য মুলধনী যন্ত্রপাতির সমহারে রেয়াত সুবিধা

মুলধনী যন্ত্রপাতির জন্য অপরিহার্য যন্ত্রাংশের জন্য সমহারে রেয়াত সুবিধা দেওয়া প্রয়োজন। প্রদত্ত সুবিধা ব্যবহারকারী-নির্বিশেষে শুধুমাত্র এইচ এস কোডভিত্তিক করা যেতে পারে। যে সকল যন্ত্রপাতি বা যন্ত্রাংশের শিল্প-বহির্ভূত ব্যবহারও থাকে সেগুলির জন্য সুনির্দ্দিষ্ট বিবরণ দিয়ে শিল্প ব্যবহার এবং সাধারণ ব্যবহার ভেদে পৃথক জাতীয় কোড নির্ধারণ করা যেতে পারে যাতে শিল্পে ব্যবহারের জন্য যন্ত্রপাতি ও যন্ত্রাংশের রেয়াতি হার প্রদান করা যেতে পারে। এছাড়াও মুলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ মূসক আইনে উপকরণ হিসেবে ঘোষণা করে ক্রেডিট সুবিধা প্রদান করা যেতে পারে।

৪। ওয়ার‌্যান্টির বিপরীতে আমদানী

ওয়ারান্টির বিপরীতে আমদানীকৃত চালান, ওয়ারান্টি এবং মূল চালানের কাগজপত্র দেখে সম্পূর্ণ শুল্ক-কর-মুক্ত খালাস দেবার আইনী ব্যবস্থা প্রবর্তন করা দরকার।

৫। শুল্ক কর হার যৌক্তিকীকরণে কমিটি

ব্যবসায়ী ও উৎপাদক বিশেষতঃ আমদানীকারক ও একই পণ্যের স্থানীয় উৎপাদকগণের স্বার্থ বিপরীতমুখী। এমনকি এক শিল্পের কাঁচামাল অপর শিল্পের উৎপাদিত পণ্য। এদের স্বার্থের মধ্যে সমন্বয় সাধন করে করহার নির্ধারণের জন্য সরকারী ও বেসরকারী প্রতিনিধি নিয়ে একটি জাতীয় পর্যায়ের কমিটি করা প্রয়োজন যাতে সকল পক্ষসমূহের বক্তব্য শোনার ব্যবস্থা থাকবে।

৬। এলপিজি কাঁচামাল এবং যন্ত্রাংশ আমদানি

দেশে শিল্প বাণিজ্য ও গৃহস্থালীসহ সকল ক্ষেত্রে নতুন গ্যাস সংযোগ বন্ধ রাখা হয়েছে। তাই গৃহস্থালীর কাজে এলপিজি চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। দেশে বর্তমান চাহিদা অনুযায়ী বছরে প্রায় দেড় লাখ টন (সাড়ে বার কেজির এক লাখ বিশ হাজার সিলিন্ডার) এলপিজির প্রয়োজন। ভবিষ্যতে এর চাহিদা আরও বৃদ্ধি পাবে। বর্তমানে এলপিজি কাঁচামাল এবং যন্ত্রাংশের আমদানি শুল্ক অনেক বেশি (মোট শুল্ক করের আপাতন ১১% - ৩৩% পর্যন্ত)। এলপিজি মিকশ্চার, সিলিন্ডার, ভালভ সহ সকল যন্ত্রপাতী ও যন্ত্রাংশের শুল্ক প্রত্যাহার করা হলে এলপিজির দাম কমানো সম্ভব হবে। পাইপলাইনের মাধ্যমে গ্যাসের নতুন সংযোগ দেওয়া বন্ধ থাকায় অসংখ্য নতুন বাড়ি ও ফ্ল্যাটে এলপি গ্যাস ব্যবহার করা হচ্ছে। গৃহস্থালির কাজে পাইপলাইনের গ্যাস ব্যবহারে ৪০০-৫০০ টাকা খরচ হয় কিন্তু বোতলজাত গ্যাস ব্যবহারে কাছাকাছি খরচ রাখতে না পারলে একই শহরে পাশাপাশি বাসিন্দাগণের ক্ষেত্রে ডাবল স্ট্যান্ডার্ড নীতিমালা জাতির জন্য শুভ হবে না।

এলপিজি সহজলভ্য করার জন্য সরকারী উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন যাতে মাসিক ৬০০ টাকা থেকে ৭০০ টাকা ব্যয় করে গৃহস্থালীর কাজে ব্যবহারের জন্য জ্বালানী খরচ মেটানো যায়। এ লক্ষ্যে নিম্নবর্ণিত সুপারিশমালা গ্রহণ করা যেতে পারে ঃ

(ক) এলপি গ্যাসের প্রধান কাঁচামাল এলপিজি মিকশ্চার আমদানির জন্য শুল্ক প্রত্যাহার।

(খ) এলপি গ্যাস ব্যবহারের জন্য সিলিন্ডার, ভাল্ব এবং রেগুলেটরসহ সকল যন্ত্রাংশের শুল্ক প্রত্যাহার।

(গ) এলপিজির আমদানি ও সরবরাহ বাড়াতে বেসরকারী কোম্পানীকে আগ্রহী করে তোলা এবং এলপিজির দাম নিয়ন্ত্রণে রাখা।

মূল্য সংযোজন কর ঃ

১। মূসক আইনে বিদ্যমান মূল্য ঘোষণা এবং মূসক দপ্তর কর্তৃক তা অনুমোদনের বিধান সম্পূর্ণ প্রত্যাহার ও রহিত করা হোক। যে মূল্যে পণ্য বিক্রয় করা হবে তার উপরেই মূসক প্রদান করতে হবে- এই বিধান প্রয়োগ করা হোক। ২০১০ খৃষ্টাব্দের ৩০ জুন পর্যন্ত পণ্যের মূল্য বা তার উপকরণের মূল্য বা মূল্যের কোন উপাদানে সামান্যতম হ্রাসবৃদ্ধি ঘটলেই মূল্য ঘোষণা বা তার সংশোধনী প্রদান বাধ্যতামূলক ছিল। সেটা গ্রহণ করা বা না করা মূসক কর্তৃপক্ষের মর্জির উপর নির্ভরশীল। ব্যবসায়ে শুধুই লাভ থাকবে, কখনও লোকসান হতে পারবে না ইত্যাকার অসম্ভব সব সিদ্ধান্ত এর সাথে সংশ্লিষ্ট। ২০১০ খৃষ্টাব্দের ৩০ জুন থেকে উপকরণ-মূল্য অনধিক ৫% হ্রাসবৃদ্ধির জন্য মূল্য সংশোধন প্রয়োজন নেই বলে নীতিমালা থাকলেও কিন্তু নিরীক্ষায় সেটাও মানা হয়না। মূসকসহ যে কোন কর ব্যবসার উপজাত। কর দেবার উদ্দেশ্যে ব্যবসা করা হয়না। ব্যবসা করা হলে মূসক প্রযোজ্য হয়। সুতরাং ব্যবসাকে তার নিজস্ব পথে চলতে দিয়ে কর আদায় করা সমীচীন। কর কর্তৃপক্ষ যদি পণ্যের মূল্য নির্ধারন করে দেয় এবং সে মূল্য রেশন শপের মত শিল্প বা ব্যবসা প্রতিষ্ঠানে অনুসরণ করতে হয় তাহলে মূসক হয়তো থাকবে কিন্তু কোন ব্যবসা থাকতে পারে না। একই উদ্যোক্তা একই পণ্য অবস্থা বিবেচনায় ভিন্ন ভিন্ন ক্রেতা বা ক্রেতা শ্রেণীর জন্য পৃথক মূল্যে বিক্রয় করে। এ ক্ষেত্রে স্বাধীনভাবে দরাদরি করা এবং চুড়ান্ত বিবেচনায় লাভ করাই মুল লক্ষ্য। মূল্য অনুমোদন ব্যবস্থা ব্যবসায়ীর সেই স্বাধীনতা কেড়ে নিচ্ছে এবং প্রতিনিয়ত হয়রানি করছে।

২। টার্ন ওভার ট্যাক্স এর জন্য বার্ষিক টার্ণ ওভার ৬০ লক্ষ টাকা থেকে বৃদ্ধি করে ১ কোটি টাকা নির্ধারণ এবং Turn over Tax ৪% থেকে কমিয়ে ২% করার প্রস্তাব রাখছি। ক্ষুদ্র ব্যবসা ও শিল্প প্রতিষ্ঠান দেশের শিল্পায়নে এবং ব্যবসা বাণিজ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং দেশের অর্থনীতিতে ব্যাপক ভূমিকা রাখে। তাই ক্ষুদ্র ব্যবসায়ী এবং উদ্যোক্তাদের উৎসাহিত করতে এ প্রস্তাব করা হয়েছে।

৩। কুটির শিল্প প্রতিষ্ঠানের আওতায় মূসক অব্যাহতির জন্য প্ল্যান্ট এন্ড মেশিনারিজ ও ইকুইপমেন্টে বিনিয়োগকৃত মূলধন অনধিক ২৫ লক্ষ টাকা থেকে বৃদ্ধি করে ৫০ লক্ষ টাকা করার প্রস্তাব করা হচ্ছে। এ শিল্পগুলোর বাৎসরিক টার্ণওভার ৬০ লাখ টাকা বা অনুরূপ হলেও তাদের ক্ষেত্রে এ সুযোগ অব্যাহত রাখা দরকার। কুটির শিল্পের মূসক অব্যাহতি সুযোগ ব্যবহারের জন্য ডিভিশনাল কমিশনার এর কাছ থেকে অনুমোদন নিতে হয়। সংশ্লিষ্ট সার্কেল কমিশনারের নিকট থেকে এ সুযোগের অনুমোদন নেয়ার বিধান করা যেতে পারে।

৪। প্রত্যেক ভ্যাট সার্কেলে একটি স্থায়ী পত্র গ্রহণ/বিতরণ শাখা থাকা প্রয়োজন, যেখানে অফিস চলাকালিন সময়ে করদাতার পত্রাদি বিনা প্রশ্নে প্রাপ্তি-স্বীকারসহ গ্রহণ করা হবে। যে কোন অফিসের জন্য গ্রহণ-প্রেরণ শাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ। পত্র গ্রহণ না করা হলে পরবর্তী কোন পদক্ষেপ গ্রহণই সম্ভব হয় না। ফলে নিবন্ধিত প্রতিষ্ঠান কাঙ্খিত সুবিধা বা প্রতিকার থেকে বঞ্চিত হয়। উদ্যোক্তাদের ব্যবসা সংক্রান্ত তথ্যাদির রেকর্ড সংরক্ষণে এটি বিশেষভাবে প্রয়োজনীয় একটি বিষয়।

৫। মূসক আইনে দণ্ডসমূহ ন্যুনতম সমপরিমাণ এবং অনুর্ধ্ব আড়াই গুণ। অসহনীয় দণ্ডের ফলে সৃষ্ট আর্থিক ক্ষতি পুষিয়ে নিতে আরও ফাঁকির আশ্রয় নেবার এবং অসাধুতার সাথে আপোষ করার প্রবণতা দেখা দেয়। মূসক আইনে দণ্ডসমূহ পূর্বের ন্যায় ন্যুনতম ২৫% এবং সর্বোচ্চ ৭৫% অথবা একটি যুক্তিসংগত এবং সহনশীল পর্যায়ে রাখা প্রয়োজন।

৬। অসাবধানতা কিম্বা ভ্রান্তিবশত মূসক কম পরিশোধ হলে বা পরিশোধ না করা হলে এবং সেক্ষেত্রে মূসক কর্তৃপক্ষ দাবীনামা বা শো-কজ নোটিশ দেবার আগে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক স্বেচ্ছায় মূসক পরিশোধ করা হলে কোন শাস্তি না দেবার বিধান করা হোক।

৭। ন্যায়-নির্নয়ণ আদেশের বিরুদ্ধে আপিল করতে গেলে দাবীকৃত অর্থের বা অর্থদণ্ডের ১০% পরিশোধ করতে হয়। এর দ্বারা অপরাধ চুড়ান্ত প্রমানের পুর্বেই আংশিক শাস্তি ভোগ নিশ্চিত করা হচ্ছে, যা ন্যায় বিচারের পরিপন্থী এবং বিচার প্রার্থনা ও বিচার প্রাপ্তির পথ রুদ্ধকারী। কমিশনার(আপীল) এর কাছে আপীল করার সময় ০% ও ট্রাইবুনালের জন্য ৫% মূসক/অর্থদণ্ড জমা দেওয়ার বিধান করা হোক। এ অর্থ নগদে, ট্রেজারীতে বা চলতি হিসাব সমন্বয়ের মাধ্যমে প্রদান করার বিধান করা যেতে পারে।

৮। বিভিন্ন উৎপাদক প্রতিষ্ঠানের কাঁচামাল ও উৎপাদিত পণ্য স্থানাভাবে ঘোষিত এবং ব্যবসা প্রাঙ্গনে অবস্থিত গুদামে রাখা সম্ভব না হলে বাইরে পৃথক গুদামে রাখার বর্তমান জটিল এবং পরিপালন-অযোগ্য শর্ত দ্বারা কণ্টকিত বিধানটি সহজ ও ব্যবহার-উপযোগী করে সংশোধন করা হোক। এতে উচ্চতর পরিবহন ব্যয় এড়ানো যাবে। প্রয়োজন-অতিরিক্ত ওয়্যারহাউজ নির্মাণ বা ভাড়া করে অতিরিক্ত অর্থ ব্যয় করতে হবেনা।

৯। যে পর্যন্ত মূল্য ঘোষণা ও অনুমোদনের বিধান প্রত্যাহার করা না হয় সে পর্যন্ত - (ক) উপকরণের তালিকা, পণ্য মূল্য এবং সহজ সম্পর্কে উৎপাদকের ঘোষণাই চুড়ান্ত গণ্য করার বিধান করা হোক; (খ) উপকরণ মূল্যে হ্রাস-বৃদ্ধি ঘটলেও উৎপাদিত পণ্যের বিক্রয় মূল্য হ্রাস-বৃদ্ধি না করা হলে মূল্য-ঘোষণায় সংশোধনী প্রদান করতে হবেনা মর্মে বিধান করা হোক; (গ) প্রকৃত এবং দৃশ্যমান অপচয় মেনে নেবার বিধান করা হোক।

১০। বিদ্যমান মূল্য ঘোষণা এবং মূসক দপ্তর কর্তৃক তা অনুমোদনের বিধান সম্পূর্ণ প্রত্যাহার ও রহিত না হওয়া পর্যন্ত একই সাথে ক্রেতা এবং ডিলার/এজেন্টের কাছে ভিন্ন মূল্যে পণ্য বিক্রয়কারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে খুচরা ও পাইকারী মূল্য ঘোষণা ও চুড়ান্তকরণ এবং একই স্থান হতে ভিন্ন ভিন্ন শোরুমে একই রেটে বিক্রির অনুমতি প্রদান করার বিষয়টি স্পষ্টীকরণ করা হোক।

১১। মূল্য সংযোজন কর আইন ১৯৯১ এর ধারা ৯ (২) এর বর্তমান বিধান সংশোধন করে কারণ দর্শাও নোটিশ জারি এবং ব্যক্তিগত শুনানী প্রদানের বিধান অন্তর্ভুক্ত করা প্রয়োজন। ৯(১) ধারার কোন্ বিধানটি লঙ্ঘিত হয়েছে তা সুস্পষ্ট উল্লেখ না করে ৯(২) ধারায় কোন ব্যবস্থা গ্রহণ করা যাবে না মর্মে বিধান করা হোক এবং সেই লঙ্ঘন অবশ্যই আক্ষরিক হতে হবে, মুসক দপ্তর বা ন্যায়-নির্ণয়ণ কর্মকর্তার ব্যাখ্যা-নির্ভর বা অনুসিদ্ধান্ত-নির্ভর হতে পারবে না।

১২। আমদানী পর্যায়ে অগ্রিম মূসক (এটিভি) আদায় ব্যবস্থা বাতিল করা হোক। অথবা আমদানী পর্যায়ে আদায়কৃত অগ্রিম মূসক (এটিভি) চুড়ান্ত আদায় গণ্য করে পরবর্তী ধাপের জন্য মূসক পরিশোধিত গণ্য করার বিধান করা যেতে পারে।

১৩। দীর্ঘ মেয়াদী বাড়িভাড়া কোন সেবার মধ্যে গণ্য করা যায়না। এটি একটি বিকল্প আয়ের উপায় এবং এই আয়ের উপর উচ্চহারে আয়কর প্রযোজ্য। বাড়ি ভাড়ার (আবাসিক ব্যতিত) উপর ৯% মূসক বাতিল করা হোক। যদি তা একান্তই সম্ভব না হয় তবে অব্যাহতির সীমা ৩০০ বর্গফুট থেকে বাড়িয়ে কমপক্ষে ৬০০ বর্গফুট করা যেতে পারে। ৩০০ বর্গফুট জায়গা খুব সামান্য জায়গা যার উপর একটি ক্ষুদ্র দোকান হওয়াও খুব কঠিন।

১৪। দেশে বিদ্যুৎ ঘাটতি পূরণের লক্ষ্যে জেনারেটর আমদানির ক্ষেত্রে ১৫% ভ্যাট পরিহার করা হয়েছে কিন্তু এটিভি ২.২৫% বহাল রাখা হয়েছে। ২.২৫% এটিভি প্রত্যাহার করার জন্য অনুরোধ করা হল এবং এই প্রস্তাব কার্যকর এবং দ্ব্যর্থহীন করার জন্য ব্যাখ্যা পত্র নং -৩২/মূসক/২০০৮ তাং ২৭/৬/২০০৮ এর প্রয়োজনীয় সংশোধনের জন্য অনুরোধ করা হল।

১৫। সাধারনতঃ শিল্প কারখানাসমূহ ট্রাক স্ট্যান্ড অথবা সড়ক থেকে ট্রাক ভাড়া করে থাকে। পরিবহন বিলের উপর উৎসে মূসক কর্তনের বিধান প্রত্যাহার করা প্রয়োজন। এ সকল ট্রাক কর-চালানপত্র বা আনুষ্ঠানিক বিল দিতে পারে না, নগদ টাকা গ্রহণ করে। কাজেই উৎসে মূসক কর্তণ খুবই অবাস্তব এবং অসম্ভব।

১৬। জেল ব্যাটারিসহ পুরো সোলার বিদ্যুৎ সিস্টেমের উপর সরবরাহ পর্যায়ে মূসক রহিত করার প্রস্তাব করা হলো। লেড-এসিড ব্যাটারির জন্য মূসক রহিত করার প্রয়োজন হবে না। এ প্রস্তাব বাস্তবায়িত হলে সোলার সিস্টেমের দাম কমে যাবে এবং সোলার চালিত সকল বৈদ্যুতিক সরঞ্জামের ব্যবহার বৃদ্ধি পাবে এবং বিদ্যুতের সাশ্রয় হবে।

১৭। বর্তমানে ইন্ডেন্টিং কমিশনের উপর ১৫% মূল্য সংযোজন কর এবং ৭.৫% অগ্রীম আয়কর বিদ্যমান। ইন্ডেন্টিং সংস্থা (এস ০১৪.০০) এর কমিশনের উপর আরোপিত ১৫% মূল্য সংযোজন কর প্রত্যাহার করার প্রস্তাব করা হল। ইন্ডেন্টিং কমিশন বাস্তবে কোন মূল্য সংযোজন করে না। আমদানিকারক আমদানিকৃত পণ্যের উপর ১৫% মূসক প্রদান করে এবং ইন্ডেন্টিং সংস্থা কেবলমাত্র কমিশন এজেন্ট হিসেবে কাজ করে। তাই ইন্ডেন্টিং কমিশনের উপর মূসক কোনভাবেই যৌক্তিযুক্ত নয়।

প্রস্তাবিত **Direct Tax Act, 2011** এর খসড়ার উপর ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এর সুপারিশমালা ঃ

১। ঢাকা চেম্বার সরকারের খসড়া Direct Tax Act, 2011 এর প্রচেষ্টাকে সাধুবাদ জানাচ্ছে। ১৯৮৪ এর পরে দীর্ঘ ২৭ বছর পরে এ ধরনের উদ্যোগ অবশ্যই প্রশংসনীয়। তবে প্রস্তাবটিতে আয়কর আইনের স্বাতন্ত্রকে বাদ দিয়ে অন্যান্য প্রত্যক্ষ করসমূহকে একত্রীকরণ করার প্রচেষ্টা যথার্থ নয় বলে ঢাকা চেম্বার মনে করে। দেশের অর্থনৈতিক উন্নয়নে আয়করের ভূমিকা বিশেষভাবে উল্লেখযোগ্য বিধায় এর স্বাতন্ত্র বৈশিষ্ট্য বজায় রেখে আয়কর আইন ২০১১ প্রণয়নের প্রয়োজন আছে বলে ঢাকা চেম্বার বিশ্বাস করে। ১৯৯৯ সালে বিলুপ্ত সম্পদ কর আইন (Wealth Tax Act) পুনরায় চালু করার যৌক্তিকতা নেই বলে ঢাকা চেম্বার মনে করে। বাংলাদেশের সংবিধান অনুযায়ী নুতন যে কোন আইন বাংলায় প্রণীত হবে বিধায় ঢাকা চেম্বার আয়কর আইন, ২০১১ ইংরেজীর পরিবর্তে বাংলায় প্রণয়নের সুপারিশ করছে।

২। Chapter I এ সন্নিবেশিত 'Definition' সমূহ আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে বর্ণিত 'Definition' এর পুনরাবৃত্তি। দীর্ঘ ২৭ বছরে পৃথিবীর সব খাতে পরিবর্তনের সাথে সাথে এসেছে নতুন নতুন সংজ্ঞা যেগুলো এখানে সংযোজন করার প্রয়োজন আছে বলে ঢাকা চেম্বার মনে করে।

৩। Chapter I এ অন্যান্য আইন সমূহকে override করার লক্ষ্যে কোন সুস্পষ্ট ধারার বিধান নেই যা পরবর্তীতে আইনী সমস্যার সৃষ্টি করতে পারে।

৪। Chapter III Part 'A' তে 'Heads of Income' শিরোনাম থেকে 'Interest on Securities' কে অবলুপ্ত করে প্রস্তাবিত খসড়ায় এ খাতের আয়কে Income from other sources এর অন্তর্ভূক্ত করা হয়েছে। বর্তমান বিশ্বে বিনিয়োগ একটি আন্তর্জাতিক বিষয় এবং পৃথিবীটা Global Village হিসেবে বিবেচিত বিধায় বিদেশী বিনিয়োগকে আকর্ষণ ও মনিটরিং করার লক্ষ্যে সুস্পষ্ট ধারায় সংযোজন করা প্রয়োজন বলে ঢাকা চেম্বার মনে করছে।

৫। Chapter V এ Losses সম্পর্কে একটি নতুন Chapter সংযোজন করা হয়েছে যাতে 'Agricultural Income' এর Loss set up ও Query Forward এর কোন উল্লেখ নেই। কিন্তু এ দেশের জিডিপিতে এখনও কৃষি একটি বিশেষ ভূমিকা পালন করে আসছে এবং ভবিষ্যতে কৃষিতে আরো বিনিয়োগ বৃদ্ধি পাবে। তাছাড়া সরকার কৃষিবীমা চালু করারও চিন্তাভাবনা করছে বিধায় এ খাত থেকে Loss set up করার বিধান থাকা প্রয়োজন।

৬। কোম্পানীসমূহের রিটার্ণ দাখিলের সময়সীমা আয়কর অধ্যাদেশ-১৯৮৪ এর ৭৫ ধারার উপধারা (২) এর Clause (i) অনুযায়ী ১৫ জুলাই অথবা Accounts সমাপ্তির ৬ মাসের মধ্যে দাখিলের বিধানটি অপরিবর্তিত রাখার জন্য ঢাকা চেম্বার প্রস্তাব করছে। Self Assessment এর বিধানটি Part 'A' তে সংযোজন না করে Part 'B' এর Assessment of Income এ সংযোজন করা যুক্তিযুক্ত হবে বলে চেম্বার মনে করে। Production of Accounts and Documents এর বিষয়টি গুরুত্বপূর্ণ বিবেচনা করে অধ্যাদেশের ৭৯ ধারার ন্যায় একটি জোরালো ও স্বতন্ত্র ধারা সংযোজন করার প্রস্তাব করা গেল। উপ-কর কমিশনার কর্তৃক রিটার্ণ দাখিলের সময়সীমা এবং যুগ্ম-কর কমিশনারের অনুমোদন সাপেক্ষে পরবর্তীতে আরো সময় বর্ধিত করার বিধানটি আগের মত রাখার জন্য ঢাকা চেম্বার প্রস্তাব করছে।

৭। প্রস্তাবিত খসড়া আইনের ৯৯ ধারায় বর্ণিত বিধানটি Universal Self Assessment এর মূল উদ্দেশ্যের পরিপন্থী ও অসংগত। উপরন্তু, যে সমস্ত ত্রুটির কারণে প্রস্তাবিত আইনের ৯৯ ধারায় কার্যক্রম গ্রহণের কথা রয়েছে, সে ক্ষেত্রে করদাতার বক্তব্য বা ব্যাখ্যা গ্রহণের কোন সুযোগ প্রদান করা হয়নি, যা ন্যায় বিচারের পরিপন্থী বলে ঢাকা চেম্বার মনে করছে।

৮। প্রস্তাবিত খসড়া আইনের ধারা ১০০ এর (২) উপ-ধারায় জাতীয় রাজস্ব বোর্ড অডিটের ক্ষেত্রে Criteria প্রস্তুত করে দেবে। ধারা ৯৯ তে Processing of Return এ সংযোজন করে প্রস্তাবিত ১০০ ধারায় Criteria প্রস্তুতিতে উপ-কর কমিশনারের সম্পৃক্ততা বৃদ্ধি পাবে এতে করে Assessment প্রক্রিয়াটিতে জটিলতার সৃষ্টি হবে বলে ঢাকা চেম্বার মনে করে।

৯। প্রস্তাবিত খসড়া আইনের Second Schedule এর Part 'B' তে Net Wealth এর মূল্যমানের উপর ৫% থেকে ২০% হারে কর ধার্যের প্রস্তাবটি অযৌক্তিক ও হয়রানিমূলক। ১৯৯৯ সালের পূর্বে আয়কর ও সম্পদ করের সর্বোচ্চ পরিমাণ কোনক্রমেই মোট আয়ের ৩০% এর বেশি ছিল না এবং এর সাথে মোট সম্পদের কোন সম্পৃক্ততা ছিল না। তাই ঢাকা চেম্বার এ ধরনের আইন প্রণয়ন না করার অনুরোধ জানাচ্ছে।

১০। ঢাকা চেম্বার মনে করে চাকুরীর মেয়াদ সম্পর্কে সুস্পষ্ট বক্তব্য মূল আইনে থাকার প্রয়োজন আছে। চাকরীতে থাকা অবস্থায় জাতীয় রাজস্ব বোর্ডের সদস্যগণকে এবং জেলা জজদের অন্তর্ভূক্ত করা হলে Alternative Dispute Resolution (ADR) এর প্রক্রিয়াটিতে নিরপেক্ষতা বিঘ্নিত হবে বলে মনে হয়। তাছাড়া খসড়া আইনের ১৫৮(১) ও ১৫৮(২) ধারায় আবেদনের ক্ষেত্রে একটি সুনির্দিষ্ট সময়সীমা রাখার জন্য প্রস্তাব করা হচ্ছে। ঢাকা চেম্বার মনে করে যে Commissioner (Investigation) নিয়োগের কোন প্রয়োজন নেই।

১১। খসড়া আইনের Chapter XIII তে Resolution Commission এর সুপারিশ ও এর বাস্তবায়ন, সুপারিশ বাস্তবায়নে ব্যর্থতার ক্ষেত্রে করণীয়, কর প্রত্যার্পন প্রদানের বিষয়ে করণীয় ও সময়সীমা নির্ধারণ ও তদন্তের ক্ষেত্রে প্রবেশ ও তল্লাশীর ক্ষমতা ইত্যাদি বিষয়সমূহের কোন বিধান নেই যার কারণে কমিশনকে বাস্তবায়নের ক্ষেত্রে প্রতিবন্ধকতার সম্মুখীন হতে হবে। Dispute Resolution Commission এর রায়/সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল করার বিধান থাকা প্রয়োজন বলে ঢাকা চেম্বার মনে করে।

১২। প্রত্যেক খ্রীষ্টীয় পঞ্জিকা বছর সমাপ্ত হবার ৩ মাসের মধ্যে কমিশনের চেয়ারম্যানকে রাষ্ট্রপতির নিকট বাৎসরিক প্রতিবেদন পেশ করার বিধান এবং রাষ্ট্রপতি তা সংসদে উপস্থাপনের ব্যবস্থা করলে প্রতিষ্ঠানটির মর্যাদা ও গুরুত্ব বৃদ্ধি পাবে বলে ঢাকা চেম্বার মনে করে।

খসড়া মূল্য সংযোজন কর আইন ২০১১ এর উপর ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এর মতামত ও সুপারিশমালা

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) খসড়া মূল্য সংযোজন কর আইন সম্পর্কে কিছু পর্যবেক্ষন ও মতামত পেশ করছে যা নিম্নরূপঃ

(১) একথা অনস্বীকার্য যে বিদ্যমান মূল্য সংযোজন কর আইন ও বিধিমালা তথা সমগ্র মূসক ব্যবস্থা পুরানো এক্সাইজ আইনের ছায়ায় পরিণত হয়েছে বিধায় তার সংশোধন/পরিবর্তন অপরিহার্য ও অবশ্যম্ভাবি। তবে এ সংশোধন এমনভাবে হওয়া প্রয়োজন যা সকলের জন্য এবং বিশেষকরে উৎপাদনখাতের প্রসারের জন্য সহায়ক হওয়া প্রয়োজন।

(২) মূসক একটি কনজুমার ট্যাক্স, আইনও তাদেরই জন্য। সুতরাং বিদ্যমান অবকাঠামো, প্রশাসনিক যোগ্যতা এবং সাধারন কনজুমার ও ক্ষুদ্র ব্যবসায়ীদের শিক্ষার স্তর বিবেচনা করে নুতন আইন প্রণয়ন করার চেয়ে বিদ্যমান আইন সংশোধনই বেশি উপযোগী।

(৩) আইনের ভাষা এমনিতেই যথেষ্ট টেকনিক্যাল, কঠিন এবং সাধারনের জন্য দুর্বোধ্য। তার উপরে VAT Act 2011 প্রণীত হয়েছে ইংরেজীতে। যেহেতু প্রজাতন্ত্রের সকল আইন বাংলায় প্রণীত হতে হবে, তাই VAT Act 2011 সম্পূর্ণ বাংলায় প্রণয়ন করা প্রয়োজন। পরবর্তীতে প্রয়োজনে তা ইংরেজীতে অনুবাদ করা যেতে পারে। অনুগ্রহপুর্বক এটি বাংলায় করা হোক;

(৫) অনেক ধারায় ক্রস-রেফারেন্স বা সূত্র হিসেবে অন্য ধারা উল্লেখ করা হয়েছে। আইন প্রণয়নে কোন কোন ক্ষেত্রে এটি অপরিহার্য কিন্তু খসড়া আইনে সহজে পরিহারযোগ্য ক্ষেত্রগুলোতেও তা ব্যবহার করা হয়েছে; এগুলো সংশোধন করে সংজ্ঞায় বা ধারা-উপ-ধারায় ব্যবহৃত ও বিন্যস্ত বাক্যগুলি স্বয়ংসম্পূর্ণ বা সেল্ফ-কন্টেন্ট করা হলে তা কিছুটা সহজবোধ্য হবে।

(৬) ধারা ১৪ তে 'নিবন্ধিত ব্যক্তির বাধ্যবাধকতা' শিরোনামের অধীনে উপ-ধারা (৪) পরোক্ষভাবে মূল্য ও সহগ ঘোষণার বাধ্য-বাধকতা রাখা হয়েছে যা অতীতে ব্যবসায়ীদের অনেক যন্ত্রণা ও হয়রানির কারণ হয়েছে, এটি যথোচিত সংশোধন করা প্রয়োজন।

(৭) বর্তমানে এটিভি বা অগ্রিম ট্রেড ভ্যাট নামে আমদানী পর্যায়ে অতিরিক্ত মূসক আদায়ের ব্যবস্থা করা হয়েছে যা মূল আইনের Deviation, কিন্তু খসড়া আইনের ধারা ২ এর ক্লজ (২) এবং ধারা ২৮ এ তা স্থায়ীভাবে জায়েজ করার ব্যবস্থা করা হয়েছে। অগ্রিম কর আদায় ব্যবসা-বাণিজ্যের জন্য একটি বিশাল প্রতিবন্ধকতা। এটি অবিলম্বে অপসারণ করা প্রয়োজন।

(৮) খসড়া আইনের ২৮(৪) ধারার নোটে বলা হয়েছে যে অগ্রিম কর পরিশোধ আউটপুট ট্যাক্সের অগ্রিম পরিশোধ কিন্তু বিকল্প নয় অথচ ২৮(৫) ধারায় বলা হয়েছে অগ্রিম কর পরিশোধ আউটপুট ট্যাক্সের বিকল্প। এ ধরনের জটিলতা অবশ্যই পরিহার করা প্রয়োজন।

(৯) খসড়া আইনের ৬৪ ধারার (৩) উপ-ধারায় বলা হয়েছে ৫০,০০০/= টাকার বেশি মূল্যের উপকরন ক্রয়ের ক্ষেত্রে ব্যাংকিং ইনস্ট্রুমেন্ট এর মাধ্যমে পরিশোধ করা না হলে উপকরণ কর রেয়াত পাওয়া যাবে না। কিন্তু আমাদের ব্যবসায়িক লেনদেন এখনও যে পর্যায়ে রয়েছে তাতে ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তার পক্ষে সব সময় ব্যাংকিং মাধ্যমে উপকরণ ক্রয় করা সম্ভব নয়। সরকারী দপ্তর সাবরেজিস্ট্রি অফিসে রেজিস্ট্রেশন ফির টাকা এখনও নগদ পরিশোধ করতে হয় এবং জাতীয় রাজস্ব বোর্ডের অধীনস্ত আয়কর অফিসসমূহে ডিসিটি-র অনুকুলে চেক বা পে-অর্ডার জমা দিতে, সরকারী হিসেবে বা ট্রেজারিতে সরাসরি জমা দেওয়ার অনুমতি দিয়ে সরকার ভরসা পায়না- সেকথা বিবেচনা করা দরকার। কাজেই এ ধরনের ব্যবস্থা আইনে উলেখ না করাই ভাল।

(১০) বর্তমানে অনেক ক্ষেত্রে সংকুচিত মূল্যভিত্তি বা ট্রানকেটেড বেস মুল্যভিত্তিক মূসক প্রযোজ্য আছে, এটি মুলধারা থেকে বিচ্যুতি কিন্তু অবিবেচনাপ্রসুত নয়। এর বিকল্প হিসেবে কোন বিশদ ব্যবস্থা খসড়া আইনে রাখা হয়নি, কিন্তু এ বিষয়টির একটি নিশ্চিত সুরাহা দরকার। ক্ষুদ্র ব্যবসায়ী, দোকান মালিক, শহরতলী ও ছোট শহরের ছোট ছোট হোটেল-রেস্তোরাঁ, ক্ষুদ্র ক্ষুদ্র উৎপাদক যারা সংকুচিত মুল্যভিত্তি বা ট্রাংকেটেড বেস মুল্যভিত্তিক মূসক প্রদান করে তারা যেন মূল্য সংযোজন কর ব্যবস্থার ফলে ব্যবসা হারিয়ে পথে না বসে সে জন্য কোন একটি বিকল্প ব্যবস্থা করতেই হবে।

(১১) অপরাধ ও শাস্তি পর্যায়ে সর্বত্র কঠোর শাস্তির প্রবিধান করা হয়েছে। সরকার নিশ্চয়ই ব্যবসায়ীদেরকে জেলে রাখার চেয়ে কর আদায় করার বিষয়ে অধিক আগ্রহী হবেন। সেক্ষেত্রে অবশ্যই শাস্তির বিধান করার ক্ষেত্রে আর একটু নমনীয় মনোভাব গ্রহণ করা সমীচীন হবে। বিদ্যমান মুসক আইন সামনে রেখে মাঝামাঝি পর্যায়ের একটা ব্যবস্থা রাখার প্রস্তাব করা হ'ল।

(১২) ভুল এবং অপরাধের মধ্যে একটি সুস্পষ্ট সীমারেখা টানা দরকার এবং ভুলের ক্ষেত্রে কোনরূপ দণ্ড আরোপ ব্যতিরেকে বা সম্ভাব্য লঘুতম দণ্ডের বিনিময়ে ভুল সংশোধনের সুযোগ রাখা দরকার, অন্যথায় সত্যিকার ভুলও প্রকাশ না করার চেষ্টা প্রাধান্য পাবে এবং সৎ ব্যবসায়ী বাধ্য হয়ে সত্য গোপন ও কপটতার আশ্রয় নেবে।

মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক উপস্থাপিত ২০১১-২০১২ অর্থবছরের জাতীয় বাজেট এর উপর ঢাকা চেম্বারের বিশ্লেষণধর্মী প্রতিক্রিয়া সম্বালিত সুপারিশমালা

১। আগামী দিনে বাংলাদেশের উন্নয়ন কৌশল এবং নীতি নির্ধারণে এ সরকারের ঘোষিত এটি ৩য় বাজেট। বাজেট প্রণয়ন প্রস্তুতি পর্যায়ে ঢাকা চেম্বার বিভিন্ন সময়ে এনবিআর এর সাথে আলোচনা করেছে এবং সুপারিশসমূহ সাংবাদিক সম্মেলনের মাধ্যমেও জনসমক্ষ্যে তুলে ধরেছে। ঢাকা চেম্বারের বাজেট প্রস্তাব প্রণয়নকল্পে লক্ষ্য করেছিল বিভিন্ন নীতিমালার এবং একই নীতির বিভিন্ন Clause এর মধ্যে সমন্বয়ের অভাবটি অত্যন্ত প্রকট, যে কারণে নীতিমালা বাস্তবায়নের মাধ্যমে এর সুফল সঠিকভাবে উদ্যোক্তাদের কাছে পৌঁছেনা। ডিসিসিআই এর প্রস্তাবে এ বিষয়টির উপর গুরুত্ব আরোপ করা হয়েছিল।

২। মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক পেশকৃত বাজেটে যে সমস্ত বিষয়গুলোতে বেসরকারী খাতের সুপারিশসমূহ গ্রহণ করা হয়েছে এবং এখাতকে উৎসাহিত করা হয়েছে তার মধ্যে উলেখযোগ্য বিষয়গুলো হলো ব্যক্তি করদাতার বিনিয়োগে কর রেয়াত সীমা ২৫ লক্ষ টাকা থেকে বৃদ্ধি করে কতিপয় শর্ত সাপেক্ষে ১ কোটি টাকা নির্ধারণ, বিদ্যুৎ ও জ্বালানী খাতে গত বছরের তুলনায় ১৫% বরাদ্দ বৃদ্ধি, ক্যাপটিভ পাওয়ার প্লান্ট এর রেজিস্ট্রেশন ফি ৫ লক্ষ টাকা থেকে কমিয়ে ৫ হাজার টাকায় নির্ধারণ, এলপিজি এবং এলপিজি ইকুইপমেন্টের শুল্ক হার হ্রাস, পরিবেশ দূষণ রোধে শিল্প-কারখানায় ইটিপি স্থাপনকে উৎসাহিত করার লক্ষ্যে আমদানিকৃত কেমিক্যালস এর শুল্ক হার হ্রাস, সামাজিক নিরাপত্তা বেস্টনী বৃদ্ধি, কিছু কিছু স্থানীয় খাত যেমনঃ মটর সাইকেল উৎপাদন ও সংযোজন, ফার্নিচার, পাষ্টিক পোডাক্ট ইত্যাদি খাতকে শুল্ক সুবিধা প্রদান, ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে বিশেষ ব্যবস্থা এবং IT I ITES খাতের উন্নয়ন, শিক্ষা খাতে বরাদ্দ বৃদ্ধিসহ প্রাইমারি লেবেলে enrollment প্রায় শত ভাগ উন্নয়ন, রুগ্ন শিল্প সমস্যা সমাধানে আইনী কাঠামো ইত্যাদি।

অন্যদিকে নীতিমালা এবং শুল্ক সম্পর্কিত কিছু প্রস্তাব করা হয়েছে যা আমরা মনে করি ব্যবসা-বাণিজ্য উন্নয়নে ভূমিকা না রেখে বরং বিপরীত ভূমিকা পালন করতে পারে। এর অনেকগুলোর মধ্য উলেখযোগ্য বিষয়গুলো হলোঃ রপ্তানীর ক্ষেত্রে উৎস আয়কর ০.৪০% থেকে ২৭৫% বাড়িয়ে ১.৫০% করা; ২ কোটি টাকা বা তদুর্ধ্ব পরিমাণ সম্পদের মালিক করদাতার প্রদেয় আয়করের উপর ১০% হারে সারচার্জ আরোপ, লাভ-ক্ষতি নির্বিশেষে টার্ণ ওভারের উপর ০.৫০% হারে আয়কর পুনরায় আরোপ, বাণিজ্যিক ভবন রেজিষ্ট্রিশনের ক্ষেত্রে এলাকা ভিত্তিতে ফি এর পরিমান অস্বাভাবিকভাবে ১০ গুণ বৃদ্ধি, Stock Brokerage Commission এর উপর উৎসে কর বৃদ্ধি, কর আপিলাত ট্রাইবুনালে আপিল করার ক্ষেত্রে বিতর্কিত কর জমার পরিমাণ বৃদ্ধি, মৎস খামার, হাঁসমুরগি এবং অন্যান্য খামারের উপর কর মুক্ত সুবিধা প্রত্যাহার ইত্যাদি।

৩। বাজেটে ঘোষিত ট্রানজিটের বিষয়টিও স্পষ্ট নয়। এ ব্যাপারে একটি বিধিমালা প্রনয়ণের কথা বলা হয়েছে যা বেসরকারী খাতের সাথে আলোচনা সাপেক্ষে প্রণয়ন করা উচিত।

৪। ২০১১ এর বাজেট প্রস্তাবনায় আয়কর আইনের ক্ষেত্রে চ্যাপ্টার XXVIII তে ADR শিরোনামে ১৫২ F ধারা থেকে ১৫২ S পর্যন্ত সংযোজনপূর্বক ADR সম্পর্কে বিস্তারিত বিধানসমূহ সন্নিবেশিত করা হয়েছে। উলেখ্য যে, জাতীয় রাজস্ব বোর্ড পূর্বে তার ওয়েব সাইটে আয়কর আইন ২০১১ এর খসড়ায় যে ADR বিধানের উলেখ ছিল তার সাথে বর্তমানে প্রস্তাবিত ADR আইনের কোন সামঞ্জস্য নেই। পূর্বে প্রস্তাবিত ADR আইনে হাইকোর্ট বিভাগের বিচারপতি জাতীয় রাজস্ব বোডের বর্তমান/অবসরপ্রাপ্ত সদস্য এবং জেলা জজদের অন্তর্ভূক্তির কথা থাকলেও বর্তমানের প্রস্তাবিত আইনের ১৫২ক ধারায় জাতীয় রাজস্ব বোর্ডকে Facilitator নিয়োগের ক্ষমতা দেয়া হয়েছে। Facilitator দের যোগ্যতা এবং অভিজ্ঞতা সম্পর্কে কোন বিস্তারিত ব্যাখ্যা নেই। ফলে জাতীয় রাজস্ব কোর্ড কর্তৃক নিয়োগপ্রাপ্ত Facilitator MY নিরপেক্ষ ও যথাযথভাবে দায়িত্ব পালন করবেন কিনা এ বিষয়ে সংশয় দেখা দিয়েছে।

১৫২ R ধারায় Post Verification of the Agreement শিরোনামে একটি ধারা সংযোজন করা হয়েছে। উক্ত ধারার বিধান অনুযায়ী যদি রাজস্ব বোর্ড বা সংশ্লিষ্ট কর কমিশনারগণ চূড়ান্তভাবে সম্পাদিত Agreement কে Legally বা Factually যথাযথ মনে না করেন তা হলে সম্পাদিত Agreement টি বাতিল (Void) হয়ে যাবে। করদাতার বক্তব্য বা যুক্তির কোন মূল্যায়ন থাকবে না এবং করদাতাকে ব্যাখ্যা প্রদানের কোন সুযোগ বা বিধান উক্ত ধারায় রাখা হয়নি। ADR বিধানটির মৌলিক ক্ষমতার সীমাবদ্ধতা রয়েছে। সুতরাং ঢাকা চেম্বার মনে করে ADR এর কার্যক্রম শুরুর পূর্বে বিধানটির বিভিন্ন দিক নিয়ে আরও পর্যবেক্ষণের প্রয়োজন রয়েছে। Truthless Tiger সৃষ্টি না করে বর্তমান সামাজিক, অর্থনৈতিক ও রাজস্ব আদায়ে গতিশীলতা বৃদ্ধির কথা বিবেচনা করে একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন আইনি প্রতিষ্ঠান সৃষ্টি করা হলে রাজস্ব আদায়ে জটিলতা নিরসন হবে এবং পুঁঞ্জিভুত আপিল মামলাসমূহ নিস্পত্তিতে প্রতিষ্ঠানটি বিশেষ ভূমিকা রাখতে পারবে।

৫। ২০১১-১২ অর্থবছরে রপ্তানী প্রবৃদ্ধি ধরা হয়েছে ১৪.৫ % যা ২০১০-১১ অর্থ বছরে ছিল প্রায় ৪০%। আমদানির ক্ষেত্রে চলতি অর্থবছরে প্রবৃদ্ধি ৪৫% এবং আগামী বছর এ প্রবৃদ্ধি নির্ধারণ করা হয়েছে ১৪%। বর্তমানে যে প্রবৃদ্ধি রয়েছে তাতে গড় বিনিয়োগ হার ২২-২৪%। Incremental Capital Output Ratio (ICOR) ৪.০ এবং উৎপাদনশীলতার কোন পরিবর্তন হিসেবে না নিয়ে ২০১৩ সালে ৮% এউচ প্রবৃদ্ধির জন্য বিনিয়োগ দরকার অন্ততঃ ৩২% এবং ভিশন ২০২১ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী আগামী ২০১৭ সালের ১০% প্রবৃদ্ধির জন্য বিনিয়োগ দরকার অন্ততঃ ৪০%। বেসরকারী খাতের বিনিয়োগ আগামী ২০১৫ এর মধ্য অন্ততঃ ৩২.৫% এ বৃদ্ধি করা প্রয়োজন হবে।

শিল্পনীতি-২০১০ অনুযায়ী আগামী ২০২১ সাল নাগাদ শিল্পখাতের অবদান বিদ্যমান ২৮% থেকে ৪০% উন্নয়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সাম্প্রতিক সময়ে স্থানীয় ও বৈদেশিক বিনিয়োগ প্রবৃদ্ধি উলেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। অবকাঠামোগত সুযোগ বৃদ্ধি এবং রাজনৈতিক পরিস্থিতির স্থিতিশীলতা স্থানীয় বিনিয়োগ এবং FDI আকর্ষণের অন্যতম শর্ত। বাজেটে বিদ্যুৎ এবং এনার্জি খাতে ব্যাপক পরিবর্তনের আভাস দেয়া হয়েছে, PPP বাস্তবায়নের ক্ষেত্রেও আশাবাদ ব্যক্ত করে বরাদ্দ বাড়ানো হয়েছে। তবে একথা সত্যি যে স্থানীয় পর্যায়ে অনেক শিল্প এবং সেবামূলক প্রতিষ্ঠান প্রয়োজনীয় গ্যাস সংযোগের অভাবে উৎপাদনে যেতে পারছে না এ ব্যাপারে বাজেটে পরিপূর্ণ দিক্-নির্দেশনা থাকা দরকার ছিল।

৬। বর্তমান অর্থবৎসরে ৪৮টি SOE এর মধ্যে প্রায় ১৪টি ক্ষতির সম্মুখীন হয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের ক্ষতির পরিমাণ সর্বাধিক। আগামী বৎসরে আন্তর্জাতিক বাজারে তেলের দাম না কমলে এ খাতের ক্ষতি কমিয়ে আনা সম্ভব নয়। ইতোমধ্য দেশের অভ্যন্তরে কতিপয় গুরুত্বপূর্ণ ভোগ্যপণ্যের দাম অস্বাভাবিক বৃদ্ধি পেয়েছে। পূর্বাপর বিশেষণে দেখা যায় প্রকৃত মুল্যস্ফীতি বৃদ্ধির প্রবনতা ধরে রাখা সম্ভব হবে না। উৎপাদন বৃদ্ধি এবং Contractionary Monitory Policy মূল্যস্ফীতি সংকোচনের উপায় হিসেবে উলেখ করা হয়েছে কিন্তু তা উৎপাদন খাত বৃদ্ধিতে প্রভাব ফেলবে কিনা তা বিবেচনা সাপেক্ষ্য। ইতোমধ্যে ব্যক্তিখাতে বৃহৎ কোম্পানীগুলোকে Foreign Loan আকর্ষণে প্রচেষ্টা নেয়ার কথা বলা হয়েছে কারণ এ সমস্ত ক্ষেত্রে Cost of fund তুলনামূলকভাবে কম হবে। তবে বর্তমানে টাকার ক্রমাগত অবমূল্যায়নের প্রেক্ষিতে এ সুবিধা কতখানি যুক্তিযুক্ত হবে তা পর্যালোচনা করা দরকার।

৭। বিশ্ব বাজারে দ্রব্যমূল্য যদি না কমে (সে রকম কোন লক্ষণ নেই) তাহলে বাজেটে উলেখিত আমদানি, রপ্তানী লক্ষ্যমাত্রা অর্জনের মাধ্যমে কিভাবে ৭% প্রবৃদ্ধির অর্জন হবে তা স্পষ্ট নয়। বাজেটে রেমিটেন্স বৃদ্ধির প্রচেষ্টা হিসেবে নুতন বাজার খুঁজে বের করার বিষয়টি উলেখ করা হয়েছে তবে এগুলো এখনও অনিশ্চিত। এতদুদ্দেশ্য মনে করা যায় বৈদেশিক সাহায্যের উপর চাপ বাড়ার আশংকা রয়েছে। বিগত বছর বৈদেশিক সাহায্য অবমুক্তির পরিমাণ আশানুরূপ নয়। এমতাবস্থায় কর্মসংস্থান, নুতন বিনিয়োগ সৃষ্টি সরকারের জন্য বিশেষ ঝুঁকি যা দারিদ্র নিরসন লক্ষ্যমাত্রা অর্জনের পথে অন্তরায় বলে মনে করা যেতে পারে।

৮। বাজেটে কৃষি খাতে গতবারের চেয়ে বরাদ্দ কমানো হয়েছে ৪.২৩% এবং ভর্তুকীর পরিমাণও হ্রাস করা হয়েছে ২৬.৬৬%। এর অবশ্য কিছু কারণও রয়েছে। এক্ষেত্রে কৃষক ভাইদের সঠিকভাবে প্রশিক্ষিত করে তোলা প্রয়োজন যাতে তারা জমিতে সঠিক পরিমানে সার এবং অন্যান্য উপকরণ প্রয়োগ করে উপকৃত হতে পারে। খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন এবং কৃষি পণ্যের দাম যৌক্তিকীকরণ সরকারের একটি বড় ঝুঁকি। আমরা দেখতে পাই কৃষি খাতে নীতিমালা খুব দ্রুত পরিবর্তনশীল। উলেখ্য, কৃষি খাত এখনও ৪৮% কর্মসংস্থান করছে এবং GDP তে ২০% অবদান রাখছে। কাজেই এখাতে বিনিয়োগ এবং কৃষি পণ্যের বহুমুখীকরণের বিষয়টি বিশেষভাবে গুরুত্বপূর্ণ। তবে কৃষি ক্ষেত্রে কতিপয় উদ্যোগ প্রশংসনীয়। এর মধ্যে কৃষি ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৯.৩৭% বেশি নির্ধারণ, প্রাকৃতিক দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্তদের সহায়তার জন্য কৃষিবীমা (পাইলট প্রকল্প) হিসেবে চালুকরণ এবং কৃষি গবেষণার জন্য ৪৫০ কোটি টাকার তহবিল গঠন উলেখযোগ্য। কৃষি গবেষণার জন্য তহবিলটি প্রকৃত কৃষি পণ্য বহুমুখীকরণ এবং কৃষি খাতে উদ্ভাবনী প্রচেষ্টাকে সহায়তা প্রদানে ব্যবহার করা প্রয়োজন। এ ব্যাপারে একটি **"কৃষি খাত (পণ্য) উদ্ভাবন কৌশল"** প্রণয়ন করা দরকার।

